CENTRAL LIBRARY

তন্ত্রবিভূতি-বিরচিত

মনসাপুরাণ

ডঃ আশুতোষ দাস এম. এ., (ডবল), পি-এইচ. ডি., ডি..লিট.,
বিদ্যাবাচস্পতি, সাহিত্যশাস্ত্রী, তন্ত্রযোগসিদ্ধান্তবাগীশ,
এফ. আর. এ. এস. (লণ্ডন), প্রাচ্যবিদ্যামহার্ণব।
অধ্যাপক কলিকাতা বিশ্ববিদ্যালয়, বাংলা বিভাগ
সম্পাদিত

CALCUTTA UNIVERSITY CENTRAL LIBRARY

UNIVERSITY OF CALCUTTA · ADVANCEMENT OF LEARNING

কলিকাতা বিশ্ববিদ্যালয়
১৯৮০

CENTRAL LIBRARY

THESIS APPROVED BY THE CALCUTTA UNIVE
FOR THE DEGREE OF D.LITT.

T55
026/2A

G 6914

PRICE :: 70·00 ONLY

TSCU 3153

PRINTED IN INDIA
PUBLISHED BY SRI AKSHAYMOHAN RAY,
SUPERINTENDENT (Actg.)
CALCUTTA UNIVERSITY PRESS
48, HAZRA ROAD, CALCUTTA-19
ON BEHALF OF BENGALI PUBLICATION COMMITTEE.
PRINTED BY UMA BASAK, NARAYAN PRESS
107/2, RAJA RAMMOHAN SARANI
CALCUTTA-9

CENTRAL LIBRARY

শাস্ত্রজ্ঞ, সাধক, পরমবিদ্যোৎসাহী স্বর্গত পিতৃদেব

ও

পুণ্যশ্লোকা, সাক্ষাৎপরমেশ্বরী স্বর্গীয়া মাতৃদেবীর

স্মরণে উৎসর্গ করিলাম।

CENTRAL LIBRARY

সূচীপত্র

১। মুখবন্ধ
২। দুচার কথা
৩। প্রাক্‌কথন
৪। পুথির পৃষ্ঠার প্রতিলিপি
৫। ভূমিকা ১

পুথি-পরিচয়

ক—বিবরণ
খ—পুথির বানান ও ভাষা
কবি-পরিচয় ৮
কাব্য-পরিচয় ১৫

ক—বাংলা মঙ্গলকাব্যে মনসাপুরাণ ১৯
খ—মনসাপুরাণের কাহিনী ২৪
গ—তন্ত্রবিভূতির সঙ্গীতসিদ্ধি ৮০
ঘ—তন্ত্রবিভূতির কাব্যকুশলতা ৮১
ঙ—তন্ত্রবিভূতি, জগজ্জীবন ও জীবন ১০৮

৬। মনসাপুরাণ ১-৫৫৯
৭। পাঠান্তর ৫৬০
৮। শব্দসূচী ও টীকা ৭৭১

CENTRAL LIBRARY

মুখবন্ধ

RESIDENCE :
"SUDHARMA"
16 HINDUSTHAN PARK
CALCUTTA-29
PHONE : 46-1121

|| ĀVIR ĀVRS MA EDHI ||
MĀNAVIKSU • BHĀRATASYA
JĀTIYA ĀCĀRYAH
SUNITI KUMAR CHATTERJI
NATIONAL PROFESSOR OF
INDIA IN HUMANITIES

OFFICE
NATIONAL
LIBRA

ডক্টর শ্রীযুক্ত আশুতোষ দাস দীর্ঘকাল যাবৎ মধ্যযুগের বাঙ্গালা সাহিত্যের গবেষণায় আত্মনিয়োজিত আছেন। মধ্যযুগের বহু কবির রচনা লোপ পাইয়াছে, এবং তাঁহাদের নামও লোকে বিস্মৃত হইয়াছে। এইরূপ অনেক কবির রচনার পুঁথি ডক্টর দাস আবিষ্কার করিয়াছেন। তাঁহার নিরলস গবেষণার ফলে মধ্যযুগের বাঙ্গলা সাহিত্যের অনেক নূতন তথ্য জানিতে পারা গিয়াছে। বাঙ্গালা লোকসাহিত্যের দুর্লভ নিদর্শন ও পুরাণো বাঙ্গালা সাহিত্যের যে সব পুঁথি অদ্যাবধি লোকচক্ষুর অন্তরালে নষ্ট হইতেছে, সেগুলি সংগ্রহের উদ্দেশ্যে তিনি দেশের পল্লীঅঞ্চলে ভ্রমণ করিয়াছেন। এইরূপ পুঁথির সন্ধানে উত্তরবঙ্গে ভ্রমণকালে ডক্টর দাস মনসামঙ্গল বা মনসাপুরাণ কাব্যের কয়েকজন নূতন কবির নাম জানিতে পারেন। ইহাদের মধ্যে তন্ত্রবিভূতি নামক জনৈক কবির রচিত মনসাপুরাণের চারখানি পুঁথির সন্ধান পাইয়া তিনি সেগুলি সংগ্রহ করেন। এই কবি ও তাঁহার সম্পর্কে কোনও খবর ইতিপূর্বে আমাদের জানা ছিলনা। তন্ত্রবিভূতি-রচিত 'মনসাপুরাণ' আকারে নীতিদীর্ঘ। ডক্টর দাস আবশ্যক টীকা-টিপ্পনী সহযোগে এই কাব্যখানি বিশেষ যত্নের সহিত সম্পাদনা করিয়াছেন। শতাধিক পৃষ্ঠাব্যাপী একটি দীর্ঘ ভূমিকাতে তিনি এই গ্রন্থের ভাষা ও অন্যান্য প্রাসঙ্গিক বিষয়গুলি লইয়া সবিস্তারে আলোচনা করিয়াছেন। বিভিন্ন পুঁথির পাঠ মিলাইয়া পুরাণো বাঙ্গালা সাহিত্যের সম্পাদনায় ডক্টর দাস ইতিপূর্বেই তাঁহার যোগ্যতার প্রমাণ দিয়াছেন। বর্ত্তমান গ্রন্থের সম্পাদনাতেও তিনি তাঁহার দায়িত্ব সুষ্ঠুভাবেই পালন করিয়াছেন।

মনসা, চণ্ডী, ধর্মঠাকুর প্রভৃতি লৌকিক দেবদেবীর মাহাত্ম্য বর্ণনা করিয়া মধ্যযুগের বাঙ্গালার অসংখ্য মঙ্গলকাব্য রচিত হইয়াছে। এখনও নূতন নূতন পুঁথি পাওয়া যাইতেছে। দুই তিনখানি ছাড়া এই মঙ্গলকাব্যগুলির সাহিত্যিক উৎকর্ষ বিশেষ নাই। বাঙ্গালা ভাষার বিবর্তনের ইতিহাস যাঁহাদের গবেষণার বিষয় তাঁহাদের নিকট অবশ্য এগুলির বিশেষ মূল্য আছে। তাহা ছাড়া, এই রচনাগুলিতে সামাজিক তথ্যও কিছু কিছু পাওয়া যায়। এই দিক হইতেই বর্ত্তমান 'মনসাপুরাণ' গ্রন্থখানির মূল্য বিচার করিতে হইবে।

ইতি—৭ই ফেব্রুয়ারী ১৯৭৭।

শ্রীসুনীতিকুমার চট্টোপাধ্যায়।

CENTRAL LIBRARY

দুচার কথা

প্রস্তুত-গ্রন্থের লেখক কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে অধ্যাপনা করেন। তার আগে তিনি সুরেন্দ্রনাথ কলেজে বাংলা বিভাগের অধ্যাপক ও পরে অধ্যক্ষ ছিলেন। তারও আগে তিনি ছিলেন গভর্ণমেণ্ট কর্মচারী, কৃষি বিভাগে। তখন কর্ম-উপলক্ষ্যে তাঁকে মাঠে ঘাটে ঘুরে বেড়াতে হত। কিন্তু তাঁর মনের মধ্যে জাগ্রত ছিল বাংলাভাষার প্রাচীন রচনাবলীর প্রতি বিশেষ অনুরাগ। সেই কারণে কোথাও কোন রকম আঁচ পেলেই তিনি পুরাণো পুথির সন্ধান করতেন,—বৈষ্ণবের আখড়ায়, ভদ্রশ্রমজীবীর আটচালায়, ঠাকুর-দেবতার পূজারীর বাড়ীতে। এইভাবে আশুবাবু কিছু পুথি সংগ্রহ করেছিলেন। কিন্তু সে কথা কেউ জানতো না।

হঠাৎ একদিন বিশ্ববিদ্যালয়ের তেতলায় প্রোফেসারস্ রুমে একটি ছেলে আমার সঙ্গে দেখা করতে এলেন। বললেন—আমার নাম আশুতোষ দাস, আপনাদের ভূতপূর্ব ছাত্র, এখন এই চাকরি করছি, আমি কিছু পুরাণো পুথি সংগ্রহ করেছি, আপনাকে দেখাতে চাই।

আমি বললুম, আপনি নীচে দোতলায় বাংলা বিভাগে যান। তাঁরা পুথির সমজদার এবং তাঁরা পুথি কেনেনও। ছেলেটি বললেন, হাঁ সার, আমি ওখানে কদিন ধরেই ঘোরাঘুরি করছি, কেউ আমল দেয় না, ইনি বলেন ওঁর কাছে যাও। উনি বলেন তার কাছে যাও। টানা পোড়েন করে আমি হয়রাণ হয়ে গেছি। আমার ছুটিও ফুরিয়ে এসেছে—আগামী সপ্তাহে আমাকে কর্মস্থলে ফিরতেই হবে। আমি আপনার কাছে এইটুকু মাত্র চাই যে আপনি পুথিগুলি দেখে বলে দেবেন সেগুলির কোন মূল্য আছে কিনা। মূল্য না থাকলে বৃথা কেন খেটে মরি।

আমি বললুম, বেশ কাল সকালে বাড়ীতে আপনার পুথি নিয়ে আসবেন, আমি সেগুলি দেখে আমার অভিমত দেব। পরদিন যথাসময়ে আশুবাবু এলেন আমার বাড়ীতে তাঁর পুথিসঞ্চয় নিয়ে। পুথিগুলি নেড়েচেড়ে দেখলুম। অধিকাংশ পুথিই প্রাচীন—অর্থাৎ সপ্তদশ শতাব্দীর শেষ কিংবা অষ্টাদশ শতাব্দীর প্রথম ভাগে লেখা বলে বোধ হল। অধিকাংশ ছোটখাট বৈষ্ণব পুথি, সেগুলিকে মূল্যহীন বলা যায় না এবং খুব মূল্যবানও বলা যায় না। একখানি বড়ো পুথি দেখলুম, যা আমার কাছে একেবারে অভিনব বোধ হল, দ্বিজ

CENTRAL LIBRARY

রামদেবের অভয়ামঙ্গল। ও পুথিটির বিশেষ মূল্যবত্তা আমি আশুবাবুকে জানিয়ে দিলুম।

আশু বললেন, সার, এটা নিয়ে গবেষণা করা যায় কি? আমি হেসে বললুম, কী, D.Phil.? তা হতে পারে। কুঁড়ো ভূসির যেখানে অক্লেশে পাচার হচ্ছে সেখানে এক আট পুটুলি ধানই বা চলবে না কেন?

সেই পুথিখানি সম্পাদনা করে এবং কবিপরিচিতি ও কাব্যসমালোচনা দিয়ে আশু পরীক্ষার জন্য দাখিল করলেন এবং যথাকালে ডিগ্রী পেলেন। আশুর জীবনধারা বদলে গেল। হাটে মাঠে ঘোরা ছেড়ে দিয়ে আশু কলিকাতায় শিক্ষকতা অবলম্বন করলেন।

দ্বিজ রামদেবের অভয়ামঙ্গল ছাপা হয়েছে। আশুর নিজ সংগৃহীত পুথির সাহায্যে এবং আর এক পণ্ডিতের সহযোগিতায় আরও একখানি অপ্রকাশিতপূর্ব প্রাচীন গ্রন্থ ছাপা হয়েছে—জগৎজীবন ঘোষালের মনসামঙ্গল। দুটি বইই কলিকাতা বিশ্ববিদ্যালয়-প্রকাশিত, যেমন প্রস্তুতগ্রন্থখানিও।

প্রস্তুত-গ্রন্থখানিও আশুর আবিষ্কৃত পুথির সংস্কৃত রূপ। এটি তাঁর D.Litt. থিসিস। আশু নিজের আবিষ্কৃত বস্তু নিয়ে বিদ্যার কারবার করেছেন। এ তাঁর অসাধারণ বিশিষ্টতা।

বাংলা সাহিত্যের ইতিহাসে প্রস্তুতগ্রন্থ তন্ত্রবিভূতির মনসাপুরাণের বিশেষ মূল্য আছে। কবি উত্তরবঙ্গের মানুষ ছিলেন। উত্তরবঙ্গে মনসাপূজার প্রাধান্য ছিল দীর্ঘকাল থেকে। উত্তরবঙ্গে অনেক ভালো ভালো মনসামূর্তি পাওয়া গেছে। সেগুলির নির্মাণকাল আনুমানিক দশম থেকে একাদশ শতাব্দী। এখানে অপেক্ষাকৃত আধুনিক কালে তিন কবির লেখা মনসামঙ্গল কাব্য মিলছে—তন্ত্রবিভূতির, জগৎজীবন ঘোষালের এবং জীবনকৃষ্ণ মৈত্রের। এঁদের মধ্যে তন্ত্রবিভূতিই প্রাচীনতর। জগৎজীবন ও জীবনকৃষ্ণ এঁরই রচনা অবলম্বন করেছিলেন বলে অনুমান হয়। এ বিষয়ে বিস্তৃত আলোচনা আশুবাবু প্রস্তাবনায় করেছেন।

আমি এখানে একটি মাত্র ব্যাপারের দিকে পণ্ডিতদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সে হল মনসার নামান্তর 'তোতলা'। তন্ত্রবিভূতি এক আধবার মনসাকে তোতলা বলেছেন। যেমন,

দেবীর বচনে জালু হরষিত মন।
তন্ত্রবিভূতি গায় তোতলা-চরণ॥

CENTRAL LIBRARY

নামটির তাৎপর্য কি? মনসা যে তোতলা ছিলেন এমন কোন ইঙ্গিত কোন গল্পে পেয়েছি বলে মনে পড়ে না।

এদিকে ভোজপুরী মনসার কাহিনীতে পাঁচ বোন মনসার মধ্যে একজনের নাম 'দোতোলা ভবানী'। 'দোতোলা' নামটি যদি ঠিক হত তবে মনসাকে দন্তুরা বলা যেত, কিন্তু তারও ইঙ্গিত পাওয়া যায় না।

মহাযান বৌদ্ধধর্মের মহাদেবী তারার মন্ত্রে তাঁকে 'তুত্তারা' বলা হয়েছে।— "ওঁ তারে তুত্তারে·····"। এই তুত্তারার সঙ্গে তোতলা নামটির ধ্বনিসংগতি আছে। কিন্তু মানে?

মনসামঙ্গলের তিনটি মুখ্য রচনা বাংলাদেশের তিনটি অঞ্চলে একদা প্রতিনিধির মতো প্রচলিত ছিল। পশ্চিমবঙ্গে বিপ্রদাসের 'মনসাবিজয়', উত্তরবঙ্গে তন্ত্রবিভূতির 'মনসাপুরাণ' আর পূর্ববঙ্গে নারায়ণদেবের 'পদ্মাপুরাণ'। নারায়ণদেবের রচনার খাঁটি রূপ এখনো মেলেনি। মিললে তন্ত্রবিভূতির রচনার সঙ্গে মিলিয়ে দেখলে পরস্পর সম্পর্কটুকু বোঝা যেতে পারে। সে যা হোক তন্ত্রবিভূতির মনসাপুরাণ প্রকাশে যে বাংলার প্রাচীন সাহিত্য সমৃদ্ধতর হল তা নিঃসন্দেহ।

তন্ত্রবিভূতির রচনাকে যিনি কালের অন্ধকারা থেকে মুক্তি দিলেন সে গৌরব তাঁর স্বীকার করি।

২৮. ২. ৭৭ শ্রীসুকুমার সেন

CENTRAL LIBRARY

প্রাক্‌কথন

মনসাপুরাণ মৎ-আবিষ্কৃত অজ্ঞাতপূর্ব গ্রন্থ। কাব্যকর্তা তন্ত্রবিভূতি। তাঁহার কাব্যের বিভূতি বিস্ময়াবহ ও মধ্যযুগের বাংলা সাহিত্যে অভিনব। তিনি উত্তরবঙ্গের মনসামঙ্গল কাব্যের দিগ্‌দর্শন এবং নিখিল বঙ্গের মনসামঙ্গলের কবিগণের শিরোমণি। তিনি কবিকঙ্কণের সমগোত্রীয় আর একজন কবি যিনি মঙ্গলকাব্যের মাধ্যমে নিজ জীবনপ্রতির পরিচয় দিয়াছেন। দীর্ঘ এগার বছরের গবেষণায় এই মূল্যবান গ্রন্থটি মঞ্জরিত। গ্রন্থসম্পাদনের পূর্বাভিজ্ঞতায় নির্ভর করিয়া এই কাব্যের প্রস্তাবনার পর্যায় পরিকল্পনা করিয়াছি। পুথি-পরিচয়, পুথির বানান ও ভাষা, কবি-পরিচয়, কাব্যপরিচয়, তন্ত্রবিভূতির সঙ্গীতসিদ্ধি, তন্ত্রবিভূতির কাব্যকুশলতা, তন্ত্রবিভূতি, জগজ্জীবন ও জীবন কবিত্রয়ের তুলনামূলক আলোচনা—এই সকল অধ্যায়ে ভূমিকা বিন্যস্ত। কাব্যপরিচয় অংশে কাব্যের কাহিনী সংরক্ষিপ্তরূপ সংযোজন করিয়াছি। বিভিন্ন প্রসঙ্গের নামকরণ করিয়া দীর্ঘগ্রন্থের সংক্ষিপ্তসার লিখনের শ্রম লাঘবের পথ উন্মুক্ত ছিল। কিন্তু উত্তর-বঙ্গের মনসামঙ্গলের কাহিনীরূপ তাহাতে অবর্ণিত থাকিত। তাই শ্রম লাঘবের সেই পথ পরিহার করিয়াছি। তাছাড়া কবি জগজ্জীবন-বিরচিত মনসামঙ্গলের ভূমিকাংশে কাহিনীর সংক্ষিপ্তসার সঙ্কলনে উত্তরবঙ্গের মনসামঙ্গলের কাহিনীরূপ প্রতিবিম্বিত হয় নাই। লণ্ডন বিশ্ববিদ্যালয়ের বাংলাভাষা ও সাহিত্যের প্রাক্তন অধ্যাপক প্রাচ্যবিদ্যাবিশারদ টি. ডবলু. ক্লার্ক মৎ-সম্পাদিত উক্ত গ্রন্থের রিভিউ প্রসঙ্গে মনসামঙ্গলের উত্তরবঙ্গীয় কাহিনীরূপ না দেওয়ার ত্রুটি উল্লেখ করিয়াছেন। কিন্তু তন্ত্রবিভূতির গ্রন্থটি সম্পাদনার পূর্বে তাহা দেওয়া সম্ভব ছিল না। মনসা-পুরাণের পুথিতে প্রকীর্ণ ভনিতানিবহ বিচারের প্রয়োজনে তন্ত্রবিভূতির গ্রন্থ-সম্পাদনার উপক্রমণিকারূপে আগে জগজ্জীবনের গ্রন্থের স্বরূপ-নির্ণয় সম্পাদনাসূত্রে সমাপন করিয়াছি। ইহাতে তন্ত্রবিভূতির মনসাপুরাণের যথার্থ পাঠ নিরূপণ সহজ হইয়াছে। তন্ত্রবিভূতির কাব্যের চারিটি পুথি আবিষ্কার ও পাঠ-প্রতিষ্ঠার কথা ভূমিকায় প্রকাশ করিয়াছি। আবিষ্কৃত পুথিগুলির ভিত্তিতে পাঠান্তর নির্মাণ ভাষার বিবর্তন লক্ষ্য করিবার অভাবিত উপকরণসম্ভারে উল্লেখযোগ্য। তদ্ভব, দেশী ও আঞ্চলিক শব্দসমূহের আধুনিক বানানের পরিবর্তে পুথিদৃষ্ট বানান সংরক্ষণ করিয়াছি। ভাষার বৈচিত্র্যসূচক শব্দসমূহ শব্দসূচীর অন্তর্ভুক্ত করার জন্য 'শব্দসূচী ও টীকা' অধ্যায়ের কলেবরবৃদ্ধি অপরিহার্য হইয়াছে। মঙ্গলকাব্য সম্বন্ধে কিছু কিছু নূতন কথা বলার যে প্রয়াস পাইয়াছি তন্ত্রবিভূতির কাব্যালোকে তাহা সম্ভব হইয়াছে। প্রাচীন সাহিত্যানুরাগী মনীষীদের পথ অনুসরণে বঙ্গভারতীর সেবায় এই গ্রন্থকুসুম অর্পণ আমার অসীম আত্মপ্রসাদ।

এই আত্মপ্রসাদ অর্জনের ভিত্তিভূমি কিন্তু খুবই ভয়াবহ। পশ্চিম দিনাজপুর ও মালদহ জেলার পল্লীঅঞ্চলে কার্যব্যাপদেশে ঘুরিতে ঘুরিতে প্রাপ্তসংবাদ-

CENTRAL LIBRARY

সূত্রে পুথি-সংগ্রহ আমার পরম-কাঙ্ক্ষিত বঙ্গসরস্বতীবন্দনার পুষ্পচয়ন। ১৯৫০ সনে একদিন পশ্চিম দিনাজপুর জেলার ইটাহার থানার অন্তর্গত গোকর্ণের মাঠে বেলা বারটায় আমার ঈপ্সিত প্রয়াস প্রসঙ্গে মৃত্যুর মুখে আসিয়া পড়িলাম। একটি কেউটে সাপ আমাকে তাড়া করিল। বাল্যকালে শুনিয়াছিলাম সর্পতাড়িত হইলে আঁকাবাঁকা ছুটিয়া প্রাণরক্ষা করিতে হয়। সর্পদংশনে ধ্রুবমৃত্যু হইতে বাঁচিবার জন্য প্রাণপণ আঁকাবাঁকা ছুটিলাম। কিন্তু নিস্তার পাইলাম না। প্রায় পঞ্চাশ মিনিট ছুটিবার পর বলক্ষয়ে বিমূঢ় হইয়া দাঁড়াইয়া পড়িলাম। ক্রুর সর্প উদ্যত নিগূঢ় ফণায় ডান হাঁটুতে ভীষণ দংশন করিল। বিষের জ্বালায় সঙ্গে সঙ্গে মাটিতে লোটাইয়া পড়িলাম ও জ্ঞান হারাইলাম। পরে সর্পদংশনের সাত দিন পর এক অপরিচিত সাঁওতাল পল্লীতে খাটিয়ায় শায়িত অবস্থায় সংজ্ঞা ফিরিয়া পাওয়ার পর জানিলাম —দিনাজপুর হইতে রাত্রে ফিরিবার সময়ে পথে পায়ে ঠেকিতেই সাঁওতালরা আমাকে সর্পদষ্ট বুঝিতে পারিয়া কাঁধে করিয়া তাহাদের আস্তানায় আনে। আটচল্লিশ ঘণ্টা ধরিয়া তাহাদের বৃদ্ধ ওঝা আমাকে ঝাড় ফুক করিয়া চেতনা ফিরাইতে ও বিষ নামাইতে ব্যর্থ হয় এবং শেষে 'শালি বিশালি'র পাতা (বিশল্যকরণী) বাটিয়া প্রলেপ দেওয়ার পর নাকি মৃতদেহে প্রাণ ফিরিয়া আসে। বৃদ্ধ ওঝার সঙ্গে আমার কথা বলার উপক্রমে সে কাঁদিয়া আকুল হইল এবং বলিয়া উঠিল—মা মনসার দয়ায় মড়া বাঁচিয়া উঠা সম্ভব হইয়াছে। সর্পসঙ্কুল অঞ্চলে পরবর্তী পুথি-সংগ্রহ প্রয়াসে সর্পবশের মন্ত্রৌষধি সাঁওতালদের সঙ্গে সাহচর্যের সুযোগে আমার করায়ত্ত ছিল এবং ঈষের মূল সঙ্গে রাখিয়া সাপুড়ের সিদ্ধিতে আমি সর্পভয় হইতে মুক্ত হইয়াছিলাম।

৺আচার্য সুনীতিকুমার চট্টোপাধ্যায় এবং আমার জ্ঞানীগুরু আচার্য সুকুমার সেন এই গ্রন্থটি প্রকাশিত হওয়ার জন্য খুব আগ্রহান্বিত ছিলেন। বহুবিলম্বিত হইয়া অবশেষে মুদ্রণাগারের কারাবন্ধন হইতে গ্রন্থটি মুক্তি লাভ করায় তাঁহাদের একান্ত ইচ্ছা পূর্ণ হইল—এই আমার পরম শান্তি। বলাবাহুল্য তাঁহাদের লিখিত মুখবন্ধে এই গ্রন্থ বিশেষ সমৃদ্ধ হইল। বাংলা বিভাগের প্রাক্তন প্রধান ডঃ অসিতকুমার বন্দ্যোপাধ্যায় এই গ্রন্থ প্রকাশের উপযোগী আন্তরিকতা ও তৎপরতায় যে আনুকূল্য করিয়াছেন তাহা কৃতজ্ঞতার সঙ্গে স্বীকার করিতেছি। দেশবিদেশের যে সকল গবেষক ও পণ্ডিতব্যক্তি তন্ত্রবিভূতির গ্রন্থটির জন্য উদ্‌গ্রীব হইয়া পত্রযোগে ও প্রত্যক্ষভাবে খোঁজখবর লইয়াছেন তাঁহাদের সেই প্রশংসনীয় সারস্বত অনুরাগ শ্রদ্ধার সঙ্গে স্মরণ করিতেছি। মুদ্রণপরীক্ষার সমগ্র কাজটি নিজেই করিয়াছি। তবুও অনিচ্ছাকৃতভাবে কয়েকটি মুদ্রণপ্রমাদ প্রশ্রয় পাইল বলিয়া আমি ক্ষমাপ্রার্থী।

শ্রীআশুতোষ দাস

তন্ত্রবিভূতির মনসাপুরাণ গ পুথির ২৩ (২) পৃষ্ঠার প্রতিলিপি

পূজা সাঙ্গ করিয়া প্রনাম পার্ব্বতি ॥ চৌদোল চড়িয়া রাহিবায় রূপ রতি ॥ চৌদল
ধরিয়া রাহিবে করে থাকি জন ॥ তন্ত্র বিভূতে গায় মনসা চরন ॥ ০ ॥ ॥ ০ ॥
কেস বিন্ধ মধ্য জিনি : মন হর মাকুন্দ আনি : রাহু হরা জিনিয়া মৃনাল ॥ জিনিয়া
চম্পক বর : খিন তনু পণ্ডি ধর : ছত্রিবাক চন্দ্র জে কপাল ॥ তিন ফুল জিনি নাসা :
কোকীল জিনিয়া ভাসা : চামর জিনিয়া জাক চুল ॥ ভুরু ভঙ্গিমা কাম ধনু : ছন্দর
রতন শোনু : ছন্দর অধর রিম্ব ফল ॥ ছন্দর আঙ্গুলি গুলি : জেন চাপার কদ
লি : নখ চন্দ্র সমী বাজ ঘটা ॥ দন্ত দেখি নজ মোতি : হাষি করে রূপ রতি : জেনপাত
রিহ লিব ছটা ॥ ভুল চিয়া দিল জাঙ্গ : মন হর সর অঙ্গ : কমল জিনিয়া সর তনু ॥
নয়ান কটাক্ষ করে : কিরা করিবে তারে : চামপাইয়া দেখিয়া রিকন ॥ তন্ত্র বিভূতি করি :

তন্ত্রবিভূতির মনসাপুরাণ ক পুথির ২০৪ (১) পৃষ্ঠার প্রতিলিপি

বলেন শুনিয়া ॥ হুহুঙ্কারে জাঠি তার ধাকে লাফ দিয়া ॥ জাঠি রেখে হেন পাইক কোথি হেন
চিত্তে ॥ চৌসট্টি হাজার খাণ্ডা নই লেন হাতে ॥ খালা দেক জিভ্যা জেন খাণ্ডা খেক সান ॥
দেখে জাম্ব মাম্বেক তখন উড়িল পরান ॥ দেবীক খাণ্ডা জাম্ব মাম্ব করিল গোচর ॥
পলা হইয়া জার মোরা গান্দোর নাক ॥ জাম্ব মাম্ব রোনে ছুন বচন আমাক ॥ সহিতে নারি
র আমি খাণ্ডার প্রহার ॥ এতেক ছুনিয়া দেবী দিলেন উত্তর ॥ হবী না করিহ পুত্র নাহ ৪৮
৭৭ ওকাতর ॥ তন্ত্র বিভূতে গায় মন সার দাস ॥ পদ ছন্দে পাচালি করিল প্রকাস ॥ ০ ॥
॥ ০ ॥ সিস্ট কথা ॥ দেবী পন্থা রোনে আজি খেয়াতি কার্যের ॥ বিস্ন রবি মনে গান্দো
র কটক মারির ॥ উর্দ্ধ মুখে হেন্দা তাকে দেবী মন সাই ॥ তাকে পক্ষ খান মেঘ আইস মোর
ঠাই ॥ দেবীর স্মরনে মেঘ আইলো সত্বরে ॥ কোন আজ্ঞা করমা রোলহ আমারে ॥ দেবী রো

তন্ত্রবিভূতির মনসাপুরাণ'ক পুথির ৭৭ (২) পৃষ্ঠার প্রতিলিপি

নুধ্য কথা : বক্ষা নাহি সর্ব্বথা : থাইল পর্ব্বাব কাল নাগে ॥ সবিত্র খানন দহে : প্রান মোর নাগ্য বকহে :
বিসম বিসের মহাসংগে ॥ উঠ প্রানে স্ববিহে : উঠিয়া উমতিদি : জানাহ আমার মাওর রাপে : ॥ স
বিবে বখন দুটে : থাকে বিস উঠে অঙ্গ মোর হইল অবস : ॥ আজি বিভা কৈনু লোকে বিধাতা
রক্ষিত মোরে : নাহুক্ষি নাই জীবন রূপস ॥ জানাহ বোরা ধন কুবি : আছে কোন কর্ম্ম কি
২০৬ কোরা কোন দিব স্বরুতাকে ॥ বিসে তনু কৈন কালা : সহিতে না পারি জালা : ঔসধ আনি কর ২০৩
প্রতি কাব ॥ উঠ রানি ঘানি : দেখ মোর রূপ খানি : আজি প্রান নাকহিবে মোক ॥ চাম্য
করহ রাতি : সিতল হউক গাতি : বদন দেখিয়া মকো মোর ॥ তন্ত্র বিহুতি করি : বাসো মনসা
দেবী : দ্বিজ মুনি অতি কেব মাতা ॥ আটনাহোর অধিকারি : জকৎ কার মুনির নাড়ি : মোরাকে
হইবে বড় দাতা ॥ ০ ॥ ॥ ০ ॥ আদিজাল পঙ্গ বানিয়ার ঝি : মুই মনসার কোন নাকে বিহুস ॥ ০ ॥

তন্ত্রবিভূতির মনসাপুরাণ ঘ পুথির ২০৩ (২) পৃষ্ঠার প্রতিলিপি

তন্ত্রবিভূতির মনসাপুরাণ খ পুথির ২২৩ (১) পৃষ্ঠার প্রতিলিপি



তন্ত্রবিভূতির মনসাপুরাণ খ পুথির ২২৮ (২) পৃষ্ঠার প্রতিলিপি।

CENTRAL LIBRARY

ভূমিকা

১। পুথি-পরিচয়

ক—বিবরণ

কবি তন্ত্রবিভূতি-বিরচিত মনসাপুরাণ বাংলা সাহিত্যে অজ্ঞাতপূর্ব গ্রন্থ এবং বাংলা মঙ্গলকাব্যে মৎ-আবিষ্কৃত তৃতীয় গ্রন্থ। এই গ্রন্থ অবিষ্কারের কাহিনী-সূত্র পশ্চিম দিনাজপুর জেলার এক দুর্গম পল্লীগ্রামে বিষহরি-গান শ্রবণের আকস্মিকতা। ১৯৫০ সনের শ্রাবণ মাস তৎকালীন সরকারী চাকুরী-জীবিকায় গ্রামাঞ্চলে গতাগতির নিত্য কর্মে ভরা বর্ষার পথ-দুর্গমতা গ্রাহ্য না করিয়া পরিদর্শন কার্য্যব্যপদেশে গুলন্দর গ্রামে গিয়াছি। হঠাৎ সপারিষদ এক ভিখারী বিষহরি-গায়কের আবির্ভাব। সুন্দর কবিত্বপূর্ণ গান বিভিন্ন প্রসঙ্গাশ্রয়ে গাহিলেন। রচনাকার সম্পর্কে স্বতঃ কৌতুহলপূর্ণ প্রশ্নের উত্তরে জানিলাম—মা মনসা গায়ককে স্বপ্নযোগে বিষহরি-গীত রচনার শক্তি দান করিয়াছেন এবং এই অনর্গল বাণীপ্রকাশ দেবী বিষহরির বিস্ময়কর বিভূতি। বিষয়ের অভিনবতা চিত্তাকর্ষক। এই গীত কোন শক্তিধর অজ্ঞাত কবির রচনা বলিয়া সংশয় জন্মিল। কিন্তু প্রকাশ্যে তাহা প্রকাশ করিবার সাধ্য ছিল না। লোকজনের ভীড় কমিয়া গেলে উক্ত গ্রামবাসী আমার ন্যায় শ্রোতা কোন এক বৈষ্ণবকে অন্তরঙ্গ জিজ্ঞাসায় জানিলাম যে ঐ গান দেবী পদ্মার বিভূতি নয়, তন্ত্রবিভূতির বিভূতি, কিছু অংশ জগজ্জীবনের। তন্ত্রবিভূতির কাব্যের পুথি অনুসন্ধানের কোন সূত্র সেই বৈরাগীর কাছে না পাইয়া নিরাশ হইলাম। বুঝিলাম সন্ধান দেওয়ার কার্পণ্য তাঁহার উদ্দেশ্যপ্রীত এবং পুথিলুব্ধের প্রসন্ন পুণ্যাহ তিনি এইসূত্রে আমার নিকট হইতে আদায় করিবেন। মনে মনে সংকল্প করিলাম তন্ত্রবিভূতির বাগ্‌বিভূতিবহ পুথি আমি খুঁজিয়া বাহির করিব এবং লোকের কৌতুক-উদ্রিক্ত সুবচন "ক্ষ্যাপা খোঁজে পরশ পাথর" আমার পুথি-সন্ধান পরিক্রমার নিত্য অভিনন্দন হইল। একান্ত অপ্রত্যাশিতভাবে কয়েক মাস পরে পশ্চিম দিনাজপুর জেলার ইটাহার থানার অন্তর্গত গোকর্ণ গ্রামের জনৈক ব্রাহ্মণের নিকট প্রাপ্ত সংবাদমর্মে জয়হাট গ্রামে জগজ্জীবন ঘোষালের মনসামঙ্গলের একখানা পুথি পাই। কপট অযাচকতা অবলম্বন না করিলে এই মূল্যবান গ্রন্থ আদৌ পাওয়া যাইত কিনা সন্দেহ। আনুষঙ্গিক দুঃখদ কাহিনী তথা পুথি-সন্ধানীর নিয়ত প্রাপ্য দুর্ভোগ

CENTRAL LIBRARY

বর্ণনার অবকাশ এখানে নাই। তন্ত্রবিভূতির গ্রন্থ আমার উদ্দিষ্ট। অকস্মাৎ জগজ্জীবনের রচনা সম্বলিত গ্রন্থ (রচনাকাল ১২১১ বঙ্গাব্দ) আবিষ্কার ও সংগ্রহ তন্ত্রবিভূতির গ্রন্থানুসন্ধানের প্রভূত প্রেরণা জোগাইয়াছে। বলা বাহুল্য, আচার্য সুকুমার সেন ১৯৫১ সনের গোড়ার দিকে জগজ্জীবন ঘোষাল-বিরচিত পুথিখানা পরীক্ষা করিয়া ইহার প্রাচীনত্ব, গ্রন্থের পূর্ণ অবয়ব, প্রক্ষিপ্ততামুক্ত বাণী-কলেবর ও বিদগ্ধ কবির বিলক্ষণ কবিত্ব সম্পর্কে সপ্রশংস অভিমত প্রকাশ করেন এবং তাঁহার সম্পাদিত কবি বিপ্রদাসের মনসাবিজয় গ্রন্থের ২০ পৃষ্ঠায় পাদটীকায় আমার এই সংগ্রহের স্বীকৃতি দেন—"The MS collected by Mr. Ashutosh Das, M.A. is old and good. It contains no other signature." এই প্রেরণানুরূপ অনুসন্ধান-প্রয়াস তেমন ফলপ্রসূ হয় নাই। আচার্য সুকুমার সেনের পরিচালনাধীনে তখন আমি মৎ-আবিষ্কৃত দ্বিজ রামদেবের অভয়ামঙ্গল অবলম্বনে গবেষণায় নিমগ্ন। গবেষণার পূর্ণতা ও সমাপ্তির প্রয়োজনে ১৯৫২ সনের জুন মাসে পশ্চিম দিনাজপুর হইতে কলিকাতা বদলী হওয়াতে তন্ত্রবিভূতির গ্রন্থ-সন্ধান প্রায় দুই বৎসর স্থগিত থাকিল। আচার্য সুকুমার সেন প্রমুখে শুনিয়াছিলাম তন্ত্রবিভূতির গ্রন্থ বিশেষ মূল্যবান। ইহার একটি ছিন্নপত্রও পাওয়া যায় নাই। বঙ্গভারতীর সেবায় এই গ্রন্থ নাকি পারিজাতসমতুল। গবেষণা-প্রয়োজনে পুথিসংগ্রহের কাজ বন্ধ থাকিলেও সন্ধানের অভিলাষ অনির্বাণ রহিল।

১৯৫৪ সন হইতে আবার অনুসন্ধান আরম্ভ করিলাম। পূর্বোক্ত ইটাহার থানার অন্তর্গত জয়হাট গ্রামের মনসা মন্দিরের *পূজারীর নিকট প্রাপ্ত সংবাদ-মর্মে মালদহ জেলার কালিয়াচক থানার অধীন জালালপুর গ্রামের শ্রীনৃত্যগোপাল ভাদুড়ীর বাড়ীতে শ্রীগৌরাঙ্গমন্দিরে নিত্য পূজিত তন্ত্রবিভূতির পুথিটি আবিষ্কার করি। পুথিকর্তা কিছুতেই পুথি হস্তান্তর করিবেন না, আর আমিও পুথি না পাওয়া পর্যন্ত যাচ্ঞায় পরাঙ্মুখ হইব না। দুই বছর যাচ্ঞাবিস্তর বিনতি অন্তে কৃপণ দাতা ও লুব্ধ অর্থীর কোলাহল ১৯৫৬ সনের এপ্রিল মাসে স্তব্ধ হইল। ভাদুড়ী মহাশয় অপ্রত্যাশিতভাবে সানন্দে জল, ফল (গোপালভোগ আম), পুথি দানে আমাকে আপ্যায়িত করিলেন। আশাতীত সাফল্যে তথা সৌভাগ্যে

* জনশ্রুতি অনুসারে এই মন্দির বহু প্রাচীন। পুরাতন মন্দিরের ধ্বংসাবশেষ এই জনশ্রুতির পরিপোষক। মনসার কাহিনীর সঙ্গেও এতদঞ্চলে বহু জনশ্রুতি জড়িত আছে। তন্ত্রবিভূতির কাব্যে জয়হাটের উল্লেখ আছে।

CENTRAL LIBRARY

অভিষিক্ত হইয়া পুথি লইয়া আচার্য সুকুমার সেনের সঙ্গে সাক্ষাৎ করি। আচার্য সেন সন্তুষ্ট হইলেন এবং পুথিটি পরীক্ষা অন্তে এই মূল্যবান গ্রন্থটি সম্পাদনায় আত্ম-নিয়োগ করিতে নির্দেশ দিলেন। পুথির আকার ১৩½″ × ৪⅜″, পৃষ্ঠা-সংখ্যা ৩২৩, প্রতি পৃষ্ঠায় পংক্তিসংখ্যা ৯। পুথির লিপিকাল—১৭১১ শকাব্দ (১১৯৬ বঙ্গাব্দ) "মাহ শ্রাবণ মাসস্য পঞ্চম দিবস গতে দিবা ষড়দণ্ডাবস্থিতে শনিবাসরে একাদশ্যা-স্তিথৌ"। লিপিকর কৃষ্ণানন্দ মিত্র, স্থিতি—যদুপুর, মোকাম জালালপুর, জেলা—মালদহ। পাঠকারক—গোবিন্দ মণ্ডল, সাকিন—ভবানীপুর, পরগণে—সেরপুর ফতেখানী। পুথিসমাপ্তি অন্তে উপরিউক্ত গ্রন্থ-লিপিকাল, লিপিকর ও পুথি-পাঠকের পরিচয় গ্রন্থে আছে। অযত্ন-সংরক্ষিত বলিয়া পুথির প্রথমাংশে ও শেষাংশে কয়েকটি পৃষ্ঠা অংশতঃ জীর্ণ। কিন্তু পুথি পূর্ণাঙ্গ। এইটি 'ক' পুথি ও আমার সংগ্রহে সর্বাপেক্ষা প্রাচীন। ইহা অপেক্ষা প্রাচীনতর কোন পুথি অপ্রাপ্য। পুথির শেষাংশে কয়েকটি ভণিতায় তন্ত্রবিভূতির উত্তরসূরী কবি জগজ্জীবনের জবর দখলের পরিচয় প্রকট। লিপিকরের প্রশ্রয়ে কালের ব্যবধানে দূরবর্তী কবির বাণীমঞ্চে তাঁহার অনুগামী বাণীকর স্থান পাইয়াছেন। কালক্রমে ব্যক্তিকে ভুলিয়া যাইবার এই প্রবণতা মধ্যযুগে না জানি কত কবিকে এইভাবে স্বকক্ষচ্যুত করিয়াছে। উত্তর-বঙ্গের মনসামঙ্গল কাব্যে ব্যক্তি-বিস্মরণের অনুরূপ আত্মপ্রসাদের পরিচয় সম্বলিত পুথি-প্রমাণ আমাদের হস্তগত। এই গ্রন্থে জগজ্জীবনের ভণিতা ১৯টি। গ্রন্থের প্রথমাংশে একটি, মধ্যাংশের পর চারিটি এবং শেষাংশে চৌদ্দটি। শেষাংশের প্রারম্ভে কবিচন্দ্রের ভণিতা একটি। ভণিতাবিভ্রাট-জনিত সমস্যার সূত্রপাত গবেষণাকারীর অতিরিক্ত অনুসন্ধান ক্ষেত্র। এই বিষয়ে অগ্রসর হইতে গেলে প্রয়োজন আরও এক বা একাধিক পুথি সংগ্রহ করা অথবা জগজ্জীবনের পুথির সঙ্গে ভণিতাবিপর্যয়-বিসর্পিত অংশগুলি পরীক্ষা অন্তে সিদ্ধান্তপ্রকাশ। আমি কৃচ্ছ্র-সাধ্য তথা অনিশ্চিত ও দিগ্‌ভ্রান্তিকর পন্থা অবলম্বন করিলাম। বলা বাহুল্য আমার গবেষণাগুরু ডঃ সুকুমার সেনের সমর্থন এই কার্য্যে উৎসাহকর হইয়াছিল।

পূর্বানুসৃত পন্থায় অনিশ্চিত সংবাদসূত্রে অনির্দিষ্ট ক্ষেত্র পরিক্রমার অবোধা-নন্দে মালদহ, পশ্চিম দিনাজপুর, পার্শ্ববর্তী পূর্ণিয়া জেলার দক্ষিণাঞ্চল ও মুর্শিদাবাদ জেলার উত্তরাঞ্চল পুথিসূত্রসম্ভব জনশ্রুতি বিশ্বাস করিয়া ঘুরিয়া নিরাশ হইয়াছি। ঈপ্সিত পুথির সন্ধান আর মিলে না। তবে 'ক' পুথিটি পাওয়ার পূর্বেকার অনুসন্ধানে যেমন লভ্য হইয়াছিল রামার্চনচন্দ্রিকা, গোবিন্দদাসের ৫১টি অপ্রকাশিত

CENTRAL LIBRARY

পদাবলী, অজ্ঞাতপূর্ব বৈষ্ণব কবি পারশনাথের কতিপয় পদ ও জগজ্জীবনের একাধিক মনসামঙ্গলের পুথি তেমনি দ্বিতীয় পুথিসংগ্রহ-অভিযানে রামচন্দ্রখানের পাণ্ডববিজয় (বর্তমানে আমার ক্ষুদ্র পুথিশালায় রক্ষিত), অদ্ভুতাচার্যের রামায়ণ (সম্পূর্ণ গ্রন্থ) ও নরসিংহ দাসের রসসূত্র (অজ্ঞাতপূর্ব গ্রন্থ) আবিষ্কার করি। জানিনা মা মনসার কি বিভূতি! খুঁজি তন্ত্রবিভূতি (সর্বসাধারণ্যে গ্রন্থের পরিবর্তে গ্রন্থকর্তা অধিক পরিচিত) আর সন্ধান পাই আমার অনাকাঙ্ক্ষিত গ্রন্থ-নিচয়ের। প্রায় এক বছর কাল গতাগতির পর হঠাৎ জগজ্জীবনের পুথি সংগ্রহ করিতে গিয়া দেখি পুথির মালিক অজ্ঞতাবশে তন্ত্রবিভূতির পুথিকেই জগজ্জীবনের মনসামঙ্গল মনে করিয়া সযত্নে সিন্ধুকে ভরিয়া রাখিয়াছেন। পুথিকর্তা শ্রীহরিপদ মণ্ডল। নিবাস কালিয়াচক থানার একটি গ্রাম। জিজ্ঞাসার উত্তরে জানিলাম, তাঁহার পূর্বপুরুষ বিষহরি-গায়ক ছিলেন। আমাকে পুথির কাঙাল জানিয়া তাঁহার দয়া জন্মিল। তিনি বংশানুক্রম রক্ষা করার অপারগতার আত্মগ্লানিতে আমাকে পুথিখানা দান করিয়া মনের ভার অনেকটা লঘু করিলেন। আমি একান্ত অপ্রত্যাশিতভাবে মহাকৃতার্থ হইলাম। এই পুথির আকার ১৩$\frac{১}{২}$″ × ৪$\frac{৩}{৪}$″, পৃষ্ঠা-সংখ্যা ২২৮, প্রতি পৃষ্ঠায় পংক্তি-সংখ্যা ১১। লিপিকাল ১৭৫৯ শকাব্দ, বঙ্গাব্দ ১২৪৪ সাল তারিখ ১৭ ফাল্গুন রোজ সোমবার চারি দণ্ড বেলা থাকিতে নিজ বাটীতে পুস্তক সমাপ্ত, লিপিকর গুরুচরণ দাস, সাকিন রায়পুর, পরগণে সুলতানগঞ্জ, থানা কালিয়াচক, জেলা মালদহ ইত্যাদি, পুথির লিপিকাল, লিপিকারের নামধামপ্রসঙ্গ গ্রন্থশেষে বর্ণিত আছে। সযত্নে রক্ষার জন্য পুথিটি জীর্ণতাপ্রমুক্ত, ও সম্পূর্ণ। ইহা 'খ' পুথি। ইহা অপেক্ষা প্রাচীনতর তন্ত্রবিভূতির পুথি আমার ক পুথি ছাড়া অনাবিষ্কৃত। এই পুথিও আচার্য সুকুমার সেন আগ্রহের সঙ্গে পরীক্ষা করিয়াছেন। তাঁহার বাংলা সাহিত্যের ইতিহাসের ১ম খণ্ডের ১ম পর্বে ২৩৫ পৃষ্ঠায় পাদটীকায় আমার তন্ত্রবিভূতির গ্রন্থের পুথিদ্বয়ের উল্লেখ করিয়া তিনি আমার নীরব ও ক্ষুদ্র সারস্বত প্রয়াসের স্বীকৃতিদানে আমাকে অনুগৃহীত করিয়াছেন।

এই পুথি আবিষ্কারের পর গ্রন্থসম্পাদনায় নূতনতর সমস্যা দেখা দিল। এই গ্রন্থে জগজ্জীবনের নাম ভণিতা অনধিক ৫০টি, মোহনদাসের দুটি এবং দ্বিজ পরমানন্দের একটি। যতই কালের ব্যবধান হইতেছে ততই তন্ত্রবিভূতির স্মৃতি লোকমনে কমিয়া যাইবার পরিচয় পুথিতে প্রকট হইয়া উঠিয়াছে। তন্ত্রবিভূতির কাব্য সম্পাদনার উপক্রমণিকারূপে জগজ্জীবনের মনসামঙ্গল সম্পাদনা করার নির্দেশ

CENTRAL LIBRARY

আমার গবেষণা-আচার্য ডঃ সুকুমার সেনের নিকট হইতে পাইলাম। এমন সময় ১৯৫৭সনের শেষভাগে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের পক্ষে বাংলা বিভাগের প্রধান ডঃ শশিভূষণ দাসগুপ্তের নিকট হইতে জগজ্জীবনের মনসামঙ্গল কাব্য সম্পাদনার আহ্বান আসিল।

তাঁহার আহ্বানে সাড়া দিয়া মৎ-আবিষ্কৃত ও সংগৃহীত প্রাচীন ও পূর্ণাঙ্গ পুথিভিত্তিক পাঠ-প্রতিষ্ঠা করিয়া এবং সম্পাদনানুকূল গবেষণায় নিরত থাকিয়া কাজটি প্রায় তিন বৎসরে সম্পূর্ণ করি। আমার সম্পাদিত গ্রন্থটি কলিকাতা বিশ্ববিদ্যালয় ১৯৬০ সালের মাঝামাঝি প্রকাশ করিয়াছেন এবং তাহা ইতিমধ্যে নিখিল বঙ্গে সুধীজনের গোচরে আসিয়াছে এবং বিদেশে বাংলা সাহিত্যানুরাগী পণ্ডিতবর্গের দৃষ্টি আকর্ষণ করিয়া আমার আত্মপ্রসাদ পরিস্নিগ্ধ ও আনন্দাবহ হইয়াছে। ঐ পুথিটির সুবিধা ছিল যে জগজ্জীবন ছাড়া অন্য কোন কবির বা গায়কের ভণিতার জবরদখল হইতে ইহা মুক্ত ছিল। ফলে জগজ্জীবনের বাণী-কর্মের স্বরূপ এই গ্রন্থে প্রতিপন্ন হইল। তন্ত্রবিভূতি কাব্যের পুথিতে জগজ্জীবন নাম-ভণিতায় জগজ্জীবন কতটা আসল, আর কতটা আরোপিত তাহা বিচারের তৌলদণ্ড আমাদের হস্তলগ্ন। তন্ত্রবিভূতির গ্রন্থ লইয়া প্রারব্ধ গবেষণায় জগজ্জীবন-সমস্যাসঙ্কট উপরি-উক্ত গ্রন্থ সম্পাদনাসৌকর্যে উত্তীর্ণ হইলাম। এই পুথি পাওয়া না গেলে তন্ত্রবিভূতির মনসাপুরাণে জগজ্জীবন-সমস্যা মৃত্যুঞ্জয়তা লাভ করিয়া নবতর গবেষণায় ভ্রান্তিবিলাস পরিশীলিত হইত। এই প্রসঙ্গে ইহা স্মরণযোগ্য যে আমি পাঁচখানা পুথি অবলম্বনে জগজ্জীবনের গ্রন্থ সম্পাদনা করি। এইগুলির একটিও কোন প্রসঙ্গে তন্ত্রবিভূতির ভণিতা সম্বলিত রচনাকারপরিচয় বহন করে না।

সঙ্কট উত্তরণের আনন্দে মনসাপুরাণ সম্পর্কিত গবেষণায় কাহিনী-সংযোজনে ও স্বচ্ছ বাণীপ্রকাশে কাব্যকর্তার বিভূতি সন্দর্শনে মনোনিবেশ করিয়াছি। এমন সময় জালালপুর হইতে শ্রীনৃত্যগোপাল ভাদুড়ীর পত্রে আর একখানা পুথির সন্ধান পাইলাম। পুথিখানা সংগ্রহের জন্য আগ্রহান্বিত হইয়া পরবর্তী ছুটিতে ১৯৬০ সনের গ্রীষ্মাবকাশে মালদহ হইতে আট ক্রোশ দূরবর্তী দেবীপুর গ্রামে পুথির মালিক শ্রীধরণীধর দাসের দ্বারে উপস্থিত হইলাম। বুঝিলাম লোক না বুঝিয়া যাচ্ঞা করিয়াছি। পুথি-যাচ্ঞায় উঞ্ছবৃত্তির অভিযানে তিনি নাকি একাধিক বার বিদ্যাবিলাসী বহিরাগত ভদ্রলোকের উৎপীড়নের কাতর ও প্রবঞ্চিত হইয়াছেন। দাতা কৃপণাধিক। ক্রোধ উপশমের পর কুঞ্চিত করে পুথি-অর্থী

CENTRAL LIBRARY

হানাদারকে বিদায় করিবার অনিচ্ছাদীপ্ত অভিলাষ ব্যক্ত করিলেন। সেই সুযোগে পুথিখানা পনর মিনিট সময়ের জন্য দেখিবার সৌভাগ্য লাভ করিলাম। পুথিটি আমার উদ্দিষ্ট গবেষণার সহায়ক হইবে মনে হইল। কিন্তু কপট নিস্পৃহতা দেখাইয়া ভাদুড়ি মহাশয়ের পুথির সঙ্গে তুলনায় তাঁহার গ্রন্থের অর্বাচীনত্ব প্রতিপন্ন করিলাম। ভদ্রলোক বৈষ্ণব ও স্থানীয় প্রাইমারী স্কুলের শিক্ষক। নিস্পৃহতার ফল ফলিল। আরও একাধিক বার যাতায়াতজনিত পারস্পরিক অন্তরঙ্গতায় বৎসরান্তে তিনি সানন্দে ও আত্মীয়তামধুর বেহাই সম্ভাষণে পুথিটি ধার দিয়া আপ্যায়িত করিলেন। পুথিটির প্রাচীনত্ব তুলনায় বেশী নয়। লিপিকাল-১২৬৪ বঙ্গাব্দ, তারিক সতরই জৈষ্ঠ শুক্রবার বৈকালে আন্দাজ এক প্রহর বেলা থাকিতে সমাপ্ত হইল, লিপিকর শ্রীরাজকিশোর মণ্ডল, সাকিনদেবিপুর, পরগণা সেরপুর—গ্রন্থশেষে এই বিবরণ আছে। পুথির আকার। ১৪$\frac{৩}{৪}$″×৪$\frac{১}{২}$″ পৃষ্ঠা সংখ্যা—২২৭, প্রতি পৃষ্ঠায় পংক্তি-সংখ্যা -১১। পুথিটি সম্পূর্ণ। হস্তাক্ষর সুপাঠ্য। পুথিটি আমি মূলতঃ পাঠান্তর প্রণয়নে ব্যবহার করিয়াছি। তবে স্থানে স্থানে ইহা পাঠপ্রতিষ্ঠা-সঙ্কট উত্তরণের সহায়ক হইয়াছে। এইটি 'গ' পুথি। পুথিতে জগজ্জীবনের ভণিতা অনধিক ৬০টি। মোহনদাসের ভণিতা ১৫টি পরমানন্দের ১টি।

কল্পনার অতীত তিনখানা পুথি সংগ্রহের আনন্দে সমস্ত প্রতিকূলতা অগ্রাহ্য করিয়া আচার্য সুকুমার সেনের নির্দেশমত কাজ করিয়া চলিয়াছি। মনসপুরাণ গ্রন্থ সম্পাদনার সমাপ্তিপর্বে হঠাৎ আর একখানা পুথির সন্ধানসংবাদ স্বগৃহে আসিয়া পৌঁছিল। আমি বাংলা সাহিত্যের ইতিহাসের উপকরণ সংগ্রাহক সুধীবর্গের-প্রতি শ্রদ্ধাসূত্রে পুথির ভিখারী। দুর্লভ পুথিপ্রাপ্তি-গর্বে এই পুথিটিকে অবহেলা করিতে পারিলাম না। পুথিখানা মালদহ জেলার অন্তর্গত ফতেখানি পরগণার অধীন ভবানীপুর গ্রামে অজ্ঞাতনামা এক ব্যক্তির কাছে উহা সংরক্ষিত। প্রথমে পূজার ছুটিতে সেখানে যাওয়ার শৈথিল্য ও পরে পর পর অসুস্থতাজনিত দেহ-দৈন্যে কাতর ছিলাম বলিয়া উদ্দিষ্ট ভবানীপুর গ্রামে যাওয়া তখন আমার পক্ষে সম্ভব ছিল না। পত্রযোগে দেবীপুরে গ্রামের পণ্ডিতমহাশয় শ্রীধরণীধর দাসের পুথিসংগ্রহ-সহায়তা যাচ্ঞা করিলাম। তাঁহার অনুসন্ধানে জানা গেল পুথিটি গোপনে হস্তান্তরিত হইয়া মুর্শিদাবাদে কোথাও অনাত্মীয় পরিবেশে আত্মগোপন করিতেছে। আমার ঈপ্সিত পুথিটি হস্তান্তরিত হওয়ার সংবাদ পাইয়া বিষণ্ণ হইলাম। আমার অনিচ্ছাকৃত শৈথিল্যের জন্য পরিতপ্ত হইলাম। কিন্তু একান্ত

CENTRAL LIBRARY

অপ্রত্যাশিতভাবে পুথিখানা ভিন্নতর করযুগলের পরিবর্তনে মহানগরী কলিকাতা আসিয়া পৌছিল। কোনও অনুরাগী বন্ধুব্যক্তির গোপন ও উদার আনুকূল্যে পুথিখানা দুই মাসের জন্য পাইলাম পুথির আকার ১৩×৪$\frac{৩}{৪}$", পৃষ্ঠাসংখ্যা ৩০৪। প্রতি পৃষ্ঠায় পংক্তি-সংখ্যা ৯। লিপিকর বিজয়গোবিন্দ শর্ম্মা সাং—ভবানীপুর। লিপিকাল—১২৫১ সাল, তারিখ ২৬শে ভাদ্র রোজ সোমবার এক প্রহর বেলা সময়ে নিজ পাঠশালায় গ্রন্থ সম্পূর্ণ ইত্যাদি বিবরণ গ্রন্থ-সমাপ্তি অন্তে বর্ণিত আছে। পুথিটি সম্পূর্ণ, প্রারম্ভে ও সমাপ্তিপৃষ্ঠানিচয়ে জীর্ণতা বা খণ্ডতার কোন পরিচয় নাই। কিন্তু সমুদ্রমন্থনের কাহিনী প্রারম্ভিক চারিটি পাতা নাই। বিভিন্ন হস্ত পরিভ্রমণে পৃষ্ঠা কয়টি গ্রন্থচ্যুত হইয়াছে, না পুথির মায়া-মালিকের বাঞ্ছিত কৌশলের পোষকতায় পৃষ্ঠা কয়টি অপসারিত তাহা বুঝা গেল না। পুথিটি ক ও খ পুথির ন্যায় তুলট কাগজে লিপিকৃত এবং বহুলাংশে 'ক' পুথির সঙ্গে পাঠসাম্য আছে। কেবল শেষাংশে কয়েকস্থলে 'খ' পুথির সঙ্গে পাঠে একরূপতা এবং কিছু কিছু ব্যত্যয় আছে। আমি পুথিটিকে মূলত পাঠান্তর রচনায় ব্যবহার করিয়াছি, তবে পুথির পাঠ-প্রতিষ্ঠায় কয়েকটি সঙ্কট-উত্তরণের ক্ষেত্রে গ্রন্থটি সহায়ক হইয়াছে। পাঠান্তর হইতে তাহা পরিস্ফুট হইবে। এইটি 'ঘ' পুথি। ৩৮ টি জগজ্জীবনের ভণিতা গ্রন্থে প্রকীর্ণ। গ্রন্থের সমাপ্তি-পর্বে 'ক' পুথির ন্যায় জগজ্জীবনের ভণিতা বহুবিসর্পিত।

মোট চারিখানি গ্রন্থ অবলম্বনে মনসাপুরাণ সম্পাদনা সমাপন করিয়াছি। দীর্ঘ দশ বছরের পুথি-সন্ধান প্রয়াসে এই কাব্যের পুথিচতুষ্টয় সংগৃহীত হইয়াছে। প্রাচীনতর বা অর্বাচীন আর কোন পুথি অধুনা অপ্রাপ্য। মূলতঃ ক ও খ পুথি অবলম্বনে গ্রন্থটির পাঠ প্রতিষ্ঠা করিয়াছি। তবে পুরাতন পুথিতে অক্ষর-জীর্ণতার জন্য স্বতঃ পাঠসঙ্কটের ক্ষেত্রে গ ও ঘ পুথি বিশেষ সহায়ক হইয়াছে। তন্ত্র-বিভূতির যে কয়খানা সম্পূর্ণ পুথি অদ্যাবধি কালের কবল হইতে মুক্ত আছে সেই সমুদয় স্ব-আবিষ্কৃত পুথি আমি পাঠ প্রতিষ্ঠায় এবং পাঠান্তর রচনায় ব্যবহার করিতে পারিয়াছি—এই আমার সৌভাগ্য। ফলে কয়েকটি পুথি-নির্ভর পাঠান্তর ভাষা-বিবর্ত্তনের সংকেত-সূত্রে সমৃদ্ধ হইয়াছে। বিভিন্ন পুথি সমাশ্রয়ে রচিত পাঠান্তর গ্রন্থের ভাষা ও ভাব অনুধাবনে তথা কাব্যের রূপনিকেতনে ও রসলোকে প্রবেশে নূতন আলোকসম্পাত করিয়া মঙ্গলকাব্যের শাব্দিক সম্ভার ও জনপ্রিয় রীতির ঐশ্বর্য উৎঘাটন করিবে। এই গ্রন্থের কলেবর তুলনায় স্ফীত, দ্বিজ রামদেবের অভয়ামঙ্গলের দ্বিগুণ ও জগজ্জীবনের মনসামঙ্গলের ঊন-দ্বিগুণ।

CENTRAL LIBRARY

খ—পুথির ভাষা ও শব্দের বানান

পুথির ভাষা ষোড়শ শতাব্দীর বাংলা ভাষার রূপলক্ষণ-মণ্ডিত। সুললিত তৎসম শব্দের সমাহৃতি, বিদ্যাপতির ব্রজবুলি পদের প্রতিধ্বনি, ফারসী শব্দের অতিপরিমিত প্রয়োগ, তদ্ভব ও দেশী তথা আঞ্চলিক ভাষার প্রতি অধিক অনুরাগ এবং ভাষার প্রাচীনতার সাক্ষ্যবহ ক্রিয়াপদের বহুল ব্যবহার প্রভৃতি যুগ-ব্যবধানের প্রমাণসূত্র তন্ত্রবিভূতির কাব্যের পুথিতে প্রোজ্জ্বল। তৎসম শব্দ-সমূহের বানানে স্বতঃশৈথিল্য যেন লিপিকরের দুর্বার স্বাধিকারনন্দিত। সর্বসাধারণের অসুবিধার কথা স্মরণ রাখিয়া ইতিপূর্ব্বে অভয়ামঙ্গল গ্রন্থ ছাপাইবার সময় পুথিতে অনুসৃত যথেচ্ছ ভুল বানানের সংশুদ্ধ রূপ দিয়াছিলাম। ফলে ক্ষেত্রে-বিশেষে ভাষার আঞ্চলিকতার প্রতিফলনদীপ্ত তৎসম, তদ্ভব ও আঞ্চলিক শব্দ কতিপয়ের রূপ অন্তর্হিত হইয়াছিল। লণ্ডন বিশ্ববিদ্যালয়ের বাংলাভাষা ও সাহিত্যের অধ্যাপক ও প্রাচ্যবিদ্যবিশারদ টি, ডবলু, ক্লার্ক আমার গ্রন্থের সমালোচনা প্রসঙ্গে বানান পরিবর্তনে আপত্তি করিয়াছেন। বানানভুলপূর্ণ তৎসম শব্দের পরিবর্তনে আপত্তি করার যৌক্তিকতা আমার চিন্তায় উদ্ভাসিত হয় নাই। অবশ্য আমারই ত্রুটির জন্য পরিবর্তিত শব্দ-কতিপয়ের অভয়ামঙ্গলের পুথিতে অনুসৃত বর্ণাশুদ্ধি ছাপান গ্রন্থের পাদটীকায় দেখান হয় নাই। তাঁহার সমালোচনার ছাপান প্রতিলিপি আমার হাতে আসিয়া পৌঁছিবার পূর্বেই আমার সম্পাদিত জগজ্জীবন ঘোষালের মনসামঙ্গল কাব্যের পাঠ-প্রতিষ্ঠা ও মুদ্রণ সমাপ্ত। ফলে তদ্ভব ও কিছু কিছু আঞ্চলিক শব্দ সম্পর্কে তাঁহার যৌক্তিক আপত্তিকে যথাযোগ্য সম্মান দেওয়া সম্ভব হয় নাই বলা বাহুল্য মূল ডি, ফিল্ রচনার সময় অভয়ামঙ্গল পুথিতে তদ্ভব ও দেশী শব্দসমূহের যথাদৃষ্ট বানানের অতন্দ্রিত অনুসরণ করিয়াছিলাম। তখন পাঠক সর্বসাধারণের অসুবিধার কথা মনে আসে নাই, শুধু পণ্ডিতদের প্রত্যাশাকে অগ্রাধিকার দিয়া সত্যানুসারী হইয়াছিলাম। মৎ-সম্পাদিত জগজ্জীবনের মনসামঙ্গল ছাপাইবার সময় কিছু কিছু তদ্ভব শব্দ ও আঞ্চলিক শব্দের বানান-জনিত অর্থসঙ্কট নিরসন ও সর্বসাধারণের রুচি-চর্যাকে প্রশ্রয় দিয়া পুথিতে অনুসৃত বানান পরিবর্তিত করিয়া দিয়াছিলাম। কিন্তু কয়েকটি শব্দের পুথিস্বরূপ মুদ্রিত গ্রন্থের পাদ-টীকায় সন্নিবেশ করিয়াছিলাম। এই গ্রন্থ প্রকাশের প্রায় তিন বৎসর পরে প্রাচ্যবিদ্যাবিশারদ ও অধ্যাপক টি, ডবলু ক্লার্ক অনুরূপ পরিবর্তনের জন্য লণ্ডন বিশ্ববিদ্যালয়ের প্রাচ্য ও আফ্রিকান বিদ্যাবিষয়ক সংবাদপত্রে গ্রন্থটি রিভিউ প্রসঙ্গে আরও দৃঢ়কণ্ঠে আপত্তি করিয়াছেন দেখিলাম। অভয়ামঙ্গলের বানানে আপত্তি করিয়া তিনি

CENTRAL LIBRARY

বলিয়াছিলেন—"** Most serious, however, from the point of view of other scholars, particularly the students of language, is the fact that he has chosen to amend the text by modernizing the spelling and eliminating certain dialectal forms, on the ground that the modern readers may have difficulty in understanding. Such difficulties are best dealt with in footnotes. *** Such obsolete and dialectal forms as have survived are valuable and should be scrupulously preserved.

এবার মনসামঙ্গলের পুথির ভুল বানানসমূহের পরিবর্তন প্রসঙ্গে সমালোচনাংশে মন্তব্য করিয়াছেন—"** Obvious corruptions apart, the preservation of the ipsissima verba of his text is a duty an editor cannot afford to neglect without depriving himself and other scholars of essential material. If spellings are so outrageous as to make meaning obscure, a gloss or explanatory note can easily put things right. **." কিন্তু অভয়ামঙ্গল ও মনসামঙ্গল সম্পাদনা অস্মদ্দেশীয় প্রাচীন সাহিত্যে বিশারদদের ন্যায় তাঁহারও খুসীর কারণ হইয়াছে।

ইতিমধ্যে আমার মননের কিছুটা পরিবর্তনের সঙ্গে বানান-সম্পর্কিত পূর্বতন পন্থানুসৃতির যে বাঁক ফিরিয়াছে তাহা তন্ত্রবিভূতির মনসাপুরাণের বানান-বিন্যাসরীতির আলোচনায় সুমূর্ত। এই গ্রন্থের শব্দসমূহের বানান সংরক্ষণ সম্পর্কে বানান-বিপর্যয়ের সম্ভাবনা যথাসম্ভব পরিহার করিয়া চলিয়াছি। সেই সূত্রে তৎসম শব্দরাজির অশুদ্ধ বানানকে প্রশ্রয় দান করি নাই। কিন্তু যেখানে ভাষার আঞ্চলিক রূপ তৎসম শব্দে পরিস্ফুট সেখানে বানান যথাদৃষ্ট রাখিয়াছি। ফলে নপুর, মউর, তপভঙ্গ, ত্যাগ করে অর্থে তেজে, জিভ্যা, ওসধ, পোরিহাস, তপবন, নজ্জা, লক্ষত্র প্রভৃতি শব্দ যথারূপে অবিকলভাবে গ্রন্থে সংরক্ষণ করিয়াছি। অনুরূপ পন্থায় ভাষার আঞ্চলিক স্বরূপ তথা ভাষা-বিবর্তনের পরিপোষাক বানান-রীতির ঐতিহাসিক ধারাটি অক্ষুণ্ণ রাখিয়াছি। অর্থ-বৈষম্যের সম্ভাবনা তথা বানান-শৈথিল্য-সম্ভূত ভাববিকৃতির অবকাশ পাদটীকাংশে রোধ করা হইয়াছে। এই বানান-শৈথিল্যের প্রসাদে উচ্চারণে উত্তরবঙ্গের উপভাষার লক্ষণদীপ্ত তৎসম শব্দ-সমূহের অস্তিত্ব ঘোষণা করা হইয়াছে। তদ্ভব শব্দগুলির বানান যথাদৃষ্ট রাখিয়াছি। অভয়ামঙ্গল ও মনসামঙ্গলের ক্ষেত্রানুরূপ অর্থবোধ সহজ ও সরল করিবার প্রয়াস পরিহার করিয়া জত, জখন, জেবা, জেমন, জাবৎ, জদি ইত্যাদিতে

CENTRAL LIBRARY

এবং স্থনে, জায়, সুধাই প্রভৃতি কয়েকটি ক্রিয়াপদে অধুনা-অনুসৃত বানান-রীতির আনুগত্য স্বীকার করি নাই। তবে পুথিতে অনুসৃত তদ্ভব শব্দের একাধিক বানানরীতি অনুসৃতির ক্ষেত্রে বানানে একরূপতা রক্ষা করিয়াছি। অহেতুক অর্থ-সঙ্কট ও লিপিকরের খুসীখেয়ালে শব্দের যথেচ্ছ বানানের উল্লাস বরণ করি নাই। মধ্যযুগের গ্রন্থ-সম্পাদনা প্রসঙ্গে পূর্বাভিজ্ঞতা-পরিসর আরও কয়েকটি উল্লেখযোগ্য অনুসরণের সঙ্গে ইহাও অবশ্য আচরণীয় বলিয়া মনে হইয়াছে। তদনুসারে মন্ত্র ও মুন্ত্র, কন ও কোন, মেড় ও মের, যুগল অর্থে জোড় ও জোর, আমাকে অর্থে মকে ও মোকে, আমার অর্থে মর ও মোর, ভ্রমণ অর্থে বেড়ায় ও বেরায়, কোথায় অর্থে কথা, কুথা ও কোথা, আসিল অর্থে আইল ও য়াইল, ছিন্ন করা অর্থে ছিরি ও ছিড়ি, কন্যা অর্থে ঝিয়ারি ও ঝিআরি, বণিক-পত্নী অর্থে বানিয়ানি ও বানিআনি, জোর গলায় ডাকা অর্থে ডাক পারে ও ডাক পাড়ে, পড়িয়া যাওয়া অর্থে পড়িয়া ও পরিয়া, বস্ত্র অর্থে কাপড় ও কাপর, পয়সা অর্থে করি ও কড়ি, জল অর্থে বারি ও বাড়ি, আশা অর্থে আস ও আশ, না পারে অর্থে নাড়ে ও নারে, দৌড়ান অর্থে লড়ে ও লরে, আমাকে অর্থে মোরে ও মোড়ে, খড়িমাটি অর্থে খড়ি ও খরি, বড় পাত্র অর্থে হাড়ি ও হারি, নাভি অর্থে নাবি ও নাভি, নাকে ও নাথে, কামরে ও কামড়ে, গ্রাস করে অর্থে গরাসে ও গড়াসে, মন্দিরে ও মুন্দিরে ইত্যাদি শব্দে বানান-সমতার আদর্শ অনুসরণ করিয়াছি। আবার আঞ্চলিক ভাষার উচ্চারণ-প্রভাবিত তদ্ভব শব্দের ও আঞ্চলিকতামুক্ত তদ্ভব শব্দের বানানগত বৈষম্য বিদূরণের কোন প্রয়াস পাই নাই। ইহাতে আঞ্চলিক ভাষার দুর্বার প্রভাবে ভাষা-বিবর্ত্তনের স্বরূপটি অবলুপ্ত হইত। ফলে নৃত্য করা অর্থে নাচন ও লাচন, নৌকা ও লৌকা, একসঙ্গে অর্থে মেলি ও মিলি, যাও অর্থে জাহও জাহো, ধোবার ও ধুবির, মা অর্থে মায় ও মাই, লাগিল ও নাগিল, বহিনী ও বোহিনী, পড়িল ও পোরিল, কাহাকে অর্থে কাক ও কাকো, জোগায় ও জগায়, বসিল ও বোসিল, চাকর অর্থে নফর ও লফর, নেতাই ও লেতাই, পরিধান করা অর্থে পত্রেন ও পঢ়েন, পচিশ ও পোচিশ, বিরতি অর্থে খেমা ও ক্ষেমা, মুই এবং মুঞি, গোসাইও গোসাঞি, সিয়রে ও সিওরে, ইন্দুর ও এহুর, নেওয়া অর্থে নয় ও লয়, মরিবে ও মোরিবে, করিয়া ও করিঞা, আসিয়া ও আসিঞা, হইয়া ও হইঞা, আক জোক ও ঞাক জোক, তুমাক ও তোমাক, কনিষ্ঠ ও কনেষ্ঠ, চান্দোআ ও চান্দোয়া, দেআন ও দেয়ান, বিঅনি ও বিওনি, লাসের ও নাসের প্রভৃতি শব্দের বানান-বিভিন্নতাকে যথাদৃষ্ট তথা অপরিবর্তিত রাখিয়াছি। বলা বাহুল্য আঞ্চলিক ভাষার রূপলগ্ন তদ্ভব শব্দ ও

CENTRAL LIBRARY

আঞ্চলিক শব্দসমূহের পুথিদৃষ্ট বানানে স্বতঃবিভিন্নতাকে যথাস্বরূপে সমাসীন রাখার ফলে আঞ্চলিক ভাষার বৈচিত্র্য উদ্ঘাটিত হইয়াছে। এতদতিরিক্ত উপ-ভাষার প্রভাবজাত অনাবশ্যক 'ড়' কে কতিপয় তৎসম ও তদ্ভব শব্দে 'র' করিয়া কোথাও বা পুথিস্থিত সংশুদ্ধ রূপকে আশ্রয় করিয়া কৌতুকপ্রদ উচ্চারণপ্রিয়তার নিরসন করিয়াছি যেমন, জড়ংকার, স্ত্রীলোক অর্থে নারি, নাড়ি, নারী, ছারখাড় ও ছাড়খার, কড়জোর, ও করজোড়, কড়জড় ইত্যাদি। আঞ্চলিক ভাষার প্রতি বিশেষ লক্ষ্য রাখিয়া কতগুলি ক্রিয়াপদেও বানান-বিভিন্নতা সংরক্ষণ করিয়াছি। অনুরূপ ঐতিহাসিক দৃষ্টিভঙ্গিবশে আমি অর্থে মুঞি, তুমি অর্থে তুঞি, আখি অর্থে ঞাখি, নয়ন অর্থে নঞান, গোস্বামী অর্থে গোসাঞি, আঁশ অর্থে ঞাশ যথাদৃষ্ট রাখিয়াছি। বুহিত ও বহিত, কড়ি ও কোড়ি, ভবন স্থলে ভোবন সাদৃশ্যে ভুবন প্রভৃতি শব্দ ও অনুরূপ কতিপয় শব্দ সম্পর্কে পুথিদৃষ্ট বানানের রীত্যানুগত্য মানিয়াছি। আঞ্চলিক উচ্চারণের বৈশিষ্ট্য অম্লান রাখার ধ্রুব আয়োজনে পুহায়, পুসিল, সোধাই, কমর (কোমর অর্থে), কোল অর্থে কল, মজুরি অর্থে মোজুরী, প্রায়শ্চিত্ত অর্থে প্রাচিত্য, প্রাশ্চিত প্রভৃতি শব্দগুলিকে যথাদৃষ্ট রাখিয়াছি। মধ্য-যুগের ভাষার যুগলক্ষণদীপ্ত নু-অন্তিক ক্রিয়াপদ গুলিতে লিপিকরের লেখনীরূপকে চূড়ান্ত বলিয়া মানিয়া নেওয়ায় সম্ভবতঃ অনেক লু-অন্তিক পদও নু-অন্তিক শব্দের কুক্ষিগত হইয়াছে মনে হইতেছে। আর সমার্থবোধক ল-অন্তিক ও নু-অন্তিক শব্দনিচয়ের, যেমন করিল ও করিনু, পাইল ও পাইনু প্রভৃতি শব্দে বানান-সমতা সম্পাদনে পশ্চাৎপদ হইয়াছি। তবে দেন্ত, গেলাঙ, পাই অর্থে পাঙ, দেওয়া অর্থে দেঙ, যাওয়া অর্থে জাঙ, খুলিয়া নেওয়া অর্থে খসাঙ, জ্বালান অর্থে ভেজাঙ, ফেলাঙ, দেখাঙ, খাঙ, সুনিলাঙ, আইলাঙ, করিলাঙ, হারাইলাঙ, ঠেকিলাঙ, প্রভৃতি প্রাচীন বাংলা শব্দের লিপিরূপ গ্রন্থানুসৃত বানান-অনুমত রাখিয়াছি। আবার লইয়া অর্থে নঞা বা নৈঞা, পাইয়া অর্থে পাঞা ও পায়া, যাইয়া অর্থে জাঞা, গিঞা, ও জায়া, ধুইয়া অর্থে ধুঞা, কোথাও ধুইঞা, লুকাইয়া অর্থে লুকাঞা বা লুকাঞা, হইয়া অর্থে হঞা, হইঞা ও হয়া, দেখিয়া অর্থে লেহালিঞা, থুইয়া অর্থে থুঞা বা থুইঞা, কাড়িয়া অর্থে কাড়িঞা, খাইয়া অর্থে খাঞা, যাচ্ঞা করা অর্থে মাঙ্গিঞা, চাহিয়া অর্থে চাঞা ও চাহিঞা, বাঁচান অর্থে জিঞাঞা, কিম্বা জিঞাইয়া ও জিয়াইঞা, লুটিয়া পড়া অর্থে লোটাঞা, পরিয়া অর্থে পড়িঞা, লেখিঞা, জাগ্রত করা অর্থে চিয়াঞা, চিঞাঞা, ভাসাঞা, চিনিয়া অর্থে চিহ্নিঞা, পোড়াইয়া অর্থে পোড়াঞা বা পোরাঞা, নির্মাণ করা অর্থে গড়াঞা, সেলাই করা অর্থে সিঞা, বাঁচিল অর্থে

CENTRAL LIBRARY

জিজ্ঞিল, পড়িয়া অর্থে পোরিঞা অথবা পোরিঞা, ডুবাইয়া অর্থে ডুবাঞা, বিনাইয়া অর্থে বিনাঞা, কুড়াইয়া অর্থে কুলাঞা, উঠাঞা, মুড়াঞা, উজান ঠেলিঞা অর্থে উজাঞা প্রভৃতি প্রাচীন দ্ব্যক্ষর ও ত্র্যক্ষর ক্রিয়াপদগুলিও যথাদৃষ্ট রাখিয়াছি।

সপ্তদশ শতাব্দীর অভয়ামঙ্গলের কবি দ্বিজ রামদেব এবং মনসামঙ্গলের কবি জগজ্জীবনের ন্যায় তন্ত্রবিভূতিও বিলক্ষণ শাব্দিক ক্ষমতার অধিকারী। ভারুয়া, দর্পনি, বেলি, সাজনি প্রভৃতি শব্দসমূহে তাঁহার গীতিমধুর নবতর শব্দ-নির্ম্মাণ-শক্তিচুম্বক চিত্তকর্ষক। শাব্দিক সামর্থ্যের অধিকারী কবিকঙ্কণ মুকুন্দরাম, দ্বিজ রামদেব ও জগজ্জীবন ঘোষালের ন্যায় তিনিও বাংলা ভাষার বিশাল শাব্দিক সম্ভাবনা ও জীবনরস-স্নিগ্ধ কাব্যপ্রকাশের মনোহর হর্ম্যরূপ প্রত্যক্ষ করিয়াছিলেন। যুগপৎ নূতন শব্দনির্মাণ ও অগণিত আঞ্চলিক উত্তরবঙ্গীয় শব্দকে কাব্যাবয়বে সানন্দ সন্নিবেশ তাঁহার অসামান্য শাব্দিক কবিত্ব ও বাঙালীর মনন-মধুর অভিনব সৃষ্টিক্ষম প্রতিভায় সবলে ভাষাপথ খননের প্রবল প্রতীতি ও আত্ম-শ্লাঘতা খ্যাপন করে। বঙ্গের মহাকবি শ্রীমধুসূদন নামক্রিয়াপদবাহিনী রচনা করিয়া বাংলা ভাষার যে রাজকীয় বাণীপথপত্তনে মহাকাব্য সিন্ধুসৈকতে উত্তরণ ত্বরান্বিত করিয়াছেন এবং তাহার প্রতিভার প্রাণতরঙ্গ-সমন্বিত মহাকাব্য-সিন্ধুর গর্জন শ্রবণ-সুভগ করিয়াছেন বাংলা সাহিত্যে সেই ক্ষেত্রনির্ম্মিতির গোপন সৃষ্টি-অভিলাষী ধ্রুব পথ-পত্তন-প্রয়াস যে পূর্ব্ব হইতে চলিতেছিল তন্ত্রবিভূতির মনসাপুরাণ কাব্যে ইহার অসংশয়িত নিদর্শন আছে। মনসাপুরাণে নামক্রিয়াপদ ঘোষে, বিভাইব, তেজিল, নির্মায়, তেয়াগিয়া, শাপিলেন ইত্যাদি।

কবি তন্ত্রবিভূতির শাব্দিক প্রতিভা-পরিষ্কৃত বহু আঞ্চলিক শব্দের অকুণ্ঠিত প্রয়োগ প্রসঙ্গে ইহা বিশেষ লক্ষণীয় যে তাঁহার বাণীপ্রকাশে পরিমার্জিত রীতি ও বাংলার জনপ্রিয় রীতি সম-সংস্থান লাভ করিয়াছে। পক্ষান্তরে লোকায়ত রীতির প্রতি কবির প্রীতিপক্ষপাতের ঐকান্তিকতায় কাব্যের স্থানে স্থানে ভাষার সাংস্কৃতিক পরিমার্জনা ক্ষুণ্ণ হওয়ার পরিচয় পরিস্ফুট। কবিকঙ্কণের কাব্যে ভাষায় সাংস্কৃতিক পরিমার্জনা পরিশীলনের যে ধ্রুব আয়োজন ষোড়শ-সপ্তদশ শতাব্দীর বাংলা সাহিত্যের যুগলক্ষণমণ্ডিত তন্ত্রবিভূতির বাগবিভূতিবিন্যস্ত রীতিতে ইহার দৃপ্ত ব্যত্যয় বিস্ময়াবহ এবং তাঁহার পরসাধক জগজ্জীবনের কাব্যাদর্শ। অথচ সপ্তদশ শতকের কবি দ্বিজ রামদেবের কাব্যে সংস্কৃতরীতি তথা পরিমার্জনা-পরিবৃত রচনা-রীতি পরিদৃষ্ট হয়। বলা বাহুল্য মৈমনসিংহগীতিকায় অনুসৃত লোকায়ত রীতি-

CENTRAL LIBRARY

অনুরূপ বাণীভঙ্গি তন্ত্রবিভূতির এই অনাবিষ্কৃতপূর্ব গ্রন্থে নির্বাধ অনুসরণের পরিচয়-প্রমাণ উদ্ঘাটিত। ষোড়শ ও সপ্তদশ শতাব্দীতে সৃষ্ট বাংলা কাব্যের স্রোতপথ ধরিয়া অগ্রসর হইলে দেখা যায় যে কাব্যপ্রকাশে অনুসৃত এই দ্বৈত রীতি তথা বাংলা ভাষার পোষাকী ও আটপৌরে রূপ বাঙালীর রসমননের ফলে অল্পবিস্তর স্থান লাভ করিয়াছে। মৎ-আবিষ্কৃত বাংলা মঙ্গলকাব্যের পুথি-ত্রয় আবিষ্কারে ও কাব্য-রীতি আলোচনার কষিত আলোকে পূর্বোক্ত মত ও পথ উজ্জ্বল। এই প্রতীতিদৃঢ় মন লইয়াই আমি জগজ্জীবনের মনসামঙ্গলের ভূমিকাংশে বলিয়াছিলাম লোকায়ত রীতির বাস্তবতার ফলে বাঙালী কবিমন সক্রোধ তিরস্কারে শালা সম্বোধন করিয়াছে, আবার সংস্কৃত রীতির সম্মোহনে পরিহাস-বিজল্পিত রস-সম্ভাষণে সহধর্মিনীর সহোদর বলিয়া নন্দিত হইয়াছে। বস্তুতঃ এই জনপ্রিয়রীতির বচনপ্রকাশই পরবর্তীকালে পোষাকী রূপকল্পের আশ্রয়ে মহাকবি ভারতচন্দ্রের অন্নদামঙ্গল কাব্যে আপাত-অনবগুণ্ঠিত আছে। বাংলা কাব্যক্ষেত্রে ভারতচন্দ্রের আবির্ভাবের দুই শতাধিক বৎসর পূর্বে কাব্যপ্রয়াসে লোকায়ত রীতিঋদ্ধ রূপকল্পের অন্তরালে যে গ্রাম্যতাগন্ধী কাব্যানুশীলনের মুক্তপক্ষ সঞ্চরণ চলিতেছিল উহার ভিত্তিভূত হইয়াই রায় গুণাকরের অভিনব 'ভাবৈক' রসপ্রীত ও বলিষ্ঠ সংস্কৃত রীতি শোভাকর অলংকরণে, ছন্দ-সৌকুমার্যে ও লোকায়ত মানসের রসনিস্যন্দিতায় নিখিল গৌড়জনের আনন্দানুকূল হইয়াছে। তন্ত্রবিভূতির উত্তরসাধক জগজ্জীবনের কাব্যে অনুসৃত ভাষার মণ্ডনশিল্প-বিরহিত ও লোকায়ত রীতিঋদ্ধ বাণীভঙ্গি বিভূতি কবির কাব্যজীবিত ও অভিলাষ। কাব্যে আঞ্চলিক শব্দের বিপুল সমাবেশ তন্ত্রবিভূতির কাব্য-বৈশিষ্ট্য তাঁহার কাব্যদেহে বিসর্পিত শব্দ-সম্ভারের কতিপয় এই অংশে উদ্ধৃত হইল। পাসরণ (বিস্মরণ অর্থে), মাও (মা) পাও, পায় (পা), হিঞা (দেহ, হিয়া), বাঢ়াইল, মছচুশমি (মছটুশকী), দগপিপি (দলপিপি), কাদাখচা (কাদা খোচা), বঞ্চিতাঙ (বঞ্চিতাম), নালা (নল অর্থে), ধিয়ানে (ধ্যানে অর্থে), অষ্টকুলা (আটপ্রকার অর্থে), অভরণ (আভরণ অর্থে), আগুন্যা (লাল অর্থে), গোট (একটি অর্থে), বাঞা (বাহিয়া অর্থে), আতাই (পিতা অর্থে) কিবা (কি অর্থে), জাইমু (যাইব), কোঙর (কুমার), কলেত (কোলেতে অর্থে), মাইল (মারিল অর্থে), লাবিহ (নাড়িও অর্থে), চরিতর (চরিত্র), গোটে গোটে (একটি একটি), পাখালিঞা (ধুইয়া অর্থে), নঞা (লইয়া অর্থে), ভাঙ্গরা (ভাঙসেবী অর্থে), ঠোকনা (গালে বা মুখে ঘুসি মারা অর্থে), কন্দল (কলহ), বিহানে (সকাল বেলা

CENTRAL LIBRARY

অর্থে), বেভার (ব্যবহার), থাথার (কলঙ্ক), আনা চানা (আজে বাজে অর্থে), চৈক্ক (চক্ষু), উকটিঞা (খুঁজিয়া অর্থে), পিবনি (পানীয় অর্থে), রাও (শব্দ), পাঞা (পাইয়া), পিড়া (মণ্ডপ অর্থে), কুলাঞা (কুড়াইয়া অর্থে), নিলজি (লজ্জাহীনা অর্থে), ঝি, ঝিউ (কন্যা), জাউ (যাই), থুঞা (থুইয়া), থউ (থুই), নাই হো (বিধবা), রাই হো (সধবা), দঢ় (দৃঢ় অর্থে), চিঞাইলা (চেতন করিলা), সতাই, সাতাই (সৎমা), ভুলকি (অবলোকন অর্থে), লেহ (গ্রহণ কর অর্থে), খাঞা (খাইয়া অর্থে), পাঞা, পায়া (পাইয়া অর্থে), জাঞা, জায়া (যাইয়া অর্থে), জাইছে (যাই বা যাইতেছে অর্থে), লাচন (নৃত্য অর্থে), খেত (ক্ষেত্র), পাখারেত (মাঠে অর্থে), বহারি (কুলবধূ অর্থে), সামাইল (ঢুকিল অর্থে), হেটু (হাঁটু অর্থে), কাতে (কোথায় অর্থে), খুনি (খুটি অর্থে), ছায়নি (ছাওনি), খিচন (খিলান), কুন্তরি (ছোট গোলাকৃতি অর্থে), করণ্ডি (ফুলের সাজি অর্থে), পাক দিঞা (ছুড়িয়া), পথরা (ডোরা কাটা), নেঙ্গুর (লেজ অর্থে), ভাদালি (গ্যাঁদাল), মাকড়ার (মাকড়শার), পাত (পাতা, পাখা), খোবরায় (খোবড়ায়, গরুর মুখে), জাইছে (যাইতেছে), বহা (বহিয়া), বাহরিঞা (অগ্রসর হইয়া), পুতা (পুত্র), লেঙ্গ (লেজ), ডাণ্ডি (দণ্ড), পাতিয়ায় (বিশ্বাস করে অর্থে), মোকে (আমাকে), সিসের (সিঁথির), কোঝর (শূল), বেকা (বাঁকা), দেঙ (দিব) উঘারিঞা (উদ্গার করিয়া) ভখ (খাও), উপস্থান (উপাসনা), কুহা (কুয়াশা), শুঞা (শুইয়া), সতেস্বরি (সাতলহরী অর্থে), কোড়ি পাতি (টাকা পয়সা), লোকা (নৌকা), থয় (রাখে অর্থে), ধয় (ধোয় অর্থে), ডাকরার (শক্ত সমর্থ যুবকের মত), সিঞা (সিলাই করিয়া অর্থে), কোছাতে (অঞ্চলে ও বস্ত্রপুটে অর্থে), মেলেন (খোলেন), আসি আনি (মাছের হাত ধোওয়া), ফিচা (লেজ), গাও (গা), খুরি (বাটি), সিয়ান (স্নান), বুদি (জিজ্ঞাসা), লড় (দৌড় অর্থে), ডিগুরা (ঢেরি), ভেজাঙ (লাগান অর্থে), লেঙ (গ্রহণ করি অর্থে), নৈরাশা (নিরাশ অর্থে), সওাই (সিকি অর্থে), তাছত (যত্ন বা পরিচর্য্যা), আঙা (রৌদ্র শুষ্ক), লাটা কুচাই (উভয় দিকে ঘন কণ্টকময় গাছ), ছুতা (অপবিত্র), দিয়রি (দীপ), ঘেচরি (ধূর্ত রমণী), জাঠি (মুদ্গর অর্থে), মজলি (মড়ার খাট), ভাওই (ভাদ্রবধূ অর্থে), কূলে বা তীরে অর্থে কিনারে ও কাথরে, হাড়িয়া (বিরাট অর্থে), সুকুটি (শুষ্ক মাছ), টিকর (উচ্চস্থান), ডিঙ্গর (অভব্য, ছোটলোক অর্থে), ইত্যাদি।

CENTRAL LIBRARY

কবি-পরিচয়

কবি তন্ত্রবিভূতি। গ্রন্থে প্রকীর্ণ পুষ্পিকানিচয়ে বা কোন প্রসঙ্গাশ্রয়ে আত্মপরিচয় প্রকাশে কবি পরাঙ্মুখ। মুকুন্দরাম-প্রবর্তিত আত্মবিবরণী অনুসরণে মঙ্গলকাব্যের কবিরা আত্মপরিচয় উল্লেখের যে ধারা-প্রবহতা অম্লান রাখিয়াছেন তন্ত্রবিভূতির কবিকর্মে তাহা উপজীব্য ছিল বলিয়া মনে হয় না। কোন প্রাচীনতর পুথি হইতে লিপিকরের হস্তাবলেপনে গ্রন্থরচনা-কাল ও আনুসঙ্গিক আত্মবিবরণের অনুল্লেখ মনসাপুরাণে মনঃশৈথিল্যনন্দিত লিপিকর্মে প্রশ্রয় পাইয়াছেন কিনা নিঃসংশয়ে বলা যায় না। তবে তন্ত্রবিভূতির কাব্যের চারিখানা পুথির কোথাও কবির পিতামহ, পিতা, মাতা, সহোদর বা সমকালীন নৃপতির কোন উল্লেখ নাই। দুইটি পুষ্পিকাংশে পত্নীপরিচয়ে আত্মপরিচয় দানে কবির পতীব্রত মন প্রকাশ পাইয়াছে। পত্নীপ্রেমে গাঢ় নিষ্ণাত কবিমন আত্মপ্রসঙ্গে নীরবতার মধ্যেও নিজেকে 'পদ্মমুখী প্রাণনাথ' বলিয়া কলকণ্ঠ হইয়াছে। অন্যত্র বিভিন্ন ভণিতায় কবি নিজেকে 'দ্বিজ মহামতি' ও 'দ্বিজসুত,' 'বিদগদ,' 'বুধ্যে বৃহস্পতি' এই আত্ম-অভিধায় অভিষিক্ত করিয়াছেন। মধ্যযুগীয় জীবনাদর্শ, বংশ-গৌরব ও আত্মকৌলিন্য কবির লেখনী-প্রকাশে তাঁহার শ্লাঘ্য পরিচয় তন্ত্রবিভূতির প্রশস্ত জীবনস্বরূপ। তবে কবি স্বনামবিভূতি পরিচয়ে তন্ত্রবিভূতি বা বিভূতি তন্ত্র। ভণিতায় উত্তরবঙ্গীয় ভাষার উচ্চারণ-বৈশিষ্ট্যে পুথিতে কোথাও বা তন্ত্রবিভূতে বা বিভূতে এই লিপিরূপ পরিদৃষ্ট হয়। তন্ত্রবিভূতি নামটি বাংলা সাহিত্যে দ্বিতীয়-রহিত, কিম্ভূত, বিস্ময়াবহ কিন্তু চিত্তাকর্ষক।

ইতিমধ্যে আমার আবিষ্কারের সন্ধানসূত্রে তন্ত্রবিভূতি এই ছদ্মনামে কোনও সাময়িক পত্রে প্রবন্ধ প্রকাশ করিয়া অজ্ঞাতনামা লেখক আত্মনন্দিত হইয়াছেন। তন্ত্র কবির উপাধি, না বিভূতির উৎসপরিচয়সংজ্ঞক তাহা বিচার্য। বিভূতি-নামের পূর্বে তন্ত্র উপাধি সন্নিবেশ বাংলা নাম প্রকাশের রীতিবিরুদ্ধ ও ইংরেজী নিয়ম-অনুমত। তন্ত্র হইয়াছে বিভূতি যাহার এই অর্থবোধ অনুসারে কবির নাম তন্ত্রবিভূতি ধরিয়া নেওয়া যায়। ভণিতায় কবি কোথাও তন্ত্রবিভূতির পরিবর্তে নিজেকে বিভূতি পরিচয় দিয়াছেন—এই নাম-সঙ্গতি অসঙ্গত নয়। কিম্বা কবি তান্ত্রিক বা তন্ত্রধার ব্রাহ্মণ, বৈদিক ব্রাহ্মণ নহেন, তাঁহার এই গৌরব-গর্বিত পরিচয়ের অভিলাষে তন্ত্র শব্দটি বিভূতি নামের অনুসঙ্গী হইয়াছে।

CENTRAL LIBRARY

গুণভূয়িষ্ঠ ও গুণার্জিত উপাধিযোগে বড়ু চণ্ডীদাস, চক্রবর্তী শ্রীকবিকঙ্কণ, শ্রীমৈত্র জীবন, দ্বিজ ভারত সাদৃশ্যে তন্ত্রবিভূতি নাম হইতে পারে কিনা ইহা আমাদের প্রশ্নাত্মিক মনন। এতদতিরিক্ত গ্রন্থে বর্ণিত ঘটনানিবহ হইতে আমরা কবির তন্ত্রাভিলাষী মন লক্ষ্য করিতে পারি। প্রথমতঃ বিবাহসভায় হঠাৎ সর্পছত্রতলে লক্ষীন্দরের মূর্চ্ছার পর কালিদহকূলে মনসা পূজার উপক্রমে বেহুলার আত্ম-উৎসর্জ্জনের প্রক্রিয়ায় এই তন্ত্রানুসারিতা সন্দর্শন করি। দ্বিতীয়তঃ মহাপ্রভু চৈতন্যদেবের পদরজঃ-পরিস্নাত এবং রূপ সনাতন ও জীব গোস্বামীর পুণ্য জন্মভূমি রামকেলির অনতিতিন চারি ক্রোশ দূরবর্তী অঞ্চলের পুথিতে তথা মালদহের কবির কাব্যে চৈতন্যদেবের বন্দনা বা চৈতন্যদেবের উল্লেখ নাই বলিয়া কবির মনন ও ব্যক্তিপরিচয় তন্ত্রানুলিপ্ত হইবে ইহাতে আশ্চর্য্য কি? বাংলা সাহিত্যের ঐতিহাসিক আচার্য সুকুমার সেন তন্ত্রবিভূতিকে ষোড়শ শতাব্দীর কবি পংক্তিতে স্থান নির্দেশ করিয়াছেন। চৈতন্যপ্রভাব বিনির্মুক্ত কাব্যানুশীলন তন্ত্রবিভূতির কালক্রম ও তন্ত্রানুসৃতি সম্পর্কে সম্ভাব্য ইঙ্গিত বলিয়া অনুমিত হয়। কিন্তু পুথিতে কাব্যরচনার সন, তারিখ বা ঐতিহাসিক কোন ঘটনার উল্লেখ না থাকায় গ্রন্থের ভাষা-পরিচয় অনুসারে রচনাকাল নির্দেশ প্রসঙ্গে ভাষাচার্য্য ডঃ সুনীতিকুমার চট্টোপাধ্যায় ও ডঃ সুকুমার সেনের অভিমত আমাদের শিরোধার্য। তবে সপ্তদশ শতকের কবি জগজ্জীবনের কাব্যে তন্ত্রবিভূতিকে বহুলাংশে আত্মসাৎ করার ও প্রভাবিত হওয়ার প্রকটিত প্রমাণসূত্র কাল-নির্দ্ধারণের এক বিশিষ্ট সঙ্কেত। আচার্য সুকুমার সেনের বলিষ্ঠ মত ও সিদ্ধান্ত এই যে জগজ্জীবন ঘোষাল তাঁহার পূর্বসূরী তন্ত্রবিভূতির কাব্যকে বহুলাংশে আত্মসাৎ করিয়াছেন এবং আত্মানুসৃত পন্থার ভিন্নতর পুনরাবৃত্তিতে নিজেও তাঁহার পরসাধক জীবন মৈত্রের কাব্যে কুক্ষিগত হইয়াছেন। তন্ত্রবিভূতির গ্রন্থাবিষ্কারের পূর্বে আচার্য সেনের এই প্রতিপাদ্য সিদ্ধান্ত এখন একাধিক পুথি-প্রমাণ বলে শ্রদ্ধার সঙ্গে স্মর্তব্য। তাঁহার এই মতের আলোকে আমার এই গ্রন্থানুসন্ধান ও চিন্তাধারার পথ প্রদীপ্ত হইয়াছে।

উত্তরবঙ্গের একাধিক জেলা পরিক্রমণে বিশেষতঃ পশ্চিম দিনাজপুর ও মালদহের পল্লীঅঞ্চল ঘুরিয়া প্রাপ্ত সংবাদে পরিজ্ঞাত হইয়াছি যে এতদঞ্চলে জগজ্জীবনের একছত্র আধিপত্য। আবার অঞ্চল বিশেষে দ্বিজ বংশীদাসের কাব্য প্রীতিপক্ষপাতবশে অপ্রতিহতভাবে এখনও গীত হয়। রামকেলির মেলায় অনুষ্ঠিত বিষহরি-গান একাধিক বার শ্রবণে এই সংবাদের সত্যতা সম্পর্কে কৃতনিশ্চয়

CENTRAL LIBRARY

হইয়াছি। কিন্তু কেবলমাত্র মালদহ ইংরেজ বাজার থানায় ও সদর মহকুমার অন্তর্গত কালিয়াচক থানা এবং হরিশ্চন্দ্রপুর থানায় তন্ত্রবিভূতির পুথির পঠন ও বিষহরি-গানের আনুষ্ঠানিক আসর জমান প্রচলন আছে। এই সংবাদসূত্রে ও মহামহোপাধ্যায় বিধুশেখর শাস্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করিতে হরিশ্চন্দ্রপুর গ্রাম পর্যন্ত গিয়াছিলাম এবং সামসী অঞ্চলের একলক্ষী গ্রামের গদাধর পালের তন্ত্রবিভূতির পুথিটি হরিশ্চন্দ্রপুর কাছারি হইতে সংগ্রহ করিতে ও কবিসম্পর্কে আনুসঙ্গিক তথ্য সংগ্রহ করিতে তাঁহার আনুকূল্য যাচঞা করিয়াছিলাম*। জনশ্রুতি-নির্ভর তথ্যসংগ্রহসূত্রে তন্ত্রবিভূতি মালদহের কবি। মালদহ ছাড়া অন্য কোথাও মনসাপুরাণের পুথির সন্ধান মিলে নাই। মালদহের একটি বিশিষ্ট অঞ্চল—কালিয়াচক থানা তন্ত্রবিভূতির কাব্যের পুথিক্ষেত্র। তন্ত্রবিভূতি সুকবি, পণ্ডিত কবি। উত্তরবঙ্গের মনসামঙ্গল কাব্যের কাহিনীবৃত্তে তিনি অগ্রগামী (pioneer) এবং মানবীয় ভাবোদ্দীপন ও মর্ত্যমুখী অভিলাষে তিনি জগজ্জীবন ও জীবন মৈত্রের আদর্শ। কিন্তু কালক্রমে তন্ত্রবিভূতি লোপ পাইতে চলিয়াছে। অজ্ঞাত সংবাদমর্মে ঘুরিতে ঘুরিতে যেমন জগজ্জীবনের নিবাস কুচিয়ামেড় গ্রাম পশ্চিম দিনাজপুর জেলার পার্শ্ববর্তী পূর্ণিয়ার পল্লীঅঞ্চল খুঁজিয়া বাহির করি, অনুরূপ কোন সূত্রে তন্ত্রবিভূতির নিবাস বা কবির জনশ্রুতিবহ কোন পরিচয়নির্দেশক তথ্য সংগ্রহ করিতে পারি নাই। তবে বহু খোঁজাখোঁজির পর পঞ্চতন্ত্র পদবীধারী এক ভদ্রলোকের সন্ধান পাইয়াছি। এই 'পঞ্চতন্ত্র' সূত্র অবলম্বনে তন্ত্রবিভূতি সম্পর্কিত ঈপ্সিত পরিচয়ের কোন তথ্য মিলে নাই।

তন্ত্রবিভূতি বিচক্ষণ কবিত্বের কাব্যকার। তিনি মনোহর পদ রচনা করিয়াছেন। তাঁহার বৈদগ্ধ্য কেবল আত্মপ্রশস্তিতে নয়, বাণীবয়ন শিল্পেও সমর্থিত। অন্য কোন পূর্বগামীর উল্লেখ তাঁহার কাব্যে নাই। বর্ণনার কারুণ্য ও রূপ-বর্ণনার সামর্থ্যে মুকুন্দরামের বাণীকণ্ঠ যেন তাঁহার কাব্যে শ্রুতিগোচর হয়। তন্ত্রবিভূতি বাংলা সাহিত্যে লোকায়ত রীতির দক্ষ বাণীশিল্পী। গ্রন্থের ভাব, ভাষা ও রূপকল্প সম্পর্কিত কাব্য-জিজ্ঞাসার আলোকে তাহা জ্যোতির্দীপ্ত হইবে। তিনি ছিলেন গায়ক, নট, ভক্ত, ভাবুক ও রসিক কবি। কাব্যের কতিপয় ধুয়া-পদে তাঁহার মনসা-ভক্তি ও শিবভক্তি সমউচ্ছ্রিত। ধুয়াপদের সঙ্কেতে

* গদাধর পালের তন্ত্রবিভূতির পুথি অপ্রাপ্য। এই পুথিটি বিস্ময়কর ভাবে কাহারও হাত-ছাপাই গুণে অন্তর্হিত এবং আমার বহু গতাগতি ও আশাভঙ্গের কাহিনীর সঙ্গে সংশ্লিষ্ট।

CENTRAL LIBRARY

ও বাণীবিস্তারে তাঁহার বৈষ্ণবপ্রাণতার পরিবর্তে বৈষ্ণব-কাব্যরসিকতার পরিচয় পরিষিক্ত। কাব্যবয়নে তাঁহার রসসিদ্ধি সম্পর্কিত একাধিক অভিব্যক্তি আত্মোপলব্ধির শক্তিসৌকর্যে সুদুঃসাহসপ্রীত, অচিন্তিতপূর্ব তথা অভিনব। বাংলা মঙ্গলকাব্যানুরূপ স্বপ্নপ্রত্যাদেশে কবির লেখনী ধারণের আত্মস্বীকৃতি তন্ত্রবিভূতির কাব্যে প্রব্যক্ত ও উত্তরবঙ্গের মনসামঙ্গল কাব্য রচনায় তাঁহার পরসাধক জগজ্জীবন ও জীবন মৈত্রের কাব্যানুসৃত বৈশিষ্ট্য। বিভিন্ন ভণিতায় কবি তন্ত্রবিভূতি দেবী মনসার স্বপ্নপ্রত্যাদেশে 'গীত অতি মনোহর' রচনার নিম্নোদ্ধৃতি-অনুরূপ উল্লেখ আছে।

মনসার পাঞা বর পদ অতি মনোহর
তন্ত্রবিভূতি পদে গায় ॥
পদ্মার আদেশে গীত পাইল সপনে।
তন্ত্রবিভূতি গায় মনসাচরণে ॥
তন্ত্রবিভূতি কবি বুধ্যে বৃহস্পতি
স্বপনে পাইল গীত সেবি পদ্মাবতী ॥
তন্ত্রবিভূতে গায় বন্দিঞা মনসার পায়
বিরচিল মনসার বরে ॥

কবির আত্মপরিচয়-আশ্লিষ্ট ভণিতা-পংক্তি কতিপয় নিম্নে উদ্ধৃত হইল :—

তন্ত্রবিভূতি পদ রচিল বিদগদ
পদ্মা দেবীর পাঞা বর ॥
মনসার পাঞা বর পদ্মামুখী প্রাণেশ্বর
রচিল বিভূতি পদে গান ॥
তন্ত্রবিভূতে কবি বন্দগো মনসা দেবী
বিরচিল দ্বিজ মহামতি ॥
তন্ত্রবিভূতি পদ রচিলেন বিদগদ
আজ্ঞা পাঞা মনসাপুরাণ ॥
তন্ত্রবিভূতি পদ গাইল সে বিদগদ
পদ্মাদেবীক মস্তকে বন্দিঞা ॥
তন্ত্রবিভূতি পদ রচিল সে বিদগদ
মনসা দেবীর পাঞা বর ॥

CENTRAL LIBRARY

ভেলা টলমল করে কন্যা কাপএ ডরে
দ্বিজহুত গায় মনসার বরে ॥

উদ্ধৃত ভণিতা পংক্তিনিচয় আমাদের কবি-পরিচয় প্রসঙ্গে অমূল্য অবলম্বন। স্থান, কাল, বংশপরিচয় ও রাজ্যেশ্বর বা ভূস্বামীর উল্লেখ কবির অভিলষিত না হওয়ার পশ্চাতে তন্ত্রাভিলাষী কবির নিঃসঙ্গ জীবন-স্বরূপ ও ষোড়শ শতকের বৈষ্ণবীয় জীবনাদর্শের প্রতি বিরূপতার জন্য স্বজন-স্বগণ-পরিত্যক্ত জীবনের লাঞ্ছনা উপস্থত আছে কিনা সংশয় জাগে। তবে কবির বাণীবৈভব ও আত্মপ্রশস্তি-পরায়ণতায় তাঁহার অসংশয়িত বৈদগ্ধ্য ও তেজস্বিতার পরিচয় কাব্যে ভাস্বর।

কাব্য-পরিচয়

ক—বাংলা মঙ্গলকাব্যে মনসাপুরাণ

কবি তন্ত্রবিভূতি-বিরচিত মনসাপুরাণ বাংলা মঙ্গলকাব্যধারায় এক নবাবিষ্কৃত বৈশিষ্ট্যবহ গ্রন্থ এবং উত্তরবঙ্গের মনসামঙ্গল কাব্যের কাহিনীবৃত্তের উৎস। কি ভাবে, কি রূপকল্পে এই গ্রন্থটি গতানুগতিকতার অনুবর্ত্তনাশ্লিষ্ট সংযোজন নয়, মঙ্গলকাব্যসূত্রে গ্রথিত নবতর তথ্যের কুসুম-সম্ভার। পুরুষদেবতার নিষ্ক্রিয়তা ও শক্তিক্লৈব্যে হতাশ মঙ্গলকবিকুল বলবিপুলা নারী দেবতার কৃপা-প্রার্থনার ঐকান্তিকতায় মনসা ও চণ্ডীমাহাত্ম্যমূলক কাব্য রচনায় ব্রতী হইয়াছেন বলিয়া মঙ্গলকাব্য-প্রেরণার উৎস-সংজ্ঞক ও বহুব্যক্ত এই মতটি তন্ত্রবিভূতির গ্রন্থালোকিত কাব্য-জিজ্ঞাসায় বিচার করিলে সর্বাংশে গ্রহণীয় বলিয়া প্রতিপন্ন হয় না। অধিকন্তু আর্য ও আর্যেতর ধর্ম ও সংস্কৃতির অবশ্যম্ভাবী মিলনে যে নবভাবুকতা রূপকল্পে ধরা পড়িয়া মধ্যযুগের বাংলা মঙ্গলকাব্যে রসঋদ্ধি-সমুদ্ভাসিত বাণীরূপ পরিগ্রহ করিয়াছে তাহার অবিসংবাদিত পরিচয় তন্ত্রবিভূতির মনসাপুরাণে রহিয়াছে। মনসামঙ্গলের গঠনশিল্প-প্রসঙ্গ আলোচনায় চণ্ডীমঙ্গল অপেক্ষা মনসামঙ্গলে ভক্তিভাব তুলনায় বেশী ও জীবনপ্রকাশ কম—এই দীর্ঘপোষিত মতটিও তন্ত্রবিভূতির কাব্যের কাহিনীর আলোকে পুনর্বিবেচনাযোগ্য মনে

CENTRAL LIBRARY

হয়। পূর্বেই উল্লেখ করিয়াছি যে তন্ত্রবিভূতি বাংলা লোকায়ত রীতির একজন শক্তিধর কবি। কবির লোকায়ত মানসপ্রবণতায় মনসাপুরাণে দেবদেবী-বন্দনার পল্লবিত বিস্তার নাই। বিভিন্ন দেব-দেবীর স্মরণ, মনন ও বন্দন অতি সংক্ষিপ্ত, গতানুগতিকতামুক্ত এবং অভিনবতায় বিশেষ চিত্তাকর্ষক। গীত আরম্ভে মনসার আবাহন—

নমো দেবী আজি জত জগৎ সর্ব পূজিত
তুমি দেবী নাম বিষহরি।
তুমি জগতের মাতা শঙ্করের প্রাণদাতা
কোতুকে মর্ত্যে অবতরি ॥
নমো জগতের মাতা পুণ্য পরানন্দ দাতা
বিষহরি বিষকরে হর্ত্তা।
সাপের বিনাশহারি পাপ বিনাশনকারী
হেমবর্ণ জগতের মাতা ॥
তোতলা সর্ব্বেশ্বরী নমো দেবী বিষহরি
বালকেরে জদি কর দয়া।
নাট নাটেশ্বরী ত্রিপুরা সুন্দরী
তুয়া গতি পদে দেহ ছায়া ॥ ইত্যাদি

ইহার পর মাত্র চারি পংক্তিতে ধর্ম্মবন্দনা—

প্রথমে বন্দিঞা গাইব ধর্ম নৈরাকার।
জাহার সৃজন হৈল জগৎ সংসার ॥
ব্রহ্মা হরিহর জেই সৃজন করিল।
উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম হৈল ॥

ও সংক্ষেপে মনসার বন্দনা ও মাহাত্ম্যবর্ণন। সবাহন বিভিন্ন দেব-দেবীর বন্দনার বর্ণনা পুরাণের লক্ষণাশ্রয়ী কিন্তু কবির মৌলিত্বের সমুদ্ভাস আকর্ষণীয়—

চতুর্মুখ ব্রহ্মা বন্দ হংসের উপর।
গড়ুরবাহনে বন্দ দেব দামোদর ॥
বসয়াবাহনে বন্দ ত্রিদশ অধিকারী।
হংসবাহনে বন্দ মনসাকুমারী ॥

CENTRAL LIBRARY

মগরবাহনে বন্দ গঙ্গা ভাগীরথী।
শ্বেতকাগবাহনে বন্দ দেবী সরস্বতী ॥
ছাগলবাহনে বন্দ অগ্নি অবতার।
হরিণবাহনে বন্দ ঐরাবত-কুমার ॥
কূর্ম্মবাহনে বন্দ দেবী বসুমতী।
সিংহবাহনে বন্দিব অভয়া পার্বতী ॥ ইত্যাদি

বিপ্রদাসের মনসাবিজয় কাব্যানুরূপ ধর্মপূজাপ্রসঙ্গ তন্ত্রবিভূতির মনসাপুরাণের অন্যতম বৈশিষ্ট্য। ধর্মঠাকুর বাংলার বহুপূজ্য প্রাচীন জনপ্রিয় দেবতা। তিনি সর্ব্বসাধারণের দেবতা, ধর্মরাজ। চণ্ডীমঙ্গল কাব্যে যেমন শিবদুর্গার কাহিনী তেমনি মনসামঙ্গল কাব্যেও হর-পার্বতীর কাহিনীর অতিরিক্ত ধর্মঠাকুরের আবির্ভাব মঙ্গলকাব্যধারায় বিশেষ আকর্ষণ। যাঁহারা মনে করিয়াছেন যে কাব্যে ধর্মঠাকুরের আগমন সমাজের খিড়কী পথ দিয়া হইয়াছে তাঁহারা মনসাপুরাণের ধ্রুব আলোকে নিজেদের পূর্বচিন্তা মত পুনর্বিবেচনার পথ-নির্দেশ পাইবেন বলিয়া মনে হয়। শিবের ধর্মপূজা, ব্রহ্মা কর্তৃক ধর্মের আরোধনা, বিশ্বকর্মার ধর্মস্মরণে বহিত্র-নির্মাণ, ধর্মকে স্মরণ করিয়া ভাবী শ্বশুর চাঁদ সদাগরের অভীপ্সিত লোহার কলাই সিদ্ধকরণ-সঙ্কটে বেহুলার উত্তরণ, বেহুলার ভেলা ও ভেলাগাত্রে আলেখ্য-নির্মাণের প্রারম্ভে বিশ্বকর্মা কর্তৃক ধর্মঠাকুরকে স্মরণ ইত্যাদি ধর্মস্মরণবন্দন-প্রসঙ্গ উত্তরকালে জগজ্জীবনের কাব্যে ধর্মের পল্লবিত কাহিনী সৃজনের প্রেরণাসম্ভূত তথা আদর্শকর হইয়াছিল। চণ্ডীমঙ্গলের অন্তর্গত শিবদুর্গার কাহিনী অবলম্বনে শিবায়ণ কাব্য রচনার প্রয়োজন পরবর্তীকালে কবিরা অনুভব করিয়াছিলেন। অনুরূপভাবে তন্ত্রবিভূতির মনসাপুরাণের অঙ্গীভূত শিবব্রহ্মাদির ধর্মপূজার প্রসঙ্গ উত্তরকালে ধর্মমঙ্গল কাব্যধারার উদ্ভাবনে সহায়ক হইয়াছিল কিনা এ প্রশ্ন স্বতঃ মনে জাগে। কিন্তু উত্তরবঙ্গের ধর্ম-ঠাকুরের কাহিনীর সঙ্গে রাঢ়ের কাব্যকাহিনীর সংযোগ সাধন পুথিপ্রমাণ অভাবে দুঃসাধ্য। এ বিষয়ে বাংলা সাহিত্যের ঐতিহাসিক ড: সুকুমার সেনের অভিমত প্রতীক্ষিত।

মঙ্গলকাব্যের মূল সুর নির্ণয় প্রসঙ্গে আমি দ্বিজ রামদেবের অভয়ামঙ্গল কাব্যের ভূমিকায় অবিশ্বাসের উপর বিশ্বাসের বৈজয়ন্ত প্রতিষ্ঠা ও জীবনবোধ বা মানবতাবোধকে প্রাধান্য দিয়াছিলাম। ইহার দৃঢ় সমর্থনানুকূল তথ্য তন্ত্রবিভূতির মনসাপুরাণ কাব্যে ও রহিয়াছে। চাঁদ সদাগর কিছুতেই মনসাকে

BCU 3153

CENTRAL LIBRARY

পূজা করিবে না। চাঁদ সদাগর তাহার অন্তঃপুরে সতী সনকার প্রশ্রয়ে মনসা-পূজার কোন গোপন প্রয়াস সহ্য করিবে না। এমন কি তাহার অধিকৃত বা অনধিকৃত ভুবনে সর্বত্র মনসার পূজার বিরোধিতা করার ঐকান্তিকতায় অনমনীয় বজ্রকঠোর সংকল্পে চাঁদ সদাগর সমাসীন—

চান্দো বোলে কানী স্বহায় শূলপাণি
ডর নাহি তোর অহঙ্কারে।
প্রতিজ্ঞা স্থনহ মোর সংসারের ভিতর
নাহি দিব পূজা করিবারে॥

তথাপি এই দৃপ্ত পৌরুষের অধিকারী দ্রোহক্ষিপ্ত চাঁদ সদাগর কানী মনসার পূজা করিল। তাহার এই অনমনীয় পৌরুষপ্রতুল, দ্রোহদীপ্ত, অবিশ্বাসী মনোভাবকে বিশ্বাস-সিন্ধুর পুণ্য উদকে সিঞ্চিত করিতে তথা স্থমূর্তিশোভন করিতে একদিকে মানুষ অন্যদিকে দেবতার চেষ্টার অন্ত ছিলনা। শ্বশুরের প্রতি তেজোদৃপ্তা বেহুলার প্রশান্তপ্রজ্ঞা-প্রবহ এই উক্তিতে —

বেহুলা বোলেন স্থন শ্বশুর সদাগর।
এক সত্য কর তুমি আমার গোচর॥
জদি পূজা কর তুমি দেবী বিষহরি॥
তবে সে জাই আমি চাম্পাবতী পুরী॥

এবং পিতার প্রতি সংকল্পদৃঢ় লখিন্দরের—

জদি পূজা না করিবে শঙ্করনন্দিনী।
ফিরিঞা জাইব মোরা বাহিঞা তরণী॥
লখাই বোলেন ঘরে না জাব সত্বর।
আমার সাক্ষাতে বাপা অঙ্গীকার কর॥
নতুবা আমরা ফিরা জাব এথা হৈতে।
চাম্পালি নগরে তুমি থাকহ নিশ্চিন্তে॥—উক্তিতে চাঁদের অন্তরে দ্বন্দ্ব দেখা দিলে—

স্থনিঞাত সদাগর মনে মনে ভাবে।
বিষম দায়েতে শিব ফেলাইল এবে॥ চাঁদের পাষাণোপম চিত্ত কিছুটা দ্রব হল—

চান্দো বোলে স্থন বাছা দুর্লভ নথাই।
আগে পাছে বুঝা জাবে চল ঘরে যাই।

CENTRAL LIBRARY

পদ্মার পূজা করিতে বসিয়া চাঁদ—'পূজি কি না পূজি পদ্মা করে দুই মন।' এমন সময় স্বর্গ হইতে দৈব বাণী শুনিয়া চাঁদ মোহ-দ্রোহ নিরসনে বিশ্বাস-ভাগীরথীর পুণ্যতোয়ায় অভিস্নাত হইয়া হাতে পুষ্প তোলে" এবং বাম হস্ত মনে করিয়া ডান হস্তে মনসার পুষ্পাঞ্জলি দিল—

বাম হস্ত বলিয়া দক্ষিণ হস্তে তোলে ফুল ॥
নমো নমো বোলিঞা পুষ্প দিলা তিলাঞ্জলি।
উঠিঞা সভার লোক জয় জয় বোলি ॥

এইভাবে অবিশ্বাসের উপর বিশ্বাসের বৈজয়ন্ত সুপ্রোথিত হইল।

দেবদেবীর মহিমা কীর্ত্তন মঙ্গলকবিদের নিঃসংশয় কাব্যাচরণ হইলেও মঙ্গলকাব্যের প্রাণস্পন্দন মানবতা-সমাশ্রয়ী জীবনরস পরিবেষণের মধ্যে সু-অনুভূত। মানবতাবোধ-সমুদ্রে স্নানের সুকৃতি বাঙ্গালী কবিমানসে যে মর্ত্যমুখী বৈচিত্র্যের সঞ্চার করিয়াছিল তাহাই জয়দেবের কাব্যে মানবী তথা প্রেমময়ী রাধার সৃষ্টিতে, চণ্ডীদাসের প্রাণস্পর্শী বাণীকর্ম্মে, বলিষ্ঠ মানব-মহিমার সোচ্চার গীতমন্দ্রণে এবং মঙ্গলকবিদের রচনায় রূপনির্দ্দিষ্ট দৈবত পথপদচারণার সুনন্দ প্রকাশে জীবনরস-কল্লোলিত। দেবদেবীর কাহিনীর পটভূমিকায় সৃষ্ট মঙ্গলকাব্য মানুষেরই জীবনপ্রকাশ-প্রোজ্জ্বল এক অপূর্ব বাণীগ্রন্থন। ফলতঃ মানব-চরিত্রের পার্শ্বে দেবতা-চরিত্র স্তিমিত। দৈব শক্তির অশোভন বলস্ফীতি, স্বৈরাচারকল্প ক্রূরতা, অতিলৌকিক ও অমোঘ শক্তির চিত্তচমৎকারী, অনাকস্মিক প্রকাশ একদিকে এপিক্ তথা পুরাণের লক্ষণাক্রান্ত বাংলা মঙ্গলকাব্য সৃষ্টির অভিলাষ, অন্যদিকে মঙ্গল-কবিমানসের রোমান্টিক 'ভাবৈক রস'-প্রীতির পরিচয় খ্যাপন করে বলিয়া মনে হয়। চাঁদ সদাগরের দৃপ্ত পৌরুষ, বেহুলার সতীত্ব-সমুজ্জ্বল জীবনাচরণ, মানুষেরই আদর্শনিষ্ঠ জীবন-স্বরূপ। ফুলবনে শিবের 'মোহবাত', যৌবন-চঞ্চল লক্ষ্মীন্দরের মাতুলানী-অভিগমন, তেজবল হাজরা ও খাণ্ডাতি ভাস্করের রণযাত্রায় অতীত বাংলার শৌর্য-চেতনা, গোলিনীরূপে ধন্বন্তরির শিষ্যগণকে মায়া লাস্যে মনসার ছলনা, নারায়ণ দানীর কামার্তি, দুশ্চরিত্র গোদার বেহুলাকে কাম নিবেদনের সকরুণ ধৃষ্টতা, বেহুলাকে স্বীয় অঙ্কে পাওয়ার জন্য 'জুয়ারু'র বাঞ্ছিত প্রত্যাশা, শঙ্খ সদাগরের প্রলোভন-দুর্জয় রূপাসক্তিপ্রমত্ততা ও কামকণ্ডূতি-প্রভবতায় বেহুলাকে ভুজবন্ধনে পাওয়ার নির্লজ্জ ও দুর্বার প্রয়াস প্রভৃতি মানুষেরই কামনা-বাসনা, সুখ-দুঃখ ও আশা-আকাঙ্ক্ষানিবিড়

CENTRAL LIBRARY

জীবনের "রূপং রূপং প্রতিরূপম্"-প্রকাশ। বস্তুতঃ তন্ত্রবিভূতির মনসাপুরাণ কাব্য জীবন-রসোচ্ছ্রিত আলেখ্যরূপতায় ও মনোহর কবিত্বে রসঋদ্ধ।

খ—মনসাপুরাণের কাহিনী

তন্ত্রবিভূতির মনসাপুরাণের কাহিনী খুবই চিত্তাকর্ষক এবং একাধিক কারণে গুরুত্বপূর্ণ। প্রথমতঃ উত্তরবঙ্গের মনসামঙ্গল কাব্যধারার পূর্ণাঙ্গ রূপ এই গ্রন্থে বিধৃত। দ্বিতীয়তঃ উত্তরবঙ্গের মনসামঙ্গলের কাহিনী নির্মাণে ধর্মঠাকুরের পূজার অতীত ইতিহাসের সূত্র এই গ্রন্থে সংরক্ষিত। ধর্মঠাকুরের পূজা কেবল রাঢ়-দেশে ও অন্ত্যজ শ্রেণীতেই পরিসীমিত ছিল না। কাহিনীতে দেখা যায় দেবাদিদেব মহাদেবও ধর্মের পূজা করিয়াছিলেন। এই কাব্যে প্রধান, অপ্রধান ও উচ্চনিম্নবর্ণ নির্বিশেষে সকল চরিত্র সর্বাগ্রে ধর্মকে স্মরণ করিয়া পূজায় অথবা আত্মকর্মে প্রবৃত্ত হইয়াছে। জাতিবর্ণ নির্বিশেষে ধর্মের পূজানু-রাগের তথ্যসম্ভার এই কাহিনীতে বিভিন্ন প্রসঙ্গাশ্রয়ে বিসর্পিত। পঞ্চদশ শতাব্দীতে রচিত বিপ্রদাসের মনসাবিজয়ে শিবের ধর্মপূজার কাহিনীর অনুরূপ কাহিনীবয়ন তথা অনুসরণ তন্ত্রবিভূতির কাব্যাভিলাষ। তৃতীয়তঃ কাব্যের কাঠামোতে বিপ্রদাসের কাব্যের কাহিনীগত সাদৃশ্য সমুদ্ভাসিত। তন্ত্রবিভূতির মনসাপুরাণে— শিবের ধর্মপূজা, টিয়া পাখীর চঞ্চুচ্যুত তেঁতুল ক্ষীরসমুদ্রে পতনে সমুদ্রমন্থনের সূত্রপাত, একাধিক ধন্বন্তরির অস্তিত্ব প্রভৃতির উৎস বিপ্রদাসের মনসাবিজয়ের তথা পশ্চিমবঙ্গীয় মনসামঙ্গলের কাহিনীর উৎসের সঙ্গে অভিন্ন কিনা বিবেচ্য। চতুর্থতঃ রূপরামের ধর্মমঙ্গল কাব্যের অনুরূপ আধুনিক বাংলা ছোট গল্পের পূর্ণতা এই কাব্যেরও বৈশিষ্ট্য। পঞ্চমতঃ চণ্ডীমঙ্গলের অন্তর্ভুক্ত শিবের কাহিনী অবলম্বনে পরবর্তীকালে যেমন পৃথকভাবে শিবায়ণ কাব্য রচিত হইয়াছিল তেমনি তন্ত্রবিভূতির মনসাপুরাণের অন্তর্গত শিবের ধর্মপূজার কাহিনী সপ্তদশ শতাব্দীতে রাঢ়ে পৃথক ধর্মমঙ্গলকাব্য রচনায় প্রেরণার উৎস কিনা তাহা চিন্তনীয়। ষষ্ঠতঃ তন্ত্রবিভূতির কাব্যে ষোড়শ শতাব্দীর বাঙালীর সমাজজীবনে, আচার-আচরণে, ধর্মীয় মননে তন্ত্রপ্রভাবের এক অবিসংবাদিত পরিচয় রহিয়াছে। (মনসামঙ্গলের লোকায়ত কাহিনীর মধ্যে ওঝা ধন্বন্তরির সর্পদংশনে মৃত ব্যক্তিকে বাঁচাইবার উপায় ও সিদ্ধি, বিবাহ-বাসরে লক্ষ্মীন্দরের আকস্মিক জীবনসঙ্কট উত্তরণে কালিদহে বেহুলার আত্মহুতি-

CENTRAL LIBRARY

প্রীত মনসাপূজা, নেতার ঘাটে কাজে বিঘ্ন ঘটাইবার জন্য দুরন্ত শিশুপুত্রকে মারিয়া রাখিয়া নিশ্চিন্তে নেতার কাপড় কাচা ও কাপড় ধোয়া শেষ হইলে মৃত পুত্রকে জীয়াইয়া স্তন্যপান করান এবং বহু কৃচ্ছ্রসাধ্য সাধনায় বেহুলার ছয়ঘাট (কাহিনীর আকর্ষণ বর্ধনে কবিরা ঘাটের সংখ্যা বাড়াইয়াছেন) অতিক্রম অন্তে সহস্রারে শিবলোকে পৌঁছিয়া দয়াবতী মনসার দাক্ষিণ্যে মৃত লক্ষ্মীন্দরের প্রাণসঞ্জীবন তন্ত্রবিভূতির কাব্যে তন্ত্রসাধনার এক অচিন্তিতপূর্ব সন্ধানসূত্র)

ধর্মপূজার অভিলাষে শিব মানস সরোবরে পুষ্প তুলিতে গেল। পক্ষীকুলের আনন্দ-কূজন ও শিবের নানাপ্রকার পুষ্পচয়নের পটভূমিকায় আনন্দ-কল্লোলিত নিসর্গসৌন্দর্যের পরিবেশে ফুলমধু-নিষ্ণাত ভ্রমরের গুঞ্জনশ্রবণে শিবের বুকে পঞ্চমদন হানিলে শিবের বিন্দুক্ষরণ হইল। পদ্মপুষ্পে শিব বিন্দু স্থাপন করিল। পদ্মপত্র হইতে মৃণাল-পথে বিন্দু পাতালে প্রবেশ করিয়া মাংস-পিণ্ডরূপ পাইল। বাসুকী ধ্যানযোগে বৃত্তান্ত জানিয়া তাহাতে জলসেচন করিলে নাক, মুখ আদি অষ্ট অঙ্গ প্রকাশ পাইল। মনোভাবে প্রসবিল বলিয়া বাসুকী শিশুর নাম রাখিল মনসা। মনসার চতুর্ভুজ মূর্তি, দেখিতে সুন্দর। বাহন হংস। মনসার অঙ্গে অষ্ট সর্প আভরণ। বাসুকী মনসাকে পদ্মনাল বাহিয়া শীঘ্র মানস সরোবরে যাইতে উপদেশ দিল। মনসা উপদেশ-অনুরূপ কমলপত্রে 'আসন পুরিল'। পদ্মপত্র হইতে শিবকে পিতৃ-সম্ভাষণ জানাইলে শিব বিস্মিত হইল। মনসা আত্মপরিচয় দিয়া পিতৃগৃহে যাইবার মিনতি জানাইল। প্রখরা দুর্গার কলহপ্রিয়তা ও কুৎসিত কুমনের উল্লেখ করিয়া শিব মনসাকে যাইতে বারণ করিল। মানস সরোবরে অবস্থান করিতে মনসা অসম্মতি জানাইলে শিব সাজির পুষ্পপুঞ্জে মনসাকে লুকাইয়া রাখিয়া ফুলসাজিহস্তে গৃহে ফিরিল। শিব গঙ্গাদুর্গাকে ফুলের সাজি নাড়িতে বারণ করিল। শিবের নিষেধে দুর্গার মনে সন্দেহ জাগিল। শিবের অনুপস্থিতিতে দুর্গা ফুলের সাজি নামাইয়া দেখিল। কিন্তু সাজিতে কোন নারীর উদ্দেশ না পাইয়া কোন পুষ্পের মধ্যে তাহার আত্মগোপন সন্দেহ করিল এবং ধর্মের পূজার জন্য সাদা ফুল রাখিয়া দিয়া লাল ফুল আগুনে নিক্ষেপ করিতে লাগিল। বিপন্না মনসা পাঁচ বছরের কন্যারূপে নিজ মূর্তি ধারণ করিল। দুর্গার হস্তে অপরিসীম নির্যাতনে কাতর হইয়া মনসা তাহার জন্মবৃত্তান্ত সংবলিত পরিচয় দিল। দুর্গা তাহা অবিশ্বাস করিয়া মনসাকে নিপীড়ন করিতে লাগিল। দুর্গার হাতে প্রাপ্ত দুর্গতিতে মনসার এক চক্ষু নষ্ট

CENTRAL LIBRARY

হইল। শেষে মনসা ধুলায় আত্মগোপন করিয়া প্রতিশোধ লইবার ইচ্ছায় অষ্ট নাগকে স্মরণ করিল। দুর্গার উপরে অষ্ট নাগ বিষ বর্ষণ করিলে দুর্গা চেতনা হারাইল। মনসার মনে আনন্দ হইল। দুর্গার শোকে গঙ্গা আর্ত্তনাদ করিতে লাগিল। ধর্ম-পূজারত শিবের হঠাৎ ধ্যানভঙ্গ হইল। শিব ধ্যানযোগে দুর্গাকে লইয়া বিপর্যয় ঘটিয়াছে জানিতে পারিয়া অবিলম্বে গৃহে ফিরিয়া আসিল। দুর্গারশ্বাস না পাইয়া শিব প্রমাদ গণিল। শিব মনসাকে দুর্গার প্রাণবধের জন্য অনুযোগ দিল। মনসা দুর্গার হাতে তাহার লাঞ্ছনা ও এক চক্ষু নাশের কথা জানাইল। শিবের কাতরতা সন্দর্শনে মনসা আদি মন্ত্রে ঝাড়িয়া দুর্গাকে বিষমুক্ত করিল। সংজ্ঞা লাভের পর দুর্গা শিবকে দেখিয়া মহাক্রুদ্ধ। মনসার জন্মবিবরণ প্রকাশ করিয়া শিব দুর্গার ক্রোধ প্রশমন করিবার প্রয়াস লইল। কন্যার কথা গোপন করার জন্য শিবকে তিরস্কার করিয়া মনসাকে বনবাস দেওয়ার আবেদন জানাইল। শিব মনসাকে দুর্গার অভিপ্রায় জানাইল। শিবের পরামর্শে মনসা দুর্গার পায়ে ধরিয়া বিনত ক্রন্দনে বনবাসের পরিবর্তে গ্রামমধ্যে ঠাই দেওয়ার বিনতি জানাইল। উত্তরে মনসাকে লইয়া ঘর করিতে বলিয়া দুর্গা শিবকে সক্রোধ তিরস্কার করিল। দুর্গার নিষ্ঠুর বাক্য শুনিয়া মনসা বনবাস গমন স্থির করিল। মনসাকে লইয়া শিব বনে গেল ও পথশ্রমে নিদ্রিতা মনসাকে ত্যাগ করিল। বেলা অবসানে নিদ্রাভঙ্গ হইলে মনসা শিবকে না দেখিয়া কাঁদিতে লাগিল। গহন বনে বসিয়া মনসা দুর্গার বৈরিতা সফল হইয়াছে ভাবিয়া ক্রন্দনাকুল হইল।

বৃক্ষতলে ক্রন্দনরতা মনসাকে দেখিয়া মুরারি ঘোষের রাখালরা কেহ বা তাহাকে বিবাহ করিতে, কেহ বা অলঙ্কার কাড়িয়া নিতে ইচ্ছা প্রকাশ করিল। দেবী অষ্ট নাগকে স্মরণ করল—তাহারা জনে জনে রাখালকে খেদাইতে লাগিল। তাহাদের মধ্যে একজন রাখাল ছিল কুব্জ। দেবী তাহার নিকট গরুর দুধ যাচঞা করিল। কুব্জ পাতায় দুধ দুহিয়া মনসাকে দিল। দুধ খাইয়া তৃপ্ত হস্তের দেবীর দক্ষিণ হস্তের স্পর্শে কুব্জ সর্বাঙ্গসুন্দর হইল। দেবীর নিকট রাখালরা রাজ্যকরণবর প্রার্থনা করিল এবং যথাঅভীষ্ট বর পাইল।

দৈবযোগে ব্রহ্মা তপস্যার জন্য সেই স্থানে আগমন করিল। মনসার সঙ্গে সাক্ষাৎ হইলে ব্রহ্মা তাহার পরিচয় জিজ্ঞাসা করল। মনসা আত্মপরিচয় প্রকাশ করিয়া বনবাসে আসার কারণ বর্ণনা করিল। ব্রহ্মার পরিচয় ও তপস্যার নিমিত্ত সমুদ্রের ওপারে যাওয়ার অভিপ্রায় জ্ঞাত হইয়া মনসা তাহাকে সঙ্গে লইবার জন্য আবেদন জানাইল। আগে আগে ব্রহ্মা, পশ্চাতে মনসা তাহার অনুসঙ্গী।

CENTRAL LIBRARY

সাগরের কূলে আসিয়া ব্রহ্মা সাগরকে উচ্চৈঃস্বরে ডাকিল—ডাক শুনিয়া সজলজন্তু সাগর সেন ব্রহ্মার কাছে ছুটিয়া আসিয়া করজোড়ে সামনে দাঁড়াইল। ব্রহ্মা তপস্যা করিতে ওপারে যাইবে শুনিয়া সাগর আধ হাঁটু জলে চর ফেলিয়া দিল। ব্রহ্মা আগে চলিল, পশ্চাতে মনসা। হঠাৎ আকাশে প্রবল ঝড় উঠিল। দেবী উরুর বস্ত্র তুলিয়া চলিল, দেবীকে দেখিতে 'বিপরীত মন' ব্রহ্মা পিছন ফিরিয়া তাকাইল। মনসার উরুতে দৃষ্টিপাতে ব্রহ্মার ঋক্ষেশ পাত হইল। জলে ভাসমান বিন্দু পদ্মার উরু বাহিয়া গর্ভে প্রবেশ করিল। ব্রহ্মবীর্য সহিতে না পারিয়া দেবী জঙ্ঘা চিরিয়া বিন্দুপাত ঘটাইল। ব্রহ্মার বিন্দুপাতে বিষের উদ্ভব হইল। ব্রহ্মা ধ্যানে জানিল—তাহার তেজ হইতে কালকূটের জন্ম হইয়াছে। মাটির নান্দিয়া গড়িয়া ব্রহ্মা তাহাতে বিষ ভরিল। বিষের নান্দিয়া হাতে করিয়া ব্রহ্মা সপ্ত সাগরে নিক্ষেপ করিল। জলের উপর বিষের নান্দিয়া ভাসিতে লাগিল। এক বোয়াল মাছ আহার মনে করিয়া তাহা খাইল। বোয়াল মাছ বিষের জ্বালায় অস্থির হইয়া জল হইতে উপরে উঠিয়া ধড়ফড় করিতে লাগিল। সাগর তাহাকে ব্রহ্মার কাছে আনিল। ব্রহ্মা মাছের পেট চিরিয়া বিষের নান্দিয়া বাহির করিল ও মাছকে বর দিল যেন ধোপার পাটের তলায় তাহার জন্ম হয়। বিষকে সপ্ত পাতালে গিয়া অবস্থান করিতে ব্রহ্মা নির্দেশ দিল। ব্রহ্মার নন্দন বিষ কতকাল পাতালে থাকিবে জিজ্ঞাসা করিলে উত্তরে ব্রহ্মা বলিল—ত্রিশ কোটি দেবগণের সমুদ্রমন্থন কালে বিষের উৎপত্তি হইবে। ব্রহ্মা ধ্যান সাঙ্গ করিয়া নিজ পুরীতে চলিয়া গেল।

মনসাকে ছাড়িয়া ব্রহ্মা ঘরে গেল বুঝিয়া দেবী সিয়লি পর্বতে পুরী নির্মাণ করিতে মনস্থ করিল। কিন্তু কে গৃহ নির্মাণ করিয়া দিবে—এই ভাবিয়া মনসা বিষণ্ণ মনে রোদন করিতে লাগল। হঠাৎ বিশ্বকর্মার কথা মনে পড়িলে দেবী তাহাকে স্মরণ করিল। ভালুকবাহন বিশ্বকর্মা মনসার সামনে করজোড়ে দাঁড়াইল। দেবী তাহাকে পুরী নির্মাণের অভিলাষ জানাইল। দেবীর আজ্ঞা শিরোধার্য করিয়া ভাই-ভাতিজা সঙ্গে লইয়া বিশাই ছুটিয়া চলিল। বিশাইর নির্মিত গৃহ দেখিয়া মনসা খুসী হইল এবং বহু কাঞ্চন রত্ন তাহাকে উপহার দিল। দেবী যোগনিদ্রা হইয়া সেখানে রহিল।

CENTRAL LIBRARY

ইন্দ্রের মালিনী-শাপবার্তা

একদিন ব্রহ্মা মালিনীকে ডাকিয়া দিতে ইন্দ্রের দ্বারীকে বলিল। ব্রহ্মার আদেশে দ্বারী ইন্দ্রপুরী গিয়া মালিনীকে সংবাদ দিল। মালিনী ছুটিয়া আসিয়া দেখা করিল। ব্রহ্মা ধর্ম পূজার অভিপ্রায় জানাইয়া তাহাকে ফুল তুলিয়া আনিতে নির্দেশ দিল। মালিনী তাড়াতাড়ি গিয়া বেয়াল্লিশ রকমের ফুলে সাজি ভর্ত্তি করিয়া ব্রহ্মাকে আনিয়া দিল। ব্রহ্মা ধর্মের পূজায় বসিল। কিন্তু ফুলের মধ্যে মাকড়শা দেখিয়া ক্রোধে মালিনীকে অভিশাপ দিল যেন সে গাভীরূপে মর্ত্ত্যে নামিয়া যায়। ব্রহ্মার বাক্য অখণ্ডনীয়। গাভীরূপ পাইয়া মালিনী মর্ত্ত্যে নামিল। গাভী কপিলা পর্বতশিখরেই ছিল। একদিন বেড়াইতে বেড়াইতে সে সমুদ্রের তীরে গেল। সেখানে এক ঋষি তপস্যা করিতে ছিল। সামনে দিয়া চলিয়া তপোভঙ্গ অপরাধের জন্য ঋষি হাতের তিলকুশ ছুড়িয়া ফেলিয়া গাভীকে হিজল গাছে বাঁধিয়া রাখিল। ঋষির এক পুত্র ছিল বড় প্রখর। সে সকলের সম্মুখে বলিল —যদি গোবধ না লাগে তবে গাভীর ছাল খসাইয়া লইব। ঋষি রাম রাম শব্দে হায় হায় করিয়া উঠিল। অনুচিত কথা বলার জন্য ঋষি তাঁহার পুত্রকে কুরল পক্ষী হইয়া জন্মিবার অভিশাপ দিলেন। ঋষিপুত্র শাপান্তকে কুরল হইয়া মর্ত্ত্যে জন্ম লইল। এদিকে সপ্ত ঘটি বেলা হইলে গাভী ক্ষুধায় আকুল হইল। কুশের দড়ি ছিঁড়িয়া সে অরণ্যে গিয়া পৌছিল। যেখানে ব্রহ্মার বিন্দুপাত হইয়াছিল সেখানে আড়াই মুষ্টি ঘাস খাইয়া গাভী গর্ভবতী হইল। পূর্ণ দশ মাসে দেবের দুলালী গাভী পুত্র প্রসব করিল। বাছুরের নাম রাখা হইল মনোহর।

মালাবতী-উপাখ্যান

স্বর্গে মালাবতী নামে এক কন্যা ছিল। ইন্দ্রের অভিলাষে সে ফুলবনে গিয়া সাজি ভর্ত্তি করিয়া ফুল তুলিল ও ইন্দ্রকে আনিয়া দিল। ইন্দ্র ফুলে মাকড়শার 'পাত' দেখিয়া ক্রোধে অভিশাপ দিল যেন ব্যাঘ্র হইয়া মালাবতী মর্ত্তাপুরে যায়। অভিশাপ শুনিয়া কন্যা কাঁদিতে লাগিল। কত দিন ব্যাঘ্ররূপে মর্ত্তে থাকিতে হইবে—এই জিজ্ঞাসার উত্তরে ইন্দ্র বলিল, বাছুর মনোহরের দর্শন পাইলে তাহার শাপ বিমোচন হইবে। স্বর্গ হইতে মালাবতী ব্যাঘ্ররূপে মর্তে অবতরণ করিল। কপিলার সঙ্গে একদিন বাঘিনী মালাবতীর সাক্ষাৎ হইলে সে সাত দিন ধরিয়া

CENTRAL LIBRARY

অনাহারজনিত ক্ষুধায় কপিলাকে খাইয়া ক্ষুন্নিবৃত্তি করিবার অভিপ্রায় জানাইল। কপিলা তিনদিনের বাছুরকে ফেলিয়া আসিয়াছে। তাহাকে দুধ খাওয়াইয়া আবার ফিরিয়া আসিবার সত্যে বদ্ধ হইয়া তাহার ক্ষুধা-ক্লিষ্ট বাছুরের কথা ভাবিতে ভাবিতে চলিয়া গেল।

এই দিকে বেলা দুপুর। মনোহর ক্ষুধায় আকুল হইয়া গোবর্দ্ধন পর্ব্বত হইতে লাফ দিল। সপ্ত সাগরে তাহার দৃষ্টি পড়িল। তৃষ্ণার চোটে খোথনা ডুবাইয়া আড়াই ঢোকে সমুদ্রের জল শুখাইয়া ফেলিল। মৎস্য, শিশুমার আদি শুখানে পড়িয়া মরে দেখিয়া কোন ক্ষত্রিয়ের আক্রমণ আশঙ্কা করিয়া সাগর তাহাদিগকে সঙ্গে লইয়া দেবসভায় অভিযোগ জানাইতে চলিল। পথে কপিলার সঙ্গে দেখা। জলপ্রাণীবাহিনী সহ সাগরকে দেখিয়া কপিলা চমকিয়া উঠিল। সাগর কপিলাকে সাগর শুষিবার বৃত্তান্ত জানাইল। কপিলা বুঝিতে পারিল তিন দিনের বাছুর তৃষ্ণায় আকুল হইয়া সাগর শুখাইয়াছে। সাগরকে মিনতি করিয়া কপিলা বলিল, সে নিজের দুধে সাগর পূর্ণ করিয়া দিবে। সাগর আনন্দে স্বস্থানে ফিরিয়া গেল।

দূর হইতে মনোহর মাকে দেখিতে পাইয়া দুধ খাইতে ছুটিয়া আসিল। গাভী মনোহরকে সত্বর সাগরের বিবরণ জানাইতে বলিল। মনোহর তৃষ্ণা সম্বরণ করিতে না পারিয়া আড়াই ঢোকে সমুদ্র শুষিবার কথা কপিলাকে জানাইল। কপিলা এক বাটের দুধ দিয়া সাগর ভরাইয়া দিল। কপিলাকে পেট ভরিয়া দুধ খাইতে বলিয়া বিনা অপরাধে এক বাঘের কাছে প্রাণ হারাইবার প্রসঙ্গে নিজের সত্যবদ্ধ হওয়ার কথা প্রকাশ করিল। মনোহর বাঘকে মারিয়া ফেলিবে এই অভয় দিয়া তাহাকে বাঘের কাছে লইয়া যাইতে বলিল। আগে আগে গাভী চলিল, পশ্চাতে বাছুর মনোহর। বাছুরকে দেখিয়া বাঘ ভয়ে প্রাণ লইয়া পলাইতে লাগিল। মনোহর বাঘের সামনে গর্জ্জন করিতে আরম্ভ করিল। দুই শিং আড় রাখিয়া বাঘিনীকে মারিতে গেল। বাঘিনী ভয়ে পলাইয়া গেল। ইন্দ্রশাপে অবনীতে ব্যাঘ্র-মূর্তি মালাবতীর মনোহরকে দর্শন করিয়া শাপমুক্তি ঘটিল। সে স্বর্গে গেল। গাভী ও ব্যাঘ্র উভয়ে এইভাবে শাপমুক্ত হইল।

সমুদ্রমন্থন-উপাখ্যান

এক টিয়াপাখী ঠোঁঠে তেঁতুল লইয়া ছুটিল। আর এক শুয়া পাখী ইহা দেখিতে পাইয়া তাহার পশ্চাদ্ধাবন করিল। দুই পাখীতে মহাযুদ্ধ। টিয়ার

LIBRARY

CENTRAL LIBRARY

চঞ্চ চ্যুত তেঁতুল পড়িয়া ক্ষীরসমুদ্র দধিসমুদ্রে পরিণত হইল। কুশ তুলিতে গিয়া নারদ ক্ষীরোদ সাগরকে দধিময় দেখিতে পাইয়া দেবসভায় গেল এবং ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরকে দধিময় সমুদ্রের সংবাদ দিল। নারদ তাহাদিগকে ক্ষীরোদ সাগর মন্থন করিয়া ধন আহরণ করার পরামর্শ দিল। নারদের কথা শুনিয়া সকলে খুসী হইল এবং ব্রহ্মা, বিষ্ণু ও শিব আনন্দিত হইয়া সজ্জিত হইল। ইন্দ্রাদি দেবতারা সকলে সাজিল। ত্রিশ কোটি দেবতা মন্থনপ্রসঙ্গে সাগরের কূলে সমবেত হইল। কিভাবে সমুদ্রমন্থন হইবে ব্রহ্মা বিষ্ণুকে জিজ্ঞাসা করিল। বিষ্ণু সুমেরু পর্বতকে মন্থন-দণ্ড ও বাসুকীকে দড়ি করিবার পরামর্শ দিল। দেবতারা যত্ন করিয়া সুমেরু গিরিকে লইয়া আসিল এবং বাসুকীকে খুঁজিয়া আনিল। দেবতারা বাসুকীর লেজ ও অসুররা মাথা টানিয়া ধরিল। ধর্ম্মের নাম স্মরণ করিয়া দেবাসুরে মিলিয়া সমুদ্র মন্থন করিল। মন্থনে লক্ষ্মী ও সরস্বতীর উদ্ভব হইল। সাগর-মন্থনে ব্রহ্মা পাইল হংস, ইন্দ্র ঐরাবত, এবং মহেশ সবৃষ ত্রিশূল। সমুদ্র হইতে উঠিল চন্দ্র, কামধেনু আর ভয়ঙ্কর-তনু ওঝা ধন্বন্তরি। সাগরমন্থনে শ্রমযুক্ত হইয়া সকলে কাছি ছাড়িয়া দিল। জাঠি গিয়া সপ্ত পাতালে প্রবেশ করিল। আবার সকলে মিলিয়া সাগর মন্থন করিতে লাগিল। সর্পরজ্জু হস্তচ্যুত হইলে জাঠি পাতালস্থিত বিষের নান্দিয়ায় লাগিল। সকলে মিলিয়া এক টান দিল। বিষের নান্দিয়ায় জাঠি ঘুরিলে বিষ উথলিয়া উঠিল। মথনদণ্ড বাহিয়া বিষ উপরে উঠিল। ত্রিভুবন অন্ধকার-সমাচ্ছন্ন হইল। চতুর্দ্দিক অন্ধকার দেখিয়া দেবতা, অসুর পলাইল। সকলে মিলিয়া ব্রহ্মার কাছে গেল। ব্রহ্মা দেবতাদের শিবের শরণ লইতে বলিল। ব্রহ্মার বাক্য শুনিয়া বিষ্ণু বিষের প্রতি চক্রবাণ ছাড়িল। ইহাতে বিষ চারি খণ্ড হইয়া ভূমিতে পড়িল। শিব এক ভাগ বিষ হীন তৃণাদিকে বণ্টন করিয়া দিল, একভাগ দিল জীবজন্তুকে, এক ভাগ দিল অষ্ট নাগকে, বাকী আর এক ভাগ হাতে লইয়া খাইয়া ফেলিল। বিষ খাইয়া শিব টলিয়া পড়িল। ত্রিশকোটি দেবতা বিষাদিত হইয়া কাঁদিতে লাগিল। নারদ মিথ্যা ক্রন্দন জুড়িল এবং কৈলাস পর্বতে গিয়া গঙ্গাদুর্গাকে শিবের গরল-ভক্ষণ-বার্ত্তা জানাইল। দুর্গা কার্ত্তিক, গণেশ ও গঙ্গাকে লইয়া সাগরের কূলে পৌছিল। গঙ্গা মৃত শিবকে কোলে করিয়া ক্রন্দনের সঙ্গে শোকাভিব্যক্তি করিতে লাগিল। গঙ্গা এই বিপদে পদ্মাকে স্মরণ করিতে দুর্গাকে বলিয়া দুর্গার সঙ্গে শিবের চরণ ধরিয়া কাঁদিতে লাগিল। দেবগণ দুর্গাকে সিয়লি পর্বতে গিয়া মনসাকে লইয়া

CENTRAL LIBRARY

আসিতে বলিল। দুর্গা কার্তিক গণেশ সহ নারদকে পদ্মার কাছে পাঠাইল। নারদ গিয়া পদ্মাকে দেবাসুরের মন্থনে সাগরসমুথ বিষ ভক্ষণে শিবের মৃত্যু-সংবাদ ও গঙ্গাদুর্গার আদেশে তাহাকে লইয়া যাইবার ইচ্ছা জানাইল। দশটি সর্প নারদকে তাড়া করিল। ইহা জানিয়া দুর্গা নিজে পদ্মার কাছে গিয়া স্বামী বাঁচাইয়া দেওয়ার মিনতি জানাইল এবং পূর্বকৃত সকল দোষের জন্য ক্ষমা চাহিল। দুর্গার 'কাকুতি বাক্য' শুনিয়া পদ্মা ডঙ্ক দণ্ড লইয়া সাজিল এবং হংসে চড়িয়া অষ্ট নাগকে সঙ্গে লইয়া সাগরের কূলে আসিয়া উপনীত হইল। পদ্মা ধর্মকে স্মরণ করিয়া আদি মন্ত্রে ঝাড়িয়া শঙ্খজল দিয়া মনোভাবে সকল গরল ক্ষয় করিল। আদি মন্ত্র চৈতন্য পাইয়া শিব উঠিয়া বসিল। দেবতারা সকলে আনন্দে নাচিতে লাগল। কিন্তু বিষহরি মন ভার করিয়া হেটমুণ্ডে বসিয়া রহিল। শিব তাহার বিষণ্ণতার কারণ জিজ্ঞাসা করিয়া যাহা পদ্মা চাহিবে তাহা দিবার প্রতিশ্রুতি দিল। ইহাতে দেবী হরষিত মনে সজ্জিত হইয়া হংস-পৃষ্ঠে নাচন জুড়িল। আনন্দিত হইয়া নাচিতে নাচিতে দেবীর গায়ের কাপড় বাতাসে উড়িল; তাহাতে নারদ পদ্মাকে বিবসনা হইয়া দেবের সম্মুখে নির্লজ্জভাবে নাচিবার জন্য কটুক্তি বর্ষণ করিল। লজ্জা পাইয়া দেবী নৃত্য সম্বরণ করিল। নির্লজ্জ হইয়া সভার ভিতর নাচিবার জন্য পদ্মার উপর দুর্গা ক্রুদ্ধ হইয়া বলিল—ভাঙ্গরা এতক্ষণ মায়া করিয়া পড়িয়াছিল, পদ্মার রূপ দেখিয়া উঠিয়া বসিল। ক্রোধিত-কলেবর পদ্মা বিষ উদ্গীরণ করিয়া দিল ও শিব আবার টলিয়া পড়িল। পদ্মা সিয়লি পর্বতে চলিল। ব্রহ্মা ও বিষ্ণু করজোড়ে দেবীকে স্তুতি জানাইল। বিষ্ণু সব দোষ ক্ষমা করিয়া প্রসন্ন হইতে পদ্মাকে বলিল। দেবী কাঁকে ক্ষীরোদ ঘট লইয়া ফিরিয়া আসিল। পদ্মা মন্ত্র জপিয়া শঙ্খজল দিতেই শিব উঠিয়া বসিল। ব্রহ্মা, বিষ্ণু আদি দেবতাগণ আনন্দে নাচিতে লাগিল। বিষহরি হংসে চড়িয়া মনের আনন্দে নাচিতে লাগিল। নারদ বলিয়া উঠিল—কুমারী কন্যা সভাতে নাচিয়া বেড়ান উচিত নয়। নারদের কথায় লজ্জা পাইয়া শিব বিষ্ণুকে জানাইল। বিষ্ণু শিবকে দেবতাদের সঙ্গে যুক্তি করিয়া বিষহরিকে বিবাহ দিতে বলিল। দেবগণ বিষহরির বিবাহের প্রসঙ্গ শুনিয়া খুসী হইল। বিষ্ণু ব্রহ্মাকে বিবাহের 'জোটন' করিতে বলিল। পুরাণ দেখিয়া ব্রহ্মা বলিল, জরৎকার মুনির সঙ্গে বিষহরির বিবাহ নির্বন্ধ। ব্রহ্মা জরৎকারকে ডাকিয়া আনিবার জন্য নারদকে বলিল। নারদ জানাইল—মুনি মানস সরোবরে তপস্যারত। ব্রহ্মার আদেশে নারদ বিষহরিকে সঙ্গে লইয়া মানস সরোবরে চলিল। মানস সরোবরে

CENTRAL LIBRARY

তপস্যারত জরৎকারকে নারদ ইসারায় দেখাইয়া দিল। যোগাসনে উপবিষ্ট মুনিকে দেখিয়া দেবী ভয় পাইল। দেবী স্বয়ম্বর বরণ না করিয়া ফিরিয়া যাওয়ার ইচ্ছা প্রকাশ করিল। নারদের কথায় দেবী মন স্থির করিয়া পুষ্পমাল্যহস্তে দাঁড়াইল। সূর্যের উপাসনা সমাপন করিয়া মুনি গৃহে চলিল। দেবী মুনিকে নিবৃত্ত করিল। মুনির প্রশ্নের উত্তরে দেবী মহেশ্বরের আদেশে নিজের স্বয়ম্বর বরণাভিলাষ জানাইল। জরৎকার ইহাতে অসম্মতি প্রকাশ করিল। নারদের অনুরোধ ব্যর্থ হইল। তখন পিতৃ-পুরুষগণ অবতীর্ণ হইয়া বংশোদ্ধারের জন্য পুত্রার্থে ভার্য্যাকরণে মুনিকে আদেশ করিয়া অন্তর্দ্ধান হইল। ইহাতে জরৎকার বিস্মিত হইল ও ললাটলিপি অখণ্ডনীয় বলিয়া বিবাহে সম্মতি জানাইল। কিন্তু নারদকে জানাইল যে তাহার ইচ্ছা ভঙ্গ করিলে সে মনসাকে পরিত্যাগ করিবে। জরৎকার মুনি বিবাহে সম্মত হওয়ায় চারিদিকে দেবসমাজ বসিল। নারদ যজ্ঞ করিল। শিব কন্যাদান করিয়া আনন্দিত হইল। পাতাল হইতে সনাগ-গণ বাসুকী বিবাহে আসিল। দেবকন্যা, নাগকন্যা, গন্ধর্বঝিয়ারি, গঙ্গা, দুর্গা, ইন্দ্র-বিদ্যাধরী, ব্রহ্মা-বিষ্ণু আদি 'চিত্তের হরিসে' নাচিল। দেবতারা বিষহরিকে নানা যৌতুক উপহার দিল। ব্রহ্মাদিল হংস ও রাজমণি, বিষ্ণু দিল নিজ শঙ্খ, মহেশ দিল রাজ্য ও নেতাই পাত্রকে, বাসুকী দিল সাতলহরী হার, ইন্দ্র অষ্ট অলঙ্কার এবং ইন্দ্র আদি দেবগণ নানা অলঙ্কার দিল। দেবীকে সন্তুষ্ট করিয়া সকলে গৃহে ফিরিয়া গেল।

মুনি জরৎকার বিবাহ করিয়া সেখানে রহিল ও দেবী মনসা বিবিধ বিধানে তাহার পরিচর্যা করে। একদিন মুনি শুইয়া আছে। তখন আষাঢ় মাস। মহাবৃষ্টি। জলের স্রোত বহিতেছিল। বৃষ্টির জল খাইতে চেঙ্গবেঙ্গ স্রোতপথে অগ্রসর হইল। দেবী সেই চেঙ্গ বেঙ্গ ধরিয়া খাইতে লাগিল। নিদ্রাভঙ্গ হইলে মুনি তাহা দেখিয়া দেবীকে রাক্ষসিনী ভাবিল ও অভক্ষ্য ভক্ষণে ভ্রষ্টাচারী দেখিয়া ক্রুদ্ধ হইয়া তাহাকে পরিত্যাগের সংকল্প করল। মুনি তপস্যা করিতে মানস সরোবরে গেল ও তপস্যা অন্তে ঘরে ফিরিল। এইভাবে কয়েক বছর কাটিল। একদিন মুনি ঘুমাইয়া ছিল। বেলা অবসানে সন্ধ্যার সময় হইল। 'সন্ধ্যা পাত হয়' জানিয়া মনসা মুনিকে পায়ে ধরিয়া ঘুম হইতে জাগাইল। ঘুম হইতে উঠিয়া জরৎকার মহাক্রোধে দেবীকে তিরস্কার করিয়া মুনির ইচ্ছাভঙ্গের অপরাধে অপরাধী করিল। হাত জোড় করিয়া দেবী জানাইল যে সন্ধ্যা অতিক্রান্ত হইতে দেখিয়া দেবী তাহাকে জাগাইয়াছে। জরৎকার সন্ধ্যাকে স্মরণ করিল। ভয়ে সন্ধ্যা

CENTRAL LIBRARY

ছুটিয়া আসিল। মুনি সন্ধ্যাকে তাহার অন্তর্দ্ধান-প্রসঙ্গ জিজ্ঞাসার উত্তরে সন্ধ্যা বলিল, মুনির আদেশ না পাইলে কোন্ সাহসে সে অন্তর্হিত হইবে। সন্ধ্যার উত্তর শুনিয়া মুনি মনসাকে ইচ্ছাভঙ্গের অপরাধে ছাড়িয়া যাইবে বলিয়া জানাইল। দেবী ইহাতে ভয় পাইল। জরৎকার এই কথা বলিয়া পদ্মাকে ছাড়িয়া চলিল। শঙ্কর-নন্দিনী কাঁদিতে কাঁদিতে মুনির পশ্চাতে চলিল। মুনি মনসাকে তাহার পশ্চাতে আসিবার কারণ জিজ্ঞাসা করিল। উত্তরে মনসা বলিল—মুনি তাহাকে বিবাহ করিয়াছে, কিন্তু পুত্র জন্মিবার আগে যদি পরিত্যাগ করিয়া চলিয়া যায় তবে দেবী কাহাকে লক্ষ্য করিয়া থাকিবে। ভার্য্যার করুণ অভিব্যক্তি শুনিয়া মুনির পিতৃলোকের কথা স্মরণ হইল। মনসার প্রতি মুনির দয়া হইল। মুনি অস্তিক অস্তিক বলিয়া বিষহরির নাভি ধরিল। মুনির বচনে বিষহরির গর্ভাধান হইল। এই গর্ভে গুণবান কুমার জন্মিবে ও তাহার নাম অস্তিক রাখিতে বলিয়া মুনিবর মনসাকে ছাড়িয়া চলিয়া গেল।

পুত্রবর পাইয়া বিষহরি মনোভাবে গর্ভধারণ করিল। বিষ্ণু-অবতার কুমার অস্তিকের জন্ম হইল। স্বামী ছাড়িয়া গেল, পৃথিবীতে অপূজ্য হইয়া রহিল—এই অনুযোগ লইয়া মনসা পিতার শরণাপন্ন লইল। জগজন মর্ত্ত্যে মনসা-পূজা করিবে—শিবের নিকট হইতে এই বর পাইয়া পদ্মা আনন্দে হংসে চড়িয়া নাচিতে লাগিল। হংসের পাখার জল গায়ে পড়ায় মায়া-তপস্যারত আসনবাসন মহাক্রুদ্ধ হইল। তাহা দেখিয়া মনসা স্তব্ধ হইল এবং নৃত্যভঙ্গ হওয়ায় কুপিত হইল। নৃত্যভঙ্গের অপরাধে আসনবাসনকে পদ্মা অভিশাপ দিল—কালদুষ্ট হইয়া বার বছর দেশে দেশে ঘুরিয়া বেড়াইবে। তারপর শাপ বিমোচন হইবে। মনের দুঃখে আসন-বাসন চলিয়া গেল। শাপকাল অন্তে আসনবাসন ফিরিয়া আসিয়া দেবীর স্তুতি করিল ও পদপ্রান্তে স্থান যাচঞা করিল। আসনবাসনকে দেবী প্রথম পাত্র করিল।

কিভাবে মর্ত্ত্যে তাহার পূজা হইবে এই ভাবিয়া দেবী বিষণ্ণ মনে কাঁদিতে লাগিল। আসনবাসন পদ্মাকে তাহার পূজার প্রকাশ প্রসঙ্গে ভবিষ্যৎ ইতিহাস বলিল—দ্বাপর যুগের শেষে মনসা চাম্পাই নগরে জালুমালুর ঘরে যাইবে, জালু-মালুর পূজা পাইয়া তাহাদের রাজা করিবে ও চাঁদের ঘরে গিয়া মায়া পাতিবে। চাঁদের সঙ্গে বিবাদ করিয়া ধন্বন্তরিবধ অন্তে চাঁদের ছয় পুত্রকে মারিবে, চাঁদের সপ্ত ডিঙ্গা ডুবাইবে। তালভঙ্গ ছল করিয়া অনিরুদ্ধ এবং উষাকে স্বর্গ হইতে বসুমতীতে আনিবে। চাম্পাই পুরীতে বানিয়া-জাতি হইয়া অনিরুদ্ধ জন্মাইবে।

CENTRAL LIBRARY

তাহার নাম হইবে নথাই। বিবাহের রাত্রিতে নথাইকে সর্প দংশন করিবে। মৃত পতি লইয়া সুন্দরী নারী একেশ্বরী ভেলায় ভাসিয়া স্বামীর অস্থি লইয়া দেবপুরী যাইবে ও শঙ্করকে ভজনা করিবে। দেবী নথাইকে জিয়াইয়া দিবে। চাঁদ বেনে পদ্মার পূজা করিবে—এই সত্য করাইয়া বেহুলা লখীন্দরকে ঘরে ফিরাইয়া আনিবে এবং পূজা হইয়া গেলে দুইজনকে স্বর্গে ফিরাইয়া দিবে। বাসনের কথা শুনিয়া পদ্মা আনন্দিত হইল ও তাহাকে কাঞ্চনভূষণ উপহার দিল।

চাঁদ-মনসা-বেহুলা-লখিন্দর-উপাখ্যান

গৌড়নগরে বিক্রমকেশরী নামে এক কোটিপতি মহারাজ ছিল। রাজ্যের লোক সেখানে সুখে বাস করিত। তাহার পত্নীর নাম কলাবতী। অপুত্রক বলিয়া রাজা অন্তরে দুঃখিত। একান্ত মনে শিবের পূজা করিয়া রাজা পুত্রবর পাইল। এই পুত্র যেন শিব ছাড়া অন্য কোন দেবতার পূজা না করে—শিব এই আদেশ করিল। দশমাস দশ দিনে এক নন্দন জন্মিল। জাতকের নাম রাখা হইল চন্দ্রপতি। শিশু রূপেগুণে অনুপম। ছয় মাসে তাহার অন্নপ্রাশন ও পাঁচ বছরে কর্ণবেধ হইল। বালক দিনে দিনে বাড়িতে লাগিল। ধর্মেকর্মে তাহার মতি। সাত বছরের বালক চন্দ্রপতি একান্ত ভক্তিভরে শঙ্করের পূজা করে, শিব ছাড়া অন্য দেবতাকে যে পূজা করে তাহার সঙ্গে সে দেখা করে না। ক্রমে চন্দ্রপতি যুবক হইল। কোটিশ্বর বিক্রমকেশরী তাহার বিয়ের উদ্যোগ করিল। সুবর্ণ সাধুর কন্যা সোনার সঙ্গে মহারাজ পুত্রের বিবাহ দিল। 'কতদিনে' বিক্রমকেশরী মারা গেল। চাঁদ বিবিধ বিধানে তাহার শ্রাদ্ধ-কর্ম অন্তে ধেনু উৎসর্গ করিল।

চাম্পালিতে চাঁদ সাধু ভালভাবে রহিয়াছে। সেই সময় পদ্মা মর্ত্যলোকে তাহার পূজা পাইল না—এই অভিমানে পিতার সঙ্গে দেখা করিল। পূজা করিবে এমন ভক্তকে লইয়া যাইতে শিব তাহাকে বলিল। মনসা চাঁদকে চাহিল। শিব বলিল, চাঁদ শিব ছাড়া অন্য দেবতার পূজা করে না। তবু মনসা বলিল, শিব আজ্ঞা করিলে সে তাহার পূজা করবে। শিব তাহাকে চাম্পালি নগর গিয়া চাঁদকে ডাকিয়া আনিতে বলিল। মনসা চাঁদকে ডাকাইয়া আনিল। সপ্ত-প্রদক্ষিণ করিয়া চাঁদ শিবকে প্রণিপাত জানাইল। মনসা তাহাকে চায় জানাইয়া শিব চাঁদকে মনসার পূজা করিতে ও মনসার পূজা প্রচার করিতে বলিল। শিব ছাড়া অন্য দেবতাকে সে পূজা করে না বলিয়া চাঁদ পদ্মাকে পূজিতে অস্বীকৃতি জ্ঞাপন করিল এবং লজ্জাহীনা—এই সম্ভাষণে মনসাকে শিবের সাক্ষাতে

CENTRAL LIBRARY

তিরস্কার করিল। চাঁদ চাম্পালি ফিরিয়া গেল। মর্ত্যে পূজা হইল না বলিয়া পদ্মা বিষণ্ণ বদনে সেখানে রহিল। দুর্গা সক্রোধ তিরস্কারে তাহাকে চলিয়া যাইতে বলিল। পদ্মা রাগিয়া বলিল, তাহার পিতার সেবকোত্তম চাঁদকে সে নষ্ট করিবেই। এই বলিয়া দেবী চাম্পাই নগরে গেল।

জালুমালু দুই ভাই আনন্দে বিলে মাছ মারে। পদ্মা বৃদ্ধা ব্রাহ্মণীরূপে সেখানে গিয়া মায়া পাতিল। আচম্বিতে জালু পাহাড়ে বৃদ্ধা ব্রাহ্মণীকে দেখিল। দেবী বৃদ্ধাব্রাহ্মণী-রূপ ত্যাগ করিয়া ষোড়শী কুমারীরূপ ধরিল। জালু পাহাড়ে সুন্দরী কন্যা দেখিতে পাইল। ষোড়শীকে নদীতীরে দেখিয়া জালুমালু বিস্মিত হইল। জালু বলিল, হঠাৎ কোন গৃহস্থের বৌ পলাইয়া যাইতেছে। স্থির করিল সিতাহার অলঙ্কার কাড়িয়া লইবে ও কুমারী হইলে তাহাকে বিবাহ করিবে। জালুমালুর অভিলাষ জানিতে পারিয়া পদ্মা যুবতীমূর্তি ছাড়িয়া ব্রাহ্মণীমূর্তি ধরিল। জালুমালু দুই ভাই সত্বর নৌকা লইয়া ব্রাহ্মণীর কাছে গেল। পদ্মা তাহাকে পার করিয়া দিতে বলিল। জালু তাহার দারিদ্র্য উল্লেখে বলিল, খালি হাতে পার করিবে না, নয় কুড়ি কড়ি লইবে। দেবী বলিল—সে ব্রাহ্মণের নারী, ভিক্ষা তাহার সর্বকালের জীবিকা। পার করিয়া দিলে ফিরবার কালে তাহার দারিদ্র্য খণ্ডাইবে। দেবী রিক্তহস্ত ইহা জানিয়া এবং তাহাকে পার করিয়া দিলে বড় পুণ্য হইবে শুনিয়া জালুর মনে দয়া হইল। জালু নৌকা পাতিয়া দিল। দেবী নৌকায় উঠিয়া জালুকে বর দিল—তাহার নৌকা যেন সুবর্ণ হয়। দেবী নৌকাতে পা দিতেই নৌকা সুবর্ণরূপ হইয়া গেল। জালু হরিদ্রা-বর্ণ নৌকা দেখিয়া মাথায় হাত দিয়া কাঁদিতে লাগিল। দেবী বলিল, তাহারা কৈবর্ত জাতি। সাত পুরুষেও সোনা দেখে নাই বলিয়া সে সোনাকে হরিদ্রাবর্ণ ভাবিতেছে। দেবী জালুকে পদ্মাকে স্মরণ করিয়া জাল ফেলিতে বলিল। দেবীর বরে সুবর্ণ আইথরা মাছে পরিপূর্ণ জাল জালু টানিয়া তুলিল ও মাছে নৌকা ভর্তি করিল। আবার পদ্মাকে স্মরণ করিয়া জাল ফেলিতে জালুকে দেবী বলিল। জাল টানিয়া তুলিয়া দেখে জালে সোনার ঘটবারি। সোনার ঘটবারি দেখিয়া জালু নাচিতে লাগিল। আবার জালু পদ্মাকে স্মরণ করিয়া জাল ফেলিল। জাল টানিয়া তুলিয়া সে দেখে সোনার নান্দিয়া ও মোড়া। ধন পাইয়া জালুমালুর মন হরষিত। তাহারা প্রণাম করিয়া দেবীর চরণ বন্দনা করিল। দেবী তাহাদিগকে ধনেজনে বাড়িবার আশীর্বাদ করিল এবং দেবীর পূজা করিতে আদেশ দিল। দেবী চাম্পাইর কথা জানিতে চাহিলে জালু চাম্পালির অসীম সমৃদ্ধির বিবরণ দিয়া চাঁদপ্রমুখ

CENTRAL LIBRARY

লক্ষের সওদাগরদের কথা বলিল। কেবল জালুদেরই অন্নের কষ্ট ছিল, দেবী-দর্শনে তাহাদের অদৃষ্ট এখন সুপ্রসন্ন।

হীরা আপন মনে বেশভূষা করে। সিন্দূরের অভাবে ইটের গুড়া দিয়া সিন্দূরের ফোঁটা কপালে দেয়। ভাতের অভাবে হীরার হাতের অনন্ত গলিয়া পড়িতেছে। সামনের দাঁত বাহির হইয়া পড়িয়াছে। বারো তালির কাপড়ে তের তালি দিয়া হীরা কাপড় পরে ও বাজারে মাছ বেচে। তাহার বুকের আবরণী জীর্ণ খুঞ্চা, কানে পিতলের কড়ি, গলায় পিতলের হার। হাতে বেতের শঙ্খ, খোপাতে ছেঁড়া জাল। ভাঙ্গা আঢ়ি বেত দিয়া বাঁধিয়া, সঞ্চিত ছয় কড়ি লইয়া হীরা সজ্জিত হইয়া শ্রীকলার হাটে গেল। দুই কড়ার কলা পসার করিল। অর্দ্ধেক নিজে খাইল, আর অর্দ্ধেক স্বামীও দেবরের জন্য রাখিল। সে দুই কড়ার পান কিনিল। এক কড়ার গুয়া কিনিল। দাঁতে কাটিয়া আধখানা গুয়া খাইল। বাকী আধখানা স্বামী ও দেবরের জন্য রাখিল। সেই গুয়া খাইয়া হীরার মাথা ঘুরিতে লাগিল। হালিয়া দুলিয়া চলিতে চলিতে সে মাছ আনিতে মাছের বাধালে গেল। হীরাকে আসিতে দেখিয়া দেবী কাহার নারী ভয়ঙ্কর বেশে আসিতেছে জালুকে দেখিতে বলিল। জালু তাহার স্ত্রীর পরিচয় দিয়া বলিল—তাহার দুঃখ অবর্ণনীয় বার মাস বলিলেও ফুরাইবে না। দেবী শুনিয়া বলিল, সে হীরাকে ধনের ঈশ্বরী করিবে। কুবেশ হীরাকে বিদ্যাধরী করিবে। দেবী হীরার প্রতি সুদৃষ্টিতে চাহিল। হীরার গায়ে নানা অলঙ্কার হইল—মাথায় এক লক্ষের জাদ, সোনার বলি, কানে হীরাধর কড়ি, বাহুতে সুবর্ণ তার, গলায় সাতলহরী হার, হাতে শঙ্খ, বাজুবন্ধ, কঙ্কণ। গলে গজমতি, পায়ে বাঁকমল, হৃদয়ে কাঁচুলি, কটিতে কিঙ্কিণী, চরণে নূপুর। হীরা মহাখুসী। হীরা জালুকে জিজ্ঞাসা করিল—যাহার প্রসাদে হীরার দুর্গতি খণ্ডিল সে কোন দেবতা? জালু হীরাকে দেবীর চরণে শরণ লইতে বলিল। হীরাকে দেখিয়া দেবী হাসিতে লাগিল। হীরা দেবীকে সাষ্টাঙ্গে প্রণাম করিল।

হীরা যাবজ্জীবন পদ্মা পূজিবার ইচ্ছা প্রকাশ করে এবং সে স্বরূপ-পরিচয়ে কোন অবতার তাহা জিজ্ঞাসা করিল। দেবী বলিল—আত্মপরিচয়ে সে মহেশ-কুমারী, নাম বিষহরি, কমলবনে জন্ম, ফুলের সাজি করিয়া পিতা বাড়ী আনিল কিন্তু বিমাতার নির্য্যাতনে সে ভয় পাইল, সৎমার বাক্যে পিতা তাহাকে বনবাস দিল। বর্ষায় চার মাস তাহাকে গাছের তলায় ভিজিতে হইয়াছিল। শেষে ব্রহ্মার সঙ্গে সে সাগরের কূলে গেলে বিষের উদয় হইল। পরিশেষে সিয়লি পর্বতে দেবী

CENTRAL LIBRARY

অধিষ্ঠান করিল। দেবী হীরাকে সত্বর চাম্পালি নগর যাইতে আদেশ করিয়া তাহার বাড়ীতে অবতার পাতিবার ইচ্ছা জানাইল। জালু তাহার গৃহে শুখা ও পচা মাছের দুর্গন্ধের জন্ত কুণ্ঠা জানাইল। দেবী বলিল, সবই সৃষ্টিকর্তার সৃজন, ললাটলিপি কেহ খণ্ডাইতে পারে না। দেবী জালুকে ঘটবারি লইয়া সত্বর বাড়ি যাইতে বলিল। জালু দেবীর ঘটবারি মাথায় করিয়া চলিল। স্বর্ণ নান্দিয়া কাখে করিয়া দেবীর বারি লইয়া হীরাও চলিল। দেবী ব্রাহ্মণী জালুর আবাসে গেল। আচম্বিতে দেবীর মণ্ডপ তৈরী হইল। জালুর ঘরে দেবী পদ্মাবতীর অধিষ্ঠান হইল।

দেবী আসনবাসনকে জালুর ঘরে বারি স্থাপন করিতে আদেশ দিল। বাসন জালুকে দ্রব্যসকল আনিতে বলিল। দেবীর বরে জালুর নানা দ্রব্য হইল। বাসন স্নান করিয়া মন্ত্র জপ করিয়া জালুমালুর ঘরে বারি আরোপণ করে। জালু-মালু গঙ্গাজলে পবিত্র হইল এবং বিবিধ বিধানে বারি আরোপণ করিয়া বারিকে সাষ্টাঙ্গে প্রণাম করিল। জালুমালুর পূজা পাইয়া দেবী সন্তুষ্ট হইল। প্রসন্ন হইয়া দেবী জালুকে বলিল—সে যে বর চাহিবে সে বর পাইবে। স্বর্ণের খাট ও স্বর্ণের পিড়ি লইতে বলিয়া আর যদি কিছু চাহিবার থাকে তবে মন দৃঢ় করিয়া তাহাও চাহিতে বলিল।

জালুর ঘরে জয় জয়, 'হুলাহুলি' শুনিয়া চাম্পালির প্রজাগণ দেখিতে আসিল। জালুর ঘরের এই ধনসম্পদ দেখিয়া সকলে অবাক হইল।

কোন দেবতার বরে জালুর এই সুদিন-প্রকাশ তাহারা জিজ্ঞেস করিলে হীরা তখন বলিল, শঙ্কর-নন্দিনী তাহাকে কৃপা করিয়াছে। তাহার কৃপায় এই সব ধনসম্পদ ও আপদখণ্ডন। ঘরে ঘরে লোক এই কাহিনী ঘোষণা করিল। রান্নাঘরে থাকিয়া সোনকা সাধুয়ানী তাহা শুনিল।

দেবী হীরাকে ডাকিয়া শ্রীকলার হাটে গিয়া মৎস্য বেচিতে বলিল। দেবীর বচনে হীরা পসার সাজাইয়া শ্রীকলার হাটে উপস্থিত হইল। দেবীকে স্মরণ করিয়া হীরা পসার মেলিল, সোনার নান্দিয়া, মোড়া ভূমিতে রাখিল। সোনার আইথরা মাছ পাটে তুলিয়া লইল। সোনার আইথরা ঘন ঘন লেজ নাড়িতে লাগিল। মাছ দেখিয়া লোক দৌড়াদৌড়ি করিতে লাগিল। সোনার মাছ দেখিয়া সকলের মন আনন্দিত।

চাঁদের ঘরে দেবী মায়া পাতিল। তাহাতে চাঁদের কাল-ক্ষুধা হইল। চাঁদ লেঙ্গাকে দিয়া শীঘ্র ভোজন করিবে বলিয়া তাড়াতাড়ি রন্ধন করিতে

CENTRAL LIBRARY

সোনকার কাছে খবর পাঠাইল। সোনকা লেঙ্গাকে শ্রীকলার হাট হইতে মাছ কিনিয়া আনিতে বলিল। নয় বুড়ি কড়ি হীরার পসারে ফেলিয়া লেঙ্গা নয় পুঞ্জ মাছ তুলিয়া লইল। লেঙ্গাকে দেখিয়া হীরা ক্রোধে জ্বলিয়া উঠিল ও ধাক্কা মারিয়া তাহার মাছ কাড়িয়া লইল। মাছের হাত ধোয়া জল লেঙ্গার মাথায় ঢালিয়া দিয়া চাঁদকে গিয়া জানাইতে বলিল। অপমান পাইয়া মাছ ফেলিয়া লেঙ্গা চাঁদের কাছে হীরার হস্তে অপমানের কথা জানাইল। লেঙ্গার কথা শুনিয়া সাধু মহাক্রুদ্ধ হইল। হীরার গায়ে নানা আভরণ, পসারে অমূল্য রতন, রাজস্ব ও জলকর না দিয়া হীরা মাছ ধরে, এই সকল শুনিয়া চাঁদ রাগিয়া গেল। যে চাঁদের নাম করে হীরা কৈবর্তিনী তাহাকেই মারে—ইহা শুনিয়া ক্রোধে সদাগর ছয় পুত্র, পাত্রমিত্র, লোকজন লইয়া হাতীর পিঠে চড়িয়া হীরাকে মারিতে চলিল। সাধু শীঘ্র শ্রীকলার হাটে পৌঁছিল। সোনার মোড়াতে বসিয়া হীরা পান খাইতেছে। চাঁদকে দেখিয়া সে উঠিয়া দাঁড়াইল না। চাঁদ একদৃষ্টিতে হীরার দিকে তাকাইল এবং বুঝিল লেঙ্গা দোসাধুর একটি কথাও মিথ্যা নয়। চাঁদ মাহুতকে ডাকিয়া হীরাকে ঠেলিয়া ফেলিতে বলিল এবং তাহার ইচ্ছামত হীরাকে শাস্তি দিতে লেঙ্গাকে বলিল। আদেশ শুনিয়া লেঙ্গা তাহার হাঁটুতে হীরার মাথা চাপিয়া ধরিয়া দুই হাতে কিলাইতে আরম্ভ করিল। কিল খাইয়া হীরা হাঁপাইতে লাগিল। সাধু হীরার পসার লুটিয়া লইল। লোকজন ধরাধরি করিয়া হীরাকে ঘরে লইয়া গেল। চাঁদ নিজের পুরীতে ফিরিয়া গেল।

হীরা দেবীর কাছে গিয়া জানাইল—বর পাইয়া কি লাভ হইল? শ্রীকলার হাটে সে মাছ বেচিতে গেল। দো সাধু লেঙ্গা কিলাইয়া তাঁহার পাঁজর ভাঙ্গিল, সোনার মোড়া ও নান্দিয়া ছুড়িয়া ফেলিয়া দিয়া সোনার আইথরা মাছ লুটিয়া লইল। দেবী তাহাকে রোদন করিতে বারণ করিয়া পুনঃ মাছ বেচিতে যাইতে বলিল। চাঁদের উপরে মহামার পড়িবে এই আশ্বাস দিয়া দেবী হীরাকে স্পর্শ করিল। হীরার সব ব্যথা দূর হইল ও সে আনন্দে পসার সাজাইল।

এদিকে চাঁদ হীরাকে মারিয়া নিজ কাছারিতে বসিল। চাঁদের ছয় পুত্র পুরীর ভিতর গিয়া মাকে প্রণাম করিল। নগরে এত গণ্ডগোল কিসের সোনকা পুত্রদের জিজ্ঞাসা করিলে তাহারা হাসিয়া চাঁদের হীরা-নির্যাতনের কথা বলিল। ইহা শুনিয়া সোনকা মনে মনে ভাবিতে লাগিল—রাজা চাঁদ

CENTRAL LIBRARY

মিথ্যা কার্যে দ্বন্দ্বে লিপ্ত, জালুকে কোন দেবতা বর দিয়াছে, জানি না তাহাতে কোন বিপদ ঘটে। এইসকল ভাবিয়া সোনকা হীরার ঘরে কোন দেবতার অধিষ্ঠান ও কোন দেবতার বরে হীরার অবস্থার এই পরিবর্তন তাহা দেখিতে হীরার কাছে যাইতে মনঃস্থির করিল। ছয় বধূকে সঙ্গে লইয়া সোনকা সাধুয়ানী ছয়ঘাটি স্নান উপলক্ষ করিয়া শ্রীকলার হাটে পৌছিল। দেখিল হীরা পাটশাড়ী পরিধান করিয়া চেড়ীর জোগান পান খাইয়া সোনার মোড়াতে বসিয়া মাছ বেচিতেছে। লোক আসা-যাওয়া করিতেছে। সোনা তাহাদের কাছে হীরা কেমন দেবতীর পূজা করিল তাহা জানিতে চাহিল। রমণী এই কথা শুনিয়া বলিল—তাহারা ব্রাহ্মণী তোতলার পূজা করে। মনসার পূজা করিলে কোন বর পায়, পূজার কি বিধি সোনা জানিতে চাহিলে লোকসব বলিল—ধনধান্য বর পায়, পুত্রপৌত্রাধিক হয়, অন্ধজন চক্ষুদান পায়, লোকমুখে এই বার্ত্তা জানিয়া সোনকা ছয়ঘাটি স্নানে চলিল। ছয়বধূ সঙ্গে করিয়া সোনকা হীরার গৃহে গেল। হীরা তখন মাছ বেচিয়া বাড়ী ফিরিয়াছে। হীরা সোনাকে তাহার আগমনের কারণ জিজ্ঞাসা করিলে সোনা হীরার ঘরে কোন দেবতা অবতীর্ণ তাহা জানিতে চাহিল। হীরা জানাইল—তাহার ঘরে ব্রাহ্মণী তোতলার অধিষ্ঠান হইয়াছে। তাহার প্রসাদে হীরার কোন ভয় নাই। সোনা হীরার কাছে দেবীর একটি ঘট চাহিল। হীরা দেবীর কাছে গিয়া সোনার ঘট যাচঞার কথা জানাইল। এই কথা শুনিয়া দেবী অন্তরে প্রসন্ন। দেবীরও ইচ্ছা চাঁদের ঘরে যায়, চাঁদের ঘরে গেলে তাহার বাদান্তর হইবে। চাঁদের হাতে দেবী পূজা চায়। তাই দেবী চাঁদের ভবনে যাওয়ার ইচ্ছা হীরাকে জানাইল। হীরা সত্বর গিয়া সোনাকে তাঁহার গৃহে একটি বারি লইয়া যাইতে বলিল। সোনা স্নানান্তে দেবীর বারি মাথায় লইল। বড় বৌ মাথায় দূর্বা দিল। অন্যান্য বধূ ক্ষণে ক্ষণে উলুধ্বনি দিতে লাগিল। মাথায় বারি লইয়া সোনকা নাচিতে লাগিল ও সমঙ্গল বাদ্যে ঘরে পৌছিল। স্বর্ণ-নির্মিত দেবীর মণ্ডপস্থানে বেদীর উপর সোনকা বারি স্থাপন করিল। 'গন্ধ ধূপ দীপে সোনা চিত্তে আনন্দ করি' বিষহরি পূজিল।

এক রূপে দেবী সোনার পূজা লইল, আর এক রূপে চাঁদকে ভাণ্ডিতে গেল। চাঁদ বিষণ্ণ হইয়া সকলকে বলে—এমন দারুণ ক্ষুধা তাহার কখনও হয় নাই। ক্ষুধার তাপে তাহার পরাণি পোড়ে, জানি না কানী কোন মায়া পাতিল কিনা। চাঁদ লেঙ্গা নফরকে ডাকিয়া রন্ধনের বার্ত্তা জানিতে বলিল। লেঙ্গা সত্বর অন্তঃপুরে

CENTRAL LIBRARY

গিয়া 'মা সোনকা' বলিয়া ডাকিল। সোনকা দেবীর পূজায় রত, কোন উত্তর দিল না, লেঙ্গা উঁকি মারিয়া দেখিল সোনকা ছয়বধূ লইয়া দেবীর পূজায় মগ্ন। লেঙ্গা আজ চাঁদ-সোনকার কোন্দল লাগাইয়া খ্যাতি অর্জন করিবে ভাবিয়া ছুটিয়া গিয়া চাঁদের সামনে মাথা নত করিয়া বলিল, এত দিনে চাঁদের গৃহ নষ্ট হইল। সে উঁকি দিয়া দেখিয়াছে, সোনকা বসিয়া ডাকিনীপনা শিখিতেছে। সম্মুখে বাসক পুষ্প, নৈবেদ্য, কেহ শিরে ছত্র ধরিয়া আছে—এইরূপে ছয়বধূর সঙ্গে সোনকা পূজা করিতেছে শুনিয়া চাঁদ খুব রাগিয়া গিয়া জ্যেষ্ঠ পুত্র গঙ্গাধরকে ডাকিয়া কাছারিতে বসাইয়া নিজে ঘরে গেল। চাঁদ সোনকা সোনকা সম্ভাষণে ডাক পাড়িল। পূজায় রত সোনকা উত্তর দিল না। চাঁদ শঙ্করের বরপ্রভাবে বন্ধ কপাট খুলিয়া ঘরে প্রবেশ করিল। সোনকাকে মনসার বারি পূজা করিতে দেখিয়া চাঁদের সর্বাঙ্গ জ্বলিয়া গেল। শঙ্করের আদেশ মত শিব ছাড়া অন্য দেবতার পূজা চাঁদের জন্য নিষিদ্ধ—এই বলিয়া চাঁদ ক্রোধভরে দেবীর ঘট পায়ে ঠেলিল! সোনকা দেবীর ঘট মাথায় করিয়া চাঁদকে ভর্ৎসনা করিতে লাগিল ও কাঁদিতে কাঁদিতে মনসার ঘট পায়ে ঠেলিয়া ফেলাজনিত চাঁদের বড় অকাজের জন্য সোনকা ঘট মাথায় করিয়া কাঁদিতে লাগিল। দেবীর বিবাদে ধনজন, পুত্র, পরিবার সব ছারখার হওয়ার আশঙ্কায় সোনা কাঁদিয়া আকুল হইল। দেবী শঙ্খিনী সাপের মূর্তি ধরিয়া সোনকাকে অভয় জানাইল—আজ হইতে চাঁদের সঙ্গে তাহার ঘোর বিবাদ, দেবী তাহার ধন নাশ করিবে। নেতাই পাত্রকে ডাকিয়া মনসা জিজ্ঞাসা করিল, চাঁদ কেন দেবীর বারি পায়ে ঠেলিল? নেতাই বলিল—চাঁদের কুলদেবতা গন্ধেশ্বরী বানিয়ার সহায়। চাঁদকে দুঃখ দিয়া খ্যাতি রাখিতে নেতাই পদ্মাবতীকে পরামর্শ দিল।

অহঙ্কার করিয়া দেবীকে সকলের সামনে অপমান করা এবং দুরাক্ষর বলার অপরাধে চাঁদকে সবংশে বিনাশ করিবে বলিয়া পদ্মাবতী জানাইল। উত্তরে চাঁদ বলিল—শূলপাণি তাহার সহায়, পদ্মার অহঙ্কারে সে ভয় পায় না। সংসার-ভিতরে পদ্মার পূজা করিতে দিবে না চাঁদ তাহার এই প্রতিজ্ঞা পদ্মাকে জানাইল। নেতাই পদ্মাকে চাঁদের ধনহানি করিতে পরামর্শ দিল। নাগগণ সঙ্গে করিয়া রথে চড়িয়া পদ্মাবতী চাঁদের ধননাশ করিতে তাহার অন্তঃপুরে গেল। দেবী বিষজাল ধরিয়া চাঁদের ভাণ্ডারে প্রবেশ করিল। দেবী ভাণ্ডারে প্রবেশ করিলে সোনার কুম্ভ গড়াগড়ি গেল। হীরামণি সব পলাইল। পদ্মার দৃষ্টিতে মাণিক্য-বাতি নিভিল। সকল ধন ভস্ম হইল ও ভাণ্ডার ধনরিক্ত হইল। রক্ষকরা বিচলিত

CENTRAL LIBRARY

হইয়া চাঁদকে সংবাদ জানাইল। ধনহানির কথা শুনিয়া চাঁদ মনে ব্যথা পাইল। ধনের শোকে চাঁদ ভাবিল—কানী আজ ভাণ্ডারে প্রবেশ করিয়াছে। হাতে হেমতাল লইয়া চাঁদ ভাণ্ডারে গেল। কার্যের গতি বুঝিয়া পদ্মাবতী পলাইল। হেমতালপাণি চাঁদ পশ্চাতে তাড়িয়া গেল।

কোন বুদ্ধি করিলে চাঁদ দেবীকে পূজিবে—মনসা নেতাইর পরামর্শ চাহিল। নেতাই তাহাকে হেঙ্গুলিয়া রথে চড়িয়া ভ্রাতৃসম্বন্ধসূত্রে চাঁদের কাছে যাইতে বলিল। মনসা চাঁদের কাছে গিয়া দাদা সম্বোধনে কেন সে বিবাদ বাড়ায়, সভার ভিতরে মন্দছন্দ বলে তাহা বিনত হইয়া বলিল। এখনও দেবীকে ফুল জল দিলে ঘরে ঘরে দ্বন্দ্ব-বাদ ঘুচিবে বলিয়া দেবী চাঁদের কাছে পূজা চাহিল। ক্রোধে 'ভাতারছাড়ি' এই তিরস্কার করিয়া চাঁদ হেমতাল হস্তে তাহাকে মারিতে উঠিল। পদ্মা বলিল—চাঁদের দুরন্ত হৃদয়, আগে তাহার লক্ষের বাগান কাটিয়া পরে তাহার ছয় পুত্রকে সে বিনাশ করিবে। ক্রোধে কম্পমান হইয়া চাঁদ হেমতালের বাড়ি মারিল, মনসা রথে করিয়া অন্তর্দ্ধান করিল। পদ্মা অভিমানে আপনার ঘরে গেল।

গৃহে ফিরিয়া বাসনাদি অষ্ট পাত্রের সঙ্গে বসিয়া কি করিলে চাঁদ ভয় পাইবে তাহা যুক্তি করিল। সকলে মিলিয়া স্থির করিল—লক্ষের বাড়ি নষ্ট করিলে চাঁদ দুঃখ পাইবে। শুনিয়া পদ্মাবতী হরষিত মনে লক্ষের বাড়ী নাশ করিতে চলিল। অষ্ট নাগ সঙ্গে করিয়া দেবী জালুর বাড়িতে উত্তরণ করিল ও জালুমালুকে সঙ্গে লইয়া লক্ষের বাড়ী পৌঁছিল। চারিদিকে সুন্দর বাগান-বেষ্টিত বাড়ী দেখিয়া দেবী খুসী হইল। ধীরে ধীরে দেবী দরজার নিকটে আসিয়া পদাঘাতে কপাট ভাঙ্গিয়া ফেলিল। সকলে জয় জয় শব্দে লক্ষের বাড়ীতে প্রবেশ করিল। দেবী জালুমালুকে লক্ষের বাড়ি কাটিতে আদেশ দিল। মুহূর্তের মধ্যে বাড়ি ছারখার হইয়া গেল। জয় নামে এক বাড়ি ছিল, পদ্মা সে বাড়িও কাটিয়া ফেলিল। রক্ষকরা ছুটিয়া গিয়া চাঁদকে সংবাদ দিল—তাহার লক্ষের বাড়ি সব ছারখার হল, এবং জালুমালু দুই ভাই এই অভিযানের সেনাপতি।

যাহা বাকী ছিল সব নাগগণ তাহা দংশন করিল। ক্রুদ্ধ হইয়া চাঁদ বাঘাকে ডাকিয়া আনিতে লেঙ্গাকে বলিল। লেঙ্গা ছুটিয়া গিয়া বাঘাকে লইয়া আসিল। বাঘা আসিয়া চাঁদকে নমস্কার করিলে চাঁদ তাহাকে প্রীতিসম্ভাষণ জানাইল ও মেলাকাঠি ঢাক তুলিয়া বাজাইতে বলিল। মার মার করিয়া বাঘা ঢাক

CENTRAL LIBRARY

বাজাইল। ঢাকের শব্দ শুনিয়া ছুটিয়া আসিল নানা পাইক, যমের দোসর পাইক তেজবল হাজরা, তাহার বাষট্টি ধানুকী, খাণ্ডাতি ভাস্কর ও তাহার দলবল। রণবাদ্য বাজাইয়া তাহারা সসৈন্যে চাঁদের বাড়ী বেষ্টন করিল। ব্রাহ্মণী তোতল সাবধান হইল। যুদ্ধে আগুয়ান তেজবল হাজরা জালুমালুকে প্রাণ লইয়া পলাইতে বলিয়া তাহার জাত তুলিয়া গালি দিল। জালুমাল ক্রোধে ঢাল পাতিল। তেজবল হাজরা তাহার বজ্রবাটুল বাণ তুলিয়া ধনুকে জুড়িল ও কালিকাস্মরণে সন্ধান পুরিল। জালু লাফ দিয়া সেই বাণ ধরিল। পশ্চাতে রায়বাঁশদের আক্রমণ প্রতিহত করিল। তেজবল হাজরা মেলাকাঠি নামে বাণ ধনুকে জুড়িয়া সন্ধান পুরিল। সিংহবাণ দিয়া জালু সেই বাণ কাটাইল। পর পর দুই বাণ ব্যর্থ হইল দেখিয়া হাজরা ধনুর্বাণ আছাড়িয়া ফেলিল। অভিমানে হাজরা আগুনে পুরিয়া মরিতে গেল। মরিতে মনস্থ করিয়া জলে নামিয়া হাজরা স্নানান্তে মাটি বাছিয়া কালিকার পূজা আরম্ভ করিল। গন্ধপুষ্প, চন্দন, নৈবেদ্যাদি ধূপদীপ কালিকার নামে দিয়া হেট মুণ্ডে, উর্দ্ধপদে তাহার চরণকমল চিন্তা করিল। স্বর্গ হইতে দেবী জানিল হাজরা বিপাকে পড়িয়াছে। একান্ত হইয়া হাজরা পূজায় রত। হাজরার পূজায় সন্তুষ্ট হইয়া সিংহপৃষ্ঠে পা দিয়ে জগন্মাতা নামিল ও মনে ভাবিল চিলরূপে জালুমালুকে ছোঁ মারিয়া লইয়া যাইবে এবং শকুনিরূপে তাহার মাংস খাইবে। পদ্মা দূর হইতে মাতাকে দেখিয়া অভিমান করিয়া শাসাইল। পদ্মার কথায় লজ্জা পাইয়া দেবী কৈলাসে ফিরিয়া গেল। বেলা দ্বিপ্রহর, দেবী অবতরণ করিল না। কুবুদ্ধিবশে হাজরা পূজার দ্রব্য ফেলিয়া দিয়া প্রাণ লইয়া পলাইতে লাগিল। পলায়নপর হাজরা দেবী পদ্মার মায়ায় পলাইবার পথ না পাইয়া ঝারে মাথা দিয়া লুকাইয়া রহিল। জালুমালু পদ্মাকে স্মরণ করিয়া বাড়ি মারিল ও অন্তরীক্ষে হাজরার মাথা কাটিয়া ফেলিল।

হাজরার পরাজয় ও মৃত্যুর পর খাণ্ডাতি ভাস্কর জালুমালুকে যমালয়ে পাঠাইবার সঙ্কল্প করিয়া লড়িতে আসিল। বগলে দাবিয়া বীর ঢাল খাঁড়া লইল এবং অসংখ্য জাঠি সঙ্গে লইল। পদ্মাদেবীর বরে জালুমালুর শরীর বজ্রকঠিন হইল। ভাস্কর ক্রোধে জালুকে জাঠি ছুড়িয়া মারিল। সে হুহুঙ্কারে লাফ দিয়া জাঠি ধরিল। জাঠি ব্যর্থ হইল দেখিয়া সে খাঁড়া হাতে লইল। খরসান খাঁড়া যেন আহ্লাদ সাপের জিহ্বা। তাহা দেখিয়া জালুমালুর প্রাণ কাঁপিয়া উঠিল এবং দেবীকে খাঁড়ার প্রহার সহিবার অক্ষমতা নিবেদন করিয়া পলাইবার ইচ্ছা ব্যক্ত

CENTRAL LIBRARY

করিলে দেবী তাহাদিগকে অভয় দিল। চাঁদের সৈন্য নিধনের অভিলাষে ঊর্দ্ধমুখ হইয়া পদ্মা পঞ্চমেঘকে ডাকিল। দেবীর স্মরণে মেঘগণ ছুটিয়া আসিল। দেবী তাহাদিগকে তাম্বুল অর্পণ করিয়া চাঁদের সৈন্যের উপর বিষবর্ষণ করিতে আজ্ঞা করিল। তাহারা অন্তরীক্ষে গিয়া ঘোর শব্দে অহিরাজ সর্পের বিষ ছাড়িয়া দিলে চাঁদের সৈন্যদল টলিয়া পড়িল। সৈন্যের পতন দেখিয়া সাধু ভাবিল—বিষহরি বাদ সাধিয়াছে। লেঙ্গা সাধুকে শঙ্করের পূজা করিতে বলিল। গঙ্গাতে স্নান করিয়া সাধু মাটি বাছিয়া শিবপূজা আরম্ভ করিল। শীর্ষাসনে চাঁদ শিবের স্তুতি করিল। কৈলাস হইতে দেব দিগম্বর তাহা জানিতে পারিয়া বৃষে চড়িয়া বায়ুবেগে চাঁদের পূজাতে উপনীত হইল এবং আপন প্রসন্নতা প্রকাশ করিয়া চাঁদকে বর মাগিয়া লইতে বলিল। চাঁদ শিবকে তাহার সৈন্য জীয়াইয়া দিতে বলিল। শিব ধন্বন্তরিকে স্মরণ করিল। মুহূর্তমধ্যে ধন্বন্তরি আসিয়া পৌছিল। শিব তাহাকে স্নেহসম্ভাষণে চাঁদের কটক জীয়াইয়া দিতে আদেশ করিল। ধন্বন্তরি জল পড়িয়া সৈন্যদের উপর ছিটাইয়া দিলে তাহারা বিষপ্রভাবমুক্ত হইয়া উঠিয়া বসিল। ভোলা মহেশ্বর পুনরায় লক্ষের বাড়ি রোপিলেন। উহা যেমন ছিল আবার তেমন হইল। চাঁদ হেমতালহস্তে গর্জিয়া উঠিল। পদ্মাবতী বিষাদিত হইল।

সসৈন্য সাধু ঘরে ফিরিয়া আসিল। ছয়পুত্র সঙ্গে করিয়া পাত্রমিত্র-স্বগণ নফর সবাইকে লইয়া চাঁদ কাছারিতে বসিল। সভাতে চাঁদ বলিল, সৈন্য মারিয়া কানী কোথাও লুকাইয়া আছে। প্রতি ঘর খুঁজিয়া কানী বিষহরিকে মারিতে সে কৃতসংকল্প। পাত্রমিত্র সকলে তাহাকে বুঝাইল—যাহার প্রভাবে যমের দোসর তেজবল হাজরা মরে, রাজ্যের কটক বিষজালে মৃত্যু আলিঙ্গন করে, তাহার সঙ্গে বিবাদ করা অনুচিত। শিবের প্রসাদে যখন লক্ষের বাড়ী ফিরিয়া পাইল তখন পদ্মার সঙ্গে বৃথা কলহে লিপ্ত থাকিতে চাঁদকে তাহারা বারণ করিল। চাঁদ ইহাতে কুপিত হইল।

ছয় পুত্রকে স্বর্ণে ভূষিত করিয়া সপুত্র চাঁদ উৎসব করিতে চলিল এবং নগরে গিয়া দর্প করিল। দেবী ধূলিনাগ হইয়া পশ্চাতে চলিল। নীলপাণিকে ধূলা ছড়িয়া ফেলিয়া তাহার বুকে দংশন করিল। বাপ বাপ করিয়া শিশু টলিয়া পড়িল। চাঁদ বলিয়া উঠিল—কানী বাদ সাধিয়াছে। পাঁচ সাতজনে ধরিয়া কোলে করিয়া তাহাকে চাঁদের সাক্ষাতে আনিল। পুত্রশোকাতুর চাঁদ মনে মনে ভাবিল, কানীর উচ্ছিষ্ট পুত্রকে গোয়াল ঘরে রাখিয়া কল্য শঙ্করকে পূজা করিয়া পুত্র জীয়াইবে।

CENTRAL LIBRARY

চাঁদের সৈন্যগণ পুনর্জীবন পাওয়ায় পদ্মা বিমর্ষ। মনোময় হংসে চড়িয়া দেবী কাঁদিতে কাঁদিতে শিবের কাছে গিয়া বলিল—সংসারে লোক দেবগণের পূজা করে, তাহার অভিমান শিবের নন্দিনী হইয়াও মর্ত্যে তাহার পূজা হয় না। চাঁদ তাহাকে পূজা করে না, গালি পাড়ে, হেমতালের বাড়িতে সে তাহার কাঁকলি ভাঙ্গিয়াছে। শিব রুষ্ট হইয়া বলিল—তাহার সেবকের সঙ্গে পদ্মা নিরন্তর বিবাদে লিপ্ত, শিব চাঁদকে ছাড়িতে পারিবে না। শিবের নিষ্ঠুর বাক্য শুনিয়া পদ্মা কাঁদিতে কাঁদিতে দুর্গার কাছে গেল ও মায়ের কাছে সকরুণ মিনতি জানাইল। ক্রুদ্ধ হইয়া দুর্গা শিবের নিকটে গেল। ধুতুরা সেবনে শিব জ্ঞানহারা ও কুচনীর অনুরাগী—তাহাকে এই তিরস্কার করিয়া দুর্গা শিবের ঝুলি, কাঁথা, লাল লাঠি আগুনে পোড়াইবে ও বাঘাকে দিয়া বৃষ খাওয়াইবে বলিয়া শাসাইল। দুর্গার কথায় শিব ভয় পাইল। দুর্গা শিবকে আপন অঙ্গস্পর্শে সত্য অঙ্গীকার করাইয়া চাঁদের পূজায় যাইতে বারণ করিল এবং চাঁদকে আর কোন বর দিতে নিষেধ করিল। চাঁদের পূজা পাইতে পদ্মার একান্ত অভিলাষ অনুযায়ী মর্ত্যে মনসার পূজার ব্যবস্থার জন্য শিবকে বলিয়া দুর্গা পদ্মাকে চাঁদের সঙ্গে কলহে অভয় জানাইল।

প্রভাতে চাঁদ পুত্রকে জীয়াইবার প্রয়াসে গঙ্গাস্নানান্তে একমনচিত্তে শঙ্করের আরাধনা করিল। বেলা দ্বিপ্রহর পর্যন্ত শিবের অধিষ্ঠান না দেখিয়া চাঁদ বুঝিল, কানী মহাদেবকে পূজাতে আসিতে দিল না। ধন্বন্তরিকে আনিতে চাঁদ ধনাকে পাঠাইল। সে ওঝাকে চাঁদের পুত্রের সর্পদষ্ট হওয়ার সংবাদ দিল। ধন্বন্তরি আসিয়া ব্রহ্মমন্ত্রে ঝাড়িয়া বিষ নামাইল। চাঁদের পুত্র উঠিয়া বসিল। চাঁদ ধন্বন্তরিকে বস্ত্র ও কড়ি প্রদানে পরিতুষ্ট করিল। অন্তরীক্ষ হইতে পদ্মা এইসব দেখিয়া ক্ষিপ্ত হইল।

পদ্মা চাম্পাই নগরে আসিয়া পৌঁছিল। আগে ধনন্তরিকে বধ করিয়া, পরে চাঁদের ছয় পুত্রকে মারিবে এইমর্মে নেতাইর সঙ্গে যুক্তি করিল। মাকে বলিয়া পদ্মা বাপকে নিবৃত্ত করিয়াছে, কিন্তু ধন্বন্তরি আসিয়া বাদের মরা জীয়াইয়া দিল। ধন্বন্তরি বাঁচিয়া থাকিতে বাদ সিদ্ধ হইবে না, সে মারিবে আর ধনন্তরি জীয়াইবে।

বিষহরি মায়া করিয়া গোয়ালিনীরূপে ত্রিভুবনমোহিনীরূপ ধরিয়া সৌন্দর্য্য-বিলসিত মূর্তিতে সশিষ্য ধন্বন্তরির স্থানে গেল। এই গোয়ালিনীর মুনির মনোহারী কটাক্ষে ওঝার শিষ্যগণ বিকল হইল। রূপ দেখিয়া উন্মত্ত হইয়া শিষ্যেরা তাহার

CENTRAL LIBRARY

নিকট হইতে দই কিনিয়া খাওয়ার জন্য আকুল হইল। দধির সঙ্গে মহাকালকূট বিষ মিশ্রিত ছিল। সেই দই শিষ্যগণকে দিয়া পদ্মা অন্তর্হিত হইল। দই খাইয়া শিষ্যেরা বিষের জ্বালায় টলিয়া পড়িল। ওঝা ধন্বন্তরি মন্ত্র পড়িয়া জল ছিটাইয়া দিতেই শিষ্যেরা সকলে বাঁচিয়া উঠিল। পদ্মা প্রমাদ গণিল, কি করিয়া বাদ সাধিবে? কি কৌশলে ওঝাকে সংহার করিবে তাহা ভাবিল।

দেবীর মনে ধন্বন্তরি-বধের অনুরাগ। পদ্মা সর্প-আভরণে সজ্জিত হইয়া অষ্টনাগ সঙ্গে সর্পবাহিনী লইয়া অভিযান করিল। সনাগবাহিনী পদ্মাকে দেখিয়া ধন্বন্তরি চমকিত হইল এবং এত সর্প লইয়া কোথায় যাইতেছে জিজ্ঞাসা করিল। চাঁদের পুত্র জীয়াইবার স্পর্দ্ধার জন্য দেবী তাহার পুরী নাশ করিবে এবং যেই বিষে শিব সাগরের কূলে টলিয়া পড়িয়াছিল সেই বিষে ধন্বন্তরিকে নির্ম্মূল করিবে বলিয়া শাসাইল। ওঝা জল পান করার ভঙ্গীতে বিষ খাইতে লাগিল। তাহা দেখিয়া পদ্মা মহাচমকিত হইল। সর্প-সমাবেশে পদ্মার অহঙ্কারের প্রত্যুত্তরে ধন্বন্তরি মহামন্ত্র চালন করিল। মন্ত্রের প্রতাপে সর্পগণ প্রাণ লইয়া পলাইল। বিষাদ ভাবিয়া পদ্মা ঘরে ফিরিয়া গেল।

পদ্মা প্রমাদ গণিয়া কি করিয়া ধনন্তরি বধ করিবে তাহা ভাবিতে লাগিল। ধন্বন্তরির ভার্যার ভগ্নীর রূপ ধরিয়া দধিদুগ্ধ সন্দেশাদি উপহার, চিড়াকলা আদি যত দ্রব্য সাজাইয়া মাথায় করিয়া পদ্মা ধন্বন্তরির গৃহে গেল। বহিনী বহিনী ডাকিতেই ধন্বন্তরির পত্নী আসিয়া পদ্মার চরণ বন্দনা করিল। ধন্বন্তরির ভার্যা নানা উপহারে ভগ্নীকে ভোজন করাইল। ধন্বন্তরি কোথায়? পদ্মার এই জিজ্ঞাসার উত্তরে সে বলিল —পদ্মার বিবাদে চাঁদ ওঝাকে লইয়া গিয়াছে—পদ্মা মারিবে আর ওঝা জীয়াইবে। ওঝা কেন বিবাদের মরা জীয়াইতে যায়? কলহপ্রিয়া ব্রাহ্মণী বিষম মায়াময়ী এবং এক মুহূর্তে ধন্বন্তরিকে প্রাণে বধ করিবে, ভগ্নীর এই সকল কথার উত্তরে ওঝার ঘরণী বলিল—কার শক্তি ওঝাকে বধ করে? মন্ত্রের প্রতাপে ওঝার নাম ধন্বন্তরি। পদ্মা জিজ্ঞাসা করিল—কি উপায়ে ওঝার মরণ হইবে? ওঝা যেই স্থান দেখিতে পায় না তাহাতে দংশিলে ওঝার বস্তুজ্ঞান থাকিবে না, স্কন্ধমূলে দংশন ওঝার 'মৃত্যু অনুবন্ধ'। ধন্বন্তরির এই মৃত্যু-গুপ্তি জানিয়া পদ্মা ভগ্নীর নিকট বিদায় লইয়া চলিয়া গেল।

ধন্বন্তরি ঔষধ আনিতে চলিল। পশ্চাতে শঙ্করকুমারী। ভেদকথা শুনিয়া আগুপথে গিয়া পদ্মা তক্ষকনাগিনীরূপে গাছে চড়িয়া রহিল। ওঝা হেট-মুণ্ডে মনের আনন্দে যাইতেছিল। বৃক্ষডালে অবস্থিত তক্ষক ওঝাকে লক্ষ্যে

CENTRAL LIBRARY

দংশন করিল। ওঝা শিষ্যদের বলিল—এতদিনে ব্রাহ্মণী বিবাদ সাধিল, কি করিয়া পদ্মা এই উদ্দেশ পাইল? স্কন্ধে দংশনে ওঝার পরমায়ু শেষ। ওঝা শিষ্যদিগকে ডাকিয়া বলিল—দুই প্রহর অন্তে তাহার অবশ্য মরণ। ইতিমধ্যে যদি উপায় করিয়া সাঁতালি পর্বত হইতে শালি বিশালি আনিয়া দিতে পারে তবে ওঝা প্রাণে বাঁচিবে। শিষ্যরা ঔষধ চিনিত না, কি উপায়ে মহাঔষধ আনিবে এই কথার উত্তরে ওঝা বলিল—কুকুড়াকে বিষ খাওয়াইয়া মারিয়া পর্বতের প্রতি গাছে ঠেকাইবে, যেই গাছের গন্ধে কুকুড়া প্রাণ পাইবে সেই গাছ তাহার কাছে আনিবে। ওঝার এক শত শিষ্য সাঁতালি পর্বতে চলিল। বিষ খাওয়াইয়া মারা কুকুড়াকে পর্বতের প্রতি গাছে ছোঁয়াইতে লাগিল। এক গাছের গন্ধে কুকুড়া সঞ্জীবিত হইল। শিষ্যেরা পরম আনন্দে গাছ তুলিয়া ঔষধ লইয়া রওনা হইল। পদ্মা প্রমাদ গণিল। ঔষধ পাইয়া শিষ্যেরা মহারঙ্গে চলিয়াছে। ঔষধে ওঝা জীবন ফিরিয়া পাইবে। কি বুদ্ধি করিলে শিষ্যদের ভণ্ডন করিয়া জিনিবে শঙ্করনন্দিনী এই ভাবিয়া মধ্যপথে মায়া পাতিল। ওঝার ঘরণীর মূর্তি ধরিয়া উদাম মাথায় উচ্চৈঃস্বরে কাঁদিয়া মাথায় করাঘাত করিতে লাগিল। শিষ্যগণ তাহাকে গুরুমা ভাবিয়া কোথায় যাইতেছে জিজ্ঞাসা করিল। ওঝার কাষ্ঠগত-প্রাণ-সঙ্কট দেখিয়া বিষণ্ণ মনে পদ্মা তাহাদের উদ্দেশে আসিয়াছে বলিয়া জানাইল। শিষ্যেরা ঔষধ আনিয়াছে এই মর্মে তাহাকে অভয় জানাইল। পদ্মা তাহা অবিশ্বাস করিয়া ঔষধ দেখিতে চাহিল। শিষ্যেরা অকপটে মনসার হাতে ঔষধ দিল। লাফ দিয়া মনসা শূন্যপথে চলিল। শিষ্যরা ঔষধ হারাইয়া হায় হায় করিয়া বলিয়া উঠিল—পদ্মার চরিত্র কিছু বুঝা যায় না। শিষ্যেরা গুরুর নিকট ফিরিয়া গেল। দেখে ওঝা অচৈতন্য হইয়া পড়িয়া আছে। শিষ্যেরা বলিল—ওঝা জীবন ত্যাগ করিল। কেহবা ওঝার গৃহে সংবাদ দিতে বলিল। গণ্ডগোল শুনিয়া চেতন পাইয়া চোখ মেলিয়া ধন্বন্তরি দেখিতে লাগিল। ঔষধ চাহিয়া তাহা ধারণ করাইয়া তাহার জীবন রক্ষা করিতে বলিল। শিষ্যেরা মধ্যপথে গুরুপত্নীরূপে বিষহরির ছলনার বিবরণ ওঝাকে জানাইল। ধন্বন্তরি তাহার মরণ নিশ্চয় জানাইয়া গৃহে গিয়া সমাচার দিতে বলিল। আর এক কথা যত্নের সঙ্গে পালন করিতে নির্দেশ দিল—ওঝার প্রাণবায়ু নির্গত হইলে হাত-পা কাটিয়া উত্তর, দক্ষিণ, পূর্ব, পশ্চিম চারি দিকে চারি খণ্ড গোপনে স্থাপন করিতে বলিল এবং যেই দিক হইতে বাতাস বহিতে থাকিবে সেই দিকের বাতাসে সর্পসকল জীবন ত্যাগ করিবে বলিয়া জানাইল। এত কথা বলিয়া ওঝা প্রাণ

CENTRAL LIBRARY

ত্যাগ করিল। শিষ্যেরা ওঝার গৃহে গিয়া গুরুমাকে গুরুর মৃত্যু-বিবরণ জানাইল। শুনিয়া ওঝার ঘরণী কপালে কঙ্কণের ঘা মারিয়া উচ্চৈঃস্বরে কাঁদিয়া উঠিল। পদ্মার মায়া বুঝিতে না পারিয়া ওঝার মরণের গুপ্ত কথা প্রকাশ করিয়া নিজের দোষে পতির অমূল্য জীবন হারাইয়াছে বলিয়া উচ্চরবে কাঁদিয়া আকুল হইল। শিষ্যেরা তাহার ক্রন্দন সম্বরণ করাইল। এইবার গুরুর বাক্য পালন করার জন্য হস্তপদ কাটিয়া চারি ঠাঁই রাখিতে শিষ্যগণ হাতে অস্ত্র লইল। পদ্মা শূন্য হইতে ভাবিল —এই হস্তপদ যদি চারি দিকে রাখা হয় তবে নিশ্চয় সর্পকুলের বিনাশ হইবে। পদ্মা বৃদ্ধা ব্রাহ্মণীর রূপ ধরিয়া অস্ত্র লইয়া কাটিতে উদ্যত ওঝার শিষ্যদের নিকট দ্রুত আসিয়া গুরুকে কাটিলে নরকে গমন হয়—এই বলিয়া তাহাদিগকে নিবৃত্ত হইতে বলিল এবং অগ্নিক্রিয়া করিয়া গুরুর সংকার করিতে বলিল। ব্রাহ্মণীর কথা শুনিয়া সকলে নির্বাক হইল। এক শিষ্য গুরুর বাক্য লঙ্ঘনের অনিচ্ছা জানাইল। ওঝার ঘরণী কিছুতেই শব কাটিতে দিবে না—চিতা নির্মাণ করিয়া দিলে তাহাতে সহমরণ বরণের অভিলাষ জানাইল। শিষ্যরা প্রবোধ-বাক্যে তাহাকে সহমরণ হইতে নিবৃত্ত করিল। ওঝার সংকার করিয়া সকলে ঘরে ফিরিয়া গেল। চাঁদ ধন্বন্তরির মৃত্যু-সংবাদ শুনিয়া বিষাদিত হইল।

ধন্বন্তরির মৃত্যুতে শোকে আকুল হইয়া চাঁদ বলিল—এখন কানী আউল পাড়িল। পদ্মাবতী চাঁদকে ডাকিয়া তাহার অভিপ্রায় জিজ্ঞাসা করিল। এত দুঃখ সে কি করিয়া খণ্ডাইবে? তাহার পূজা করিয়া চাঁদকে মহারাজ হইতে দেবী পদ্মা বলিল। সকলের বিদ্যমানে দুরাক্ষর বলার জন্য অপমানে দুঃখাহত হওয়ার কথা বলিয়া পদ্মা তাহাকে নিরাশ্রয় করিবে, তাহার দুর্গতি ঘটাইবে, সবংশে বিনাশ করিবে বলিয়া ভয় দেখাইল। শূলপাণি তাহার সহায়। সে মনসাকে ভয় করে না। সংসারের ভিতর মনসার পূজা হইতে দিবে না বলিয়া চাঁদ পদ্মাকে জানাইল। ক্রোধে রথে চড়িয়া বিষহরি গৃহে গেল ও এইবার সদাগরের সহিত কোন বাদ সাধিবে নেতাইর সঙ্গে যুক্তি করিল।

নেতাই পদ্মাকে ভ্রাতৃ-সম্পর্ক চাঁদের কাছে যাইতে বলিল। যুদ্ধসাজে সাজিয়া গেলে আবার লজ্জিত হইবে, প্রীতিতে পূজা পাইলে বিবাদে কি কাজ? নেতাইর এই কথায় পদ্মা চম্পাই নগরে সদাগরের কাছে গেল ও দাদা সম্বোধনে কেন দ্বন্দ্ব বাড়াইল, সভার ভেতরে কেন মন্দছন্দ বলিল—এইসকল অনুযোগ করিয়া তাহার নিকট ফুলজল চাহিল। চাঁদ পদ্মাকে তিরস্কার করিয়া হেমতালের ভয় দেখাইল। চাঁদ দুরন্তহৃদয় বলিয়া পদ্মা তাহার ছয় পুত্র অবশ্য নাশ করিবে

CENTRAL LIBRARY

প্রত্যুত্তরে জানাইল। ক্রোধে চাঁদ হেমতাল লইয়া পদ্মাকে তাড়া করিল। দেবী রথে চড়িয়া অন্তর্দ্ধান করিল।

বানিয়ার কুবচন স্মরণ করিয়া রথে চড়িয়া দেবী সনাগগণ চাম্পালি গেল। দেবী ভাগে ভাগে নাগ রাখিল। এক নাগ চাঁদের গৃহদ্বারে, চারিনাগ রথে রাখিয়া দেবী সর্পব্যূহ সাজাইল এবং এক নাগকে অন্তঃপুরে পাঠাইল। বানিয়ার নন্দন নিদ্রাসুখে অচেতন হইয়া শুইয়া আছে। মনসার আদেশে কালনাগ ভিতরে প্রবেশ করিয়া তাহাকে বুকে দংশন করিল। বালক বাপমাও বলিয়া টলিয়া পড়িল। পাঁচ সাতজন মিলিয়া কোলে করিয়া নীলপাণিকে চাঁদের সাক্ষাতে শোয়াইয়া রাখিল। পুত্রশোকাতুর চাঁদ কানীর উচ্ছিষ্ট পুত্রকে কোথায় রাখিবে চিন্তা করিয়া গোয়ালে শোয়াইয়া রাখিল ও শঙ্করের পূজা করিয়া পুত্রকে জীয়াইবে মনস্থ করিল। চাঁদ গঙ্গাস্নান সারিয়া মাটি বাছিয়া পূজা আরম্ভ করিল। জবা, ধুতুরা ও শ্রীফলের পাতা লইয়া ভ্রূকুটি করিয়া চাঁদ ত্রিজগতনাথকে পূজা করিল। বেলা দ্বিপ্রহর পর্যন্ত শিবের অধিষ্ঠান না দেখিয়া চাঁদ বুঝিল—কানী বাদ সাধিয়াছে। লেঙ্গা নফরকে ডাকিয়া চাঁদ মৃত পুত্রকে গঙ্গায় ভাসাইয়া দিতে বলিল। নীলপাণিকে গঙ্গাজলে ভাসাইয়া দেওয়া হইল। পুত্র বিসর্জন দিয়া চাঁদ ভোজনে বসিল। কর্পূর, তাম্বুল সেবনে সাধু ভয়ঙ্কর অন্ধকার রাত্রে পালঙ্কে শুইয়া রহিল। প্রভাতে শয্যা হইতে উঠিয়া সোনকাকে পুত্রশোকে কাঁদিতে দেখিয়া চাঁদ তাহাকে সান্ত্বনা দান করিল। পুত্র হলধরকে চাঁদ কৃষির কন্দরে যাইতে আদেশ করিল। পিতৃ-আজ্ঞায় হলধর হাল লইয়া শতজন সঙ্গে করিয়া খামারে উত্তরণ করিল। পদ্মা মায়া পাতিয়া বৃদ্ধা ব্রাহ্মণীরূপে কুমারের নিকট গেল এবং তাহার ভূমি অঙ্গার হইবার অভিশাপ দিল। পদ্মার বাক্যে ভূমি ভুষ, অঙ্গার হইল। ব্রাহ্মণীকে মারিবার জন্য ডাকহাঁক পড়িল। দেবী মাটির চাপতলে ঢেঙ্গা নাগ হইয়া লুকাইয়া রহিল। চাঁদসুত চাপমাটি তুলিয়া ফেলিতে গেলে নাগরূপী পদ্মা হলধরের কনিষ্ঠ অঙ্গুলিতে দংশন করিল। বাপ মা বলিয়া বালক প্রাণত্যাগ করিল। পাঁচ সাতজনে ধরাধরি করিয়া তাহাকে চাঁদের সাক্ষাতে রাখিল। চাঁদের আদেশে কানীর উচ্ছিষ্ট পুত্রকে গঙ্গাজলে ভাসাইয়া দেওয়া হইল। স্নান অন্তে আদাসুন মুখে দিয়া চাঁদ চারি পুত্র সহ ভোজনে বসিল।

রাত্রি প্রভাতে শয্যাত্যাগ করিয়া চাঁদ জয়পাণি পুত্রকে শ্রীকলার হাটে ধান বেচিতে যাইতে বলিল। শত বলদের পৃষ্ঠে 'পলান' ভিড়িয়া চৌদোলে

CENTRAL LIBRARY

চড়িয়া জয়পাণি শ্রীকলার হাটে উপনীত হইল। ভৃঙ্গারের জলে পা ধুইয়া শিকল বাহিয়া সে ধানের গোলাতে চড়িল। এইদিকে শঙ্করদুহিতা পদ্মা নাগ সঙ্গে লইয়া সেখানে গেল ও ধানসী নাগ হইয়া বাখাইরে ঢুকিয়া রহিল। চাঁদপুত্র দুই হাতে ধান নামাইতেছিল। দেবী তাহার কনিষ্ঠ আঙ্গুলে দংশন করিল। বাপ মা বলিয়া পুত্র টলিয়া পড়িল ও বিষের জ্বালায় ছটফট করিতে লাগিল। নাগের কামড়ে জয়পাণি জীবন হারাইল। চাঁদের সাক্ষাতে পুত্রকে ধরাধরি করিয়া লইয়া যাওয়া হইল। চাঁদ সভাতে দর্প করিয়া মৃত পুত্রকে জলে ভাসাইয়া দিতে বলিল। এইভাবে তিন পুত্রকে চাঁদ জলে ভাসাইয়া দিল। শিবপূজা করিয়া আদা নুন খাইয়া তিন পুত্র সঙ্গে সাধু ভোজনে বসিল। ভোজনান্তে কর্পূর তাম্বুলে মুখশোধন করিল।

পুত্র শূলপাণিকে চাঁদ লক্ষ্মীর 'কান্দরে' গিয়া ধান্যক্ষেত্র দেখিতে বলিল। নেতের বসনে কোমর বাঁধিয়া, মেঘডম্বুর ছাতা কাঙ্কে করিয়া শিবস্মরণে চাঁদের পুত্র যাত্রা করিল ও লক্ষ্মীর 'কান্দরে' গিয়া পৌছিল। সেই ক্ষেত হইতে শূলপাণি অন্য ক্ষেতে গেল। পদ্মা চেঙ্গবোড়া সাপ হইয়া ধানের থোপে লুকাইয়া রহিল। সেই ধান্যথোপ বালা ধরিয়া দেখিল। নাগ বাছার অঙ্গুলি চাপিয়া ধরিল। সে টলিয়া পড়িয়া বিষের জ্বালায় ছটফট করিতে লাগিল। পাচ সাতজন ধরাধরি করিয়া চাঁদের নিকট লইয়া গেল। চাঁদ লেঙ্গা নফরকে কানীর উচ্ছিষ্ট দেহ জলে ভাসাইয়া দিতে বলিলে সে মৃতকে ভাসাইয়া দিল। শোকে বিমর্ষ হইয়া চাঁদ মনে মনে ভাবিল— পুত্র মরিল, বিবাদ ঘুচিল। শঙ্কর পূজিয়া দুই পুত্র লইয়া সাধু ভোজন করিল।

সাধুপুত্র দণ্ডপাণি সুখে শুইয়া আছে। সাধু তাহাকে পসার লইয়া সিন্দুর বেচিতে যাইতে বলিল। পিতার আদেশে দণ্ডপাণি পসার লইয়া শ্রীকলার হাটে গেল। সে মনে মনে সিন্দুর বিক্রয় করিতেছিল। দেবী সেখানে সিন্দুরিয়া নাগরূপে লুকাইয়া থাকিল। দাড়ি ধরিয়া দণ্ডপাণি সিন্দুর মাপিতেছে, দেবী বালার কনিষ্ঠ অঙ্গুলিতে দংশন করিল। বালা আর্তনাদ করিয়া টলিয়া পড়িল। নাগের কামড়ে বালা জীবন হারাইল। সকলে ধরাধরি করিয়া তাহাকে চাঁদের সাক্ষাতে লইয়া গেল। শোকে বিমর্ষ চাঁদ কানীর উচ্ছিষ্ট দেহ গঙ্গায় ভাসাইতে লেঙ্গাকে বলিল। লেঙ্গা চাঁদের মৃত পুত্রকে ভাসাইয়া

CENTRAL LIBRARY

দিল। পদ্মার বিবাদে চাঁদের পাঁচ পুত্র মরিল। পুত্র পুত্র বলিয়া চাঁদ দুঃখে কাঁদিতে লাগিল।

চাঁদের পাঁচ পুত্রকে সর্পে দংশন করিল। চাঁদ অনুতাপে মাথায় হাত দিয়া কাঁদিতে লাগিল। বিষম সঙ্কটে রক্ষা করিতে শিবকে স্মরণ করিল। শোকাকুলা সোনকা বানিয়ানী দেহে মুষ্টি হানিয়া কাঁদিয়া অচৈতন্য হইল। চাঁদের পাঁচ পুত্রবধূ কাঁদিয়া আকুল। চাম্পালী-পুরবাসী, দাসদাসী সর্বজন কাঁদিতে লাগিল। হিঙ্গুলিয়া রথে চড়িয়া আকাশ-পথে থাকিয়া মনসা চাঁদের নিকট ফুলপানি চাহিল, বিনিময়ে তাহার পাঁচ পুত্র জীয়াইয়া দিবে বলিল। প্রত্যুত্তরে চাঁদ জানাইল—হেমতালের বাড়ি দিয়া তাহাকে পূজিবে।

পাঁচ পুত্রবধূ পাঁচ চিতায় অনুমৃতা যাওয়ার জন্য চিতা সজ্জিত হইল। পদ্মা নেতাইকে চাঁদের পাঁচ পুত্রবধূ অনুমৃতা হওয়ার প্রসঙ্গ জানাইলে নেতাই মৃত পাঁচ পুত্রের দেহ চুরি করিতে বলিল। পদ্মা সত্বর রথে করিয়া তাড়কা রাক্ষসীর কাছে গিয়া চাঁদের পাঁচ পুত্রের মৃতদেহ চুরি করিয়া আনিতে বলিল। তাড়কা মায়া বিস্তার করিয়া পাঁচ মড়া হরণ করিল। পদ্মা পাঁচ মড়াকে তাড়কার কাছে রাখিতে বলিয়া, যখন দেবী চাইবে তখন ফিরাইয়া দিতে বলিল। চাঁদের পঞ্চ পুত্রবধূর অনুমৃতা হওয়ার জন্য নির্মিত চিতার উপরে পদ্মার আদেশে জল বর্ষণ করা হইল। চিতা নিভিয়া গেল, অনুমৃতা হইতে না পারিয়া তাহারা গৃহে ফিরিয়া গেল। সোনকা পুত্রশোকে বিলাপ করিয়া কাঁদিতে লাগিল। চাঁদ ক্রোধে হেমতাল লইয়া সোনাকে মারিতে গেল। বিবাদিয়া চাঁদের দুর্মতি দেখিয়া সোনা ভয়ে ক্রন্দন ত্যজিল।

পাঁচ পুত্রের মরণে চাঁদের মন স্থির নয় ইহা সোনাকে জানাইয়া সে পাটনে যাইবার ইচ্ছা প্রকাশ করিল। কেবল পিতার অর্জিত ধনে নির্ভর না করিবার ইচ্ছায় ধনার্জনে বাণিজ্যে যাওয়ার জন্য চাঁদ সোনার মত চাহিল। সোনা ঘরে এত ধনসম্পদ থাকিতে তাহাকে দক্ষিণ পাটনে যাইতে বারণ করিল। ফুলপানি পুত্রকে সঙ্গে লইয়া চাঁদ অবশ্য পাটনে যাইবে বলিয়া সোনাকে বলিল। ছুতার কুশাইকে সত্বর ডাকিয়া আনিতে চাঁদ লেঙ্গাকে বলিল। সশিষ্যগণ কুশাই ছুতারকে লেঙ্গা ডাকিয়া আনা হইল। চাঁদ পাটনে যাইবার জন্য কুশাইকে ডিঙ্গা তৈয়ারী করিয়া দিতে বলিল। সশিষ্যবৃন্দ কুশাই বনে গিয়া নানা জাতি বৃক্ষ কাটিয়া চিরিয়া ফালি করিয়া, সারি সারি রাখিল

CENTRAL LIBRARY

এবং লোহার গজাল বসাইয়া আঁশ বাঁধিল। (মধুকর, বাঘমুখা, ভেড়ামুখা, ধাউরা, ভ্রমর, শীতলপাটি, উটমুখী, গোটা, কুচবন্ধ, মোহনগিরি, মরঙ্গিয়া, জাহাদ, গোড়া, পানসোই) এই চৌদ্দ ডিঙ্গা করিয়া চাঁদের ঠাঁই রাখিল। বুহিত দেখিয়া চাঁদ মহাখুসী হইয়া কর্ম্মীদের সন্তোষ করিয়া বিদায় করিল।

ডিঙ্গা দেখিয়া মহাআনন্দিত চাঁদ বুড়া জ্যোতিষকে ডাকিয়া আনিতে লেঙ্গাকে বলিল। লেঙ্গা ছুটিয়া গিয়া জ্যোতিষকে চাঁদ তলপ করিয়াছে এই সংবাদ দিল। হাতে পাঁজিপুথি জ্যোতিষ শুভতিথিযোগে চাঁদের নিকট উপস্থিত হইল। চাঁদ দৈবজ্ঞকে পাটনে যাওয়ার শুভদিন ঠিক করিয়া দিতে বলিল। গড়ি পাতিয়া দৈবজ্ঞ দেখিল বানিয়ার পাটনে যাওয়া ভাল হইবে না। দৈবজ্ঞ চাঁদকে বলিল, তাহার সর্বত্র কুশল, কেবল এক অমঙ্গল—পদ্মার সঙ্গে বিবাদ। প্রথমে রাজার সঙ্গে দ্বন্দ্ব বাধাইবে, পরে চৌদ্দ ডিঙ্গা সাগরে ডুবিবে। তারপর চাঁদ মাথা মুড়াইবে, শেষে ছয় বধূর হাতে চোর ধরা পড়িয়া উৎপাটিতশ্মশ্রু হইবে। মনসাকে ফুলজল দিয়া দক্ষিণ পাটনে গেলে মঙ্গল হইবে। চাঁদ ক্রোধে দৈবজ্ঞকে বন্দী করিতে আদেশ দিয়া বলিল—সাধু বাণিজ্য হইতে না ফিরা পর্য্যন্ত জ্যোতিষ বন্দী থাকিবে এবং সত্য হইলে তাহাকে পঞ্চগ্রাম দিবে, আর মিথ্যা হইলে তাহার মাথা মুড়াইয়া লাঞ্ছনা করিবে। সাধুর খুসীখেয়ালে জ্যোতিষ বন্দীশালায় আবদ্ধ হইল।

দৈবজ্ঞের ভবিষ্যদ্বাণী শুনিয়া সোনার প্রাণ ভয়ে কাঁপিয়া উঠিল। পাঁচ পুত্রের মৃত্যুজনিত আত্ম-অসহায়তা ও পদ্মার বৈরিতায় চাঁদের প্রাণ-সংশয় আশঙ্কা করিয়া সোনকা চাঁদকে পাটনে যাইতে বারণ করিল। কঠিনহৃদয় চাঁদ সোনকার কথায় কর্ণপাত না করিয়া লেঙ্গাকে নানা দ্রব্যসম্ভারে ডিঙ্গা ভরাইতে নির্দ্দেশ দিল। পাটনে বদলবাণিজ্যের জন্য চাঁদের নির্দ্দেশিত বিভিন্ন সামগ্রীসম্ভারে সজ্জিত বুহিতসমূহ দেখিয়া চাঁদ সদাগর খুসী হইল। চাঁদ সর্বদেবগণের পূজার ইচ্ছা প্রকাশ করিয়া গঙ্গাস্নান অন্তে নানামত ভাবে পূজা আরম্ভ করিল। প্রথমে ধর্ম্মের নামে বিল্বপত্র অঞ্জলি দিল এবং বিষহরির নিন্দা করিয়া কুলদেবতা গন্ধেশ্বরী ও ব্রহ্মাবিষ্ণু-হরিহর আদি সর্ব দেবতার পূজা সাঙ্গ করিল। মৎস্যরাঙ্গারূপে দেবী বিষহরি চাঁদকে ডাকিয়া কেবল পুষ্পবৃন্তে তাহার পূজা করিতে বলিল এবং বিনিময়ে তাহাকে কলিঙ্গ-ভূপতি করিবে —ইহা জানাইল। চাঁদ দেবীকে সক্রোধ তিরস্কারে হেমতালের প্রহারের

CENTRAL LIBRARY

ভয় দেখাইল। মনসা চাঁদকে দক্ষিণ পাটনে ইহার প্রতিফল দিবে এই আক্রোশ-পূর্ণ অভিব্যক্তি করিল।

চাঁদ সদাগরের বাণিজ্যযাত্রা দেখিতে প্রজাসমাগম হইল। সদাগর তাহাদের মধুর ভাষণে সন্তুষ্ট করিল এবং পুত্র কুলপাণিকে দাড়িমাঝি সহ নৌকায় চড়িতে বলিল। চাঁদের জন্য নির্দ্দিষ্ট নৌকা তাহার মনোরঞ্জনানুরূপ দ্রব্যাদি দ্বারা সুসজ্জিত করা হইল। সকুলপাণি চাঁদ সদাগর নাসিকা স্পর্শ করিয়া শুভক্ষণে যাত্রা করিল। পূর্ণঘট টলিয়া পড়া, চরণে উঝট লাগা, সম্মুখে শকুনি, ডাইনে শৃগাল—এই সকল নানা অমঙ্গলের লক্ষণ দেখিয়া সোনকা স্বামীর ধনজন ও প্রাণহানির আশঙ্কায় মনসাকে ফুলজল দিয়া তবে বাণিজ্যে যাইতে চাঁদকে মিনতি জানাইল। ক্রোধে অগ্নি-উপম সদাগর সোনকাকে তিরস্কার করিল এবং শিবভক্তির অহঙ্কারে মনসাকে নিন্দা ও তুচ্ছ করিয়া নৌকাতে চড়িয়া বসিল। দেব ত্রিলোচনকে প্রণাম করিয়া চাঁদ সদাগর বাণিজ্য-যাত্রা করিল।

ডিঙ্গা ঘুংঘুটি বাহিয়া, ভ্রমরাদহ পার হইয়া ভাগীরথী নদীতে পড়িল। চাঁদ মনাই কাণ্ডারীকে সেইদিন ভাগীরথীতে অপেক্ষা করিতে আদেশ দিল এবং পতিত-পাবনী গঙ্গার মর্ত্তে অবতরণ-কাহিনী বর্ণনা করিতে বলিল। (কাণ্ডারির মুখে ভগীরথের গঙ্গা আনয়নের বৃত্তান্ত ও গঙ্গার মাহাত্ম্য শ্রবণ করিয়া সাধু গঙ্গাজলে তর্পণ করিল এবং শিবপূজা সমাপনান্তে গঙ্গার অর্চ্চনা করিল। সাধুর ডিঙ্গা পাটন-অভিমুখে চলিল এবং বিভিন্ন অঞ্চল অতিক্রম করিয়া ত্রিবেণীতে পৌছিল। সাধু সেখানে তর্পণ করিল। সাগরসঙ্গম অতিক্রম করিয়া সাধু প্রথমে দাড়িকাদহ ও পরে কাঁকড়াদহ পৌছিল। দাড়িকা মৎস্য ও কাঁকড়ায় নৌকা আটক করিল। এলনের পাতা ও খই ছড়াইয়া দাড়িকা মৎস্যের ও পোড়ামহিষ জলে ফেলিয়া কাঁকড়ার আক্রমণ হইতে নৌকা রক্ষা করিয়া সাধু কড়িয়াদহ পৌছিল। মনাইর মুখে কড়ির মাহাত্ম্য শুনিয়া সাধু লোহার জালে কড়ি বন্দী করিয়া এবং প্রত্যাবর্তনের পথে তুলিয়া নেওয়ার ইচ্ছায় বালুচরে খাদ করিয়া সমস্ত কড়ি ভরিয়া রাখিয়া উপরে গোময় গুলিয়া দিল। কড়িয়াদহ পশ্চাতে ফেলিয়া সাধুর নৌকা শঙ্খদহে আসিয়া পড়িল। সাধু লোহার জালে শঙ্খ বন্দী করিয়া কড়িয়াদহের অনুরূপ এই দহের বালুচরে গর্ত খুঁড়িয়া শঙ্খনিবহ ভূপ্রোথিত করিল। সম্মুখে লঙ্কার অন্তর্ভুক্ত অঞ্চল দেখিয়া নানা বাদ্যবাজনার সঙ্গে কোলাহল উত্থিত হইল এবং নৌকা লঙ্কার ঘাটে

CENTRAL LIBRARY

পৌঁছিলে চাঁদ সদাগরের আদেশে দামামা দগর ঢাক ঢোল বাজিয়া উঠিল।

বাদ্যশব্দ ও কোলাহল শুনিয়া লঙ্কানগরের লোক হারামখোরের আগমন আশঙ্কা করিয়া পলাইতে আরম্ভ করিল। এই সংবাদ নৃপতিকে জানান হইলে তিনি কোটালকে লোক-পলায়নের কারণ নিরূপণের জন্য সসৈন্যে গমন করিতে আদেশ দিলেন। হারামখোর হইলে মারিয়া খেদাইবার ও সাধু সদাগর হইলে নগরে আসিতে দিবার রাজাদেশ শিরোধার্য করিয়া সসৈন্য কোটাল ঘাটে চলিল। নৌকা হইতে অবতরণ করিয়া সাধু নদীর কূলে পাতান বিছানায় বসিল। এমন সময় রাজার কোটাল আসিয়া তাহার পরিচয় এবং পঞ্চশব্দী বাদ্য বাজাইবার কারণ জিজ্ঞাসা করিল। সদাগর পিতৃপরিচয় প্রকাশে বাণিজ্যাভিলাষ জানাইয়া আত্মপরিচয় দিল। কোটাল তাহাকে নগরে প্রবেশের জন্য রাজার আদেশের অপেক্ষা করিতে বলিয়া রাজা চন্দ্রধরকে কোটিশ্বরের পুত্র সাধু চন্দ্রপতির আগমন-সংবাদ জানাইল। কোটালের নিকট সাধু মহাজনের বাণিজ্যসফর-প্রসঙ্গ জ্ঞাত হইয়া রাজা সাধুকে লইয়া আসিবার জন্য কোটালকে আদেশ করিল। কোটাল আসিয়া রাজাদেশ জানাইলে সাধু আশ্বস্ত ও আনন্দিত হইল।

চাঁদ সদাগর নানা ভেটদ্রব্যসম্ভার লইয়া শুভক্ষণে রাজা চন্দ্রধরকে ভেটিতে চলিল। সদাগর রাজদ্বারে পৌঁছিলে দ্বারী রাজাকে সংবাদ দিল। দ্বারী সাধুকে রাজসকাশে লইয়া গেলে সাধু রাজাকে প্রণত নমস্কার জানাইল ও রাজা তাহাকে সাদরে গ্রহণ করিয়া বসিতে আসন দিল। রাজা সাধুর নামও নিবাস জিজ্ঞাসা করিল। সাধু নিজ নাম চন্দ্রপতি, চাম্পালি নগরে বসতি, পিতা কোটিশ্বর ও বহুবার পিতার লঙ্কায় আগমন ইত্যাদি তথ্য জানাইল। সাধু চন্দ্রপতির সঙ্গে নামসাদৃশ্যে রাজা চন্দ্রধর সাধুকে মিত্র বলিয়া সম্ভাষণ করিল। রাজার সম্মুখে ভেট লইয়া সাধু করজোড়ে দাঁড়াইলে রাজা অদৃষ্টপূর্ব বস্তু নারিকেলের নাম জানিতে চাহিল। সাধু নারিকেলের জল ও শাঁসের দ্রব্যগুণ ব্যাখ্যা করিল। পরদিন প্রভাতে দ্রব্যসম্ভারের পরিচয় নেওয়ার ইচ্ছা জানাইয়া রাজা সাধুকে বিদায় দিল।

অন্যদিকে চাঁদকে কিভাবে শাস্তি দেওয়া যায় পদ্মা নেতাইর সঙ্গে যুক্তি করিল এবং তাহার পরামর্শে পদ্মাবতী দৈবজ্ঞরূপ ধরিয়া রাজসভায় উপনীত হইল। দৈবজ্ঞ শুভ শুভ শব্দে রাজার কুশল, সংসারের সুখ, প্রজার কুশল

CENTRAL LIBRARY

ও সর্ব দুঃখ খণ্ডন হউক এই আশীর্বাদ করিলে রাজা তাহার নাম, নিবাস ও কি কার্যে আগমন ইত্যাদি জানিতে চাহিল। উত্তরে দৈবজ্ঞ নিজ নাম—শিরোমণি, আপন গুণ-বৈশিষ্ট্য—ত্রিভুবনের ভূত ভবিষ্যৎ গণনা ও ভিক্ষালাভের অভিলাষ রাজসকাশে নিবেদন করিল। রাজা পরীক্ষাছলে আজ কি কি ফল উপহার পাইয়াছে তাহা জানিতে চাহিল। দৈবজ্ঞ কপট ভূমি-অঙ্ক পাতিয়া ঘন ঘন মাথা নাড়িল। কিছুক্ষণ নীরব থাকিয়া ধীরে ধীরে রাজাকে জানাইল যে এক সাধু তাহার দেশে আসিয়াছে। সে নানা মিষ্ট ফলের সঙ্গে বিষফল মিশাইয়া দিয়াছে। ভিতরে জল বড় বড় ফলগুলি খাইয়া রাজা প্রাণত্যাগ করিবে ও সাধু অনায়াসে তাহার রাজ্যধন লাভ করিবে। দৈবজ্ঞের কথা বিশ্বাস করিয়া রাজা সাধুকে বন্দী করিবার জন্য কোটালকে আদেশ দিল। কোটাল সাধুকে বন্দী করিয়া আনিল। এদিকে চাঁদ তাহাকে চিনিয়া ফেলিবে ভাবিয়া পদ্মাবতী অন্তর্দ্ধানের জন্য ব্যাকুল হইয়া উঠিল।

পদ্মার বৈরিতায় এইরূপ ঘটিয়াছে বলিয়া সাধু কোটালকে জানাইলে সে নৃপতির নিকট সাধুর নির্দ্দোষিতা নিবেদন করিল। রাজা সাধুকে সত্বর সভায় আনিতে বলিল। পদ্মার সঙ্গে তাহার ত্রিভুবন-পরিজ্ঞাত বিবাদের উল্লেখ করিয়া সাধু দৈবজ্ঞের সাক্ষাতে নিজে ঐ ফল ভক্ষণ করিয়া সত্যাসত্য পরখ করিবার মিনতি জানাইল।

রাজা দৈবজ্ঞকে ডাকিয়া আনিতে কোটালকে আদেশ করিল। কিন্তু দৈবজ্ঞকে পাওয়া গেল না। রাজা সদাগরকে নারিকেলের শাস ও জল খাইতে বলিল। স্নান সমাপন করিয়া সাধু রাজসভায় যথা-আজ্ঞা নারিকেল ভক্ষণ করিল। বেলা তৃতীয় প্রহর অতিক্রান্ত। তথাপি সাধুর প্রাণনাশ হইল না দেখিয়া রাজা লজ্জিত হইল এবং অপরাধের জন্য সাধুর নিকট ক্ষমা চাহিল। সপাত্রমিত্র রাজা নারিকেল খাইয়া পরিতুষ্ট হইল।

রাজার আদেশে ভাণ্ডার হইতে চাঁদের ভেটদ্রব্যসকল আনিত হইলে রাজা পাত্রমিত্র সহ দ্রব্যাদি আহার করিয়া আনন্দিত হইল।

রাজা তাহার দেশের সঙ্গে তুলনা করিয়া আম জাম ইত্যাদি নানা ফল-সম্ভারের জন্য সাধুর দেশের প্রশংসায় কলকণ্ঠ হইল এবং একটি নারিকেল গাছ সংগ্রহ করিয়া দিবার জন্য আকুলতা জানাইল। বিনিময়ে রাজা সাধুকে পঞ্চরত্ন অঙ্গীকার করিল। কৈলাসে দুইটি মাত্র নারিকেল গাছের অবস্থান সাধু রাজাকে জ্ঞাপন করিল। কি উপায়ে পাটনে নারিকেল গাছ আনয়ন

CENTRAL LIBRARY

করা যায় তাহা রাজা জানিতে চাহিলে সাধু বলিল যে দশ লক্ষ টাকা দিলে তাহার ঈপ্সিত নারিকেল গাছ মিলিবে। সাধুর মুখে নারিকেল বৃক্ষের জন্ম, বৃদ্ধি, ঝোকা ঝোকা ফলসম্ভার ও ফল রক্ষণার্থে প্রহরী নিয়োগের কথা শুনিয়া কৌতূহল-ক্ষিপ্ত রাজা নারিকেল আহরণে চাম্পালি যাওয়ার অভিপ্রায় জানাইল। সাধু রাজাকে পর্বতে সাপ ও বাঘের ভয় দেখাইল। তথাপি রাজা সসৈন্যে নারিকেল ফল সংগ্রহে অভিযানের ইচ্ছা জানাইল। শিবভক্ত ছাড়া অন্য কেহ এই ফল তুলিতে পারে না শুনিয়া রাজা অবশেষে নিবৃত্ত হইল।

রাজা সওদাগরকে দ্রব্য লেনদেন করিতে বলিল। নৌকার গাবররা দ্রব্য আনিল। সাধু দাঁড়িপাল্লা লইয়া বসিল। সাধু রাজার সঙ্গে বদলবাণিজ্য করিয়া প্রচুর বিত্ত আহরণে আনন্দিত হইল। সাধু রাত্রিতে মহারঙ্গে ভোজন করিয়া নিদ্রামগ্ন হইল।

সোনকার রূপ ধরিয়া পদ্মাবতী সাধুকে স্বপ্নালিঙ্গন দিল। স্বপ্নদর্শনে সদাগর ব্যাকুল হইল ও স্বদেশে ফিরিবার ব্যগ্রতা জানাইয়া রাজার আদেশ যাচ্ঞা করিল। রাজা সদাগরকে নারিকেল পাঠাইবার কথা স্মরণ করাইল।

অন্যদিকে সাধুর পুত্র কুলপাণি লঙ্কার হাটে গিয়া পসার মেলিল। মায়া পাতিবার জন্য বৃদ্ধা ব্রাহ্মণীর রূপ ধরিয়া পদ্মা কুমারের সাক্ষাতে গেল। ঘরপালানো বধূকে মানাইবার জন্য ওঝার নির্দেশমত তিন কড়ার সিন্দুর সে কিনিতে চাহিল। ব্রাহ্মণীর কথা শুনিয়া বালক ক্রোধে ক্ষিপ্ত হইল এবং সিন্দুর না দিয়া কড়ি ছুড়িয়া ফেলিল। বালক মনে মনে সিন্দুর বিক্রয় করিতেছিল। দেবী সিন্দুরিঞা নাগ হইয়া সিন্দুরের স্তূপে লুকাইয়া ছিল। বালক দাঁড়ি ধরিয়া সিন্দুর মাপিবার সময় তাহার কনিষ্ঠ আঙ্গুলে দংশন করিলে সে মা বাপ বলিয়া টলিয়া পড়িল। পাঁচ সাতজনে তাহাকে কোলে করিয়া বাসাঘরে শোয়াইয়া দিল। মৃত্যুসংবাদ শুনিয়া চাঁদ পুত্রশোকে আকুল হইয়া আর্ত্তনাদে ধূলায় গড়াগড়ি করিল। চাঁদের আদেশে আম্রকদলীর ভুরে মৃতকে ভাসাইয়া দেওয়া হইল।

সমুদ্রে ভাসাইয়া দেওয়া চাঁদের মৃত পুত্রকে পদ্মা নিজের কাছে রাখিয়া দিল। দেবী বিশ্বকর্মাকে স্মরণ করিল। বিশ্বকর্মা আসিলে তাহাকে তাম্বুল অর্পণ করিল এবং জলের মধ্যে মেড় নির্মাণ করিয়া দিতে বলিল। দেবীর আদেশে বিশ্বকর্মা জলের মধ্যে পাষাণের মেড় নির্মাণ করিল। বিশাই

CENTRAL LIBRARY

ঘরে স্বর্ণ পালঙ্ক সাজাইয়া দিল। দেবী বরবটির রূপ পরিগ্রহ করিয়া সেখানে অবস্থান করিল। মেড় দেখিয়া দেবী সন্তুষ্ট হইল এবং বিশাইকে বর-আশীর্বাদে বিদায় করিল। পদ্মা তাড়কা রাক্ষসীকে ডাকিতে লাগিল। তাড়কা রাক্ষসী অবিলম্বে উপনীত হইল। তাহার কাছে চাঁদের ছেলেদের পাঁচটি মৃত দেহ গচ্ছিত আছে এই বলিয়া পদ্মা তাহাকে আরও একটি গ্রহণ করিতে নির্দ্দেশ দিল এবং মেড়ের ভিতরে অবস্থান করিতে বলিল।

পুত্রবিয়োগে বেদনা-বিষণ্ণ চাঁদ কি উপায়ে পদ্মার বিবাদের পরিসমাপ্তি ঘটিবে তাহা গঙ্গাধরকে জিজ্ঞাসা করিল। ব্রাহ্মণ গঙ্গাধর তাহাকে যাহা করিলে ভাল হয় তাহা করিতে পরামর্শ দিয়া মনসার অমিত প্রতাপ, সমুদ্র মন্থনে উত্থিত বিষ ভক্ষণে সংশয়িত-জীবন শিবকে প্রাণদান এবং দুর্গাও ব্রহ্মাদি দেবগণের নিকট তাহার মান ইত্যাদি উল্লেখ করিয়া মনসাপূজার ইঙ্গিত করিল। চাঁদ ইহাতে সক্রোধ তাচ্ছিল্য প্রকাশ করিল। এমন সময় অন্তরীক্ষ হইতে দেবী গন্ধেশ্বরী চাঁদকে জানাইল যে এইবার তাহার এক বড় বিদ্যাধর পুত্র জন্মলাভ করিবে। পুত্রশোকক্লিষ্ট, ক্রুদ্ধ চাঁদ মনসাকে মারিবার উপায় চিন্তনে সসৈন্যে ত্রিবেণী বেষ্টন করিয়া মনসানিধনান্তে মনের সন্তাপ ঘুচাইবে স্থির করিল। রাজার নিকট হইতে বিদায় লইয়া সাধু নিজ দেশাভিমুখে যাত্রা করিল। চাঁদ পাইক ও গাবরদের দ্রুত বহিত্র চালাইয়া ত্রিবেণীতে পৌঁছিতে আদেশ দিল। বিষহরি চমকিত হইয়া নেতাইকে ইহার কারণ জিজ্ঞাসা করিল। নেতাই মনসা-নিধনের নিমিত্ত চাঁদের নৌ-অভিযানের কথা দেবীকে জানাইল। দেবী ভয়ে ময়নানগরে পলাইয়া যাইতে চাহিলে নেতাই তাহাকে নিবৃত্ত করিল এবং চারি পবনকে স্মরণ করিতে পদামর্শ দিল। দেবী স্মরণ করিতেই চারি মেঘ আসিয়া উপস্থিত হইল এবং যথাকার্য্যের আদেশ যাচঞা করিল। দেবী চারি মেঘকে চাঁদের বহিত্রসমূদয় ডুবাইতে আদেশ দিল। দেবীর নির্দ্দেশমত মেঘচতুষ্টয় বহিত্রবহরে প্রবল বাতাস তুলিল। তাহাতেও চাঁদের ডিঙ্গাসকল নিমজ্জিত হইল না দেখিয়া নেতাই পদ্মাকে সকল নদনদী ও উনপঞ্চাশ বায়ু, হনুমান প্রভৃতিকে ডাকিতে বলিল। পদ্মার আদেশে মেঘগণ চাঁদের বহিত্রের উপর শিলাবৃষ্টি করিল। প্রচণ্ড ঝড় ও শিলাবৃষ্টি চাঁদের নৌকার চাল খণ্ড খণ্ড করিল ও উড়াইল। ডিঙ্গা ডুবু ডুবু। প্রমাদ গণিয়া চাঁদ গঙ্গার নিকট শত ছাগ বলিদানে পূজা মানস করিল। চাঁদের ডিঙ্গা তথাপি ডুবিল না দেখিয়া নেতাইর পরামর্শমত পদ্মা সমস্ত নদনদীকে আমন্ত্রণ করিয়া

CENTRAL LIBRARY

আনিল। এইবার গঙ্গাতে উত্থিত উত্তুঙ্গ তরঙ্গ দেখিয়া গাবরগণ ত্রাসে ক্রন্দনের রোল তুলিল। চাঁদ ধনপ্রাণ হারাইবার ভয়ে আকুল হইল। সমুদ্রসঙ্কট উত্তরণের জন্য পাত্রমিত্রগণ চাঁদকে বিষহরিকে স্মরণ করিতে বলিল। সমুদ্রের জলে ডুবিয়া মরিলেও চাঁদ কানীর পূজা করিবে না এই অটল সংকল্প জানাইল এবং তাহাকে সাক্ষাতে পাইলে হেমতালপ্রহারে অভিনন্দন দিবার ইচ্ছা প্রকাশ করিল। ত্রিবেণী-গঙ্গা পশ্চাতে ফেলিয়া সাধুর ডিঙ্গা কাঁকড়াদহে পৌঁছিল। পদ্মা গঙ্গাকে চাঁদের 'বুহিত' ডুবাইতে মিনতি জানাইল। গঙ্গা আকাশে নড়িয়া উঠিল। গঙ্গার প্রবল জলস্ফীতি দর্শনে চাঁদের অন্তরে ত্রাসের সঞ্চার হইল। পদ্মার স্মরণে হনুমান আসিয়া উপস্থিত হইল ও চাঁদের ডিঙ্গাসকল ডুবাইতে আদিষ্ট হইল। হনুমান চাঁদের নৌকায় চড়িয়া বসিল, ইন্দ্র ঝড় বর্ষণ করিল। চাঁদের বহিত্রনিবহ কাঁকড়ার জলে নিমজ্জিত হইল। ডিঙ্গা মধুকর নিমজ্জনে চাঁদ টেপা মৎস্যের ন্যায় জলে ভাসিতে লাগিল ও পদ্মা রথের উপর বসিয়া খলখল হাসিতে উচ্ছ্বসিত হইল। চাঁদ কখনও ভাসে, কখনও ডুবে দেখিয়া দয়াপরবশে সেবকবৎসলা পদ্মা কমলের ভেলা পাঠাইয়া দিল। পদ্মজন্মনা মনসার সহিত নাম-সংশ্লিষ্ট বলিয়া ক্রুদ্ধ চাঁদ পদ্মের ভেলা ঘৃণাভরে প্রত্যাখ্যান করিল। সাধুর নিকট হইতে পূজা পাওয়া প্রত্যাশায় পদ্মা সাধুকে প্রাণে না মারিবার জন্য সাগরকে অনুরোধ জানাইল। ভাসিতে ভাসিতে চাঁদ কূলে পৌঁছিল।

তীরে উঠিয়া চাঁদ অধোমুখে বসিয়া রহিল। পদ্মা বৃদ্ধা ব্রাহ্মণীর রূপ ধরিয়া তাহার নিকটে গেল। তাহার দুর্ভাগ্য-দুঃখের কথা শুনিয়া তাহাকে রন্ধনভোজনে প্রাণরক্ষার উপদেশ দিল। বনের শাক রন্ধন করিয়া সাধু ভোজনে বসিলে পদ্মাবতী কাকরূপে পাতে বাহ্যি করিল। চাঁদ শিব শিব বলিয়া একপার্শ্বে সরিয়া গেল। উপবাসকাতর চাঁদ অপবিত্র হাঁড়িহস্তে ভিক্ষায় বাহির হইল। পাগল মনে করিয়া নগরিয়া শিশুগণ তাহার প্রতি ইট পাথর নিক্ষেপ করিল। পরিত্রাণপ্রত্যাশী চাঁদ আত্মপরিচয় দিল। অপরিচয়হেতু লোকজন পরিহাসপ্রতুল অভিব্যক্তি করিল। সুদর্শন ও সুদেহী ভিক্ষার্থী দেখিয়া কেহ কেহ চাঁদকে ভিক্ষা দিল। ভিক্ষালব্ধ চাউল কড়ি ও ধান লইয়া সাধু এক ভাঙ্গা ঘরে আশ্রয় নিয়া এক কোণে ঢালিয়া রাখিল। মনসা ইহা জানিতে পারিল এবং গণেশের নিকট হইতে দুই দণ্ডের জন্য তাহার মূষিক চাহিয়া আনিয়া চাঁদের ধান্য চুরি করাইল। চাঁদ ইহাতে বিষাদ ভাবিয়া বনে ঘুরিয়া বেড়াইতে লাগিল। মৃগয়া-প্রয়াসী ব্যাধগণ আঠালিপ্ত সাতকাঠি ও জালদড়ির ফাঁদ রচনা করিয়া স্থান বেষ্টন করিল ও পক্ষীর আহার

CENTRAL LIBRARY

ছড়াইয়া দিল। আহার পাইয়া পক্ষীকুল মনের সুখে চরিতে লাগিল। চাঁদ বানিয়া মনের দুঃখসূচক হায় শব্দাভিব্যক্তি করিয়া উঠিল। সাধুর এই শব্দ শুনিয়া পক্ষীসকল উড়িয়া গেল। সকল ব্যাধ মিলিয়া চাঁদ বানিয়ার পক্ষীতাড়নাপরাধে তাহার চুল চাপিয়া ধরিয়া কিলাইয়া চাঁদকে নির্যাতন করিল এবং গণ্ডস্থলে চপেটাঘাত করিয়া মুক্তি দান করিল। সেখান হইতে চাঁদ কাঁদিতে কাঁদিতে তাহার মিত্র চন্দ্রকেতুর গৃহে উপনীত হইল। মনসার বৈরিতায় তার দুর্ভাগ্য-দুর্দশার কাহিনী বলিয়া মিত্রসুলভ উপকার যাচঞা করিল। অনেক দিন পর দূরাগত বন্ধুকে স্বগৃহে পাইয়া আগে পাদপ্রক্ষালনের জল ও পিড়ি দিয়া পরে মনসার ঘটস্থাপিত ঘরে বসাইল। চাঁদ সিংহাসনে সংস্থাপিত মনসার যুগল ঘট দেখিতে পাইয়া ক্রোধক্ষিপ্ততায় হেমতালের লাঠি লইয়া সেই ঘট ভাঙ্গিতে গেল। চাঁদের বুদ্ধিভ্রংশ হইয়াছে দেখিয়া চন্দ্রকেতু তাহাকে ধরিয়া ফেলিল এবং দেবতার সঙ্গে বিবাদ করার হতবুদ্ধিতার জন্য তিরস্কার করিল। চাঁদের বাতুলতার জন্য সকলে তাহাকে অর্দ্ধচন্দ্র ও প্রহারে অভিনন্দন দিল। চন্দ্রকেতু চাঁদ বানিয়াকে শেষে অপমান করিয়া নিজ গৃহ হইতে তাড়াইয়া দিল।

অপমানে অভিষিক্ত চাঁদ সদাগর বিষন্নচিত্তে বনপথে চলিতে লাগিল। হতবল চাঁদ লাঠিহস্তে শ্রীকলার হাটের পথ ধরিল। পথে ভারবাহী জনের জন্য অপেক্ষমাণ কুম্ভকারের সঙ্গে দেখা হইলে চারি পণ কড়ির বিনিময়ে ভারবহনে চাঁদ নিযুক্ত হইল। চাঁদ অগ্রিমলব্ধ কড়ি ধুতিতে গ্রন্থিবদ্ধ করিয়া ভার স্কন্ধে লইল। ভার লইয়া চাঁদ কিছু দূর গেলে পদ্মাবতী বিকট ব্যাঘ্রমূর্তিতে বনে গর্জ্জন করিতে লাগিল। ব্যাঘ্র দেখিয়া ভয়ে চাঁদ কাঁধের ভারের হাঁড়ি সব ভাঙ্গিল। কুম্ভকার কোন ব্যাঘ্র দেখিতে পাইল না—সে সাধুর মস্তকে পাদুকা প্রহার করিয়া কড়ি সহ পরিধানের ধুতি কাড়িয়া লইল। দিগবসন সাধু বৃক্ষবল্কলে শিকল তৈরী করিয়া তাহা পরিয়া শ্রীকলার হাটে গেল। তখন পদ্মা দৈবজ্ঞের মূর্তি ধরিয়া কোটালের নিকট গেল এবং ত্রিভুবনপরিজ্ঞাত দৈবজ্ঞ রতন এই পরিচয়ে আপনগণনাশক্তি বিষয়ে আত্মপ্রশংসার পর কপট খড়ি পাতিয়া হাটে এক চোর প্রবেশের সংবাদ তাহাকে জানাইল। চোর কোথায় আছে কোটাল তাহা জানিতে চাহিল। দৈবজ্ঞের গণনামত হাটের পূর্ব দিকে এক বৃক্ষতলে চোরকে পাওয়া গেল। কোটালের ফৌজ তাহাকে ধরিয়া আনিলে কোটাল চোরের মুণ্ড কাটিতে আদেশ দিল। এই চোরের রক্ত নগরে পড়িলে লোকের মহাদুঃখ হইবে দৈবজ্ঞপ্রমুখেইহা শুনিয়া চোরের মাথা ইচ্ছানুযায়ী মুড়াইয়া, ঢেড়া বাজাইয়া, ঘোল ঢালিয়া তাহাকে নগরের বাহির করা হইল।

CENTRAL LIBRARY

কাঁদিতে কাঁদিতে চাঁদ বনে গিয়া এক বৃক্ষতলে বসিয়া দুঃখভরে কাঁদিতে লাগিল। পরে মনসার দেওয়া অসীম দুঃখ স্মরণ করিয়া দর্পাভিব্যক্তিতে চাঁদ বলিল, ষোল শত পাথরে মেড়ঘর নির্মাণ করিয়া মনসার নাগবল বন্দী করিয়া মনের দুঃখ ঘুচাইবে। তারপর চাঁদ নগরে গিয়া ভিক্ষা করিয়া গঙ্গার কূলে রন্ধন সমাপ্ত করিল। ভাঙ্গা খোলায় অন্ন বাড়িয়া চাঁদ খাইতে বসিল। শঙ্খ চিলরূপে দেবী তাহা ছোঁ মারিয়া লইয়া গেল। চাঁদ বলিয়া উঠিল—কানী তাহার উচ্ছিষ্ট লইয়া গিয়াছে। দেবী চাঁদকে খোলা ছুড়িয়া মারিল। চাঁদের মাথা ফাটিয়া চৌচির হইল। বিষণ্ণমনা চাঁদ ভূমিতে লোটাইয়া ক্রন্দনাকুল হইল। চাঁদ তাহার গৃহ ও সোনকার কথা ভাবিয়া বিস্তর ক্রন্দন করিল। পদ্মার মনে দয়া উপজিল। দেবী পঞ্চযোগিনী মূর্তিতে চাঁদের সম্মুখে অবতীর্ণ হইয়া সাধুর পরিচয় জিজ্ঞাসা করিল। যোগিনীর নিকট হইতে পথনির্দেশ জ্ঞাত হইয়া এক মাসের পথ তিন দিনে অতিক্রম করিয়া সাধু চাম্পালির নিকটে পৌঁছিল।

মনসা দৈবজ্ঞ ব্রাহ্মণীর রূপ ধারণ করিয়া হাতে পাঁজিপুথি লইয়া সোনকার নিকট গেল। সোনকা ভক্তিভরে তাহাকে উত্তম আসনে বসিতে দিল এবং তাহার স্বামী ও পুত্র কখন গৃহে ফিরিবে তাহা জানিতে চাহিল। দেবী খড়ি পাতিয়া গণিয়া সেই দিন সন্ধ্যার পর তাহার গৃহে এক চোরের উপদ্রব ঘটিবে বলিয়া সোনকাকে সতর্ক করিয়া দিল। দেবী চাঁদের নিকট ফিরিয়া আসিল এবং গ্রামে রাত্রিবাস না করিয়া সোনকার সঙ্গে দেখা করিবার পরামর্শ দিল। চাঁদ গোধূলি সন্ধ্যায় গৃহে প্রবেশ করিল এবং পুত্রবধূ ও সোনকার হস্তে প্রহৃত ও নির্যাতিত হইয়া মৃতপ্রায় পড়িয়া রহিল। পরিশেষে পলাইয়া চাঁদ ঢেকিশালে আশ্রয় লইল। রজনী প্রভাতে ঢেকিশালে উঁকি মারিয়া বেশভূষাহীন, শীর্ণদেহ, দাড়ি গোঁফ ও চুলে বিকটাকৃতি সাধুর দুর্গতি দেখিয়া বিষণ্ণা সোনকার বাক্যস্ফূর্তি হইল না। চাঁদ সোনকাকে মনসার বৈরিতার ধনজন ও কুলপাণিকে হারাইয়া ভাগ্যগুণে প্রাণরক্ষার কথা জানাইল। সোনকা তাহা শুনিয়া মস্তকে আঘাত হানিয়া ভূলুণ্ঠিত হইয়া মনের দুঃখে কাঁদিতে লাগিল। শোকাকুলা সোনকাকে চাঁদ মহেশের পূজা করিয়া পুত্রবর লাভ করিবে বলিয়া সান্ত্বনা দিল।

চাঁদকে এত দুঃখ এবং লাঞ্ছনা দেওয়া সত্ত্বেও পদ্মার পূজা না করায় পদ্মা পৃথিবীতে অপূজ্য হইয়া থাকার দুঃখে কাঁদিতে লাগিল। পাত্রদের পরামর্শানুরূপ পদ্মা শিবের সহিত সাক্ষাৎ করিয়া চাঁদ সওদাগরের হাতে অপূজ্য থাকার দুঃখ ও

CENTRAL LIBRARY

তাহার দুর্ব্যবহারের কথা নিবেদন করিল। শিব নারদকে পাঠাইয়া সকল দেবতাকে ডাকাইয়া আনিল এবং চাঁদের নিকট হইতে পদ্মা কি উপায়ে পূজা পাইবে তাহা বিষ্ণুকে জিজ্ঞাসা করিলে বিষ্ণুর নির্দ্দেশে ব্রহ্মা পুরাণ দেখিয়া জানাইল যে সাবিত্রীকে ভণ্ডন করিলে পদ্মা চাঁদের হাতে ফুলজল পাইবে। ইন্দ্র-আয়োজিত নৃত্যানুষ্ঠানে সাবিত্রী ও সত্যবানের (জন্মান্তরে অনিরুদ্ধ) তালভঙ্গ ও ইন্দ্রের অভিশাপ ঘটাইয়া তাহাদের জীব লইয়া পদ্মা আপন আলয়ে প্রত্যাবর্তন করিল। নেতার পরামর্শে মনসা মহেশ্বররূপ ধারণ করিয়া স্বপ্নে চাঁদকে পুত্রবর দিয়া সোনকার গর্ভে সত্যবান এবং পরে মেনকার গর্ভে সাবিত্রীর জন্মপরিগ্রহের ব্যবস্থা করিল।

বৃদ্ধ চাঁদ সদাগরের এক পুত্র জন্মিল। শিশুর নাম রাখা হইল লক্ষীন্দর। সাধু দৈবজ্ঞ মনাইকে ডাকিয়া গণনা করাইল। দৈবজ্ঞ গণনা করিয়া বলিল যে জাতকের সর্ব্বত্র মঙ্গল, কেবল একমাত্র অমঙ্গল বিবাহ-রাত্রে সে কালসর্পদষ্ট হইবে। সপ্তম বৎসরে শিশুর যথাবিধি কর্ণবেধের পর বিদ্যারম্ভ হইল। তখন উজানি-নিবাসী বাছো সদাগরের সাত পুত্রের পর এক কন্যা জন্মিল। কন্যার নাম রাখা হইল বেহুলা নাচনী। পনর অতিক্রম করিয়া লক্ষীন্দর ষোল বৎসরে পদার্পণ করিল কিন্তু মনসার সঙ্গে বিবাদের কারণে চাঁদ পুত্রের বিবাহ দিল না। পদ্মা বৃদ্ধা ব্রাহ্মণীর রূপ ধরিয়া লক্ষীন্দরকে ছলনা করিতে পাঠশালা অভিমুখে গেল। বৃদ্ধা বঙ্কিম কটাক্ষে তাহার প্রতি বারংবার দৃষ্টিপাত করিলে লক্ষীন্দর তাহাকে হাস্য-পরিহাস করিল। ইহাতে ব্রাহ্মণী পরের সুন্দরী নারীকে পরিহাস করার জন্য তাহাকে তিরস্কার করিয়া সুন্দরী নারী বিবাহ করিতে বলিল। ইহাতে বালকের অভিমান হইল। গৃহে ফিরিয়া শয়নগৃহের কপাট বন্ধ করিয়া সে শুইয়া পড়িল। দ্বিপ্রহর পর্যন্ত পুত্র গুরুর পাঠশালা হইতে ফিরিয়া না আসায় সোনকা পুত্রের সন্ধানে সেখানে গেল। গুরুর নিকট পাঠশালা হইতে গৃহগমনের কথা অবহিত সোনকা প্রতিবেশিনী সখীদের বাড়ী বাড়ী গিয়া পুত্রের খোঁজ করিল। কোথাও সন্ধান না পাইয়া কাঁদিতে কাঁদিতে ঘরে ফিরিল ও রুদ্ধদ্বার শয়নগৃহে পুত্রের সন্ধান পাইল। মায়ের আহ্বানের উত্তরে পুত্র জিদ ধরিল—তাহাকে বিবাহ দিবার প্রতিশ্রুতি না দিলে সে দুয়ার খুলিবে না। পুত্রের কথা শুনিয়া সোনকা আতঙ্কিত হইল। বিবাহ-রাত্রিতে সর্পদংশনের কথা স্মরণ করাইয়া অভিলষিত বিবাহের পরিবর্তে সোনকা পুত্রকে শত জন

CENTRAL LIBRARY

দাসী করিয়া দিবে বলিয়া জানাইল। লক্ষীন্দর সোনকার কথায় কর্ণপাত না করিয়া শয়নগৃহে নিদ্রামগ্ন হইয়া পড়িল। লক্ষীন্দর অবিবাহিত থাকিলে সর্পদংশনজনিত মৃত্যু ও মনসার পূজা হইবে না বলিয়া নেতাইর পরামর্শে পদ্মাবতী স্বর্গের অপ্সরা কামসোনাকে ডাকিয়া লক্ষীন্দরের মাতুলানী কৌশল্যার মূর্তিতে তাহাকে স্বপ্নে প্রেমালিঙ্গনে ছলনা করিতে পাঠাইল। পরদিন স্বপ্নসহচরীকে সরোবরে স্নানার্থিনী দেখিয়া লক্ষীন্দর মাতুলানীর প্রতি কামদুর্বার আচরণে শৃঙ্গার উপভোগ করিল। কৌশল্যা ভাগিনার এই অনাচার সোনকাকে জানাইল। সোনকা কৌশল্যাকে বস্ত্রালঙ্কারে পরিতুষ্ট করিয়া হাতে ধরিয়া বিদায় করিল। সোনকা অবিলম্বে চাঁদকে এই সকল বিবরণ জানাইল। পুত্রের অনাচারে সাধু চিন্তিত হইয়া তাহাকে বিবাহ দিবার অঙ্গীকার করিল এবং মেড়ঘর নির্মাণ করিয়া গৃহাভ্যন্তরে নেউলী, ময়ূরীর ও গৃহের বাহিরে আপন প্রহরায় পুত্রকে বিবাহের রাত্রিতে রক্ষা করিবার অভিপ্রায় সোনকাকে জানাইল।

চাঁদ পুত্রের বিবাহের জন্য লেঙ্গাসহ কন্যার সন্ধানে যাইবার সংকল্প জানাইয়া কিছু লোহার কলাই সঙ্গে লইতে আদেশ করিল। লেঙ্গাকে সঙ্গে লইয়া বহু স্থান ঘুরিয়া পছন্দমত পাত্রী না পাইয়া ছয়ঘাটি সরোবরের পাড়ে বসিল এবং গৃহে ফিরিবার ইচ্ছা প্রকাশ করিল। সাধু গৃহে ফিরিয়া যাইতে উদ্যোগ করিতেছে দেখিয়া পদ্মা নেতাইকে বিবাহ ঘটাইবার উপায় জিজ্ঞাসা করিল। নেতাই পদ্মাকে ব্রাহ্মণীর মূর্তিতে বেহুলাকে বিবাহে উদ্বুদ্ধ করিয়া ছয়ঘাটি সরোবরে চাঁদের দৃষ্টিপথে পাঠাইতে পরামর্শ দিল। আপন মনে খেলারত বেহুলা ব্রাহ্মণীমূর্তি পদ্মার নিকট পূর্বজন্মকৃত পাপের জন্য তাহার বিবাহ বিঘ্নিত হইয়াছে, ছয়ঘাটি সরোবরে স্নানে পাপস্খালন হইবে ও স্বামী মিলিবে শুনিয়া মায়ের সম্মতি লইয়া সখীবৃন্দ সহ স্নান করিতে গেল। বেহুলা যেই ঘাটে স্নান করিতে যায় সেই ঘাটেই বিধবা ব্রাহ্মণীমূর্তি পদ্মাকে স্নানরতা দেখিয়া স্নান করিতে নামা এক সমস্যা হইল। শেষে সখীদের পরামর্শ মত ব্রাহ্মণীর পাশ দিয়া সকলে ঝাঁপাঝাঁপি করিয়া জলে নামিয়া পড়িল। ইহাতে বেহুলার পায়ের জল ব্রাহ্মণীর গায়ে ছিটাইয়া পড়িবার অপরাধে সে বেহুলাকে বিবাহের রাত্রিতে সর্পদংশনে তাহার স্বামীর মৃত্যুর অভিশাপ দিল এবং জলে ডুব দিয়া প্রদীপ, বাটি ও তিলকুশ তুলিয়া আপন তপঃশক্তি প্রদর্শন করিল। অভিশাপ-বাণী শুনিয়া ভয়ে বেহুলার প্রাণ কাঁপিয়া উঠিল। কঠোর অভিশাপ দেওয়ার

CENTRAL LIBRARY

জন্য সে ব্রাহ্মণীকে তিরস্কার করিল। অজ্ঞানে ব্রাহ্মণীর গায়ে পায়ের জল পড়িয়াছে বলিয়া এই অভিশাপ ফলিবে না—এই প্রতীতিদৃঢ়তার সঙ্গে ব্রাহ্মণীর শক্তিপরীক্ষার প্রতিস্পর্দ্ধিতায় ভাগ্যফল তুলিবার জন্য উভয়ে জলে ডুব দিল। বেহুলা তুলিল শঙ্খসিন্দুর, ব্রাহ্মণী তুলিল কুশ ও তামা। বেহুলা ব্রাহ্মণীকে তাচ্ছিল্যের সঙ্গে জানাইল, সে তাহার অভিশাপকে ভয় করে না।

চাঁদ সদাগর বৃক্ষতলে বসিয়া বেহুলার কার্য্যকলাপ দেখিয়া, ব্রাহ্মণীর সহিত কথা কাটাকাটি শুনিয়া লেঙ্গাকে এই অপরূপ কন্যার তথ্য জানিবার ইচ্ছা জানাইল এবং চাঁদের ইচ্ছানুযায়ী লেঙ্গা গৃহাভিমুখী কন্যার পরিচয় ডাকিয়া জিজ্ঞাসা করিল। সখীদের একজনের নিকট এই কন্যার পিতৃ-পরিচয় অবগত হইয়া লেঙ্গা চাঁদ সহ বাছো সদাগরের বাড়ী গেল, বাছো সদাগর সাদর অভ্যর্থনা করিয়া চাঁদকে বসিবার আসন দিল। চাঁদ পুত্র লখিন্দরের সহিত তাহার কন্যার বিবাহের প্রস্তাব করিল। বাছো কন্যাদান অঙ্গীকার করিলে চাঁদ শুভক্ষণে বিবাহের জোটন করাইল। বিবাহ জোটনের পর চাঁদ কন্যার পরীক্ষা লইবার অভিপ্রায় জানাইয়া লোহার কলাই কন্যাকে সিদ্ধ করিয়া দিতে বলিল। এই কাজ মানুষের অসাধ্য বলিয়া বাছো মন্তব্য করিল। বেহুলা লোকমুখে চাঁদের কন্যা-পরীক্ষার প্রস্তাব অবগত হইয়া পিতার নিকটে আসিলে চাঁদ তাহার হস্তে লোহার কলাই অর্পণ করিয়া তাহা সিদ্ধ করিয়া দিতে বলিল। এই সঙ্কটে বেহুলা পদ্মাকে স্মরণ করিল এবং লোহার কলাই সিদ্ধ করিয়া শ্বশুরের সম্মুখে রাখিল। চাঁদ ধন্য ধন্য করিতে লাগিল। এদিকে পদ্মা দৈবজ্ঞব্রাহ্মণীবেশে সোনকাকে সাধু কুলক্ষণা কন্যা নির্বাচন করিয়াছে বলিয়া ছলনা করিল।

কন্যা বরণ করিয়া চাঁদ সদাগর বাড়ী ফিরিলে কুলক্ষণা কন্যা বরণ করার জন্য সোনকা স্বামীকে ক্রোধাভিব্যক্তি জানাইল। সাধুর মুখে কন্যার রূপগুণের কথা শুনিয়া সোনকা খুসী হইল। চাঁদ লেঙ্গাকে পাঠাইয়া নগরের কারিগর ডাকাইয়া কাঁচের দরজা সমন্বিত পাথরের নিচ্ছিদ্র মেড় ঘর নির্মাণ করিয়া দিতে বলিল। সুনির্ম্মিত মেড় ঘর দেখিয়া চাঁদ আনন্দিত হইল। কামার ডাকাইয়া লোহার বেড়া দেওয়াইল। দেবীর অভয় ও আদেশ পাইয়া কামার মেড় ঘরে সুতার সঞ্চার রন্ধ্র রাখিল। মনাই চিত্রকর আসিয়া গৃহগাত্রে সুন্দর আলেখ্য নির্ম্মাণ করিল।

শুভক্ষণে চাঁদ সইষ্টমিত্রপাত্র লোকজন বাদ্যভাণ্ড লইয়া পুত্রের বিবাহ দিতে চলিল। সসৈন্য চাঁদ সদাগর হরসাধু মণ্ডলের দেশে উপনীত হইলে বাদ্য ও বাজির শব্দ শুনিয়া ভিন্ন দেশীয় রাজার দ্বারা দেশ আক্রান্ত ভাবিয়া জনগণ ভয়ে বাড়ীঘর

CENTRAL LIBRARY

ছাড়িয়া পলাইতে আরম্ভ করিল। অবশেষে হরসাধু এই সংবাদ পাইয়া পলায়নপর হইল। পদ্মা হরসাধু মণ্ডলকে পলাইতে বারণ করিয়া সসৈন্য চাঁদ সদাগরকে মারিয়া খেদাইতে প্ররোচিত করিল। পদ্মার প্রেরণায় সাধু বার জন পাইক সঙ্গে করিয়া সদলবল চাঁদ সদাগরকে আক্রমণ করিল। এই বিপর্যয়ে চাঁদের লোকজন প্রাণভয়ে পলাইল। চাঁদ সদাগর মাথায় হাত দিয়া কাঁদিতে লাগিল। পদ্মার আনুকূল্যে হরসাধুর এই ঔদ্ধত্য দেখিয়া মনোদুঃখে চাঁদ পুত্রের বিবাহ না দিয়া ঘরে ফিরিবার সিদ্ধান্ত করিল। পদ্মা বিবাদ সাধিবার অন্তরায় দেখিয়া ব্রাহ্মণীমূর্তিতে চাঁদের নিকট গেল এবং গৃহভৃত্যতুল্য হরসাধু মণ্ডলকে গুয়াপান-প্রসাদ অর্পণে বিদায় করিতে পরামর্শ দিল। চাঁদ সদাগর হরসাধুকে গুয়াপান দিলে সে ক্ষমাভিক্ষা চাহিয়া প্রণতি জানাইয়া আনন্দে ফিরিয়া গেল। সাধু আনন্দিত মনে পুত্রের বিবাহ দিতে চলিল। চাঁদের আদেশে লেঙ্গা বাছো সদাগরকে বর আগমনের সংবাদ জানাইলে ইষ্টমিত্রজ্ঞাতি লইয়া বাছো সাধু চাঁদকে অভ্যর্থনা জানাইল। জামাতার মনোহর রূপ দেখিয়া বাছো আনন্দিত হইল। যথালোকাচার ও দেশাচার অনুষ্ঠানের পর বাছোর কন্যার বিবাহ আরম্ভ হইল।

এই সময় পদ্মা অহিরাজকে দিয়া লখিন্দরের মাথায় ছত্র ধরাইয়া বিবাহে বাদ সাধিল। বিষের তাপ অনুভব করিয়া উপর দিকে তাকাইতে লখিন্দর সাপ দেখিয়া মূর্ছিত হইল। চাঁদ ছুটিয়া গিয়া পুত্রকে কোলে তুলিয়া কাঁদিয়া উঠিল। চাঁদের লোকজন কাঁদিতে লাগিল। বাছো সবধূগণ মেনকা, দাসদাসী সকলে ক্রন্দনোদ্বেল চিত্তে মুহ্যমান হইল। পদ্মার বিরূপতায় এইরূপ হইয়াছে বুঝিতে পারিয়া বেহুলা সখীদের সঙ্গে লইয়া কালিদহতীরে পদ্মার পূজা করিতে চলিল। যাওয়ার সময় শ্বশুরকে দুই প্রহর অপেক্ষা করিয়া থাকিতে বলিয়া গেল। কালিদহের কূলে গিয়া স্বকর্তিত পঞ্চ আত্ম-অঙ্গোপচারে পদ্মার পূজা করিল। পদ্মার আদেশে কালিনাগ বিভীষিকা দেখাইলে বেহুলার সখীরা ভয়ে পলাইয়া গেল। বেহুলার পূজায় পদ্মা সদয় হইয়া তাহাকে দেখা দিল এবং লখিন্দরের পুনর্জীবন প্রাপ্তির সংবাদ দিয়া গৃহে ফিরিতে বলিল। বেহুলা গৃহে ফিরিয়া আসিলে লোকে ধন্য ধন্য করিতে লাগিল। বাছো শুভক্ষণে কন্যাদান করিল। বিবাহের পর মেনকা জামাতা ও দুহিতাকে বরণ করিল লখিন্দর ও বেহুলা বাসরগৃহে প্রবেশ করিল। সাধুর নন্দন ভোজন করিয়া বড়ই প্রীত হইল এবং শ্যালকপত্নীদের রঙ্গকৌতুকউছল ব্যবহারে আপ্যায়িত হইল। লখিন্দর বিবাহরাত্রেই দেশে ফিরিবার অভিলাষ জানাইয়া বেহুলাকে কেশসজ্জা করিতে বলিল এবং লেঙ্গাকে

CENTRAL LIBRARY

পাঠাইয়া শ্বশুরের নিকট বিদায় যাচঞা করিল। জামাতাকে সেই রাত্রেই বিদায় দেওয়ার অনিবার্যতায় বাছো ও মেনকা আকুল হইয়া কাঁদিতে লাগিল। মেনকা বেহুলাকে স্বামী, শ্বশুর, শাশুড়ী, গুরুজন, বিধবা জা ও দাসদাসীদের প্রতি যথাযোগ্য সেবা ও প্রীতির সম্পর্ক ও সদ্ব্যবহার সম্পর্কে অবহিত হওয়ার উপদেশ দিল। চৌদোলে চড়িয়া লখিন্দর ও বেহুলা চাম্পালি চলিল।

গৃহে পৌছিলে সোনকা সুমঙ্গল অনুষ্ঠানে পুত্র ও বধূকে বরণ করিয়া ঘরে তুলিল। পুত্র ও বধূকে লোহার মেড়ঘরে রাখিয়া দ্বার রুদ্ধ করিল। ঘরের ভিতরে নেউল, ময়ূর, চতুর্দ্দিকে পাইকপ্রহরী রাখিয়া হেমতাল হস্তে চাঁদ জাগিয়া থাকিল এবং ধন্বন্তরির পুত্রকে চারি দরজা রক্ষা করিতে নিযুক্ত করিল। লখিন্দর বেহুলাকে লজ্জা পরিহার করিয়া পাশা খেলার প্রবৃত্ত হওয়ার আহ্বান জানাইল। দুইজন কিছুক্ষণ পাশা খেলিবার পর লখিন্দরের হৃদয়ে মদনতরঙ্গ উঠিল এবং রূপমুগ্ধ লখিন্দর বেহুলাকে সুরতি-অভিলাষ জানাইয়া খেলা ছাড়িতে বলিল। বেহুলা নীরব রহিল। কামচঞ্চল লখিন্দরের তনুলুব্ধতা ও মিনতি-বচনে অভিমানিনী বেহুলা বিবাহরাত্রিতে রতিনিবৃত্তির আবেদনে

পণ্ডিত জানিঞা তোক বাপ মায়ে দিল মোক
মূর্খের সদৃশ কর কর্ম ॥—এই উক্তিতে শাস্ত্রানুমত আচরণের প্রত্যাশা জানাইল। লখিন্দরের অতিকামার্ত্ত আহ্বান ও মিনতি-মধুর আবেদনে বেহুলা পদ্মার বৈরিতা আশঙ্কা করিয়া স্বামীর কামার্ত্তি পরিহার যাচ্ঞা করিল। ক্ষুধায় কাতর হইয়া লখিন্দর বেহুলাকে রাঁধিতে বলিল। রন্ধন-সজ্জার অভাবে কিভাবে এত রাত্রে রন্ধন করিবে তাহা ভাবিয়া বেহুলা বিব্রত হইল। লখিন্দর বেহুলাকে নারিকেলে তেহড়ি করিয়া, মঙ্গলচাউল চন্দন কাষ্ঠ দিয়া অগ্নি জ্বালিয়া রন্ধন চড়াইতে বলিল। অন্নপূর্ণাস্মরণে হাত বাড়াইতে বেহুলা সমস্ত দ্রব্য ঘরে পাইল এবং নারিকেলে তেহড়ি ও চন্দনকাষ্ঠে খড়ি করিয়া, মঙ্গল চাউল এবং ভৃঙ্গারের জলে বেহুলা রন্ধন চড়াইল। পঞ্চাশ ব্যঞ্জন ও অন্ন রাঁধিয়া বেহুলা স্বামীকে ডাকিল। লখিন্দর ক্ষুধায় ঘুমাইয়া পড়িয়াছিল। বহু চেষ্টা করিয়াও বেহুলা লখিন্দরের ঘুম ভাঙ্গাইতে না পারিয়া অন্নব্যঞ্জন হাড়িতে ভরিয়া রাখিল ও পতির পালঙ্কে শয়ন করিল। বেহুলা পালঙ্কে নিদ্রিত হইয়া পড়িল।

নেতাইর পরামর্শে পদ্মা মেঘগণকে ডাকিয়া বাদলদুর্যোগ ঘটাইয়া মেড়কে প্রহরীমুক্ত করিল এবং নিদ্রালীর প্রভাবে নেউল, ময়ূর সহ বানিয়ার পুরীর সকলকে নিদ্রামগ্ন করিয়া সর্প সমাবেশ ঘটাইল। পদ্মার কথামত ছোট বড় কোন

CENTRAL LIBRARY

সর্পই 'সুতার সঞ্চার' পথে মেড়ে প্রবেশ করিতে সম্মত না হওয়ায় দেবী কাঁদিয়া আকুল হইল। শেষে পদ্মার ক্রন্দনে কালি নাগিনী তাহার কাজ সাধিয়া দিবার অঙ্গীকার করিল। পদ্মার বরে ও করস্পর্শে কালি নাগিনী সূত্রসমকলেবর হইলে পদ্মা সূত্রসঞ্চার পথে নাগিনীকে ছাড়িয়া দিল। পালঙ্কে শয়ান লখিন্দরের সর্বাঙ্গসুন্দর মনোহর মূর্তি দেখিয়া কালি নাগিনীর মনে দয়া হইল। সে ক্রন্দনাকুল হইয়া তাহাকে দংশন করিবার অসামর্থ্য প্রকাশ করিল। পদ্মা কালি নাগিনীর কথা শুনিয়া ছায়ে ভিম্বে তাহাকে নিধন করিবে বলিয়া শাসাইল। লখিন্দরের এমন সুন্দর রূপ দেখিয়া সে তাহাকে দংশনে পরাঙ্মুখ হইয়া বলিল—

জে করে সে করে মোক বিষহরী।

তথাপি বালাকে আমি দংশিতে না পারি॥ কালি নাগিনীর এই অসম্মতিদৃপ্ত অভিব্যক্তি শুনিয়া পদ্মা কাঁদিতে লাগিল। এই সঙ্কট উত্তরণে নেতাইর পরামর্শে মনসা এক মশা সৃজন ও জীবনদান করিয়া 'সুতার-সঞ্চার' পথে তাহাকে মেড়ঘরে পাঠাইল। তাহার কামড় খাইয়া লখিন্দর ঘুমের ঘোরে নাগিনীর মাথায় পা লাগাইলে সে ধর্মাদি দেবতাদের সাক্ষী করিয়া বিনা দোষে মস্তকে পদাঘাতের অপরাধে লখিন্দরের কনিষ্ঠ অঙ্গুলে প্রবল দংশন করিল। নাগিনীর দংশনে লখিন্দর চিৎকার করিয়া জাগিয়া উঠিল। কালি নাগিনী মনুষ্য-স্পর্শে চলিবার শক্তি হারাইয়া পালঙ্কের পাটিতে লুকাইয়া রহিল। বিষের জ্বালায় অস্থির হইয়া লখিন্দর বেহুলাকে ডাকিয়া চামরের বাতাস চাহিল ও বিষের প্রতিকারের জন্য বাপমাকে ডাকিয়া আনিতে বলিল। এত ডাকাডাকি ও আর্তনাদে বেহুলার নিদ্রা ভাঙ্গিল না। লখিন্দর করুণভাবে মাকে ডাকিতে লাগিল। লখিন্দরের এত করুণ ক্রন্দনেও কেহ চেতন পাইল না। এতক্ষণে বিষ পা হইতে মাথায় উঠিল। লখিন্দর প্রাণত্যাগ করিল। পদ্মা তখন আনন্দে নাচিতে লাগিল।

মৃত লখিন্দরের জীব লইয়া যাইতে যমদূত আসিল। পদ্মা তাহাকে বিবাদের মরা লইয়া যাইতে বারণ করিল। যমদূত যমের অধিকার প্রতিপন্ন করিয়া মনসার কথায় কর্ণপাত না করিলে দেবী যমের প্রতি কটূক্তি বর্ষণ করিল এবং বানিয়ার জীব কাড়িয়া লইল। দূতের নিকট পদ্মার তিরস্কার ও জবরদখলের কথা অবহিত হইয়া যম সসৈন্যে যুদ্ধসজ্জায় সজ্জিত হইল। পক্ষান্তরে সর্প-আভরণে সজ্জিতা মনসা বিরাট সর্পবাহিনী লইয়া যমের সহিত যুদ্ধ করিতে প্রস্তুত হইল। দেবগণের আদেশমত নারদ যমের সহিত সাক্ষাৎ করিয়া তাহাকে যুদ্ধবিরত হইতে বলিল। নারদের কথায় যম যুদ্ধে নিবৃত্ত হইল এবং মনসার বিরুদ্ধে শিবের নিকট অভিযোগ করিল। শিব পদ্মাকে স্মরণ করা

CENTRAL LIBRARY

মাত্র সে রথে চড়িয়া শিবের সমীপে উপস্থিত হইল। যম শিবের আজ্ঞাধীন এবং চাওয়া মাত্র জীব জোগাইবে—এই কথা জানাইয়া শিব মনসাকে যমের নিকট লখিন্দরের জীব প্রত্যর্পণ করিতে আদেশ করিল। পিতার কথামত মনসা বানিয়ার জীব আনিয়া যমকে দিল। যম জীব পাইয়া নিজালয়ে গেল।

নিদ্রাভঙ্গের পর বেহুলা অন্ধকারে স্বামীর গায়ে হাত দিয়া বুঝিল—দেহ 'পাথরের প্রায়'। প্রদীপ জ্বালিয়া লখিন্দরের মুখ দেখিতেই সর্পদংশনে নিশ্চিত মৃত্যু ঘটিয়াছে বুঝিতে পারিয়া বেহুলা আর্তস্বরে বিলাপ করিতে লাগিল। প্রদীপ হস্তে বেহুলা ঘরের চারি দিকে সাপ খুঁজিতে লাগিল। তন্ন তন্ন করিয়া ঘর খুঁজিয়া সাপ দেখিতে পাইল না। শেষে পাটির মোড়া মেলিয়া দেখিলে নাগিনী মাটিতে পড়িতেই বেহুলা মাথায় হাত দিয়া কাঁদিয়া উঠিল। বেহুলা পানের বড় ডিবাতে নাগিনীকে বন্দী করিল। হাহাকার ক্রন্দনে বেহুলা মৃত স্বামী লইয়া রজনী পোহাইল। সোনকা চেতন পাইয়া বেহুলার ক্রন্দন শুনিয়া চাঁদকে জাগাইল, শীঘ্র পুত্র ও বধূর উদ্দেশ করিতে বলিল এবং অমঙ্গল আশঙ্কা করিয়া পুত্র ও বধূকে দেখিতে মেড়ঘরে যাইতে চাহিল। চাঁদ সোনকার কথায় কর্ণপাত করিল না। কিন্তু সোনকার মন প্রবোধ মানে না। মেড়ঘরে কান পাতিয়া সোনকা স্বামীশোকাতুরা বেহুলার বিলাপ শুনিতে পাইল এবং বুকে করাঘাত করিয়া কাঁদিয়া উঠিল। পুত্রবধূকে মেড়ের দরজা খুলিতে বলিয়া তাহার কুদেহলক্ষণের উল্লেখ করিয়া সোনকা তাহাকে গালি পাড়িতে লাগিল। অকারণ তিরস্কারের জন্য বেহুলা সোনকাকে পানের ডিবায় বন্দী সাপ দেখিয়া যাইতে বলিয়া দুয়ার খুলিয়া দিল।

সোনকা মেড়ঘরে ঢুকিয়া কপালে করাঘাত করিয়া পুত্র কোলে করিল এবং বুকে করাঘাত করিয়া করুণ বিলাপ করিতে লাগিল। পুত্রশোকে চাঁদ উচ্চৈঃস্বরে কাঁদিতে লাগিল। চাঁদ ওঝা ডাকিয়া আনিতে ধনাকে পাঠাইল। ওঝা ধনন্তরি সযত্নে ঔষধ লইয়া চাঁদের পুত্র জিয়াইতে চলিল। পদ্মাবতী ওঝাকে তাহার সন্তানহনন ও প্রাণনাশের ভয় দেখাইয়া চাঁদের পুত্রকে জীয়াইতে বারণ করিল এবং চাঁদ তাহাকে নির্যাতন করিলে দেবীকে স্মরণ করিতে বলিল। দেবীর কথায় ওঝা ঔষধ ছুড়িয়া ফেলিয়া কপটে জড়িবুটি বান্ধিয়া লইয়া ধনার সঙ্গে গিয়া মেড়ঘরে প্রবেশ করিল। বেহুলা স্বামীকে জিয়াইবার আকুতিতে ওঝার পা জড়াইয়া ধরিল। অলক্ষণা কন্যা পা জড়াইয়া ধরিয়াছে এই ছল করিয়া ওঝা ফিরিয়া যাইতে চাহিল। বেহুলা মিনতি করিয়া ওঝাকে বসাইল এবং মাণিক্য অঙ্গুরি, পিতার বাসগৃহার্দ্ধ, অবিশ্বাসক্ষেত্রে শ্বশুরের দেশ বন্ধক, অমূল্য অলঙ্কার ও দাসীত্বের

CENTRAL LIBRARY

বিনিময়ে স্বামীকে জীয়াইয়া দিবার বিনতিবিহ্বল আবেদন জানাইল। ওঝা বেহুলার হাতে ঔষধ দিল এবং তাহা মাণিক্যের পাট ও শ্বেত শিলে বাটিয়া ব্যাঘ্রের দুধ, কপিলার গোময় ও ক্ষীরোদ সাগরের জল দিয়া শীঘ্র মৃতকে খাওয়াইতে বলিল। এই অদ্ভুত কথা শুনিয়া বুকে করাঘাত করিয়া বেহুলা ক্রন্দনাকুল হইল। পুত্রহারা সোনকার করুণ ক্রন্দনে বৃক্ষের পত্র ঝড়িল। বেহুলা শাশুড়ীকে বলিল, সে পদ্মাকে মানাইয়া স্বামী জিয়াইবে এবং স্বামীর সঙ্গে গঙ্গায় ভাসিবার ইচ্ছা প্রকাশ করিয়া আম্রকদলীর ভেলা বানাইয়া দিতে বলিল। বেহুলার কথা শুনিয়া সোনকার শোক উথলিয়া উঠিল। দেবী পদ্মার আক্রোশে সাতপুত্রের মরণের জন্য সোনকা কুবুদ্ধিয়া স্বামীকে দায়ী করিয়া ভূমিতে গড়াগড়ি দিয়া উচ্চৈঃস্বরে আকুল ক্রন্দন করিতে লাগিল। শিশু, বৃদ্ধ আদি চাম্পালির নরনারী সকলে শোকে আকুল হইল। বেহুলা অবিলম্বে ভেলা নির্মাণ করিয়া দিবার আবেদন জানাইল। চাঁদের আজ্ঞায় রামেশ্বর মালী সাধুর বাগান হইতে আম্র ও কদলী বৃক্ষ কাটিয়া আনিয়া মঞ্জুস নির্মাণ করিল। বিশ্বকর্মাকে ডাকিয়া আনিয়া চাঁদ মঞ্জুসগাত্রে আলেখ্য নির্মাণ করাইল। নানা দ্রব্যসম্ভারে সজ্জিত ভেলায় মৃত স্বামী লইয়া বেহুলা স্বর্গপুরী যাত্রা করিল। ভেলা ভাসাইবার পূর্বে বেহুলা শাশুড়ীকে অষ্ট নিশান দিয়া সর্পের 'সাপুড়া' সঙ্গে লইল। মৃতের সঙ্গে জীয়ন্তের জলে ভাসন দেখিবার জন্য চাম্পাই নগরের লোক ঘুজ্যুরির ঘাটে আসিয়া মিলিত হইল এবং দুঃখে আকুল হইয়া কাঁদিতে লাগিল। বেহুলা শ্বশুর-শাশুড়ী, ছয় জা ও জ্ঞাতিবর্গকে প্রবোধ দিয়া ধর্মের স্তুতি করিয়া ভেলায় উঠিয়া বসিল। বেহুলার ভেলা ভাসিল। চাঁদ, সোনকা ও ছয় বধূ কাঁদিয়া উঠিল। চাম্পালির লোক হায় হায় করিতে লাগিল।

ঘুজ্যুটি বাহিয়া ভেলা গঙ্গার উজান চলিল এবং মাধাই ঋষির ঘাটে পৌঁছিল। ভেলার হিল্লোলে জলে তপস্যারত মাধাই মুনির তপোভঙ্গ হইলে সে কন্যার সত্য পরিচয় ও জলে ভাসিবার কারণ জিজ্ঞাসা করিল। বেহুলা তাহার আত্মপরিচয়, বিবাহরাত্রিতে পদ্মার বিবাদে স্বামীর মৃত্যু ও মৃত স্বামীর সঙ্গে ভেলায় ভাসিয়া স্বর্গপুরে গিয়া স্বামী জীয়াইবার অভিলাষ মুনিকে জানাইল এবং মনস্কামনা পূর্ণ হওয়ার বর যাচ্ঞা করিল। মুনি বেহুলাকে সেই বর দিল। বেহুলার ভেলা খরস্রোতে বাহিয়া চলিল। পদ্মা শ্বেত কাকের মূর্তিতে মঞ্জুসের উপরে গিয়া বসিল। বেহুলা কাককে তাহার মাণিক্য অঙ্গুরি-অভিজ্ঞান মেনকার নিকট পৌঁছাইয়া দিতে বলিল। বেহুলার মিনতিতে কাক

CENTRAL LIBRARY

মাণিক্য অঙ্গুরি ঠোঁটে করিয়া মেনকার সম্মুখে ফেলিয়া দিল। কন্যার অঙ্গুরি দেখিয়া মেনকা কাককে বেহুলা-লখিন্দরের সমাচার জিজ্ঞাসা করিল। কাকের মুখে লখিন্দরের মৃত্যু ও বেহুলার সাগরে ভেলায় ভাসার সংবাদ পাইয়া মেনকা আর্ত্তনাদে শিরে ও বুকে আঘাত হানিয়া কাঁদিতে লাগিল। ক্রন্দন শুনিয়া বাছো ছুটিয়া আসিল এবং কাকের মুখে বেহুলার সংবাদ ও অঙ্গুরি-নিশানের কথা শুনিয়া শোকাকুল বাছো সদাগর ভূমিতে গড়াইয়া কাঁদিতে লাগিল। ভাই বন্ধুদের পরামর্শে বেহুলাকে ফিরাইয়া আনিবার জন্য দুই পুত্র আসাই ও বাসাইকে পাঠাইল। আসাই-বাসাই চাঁদের গৃহে পৌঁছিয়া ক্রন্দনের রোল শুনিয়া কান্দিতে লাগিল। দুই ভাই ছুটিয়া ঘুঙ্ঘুরির ঘাটে গেল। বেহুলা-লখিন্দরকে সেইস্থানে না দেখিয়া তাহারা বেহুলাকে ডাকিতে ডাকিতে নদীর পাড় ধরিয়া দ্রুত চলিয়া তাহার ভেলার কাছে গেল এবং ভেলা থামাইল। পিতার আদেশমত লখিন্দরকে জলে ভাসাইয়া দিয়া পিতৃগৃহে ফিরিয়া গিয়া তাহাকে সুখ-বিস্তর জীবন যাপন করিতে বলিল। বেহুলা পিত্রালয়ে ফিরিয়া যাইতে অসম্মতি জানাইল এবং তাহাদের প্রবোধ দিয়া বিদায় করিয়া ভেলায় ভাসিল।

ঘুঙ্ঘুটি বাহিয়া ভেলা ভাগীরথীর জলে পড়িল। পদ্মা সেই ঘাটে পাটনীর রূপ ধরিয়া বেহুলাকে ভেলা থামাইতে বলিয়া দান যাচ্ঞা করিল। বেহুলা নিজের অসামর্থ্য জানাইয়া পাটনীর যাচ্ঞাকৃত পঞ্চাশ কাহন দান শ্বশুর চাঁদ সদাগর ও পিতা বাছোর নিকট হইতে বেহুলার নাম করিয়া চাহিয়া লইতে বলিল। দান না পাইলে পাটনী তাহার ভুর ভাঙ্গিয়া বল প্রয়োগে দান আদায় করিবার ভয় দেখাইল। বেহুলা নিজেকে পদ্মার আশ্রিতা জানাইয়া আত্মহত্যার ভয় দেখাইয়া সঙ্কটমুক্ত হইল। ভেলা পাটনীর বাঁক ছাড়িয়া চলিল। পরবর্তী বাঁকে ঘাট হইতে মেনকার মূর্ত্তিতে স্নেহসম্ভাষণে বেহুলাকে মৃত্যুপথযাত্রা হইতে নিবৃত্ত করিবার ছলনা-প্রয়াসে পদ্মা ধরা পড়িয়া গেল। বেহুলা কিছুদূর ভাসিয়া গেলে পদ্মা ব্যাঘ্ররূপ ধরিয়া তাহাকে ভয় দেখাইল। ভয়ে কম্পিতা বেহুলা পদ্মার মায়া বুঝিতে পারিয়া গলায় কাটারি দিতে চাহিলে বাঘ বনে অন্তর্ধান করিল। বেহুলার ভেলা পরবর্তী ঘাটে পৌঁছিলে গোয়ালিনীরূপে ছলনা করিতে গিয়া পদ্মা তাহার কাছে ধরা পড়িল। বেহুলার ভেলা দুই চারি বাঁক অতিক্রম করার পর পদ্মা রাজকন্যারূপ ধরিয়া সখীত্বের সোহাগ অঙ্গীকারে ধনরত্ন, অলঙ্কার, স্বামী ও দিব্য ঘরবাড়ীর প্রলোভনে তাহাকে নিবৃত্ত করিলে বেহুলা ইহা পদ্মার ছলনা বুঝিতে পারিয়া সঙ্কটসময়ে

CENTRAL LIBRARY

সদয় হইতে বলিল। সেই বাঁক অতিক্রম করিয়া নারায়ণ দানীর ঘাটে পৌঁছিয়া বেহুলা প্রমাদ গণিল। রূপোন্মত্ত দানী নৌকায় করিয়া তাহাকে ধরিতে গেলে বেহুলা পিতা ও শ্বশুরের পরিচয় দিয়া তাহার স্বামী জীয়াইবার সঙ্কল্প জানাইল। দানী নিজের পরিচয় দিয়া অজ্ঞানে অপরাধ করার জন্য ভাগিনা-বধূর নিকট ক্ষমা চাহিল এবং তাহাকে গৃহে ফিরাইবার চেষ্টা করিয়া ব্যর্থ হইল। ভেলা ভাসিতে ভাসিতে গোদার ঘাটে পৌঁছিল। দুশ্চরিত্র গোদা তাহাকে বলে ধরিতে গেলে বেহুলা পদ্মাকে স্মরণ করিল। কুম্ভীরিণী মূর্তিতে পদ্মা গোদাকে গ্রাস করিল। অজ্ঞানকৃত অপরাধের জন্য গোদা প্রাণভিক্ষা চাহিল। বেহুলার মিনতিপূর্ণ বচনে কুম্ভীরিণী গোদাকে গ্রাস-মুক্ত করিল। বেহুলা গোদাকে তাহার গোদ চারি গুণ ভারী হওয়ার অভিশাপ দিল এবং তাহার কাকুতিতে সদয় হইয়া ফিরিবার কালে বর দিবে জানাইয়া মঞ্জুস মেলিল। ঘোর অন্ধকার রাত্রিতে নদীবক্ষে শিশুমার, মৎস্য, কুমীর ও ঘড়িয়ালের লাফালাফি এবং পার্শ্ববর্তী বনে গণ্ডার মহিষ ও বাঘের শব্দ শুনিয়া বেহুলা ভয়ে স্বামীর দেহ জড়াইয়া ধরিল। বেহুলা পদ্মাকে স্মরণ করিয়া ভয়মুক্ত হইল। বেহুলার ভেলা ভাসিয়া চলিল। লখিন্দরের মৃত দেহ গলিয়া অঙ্গপ্রত্যঙ্গ সব খসিয়া পড়িল দেখিয়া বেহুলা কাঁদিতে কাঁদিতে অস্থিসকল ধুইয়া গলায় বাঁধিয়া লইল। এই ঘাট হইতে বেহুলা ভেলা ভাসাইল।

বেহুলা দূর হইতে নৌকা উজাইয়া আসিতে দেখিয়া কোনও সাগরের উপদ্রব আশঙ্কা করিয়া ভয়ে কাঁদিতে লাগিল। শঙ্খ সদাগর অনুপম মঞ্জুস দেখিয়া চতুর্দ্দিক নৌকায় ঘিরিয়া ভেলা বন্দী করিল। জলের হিল্লোলে নৌকা টলমল করিতে লাগিল। ভয় পাইয়া বেহুলা স্বামীর দেহ চাপিয়া ধরিল। আপন রূপাসক্ত মনের প্রকাশে সাধু বেহুলার পরিচয় ও ভেলায় ভাসিবার কারণ জানিতে চাহিল। বেহুলা নিজেকে অভাগিনী নারী এই পরিচয় দিয়া নৌকার বেষ্টনী ঘুচাইতে বলিল এবং স্বামীর মৃত দেহ জলে পড়িয়া গেলে আত্মহত্যা করিবে এই ভয় দেখাইল। রূপাসক্তিচঞ্চল সাধু বেহুলাকে পত্নীরূপে পাইবার অভিলাষ জানাইল। বেহুলা পরনারীর জন্য উন্মত্ত সাধুকে তিরস্কার করিয়া পতিব্রতার কাছে বর মাগিয়া লইতে বলিল। সাধু বেহুলার সতীত্বে সংশয় প্রকাশ করিয়া সুন্দরীর পত্নীত্ব যাচ্ঞা করিল এবং সতীত্বের অহঙ্কার করিলে বলে ধরিয়া শৃঙ্গার ভুঞ্জিবার অভিলাষ প্রকাশ করিল। সতী বেহুলার মিনতিতে কর্ণপাত না করিয়া সাধু তাহাকে বলৎকার করিতে অগ্রসর হইলে সে সঙ্কটে পদ্মাকে স্মরণ

CENTRAL LIBRARY

করিল। সাধু বেহুলাকে ধরিবার জন্য হাত বাড়াইলে আগুনে তাহার সর্বাঙ্গ পুড়িয়া গেল। সাধু বেহুলাকে সতী মাতা সম্বোধনে ক্ষমা প্রার্থনা করিয়া বর যাচ্ঞা করিল। বেহুলার নাম, ধাম, জলে ভাসিবার কারণ প্রসঙ্গে সাধুর বিনত জিজ্ঞাসার উত্তরে বেহুলার আত্মপরিচয় জানিয়া সাধু মনস্তাপে কাঁদিতে লাগিল এবং সহোদরা ভগ্নীকে গৃহে ফিরাইয়া নেওয়ার একান্ত প্রয়াসে ব্যর্থমনোরথ হইল। বেহুলা দাদাকে মাণিক্য অঙ্গুরীনিশান দিয়া ছয়মাস তাহার অপেক্ষায় থাকিতে বলিল। তাহার প্রতি অজ্ঞানে পাপাচরণের জন্য প্রায়শ্চিত্তের নির্দ্দেশ পাইয়া ভগ্নীকে বিদায় দিয়া শঙ্খ সাধু গৃহে ফিরিয়া গেল।

বেহুলার ভেলা ভাসিল। ভাসিতে ভাসিতে ভেলা জুয়ারীর ঘাটে পৌছিল। এক জুয়ারী জুয়া খেলায় সর্ব্বস্ব হারাইয়া গলায় কলসী বাঁধিয়া সেই ঘাটে আত্মহত্যায় উদ্যত হইল। বেহুলা তাহাকে নিবৃত্ত করিল এবং খেলায় জিতিয়া হৃতধনজন পুনর্লাভের বর দিল। বেহুলার কথামত জুয়ারী খেলায় জিতিয়া স্ত্রীপুত্র ফিরিয়া পাইল। এই কন্যাকে কোলে করিয়া দিবারাত্রি জুয়া খেলিয়া জয়ী হওয়ার সঙ্কল্পে জুয়ারী বেহুলাকে ধরিয়া আনিতে প্রাণপণ ছুটিয়া চলিল এবং বেহুলাকে পত্নীরূপে পাইবার অভিলাষ নিবেদন করিল। জুয়ারীর মুখে অনুচিত কথা শুনিয়া বেহুলা পদ্মাকে স্মরণ করিল। হঠাৎ মুখবন্ধন বিদ্যা মনে আসিতেই সে মন্ত্রযোগে তাহার মুখ বন্ধ করিয়া দিল ও ভেলা মেলিল। বাক্‌শক্তিরহিত হইয়া জুয়ারী কাঁদিতে লাগিল। জুয়ারীর ক্রন্দনে বেহুলার মনে দয়া উপজিল। বেহুলা হাতের কঙ্কণ ছুড়িয়া দিয়া এই কঙ্কণ ঘরে যত্নে রাখিলে খেলায় জিতিবে তাহাকে এই নির্দ্দেশ দিল। কঙ্কণ লইয়া জুয়ারী চলিয়া গেল।

ভেলা ভাসিয়া দানীর ঘাটে পৌছিল। অনুপম ভেলা দেখিয়া দানী বেহুলাকে ডাকিয়া থামিতে বলিল এবং দান দাবি করিল। রূপাসক্ত দানী বেহুলাকে ভেলা হইতে তাহার নৌকায় উঠিয়া আসিবার প্রেমস্নিগ্ধ আহ্বান জানাইল। বেহুলা দুর্জ্জনের হাতে পড়িয়াছে বুঝিতে পারিয়া পদ্মাকে স্মরণ করিয়া দানীকে জানাইল যে মড়া লইয়া জলে ভাসার জন্য দান দেওয়ার প্রশ্ন উঠে না। দানী বেহুলাকে বলে ধরিয়া গৃহে লইয়া যাইবার ইচ্ছা প্রকাশ করিলে বেহুলা সঙ্কটে পদ্মাকে স্মরণ করিল। দানী চোখের দৃষ্টি হারাইল এবং বেহুলাকে মাতৃ-সম্বোধনে দৃষ্টিশক্তি ফিরাইয়া দেওয়ার বিনতি জানাইল। বেহুলার কথানুসারে কূলে উঠিয়া অন্ধ দানী চক্ষুদান পাইল।

বেহুলার ভেলা ভাসিয়া চলিল। কিন্তু স্বামী জীয়াইবার কোন চিহ্ন না

CENTRAL LIBRARY

দেখিয়া ভেলা কূলে চাপাইয়া বেহুলা অগ্নিতে আত্মাহুতির আয়োজন করিল। পদ্মা ব্রাহ্মণী মূর্তিতে বেহুলাকে আত্মনিধনে নিবৃত্ত করিয়া মরণাভিলাষের কারণ জিজ্ঞাসা করিল। দেবপুর বেহুলার উদ্দিষ্ট শুনিয়া ব্রাহ্মণী তাহাকে শীঘ্র 'দেবের ভুবন' এবং নেতাই ধুবিনীর সন্ধান বলিয়া দিয়া তাহার সঙ্গে দেবপুরে যাইবার পরামর্শ দিল। ব্রাহ্মণীকে নমস্কার জানাইয়া বেহুলা ভেলা ভাসাইল। ত্রিবেণী ছাড়িয়া বেহুলা ভাটি ঘাটে পৌছিল। দেখিল সোনার ঘাটে নেতাই কাপড় ধুইতেছে। তাহার শিশুপুত্র স্তন্যপানের জন্য তাহাকে বারংবার বিরক্ত করায় নেতাই শিশুকে মারিয়া ঘাটে রাখিয়া দিয়া আনন্দে কাপড় ধুইতে লাগিল এবং পরে মৃত পুত্রকে জীয়াইয়া স্তন্যপান করাইল। বেহুলা ভেলায় থাকিয়া এই সকল দেখিতে পাইল এবং এই নারী তাহার মৃত স্বামীকে জীয়াইতে পারিবে এই ভাবিয়া পরম আনন্দে উপরে উঠিল। নেতাইর শরণপন্ন হইয়া তাহার স্বামীকে বাঁচাইবার ঐকান্তিকতায় মাসী সম্বোধনে বেহুলা নেতাইর চরণ চাপিয়া ধরিল। কিরূপে বেহুলা দেবস্থানে আসিল, কেন সে দেখিতে বিমনা ইত্যাদি সকল বিবরণ নেতাই জানিতে চাহিলে বেহুলা আনুপূর্বিক ঘটনা বর্ণনে তাহার মৃত পতিকে জীয়াইয়া দিবার মিনতি জানাইল। বিবাদের মড়া জীয়ান তাহার সাধ্যাতীত ইহা জানাইয়া নেতাই বেহুলাকে শিবের নিকট লইয়া যাইবে এবং শিব তাহার প্রাণেশ্বরকে পুনর্জীবন দান করিবে এই আশ্বাস দিল। বেহুলা নৃত্যগীতে নেতাইকে পরিতুষ্ট করিল।

নেতাই বেহুলাকে ঘাটে রাখিয়া শিবকে এক সুন্দরী নটীর আগমন-সংবাদ দিল। শিব নটীকে লইয়া আসিতে বলিল। বেহুলা ভয় চুরি হইয়া যাইবার আশঙ্কা প্রকাশ করিলে নেতাই তাহাকে অভয় দিল। সাপের সাপুড়া, নাচের পেটারি ও হাড়ের বুকনি সঙ্গে লইয়া বেহুলা নেতাইর সহিত শিবের নিকট গিয়া তাঁহাকে প্রণাম করিল। বেহুলার ভুবনমোহন রূপ দেখিয়া মহাদেব সুখী। শিব তাহার পরিচয় জানিতে চাহিল। বেহুলা শিবকে তাহার পরিচয় জানাইয়া প্রতিকারের আবেদনে প্রাণপতি জীয়াইয়া দিবার বিনতি জানাইল। শিবের আদেশে বেহুলা সুবেশ-শোভনা ও প্রসাধনসুমণ্ডিতা হইয়া মনোহর নৃত্য আরম্ভ করিল। রূপাসক্ত শিব নৃত্য দেখিয়া ভোলে পড়িয়া গেলে বেহুলা তাহার নৃত্য ছাড়িয়া অনুচিত কার্য্য হইতে মহাদেবকে নিবৃত্ত করিবার জন্য দেবগণের নিকট মিনতি-বিহ্বল আবেদন জানাইল। সকলের অলক্ষ্যে নারদ সভা হইতে উঠিয়া গিয়া দুর্গার নিকট গেল এবং শিবের দুর্জয় নটী-মোহের কাহিনী দুর্গাকে বলিল। মহাক্রোধে দুর্গা কার্তিক ও গণপতিকে সঙ্গে করিয়া দেবসভায় উপস্থিত হইল। নটী ভয়ে শিবের

CENTRAL LIBRARY

পালঙ্কের নীচে আত্মগোপন করিল। বৃদ্ধ বয়সে পরদার-অভিলাষের জন্য পার্ব্বতী শিবকে তিরস্কার করিল এবং শিবের অনাচারের কাহিনীবর্ণনে কলকণ্ঠ হইল। শিব নটীর প্রকৃত পরিচয় ও মৃত স্বামী জীয়াইবার জন্য স্বর্গ-অভিযানের কথা জানাইলে দুর্গা বেননীকে নির্ভয়ে আসিয়া দেখা করিতে বলিল। নটীর সঙ্গে দ্বন্দ্বে লিপ্ত হইবে না বলিয়া দুর্গা সত্যবদ্ধ হইলে বেহুলা দেবীর সম্মুখে আসিয়া সাষ্টাঙ্গে প্রণাম জানাইল এবং কাঁদিতে কাঁদিতে পতির পুনর্জীবন-দান যাচ্ঞা করিল। দুর্গার আদেশে বেহুলা নৃত্য করিল। নৃত্য দেখিয়া দেবী আনন্দিত হইল। বেহুলার কাকুতি শুনিয়া পার্বতীর দয়া হইল এবং বেহুলার স্বামী জীয়াইয়া দিতে শিবকে বলিল। শিবালয়ে নৃত্য ও বাদ্যের শব্দ শুনিয়া পদ্মা কোনও ইন্দ্র বিদ্যাধরীর আগমন হইয়াছে ভাবিল। নেতাই পদ্মাকে বেহুলার দেবপুরে আগমনের কথা জানাইল।

শিব নন্দীকে দিয়া পদ্মাকে ডাকিয়া পাঠাইল। নন্দী আসিয়া পদ্মাকে ডাকিলে নেতাই বাহির হইয়া আসিল। নন্দী পদ্মাকে শিবের সঙ্গে দেখা করিবার আদেশ জ্ঞাপন করিল। অভিশাপের ভয়ে নেতাইর পরামর্শে পদ্মা অবিলম্বে শিবের সহিত দেখা করিল। শিব পদ্মাকে মন্দ কাজের জন্য তিরস্কার করিলে সে অভিযোগ অস্বীকার করিয়া মাতুলানী-অভিগমনজনিত পাপে লখিন্দরের মৃত্যু ঘটিয়াছে বলিয়া জানাইল। পদ্মার মিথ্যা কথনে বেহুলা মহাক্রুদ্ধ হইল এবং বিচারে মনসার অপমান ঘটিবে এই ভয় দেখাইয়া কাঁচুলি চিরিয়া সাক্ষী রাখিল। বেহুলার পক্ষ হইয়া দুর্গা পদ্মাকে কঠোর তিরস্কার করিলে পদ্মা-দুর্গায় কোন্দল বাধিল। শিব পার্বতীর হাতে ধরিয়া দ্বন্দ্ব থামাইল। বেহুলা দেবসভায় পদ্মার বিরুদ্ধে মিথ্যাভাষণের অভিযোগ আনিয়া পদ্মা কর্তৃক পথে নানারূপ ছলনার বর্ণনা দিয়া সাপুড়ায় বন্দী কালনাগিনীকে দেবসমক্ষে ছাড়িয়া দিল। সর্প সন্দর্শনে দেবতারা হায় হায় শব্দ করিয়া উঠিল। দেবসভায় পদ্মা সুলজ্জিত হইল। শিব পদ্মাকে চাঁদের পুত্রকে জিয়াইয়া দিতে আদেশ করিল এবং দেবতারা পদ্মাকে বেহুলার স্বামীদান অঙ্গীকার করিতে বলিল। পদ্মা চাঁদ সদাগরকে দিয়া তাহার পূজা করাইবার অঙ্গীকার করিতে বলিলে বেহুলা দেবগণের কথায় শ্বশুরের হাতে মনসার পূজা করাইবার অঙ্গীকার করিল।

পদ্মা যথাপ্রতিশ্রুতি লখিন্দরকে জীয়াইবার ইচ্ছায় বেহুলাকে সঙ্গে করিয়া ত্রিবেণীর ঘাটে গেল। বেহুলা জলে লখিন্দরের অস্থি ধুইতে লাগিল। পায়ের মালাই না দেখিয়া বেহুলা রোদন করিতে লাগিল এবং অস্থিমালার ঘাটে অস্থিসকল ধুইয়া

CENTRAL LIBRARY

রাখিবার কালে উহা সাগরে পড়িবার এবং রাঘব বোয়ালের সেই অস্থি গিলিবার কথা পদ্মাকে জানাইল। ব্রহ্মজালে রাঘব বোয়ালকে বন্দী করিয়া তাহার বুক চিরিয়া অস্থি উদ্ধার করা হইল। এবং বুক সেলাই করিয়া প্রাণদান দিয়া রাঘবকে ছাড়িয়া দেওয়া হইল। পদ্মা এইবার মায়া পাতিয়া বেহুলাকে পথ-নির্দেশ বলিয়া দিয়া উদয়গিরি পর্বত হইতে সাল্য বিসাল্য, গোবর্দ্ধনগিরি হইতে অশোকের ডাল আনিতে আদেশ করিল এবং ফিরিবার পথে চাম্পাই হইতে রামধান্যের শিষ আনিতে বলিল। বেহুলা ইহাতে নিরুপায় হইয়া কাঁদিতে কাঁদিতে দীর্ঘ নিঃশ্বাস ছাড়িল। ইন্দ্র বেহুলার সঙ্কট জানিয়া ঐরাবত পাঠাইয়া দিল। বেহুলা ঐরাবতে চড়িয়া মুহূর্তমধ্যে ঐ সকল দ্রব্য সংগ্রহ করিয়া দেবীর সম্মুখে আনিয়া দিল। দেবী আশোকের ডাল হাতে লইয়া এবং শঙ্খ-জল দিয়া কুশস্থাপন অন্তে লখিন্দরের অস্থি বিছাইল। আসন-বাসন, নেতাই ও কুমার অস্তিক সকলে লখিন্দরের দেহের উপর বসিল। পদ্মা যমকে স্মরণ করিলে যমরাজ ঘটমধ্যে জীব অর্পণ করিল। ঘটে জীব সংস্থাপনের পর পদ্মা ব্রহ্মমন্ত্র জপ করিয়া গড়ুর-হুঙ্কারে বিষ নামাইল এবং লখিন্দরকে জীয়াইয়া চক্ষুদান দিল। দেব-সমক্ষে বেহুলা নাচিতে লাগিল। দেবসভায় বেহুলাকে নৃত্য করিতে দেখিয়া লখিন্দর লজ্জা অনুভব করিল এবং কুলে কলঙ্ক লেপনের অভিযোগে তাহাকে তিরস্কার করিল। দেবগণের নিকট পদ্মার কোপে তাহার মৃত্যু ও ভেলায় ভাসিয়া দেবপুরে আসিয়া বেহুলা কর্তৃক তাহাকে জীয়াইবার প্রসঙ্গ শুনিয়া লখিন্দর আনন্দে মুরজধ্বনি করিতে লাগিল। পদ্মাকে দেখিয়া লখিন্দর তিরস্কার করিয়া উঠিলে দেবীর রোষে সে অন্ধত্ব প্রাপ্ত হইল। বেহুলা স্বামীর অপরাধের জন্য ক্ষমা ভিক্ষা করিয়া দেবীর প্রসন্নতায় লখিন্দরের চক্ষুদান চাহিয়া লইল। বেহুলার কাতর আবেদন শুনিয়া পদ্মা বেননীর ছয় ভাসুরকে জীয়াইয়া দিল এবং স্বামী ও ছয় ভাসুরকে লইয়া চাম্পালি যাইবার আদেশ করিল। বেহুলা সাগরে নিমজ্জিত তাহার শ্বশুরের চৌদ্দ ডিঙ্গার উদ্ধার যাচ্ঞা করিল। পদ্মা তাহার অক্ষমতা জানাইলে বেহুলা দেবীকে তাহার ছলনা পরিহার করিতে নিবেদন জানাইল। পদ্মার প্রসন্নতায় বেহুলা ধনজনসহ শ্বশুরের চৌদ্দ ডিঙ্গা ফিরিয়া পাইয়া আনন্দে নৃত্য করিতে লাগিল।

পদ্মা অবিলম্বে সকলকে লইয়া নৌকায় চড়িয়া দেশে যাইতে বেহুলাকে আদেশ দিয়া সাপুড়ায় আবদ্ধ কালনাগিনীকে ছাড়িয়া দিতে বলিল। বন্ধনমুক্ত কালনাগিনী বিষহরির হৃদয়ের কাঁচুলি ও সাতলহরী হার প্রসাদ পাইয়া ও সকল সর্পের উপর অধিকারের বর লাভ করিয়া ঘরে ফিরিয়া গেল। স্বদেশে ফিরিয়া যাইতে পদ্মার আদেশ পাইয়া আনন্দিত মনে সগোষ্ঠী বেহুলা পদ্মার

CENTRAL LIBRARY

চরণ বন্দনা করিল। বেহুলা শিবের সাক্ষাতে গিয়া তাঁহাকে প্রণাম জানাইল। তাহার শ্বশুরকে দিয়া পদ্মার পূজা করাইবার জন্য শিব বেহুলাকে স্মরণ করাইল—'পদ্মার পূজা জেন করে তোমার শ্বশুর'। বেহুলা সকল দেবতাকে নমস্কার করিয়া তাহাকে গৃহে ফিরিবার আজ্ঞা করিতে বলিল। ছয় নৌকায় ছয় ভাই এবং ডিঙ্গা মধুকরে চড়িয়া বেহুলা-লখিন্দর চাম্পালি যাত্রা করিল। বেহুলা লখিন্দরকে প্রতি ঘাটের পরিচয় দিতে দিতে চলিল। নেতাইর ঘাট, তপস্বীর ঘাট পশ্চাতে ফেলিয়া ডিঙ্গা দানীর ঘাটের কাছে আসিলে দানী মধুসূদন আরোহীদের পরিচয় জিজ্ঞাসা করিয়া নৌকা আটক করিল এবং অনাচারী এক সদাগর কোন বিদ্যাধরী পরের যুবতীকে ধনে-গুণে ভুলাইয়া লইয়া যাইতেছে এই সংবাদ রাজাকে গিয়া জানাইয়া সেই রূপবতীকে কাড়িয়া লইবার পরামর্শ দিল। ইহা শুনিয়া রাজা সাধুকে বন্দী করিতে সসৈন্যে ছুটিয়া আসিল। সঙ্কটে বেহুলা পদ্মাকে স্মরণ করিল। ব্রাহ্মণীপদ্মা কালসর্পের রূপ ধরিয়া শত পাইক, দানী, ঘোড়া, হাতি, সকল সেনাপতি, রাজার কুমার ও পাটরাণীকে দংশন করিল। শোকাকুল নৃপতি ডিঙ্গার পাশে আসিয়া ক্ষমা চাহিল। বেহুলা পদ্মাকে মিনতি জানাইয়া রাজাকে বর দিতে বলিল। মহামন্ত্রে ঝাড়িয়া পদ্মা বিষ ক্ষয় করিলে রাজকুমার, হাতিঘোড়া, দানী সকলে বাঁচিয়া উঠিল। রাজা আনন্দিত হইয়া করজোড়ে বেহুলার চরণ বন্দনা করিল। বেহুলা রাজাকে গৃহে ফিরিয়া যাইতে ও আপন নগরে পদ্মার পূজা করিতে আদেশ করিল।

অন্য এক দানীর ঘাট, জুয়ারীর ঘাট, নারায়ণ সাহুর বাঁক অতিক্রম করিয়া নৌকা চলিল। বেহুলা প্রতিঘাটেই তাহার সঙ্কট উত্তরণের কাহিনী লখিন্দরকে জানাইল। নৌকা শঙ্কাইর বাঁকে পৌঁছিলে বেহুলার মুখে শঙ্খ সদাগরের হাতে পূর্ব-সঙ্কটের কথা শুনিয়া লখিন্দরের মনে বেহুলার চরিত্র সম্বন্ধে সন্দেহ জাগিল ও সে ক্রোধে বেহুলাকে অপবাদ দিতে লাগিল। স্বামীর মিথ্যা অপবাদে বেহুলা আত্মহত্যা করিতে কাটারি হাতে লইলে লখিন্দর তাহার হাত চাপিয়া ধরিয়া প্রীতিসম্ভাষণ জানাইল এবং কৌতুকে কপট অভিব্যক্তির জন্য ক্ষমা যাচঞা করিল। লখিন্দরের সংশয় নিরসনে বেহুলা স্বেচ্ছায় সতীত্বের পরীক্ষা দিতে চাহিল। পরীক্ষাদানের প্রারম্ভে বেহুলা বিষহরি ও সর্বদেবতাকে প্রণাম করিয়া কাঁচা সড়া সিন্দুরে পূর্ণ করিয়া জলে ভাসাইল। সড়া জলে ডুবিল না। স্বর্ণ পলই জলে পুরিয়া লখিন্দরের সম্মুখে আনিয়া দিল। কিন্তু ইহার ছিদ্রপথে একবিন্দু জলও চুরিল না। সকলে ধন্য ধন্য করিতে লাগিল। বেহুলার সতীত্ব-শক্তি সন্দর্শনে মুগ্ধ লখিন্দর তাহাকে আলিঙ্গনে আপ্যায়িত করিয়া আত্মসমর্পণ করিল।

CENTRAL LIBRARY

শঙ্খাইর বাঁক পশ্চাতে ফেলিয়া নৌকা অস্থিমালার ঘাটে পৌঁছিলে বেহুলা লখিন্দরের মৃত দেহ হইতে অস্থি খসিয়া পড়িবার বিবরণ বলিল। বেহুলার মুখে প্রত্যেক ঘাটের বিবরণ শুনিতে শুনিতে লখিন্দর গোয়ালিনীর বাঁক ও পাটনীর বাঁক পশ্চাতে ফেলিয়া ঘুঙ্ঘুরির ঘাটে পৌঁছিল। কল্য প্রভাতে চাম্পালি যাওয়ার ইচ্ছা প্রকাশ করিয়া লখিন্দর এই ঘাটে নৌকা বাঁধিতে বলিল। সকলে রন্ধনভোজন করিয়া মহাসুখে ঘুঙ্ঘুটির তীরে রাত্রিবাস করিল।

বিষহরি বেহুলার বেশে স্বপ্নে সোনকাকে লখিন্দর এবং আর ছয় পুত্র জীয়াইয়া ভিঙ্গা ধনজন সহ বেহুলার আগমনবার্তা জানাইল। নিদ্রাভঙ্গ হইলে সোনকা কপালে করাঘাত করিয়া কাঁদিতে লাগিল। ছয় পুত্রবধূ শাশুড়ীর সঙ্গে কাঁদিতে আরম্ভ করিল। চাঁদ বিরক্তি প্রকাশ করিয়া ক্রন্দনের কারণ জানিতে চাহিল। সোনকা সুস্বপ্ন-বিবরণ সাধুকে বলিল। সোনকার এইরূপ নিরবধি ক্রন্দনের জন্য চাঁদ গৃহত্যাগী হওয়ার ভয় দেখাইল। প্রভাতে নানা সুমঙ্গলচিহ্ন দেখিয়া সোনকার চিত্ত আনন্দে ভরিয়া উঠিল।

রাত্রি প্রভাত হইলে বেহুলা ডোমিনীবেশে চাম্পালি নগরে শ্বশুরশাশুড়ী ছয় জা ও চাম্পালির সংবাদ লইতে যাওয়ার অভিলাষ লখিন্দরকে জানাইয়া এক বিচিত্র 'বিওনি' গড়িয়া দিতে বলিল। লখিন্দর তরলা বাঁশ কাটিয়া 'বিওনি' বানাইয়া তুলি লইয়া তাহাতে নানারূপ আলেখ্যচিত্রণ করিল। সুনির্মিত 'বিওনি' হস্তে বেহুলা ডোমিনীবেশে মনের আনন্দে চাম্পালি যাত্রা করিল—

হাতেত বিওনি করি কাখে দোন ডালি।
থমকে থমকে চলে সাহের দুলালি॥

ডোমিনীর অপূর্ব রূপ দেখিয়া আকুল হইয়া কত লোক পিছনে লাগিয়া গেল এবং তাহার পরিচয় জিজ্ঞাসা করিল। গৃহে ডোমনার অনুপস্থিতিজনিত তিন দিনের উপবাসকষ্ট নিরসনের ইচ্ছায় পাখা বিক্রয়ের উদ্দেশ্যে আগমনের মধুর কপটতায় বেহুলা তাহাদিগকে ছলনা করিল। তাহাকে নির্লজ্জভাবে প্রেমনিবেদনের ধৃষ্টতার উত্তরে সর্ব্বাঙ্গসুন্দর স্বামীর উল্লেখ করিয়া বেহুলা তাহাদিগকে কঠোর তিরস্কার করিল। তাহারা পাখার দাম জানিতে চাহিলে সোনার মোহর মূল্যে উহা ক্রয় করা তাহাদের সামর্থ্য-বহির্ভূত এই তাচ্ছিল্য প্রকাশে বেহুলা লখিন্দরের সপ্রশংস উল্লেখ করিল। তাহাদের উদ্দেশ্যে কঠোর তিরস্কার বর্ষণ করিতে করিতে ডোমিনী চাঁদের গৃহাভিমুখে চলিল। ডোমিনী চাঁদের পুরীতে প্রবেশ করিতে চাহিলে দ্বারী তাহার পথ রোধ করিল। পথ ছাড়িয়া দিবার বিনিময়ে দ্বারী ডোমিনীকে সুরতি-শৃঙ্গার

CENTRAL LIBRARY

অঙ্গীকার করিতে বলিল। নিরন্তর সাধুকে 'পানপানি' জোগাইবার পরিচয় খ্যাপন অন্তে দ্বারীকে অধম দুর্জন বলিয়া তিরস্কার করিয়া ডোমিনী পুরী প্রবেশ করিল এবং সোনকার কাছে গেল। ডোমিনীকে দেখিয়া সোনকা চমকিত হইল এবং বেহুলার সহিত আকৃতিতে সাদৃশ্য দেখিয়া তাহার বসতিপরিচয়ও আগমনের কারণ জিজ্ঞাসা করিল। বেহুলা নিজেকে নীচ জন, ডোমিনী এই পরিচয় দিয়া অমূল্য 'বিওনি' বিক্রয় উদ্দেশ্যে ঘুরিয়া বেড়াইবার কথা জ্ঞাপন করিল। লখিন্দর বাঁচিয়া নাই, কে পাখা কিনিবে—এই দুঃখাভিব্যক্তিতে সোনকা ডোমিনীকে এই পাখা জলে ভাসাইয়া দিতে বলিল। সোনকা ডোমিনীকে দেখিয়া মৃত পুত্র ও পুত্রবধূর ভেলায় ভাসিবার প্রসঙ্গ বলিয়া শোকে কাঁদিতে লাগিল। সোনকা গুয়া পান দিয়া ডোমিনী বিদায় করিতে ছয় বধূকে বলিল। ডোমিনী তাহার ক্ষুধাকাতরতা জানাইয়া অন্ন চাহিল। রন্ধন-শৈথিল্যের জন্য সোনকা অন্ন দিবার অক্ষমতা জানাইলে ডোমিনী সোনকার নিকট মেড়ঘরস্থিত অন্নব্যঞ্জন যাচঞা করিল। ডোমিনীর কথা শুনিয়া সোনকা চমকিয়া উঠিল। জলে ভাসিয়া বেহুলা ডোমের ঘরে জাত দিয়াছে, মায়াবশে গৃহ দেখিতে আসিয়াছে নতুবা মেড়ঘরের অন্নব্যঞ্জনের কথা কিরূপে জানিবে এই সকল কথা চিন্তা করিয়া সোনকা ক্রন্দনাকুল হইল। ডোমিনী বলিল, সে তাহার পুত্রবধূ নয়। লখিন্দরের বিবাহকৌতুক দেখিতে আসিয়া অধিক রাত্রি হওয়ায় ডোমিনী স্বামীসহ মেড়ঘরের পার্শ্বে ছিল এবং লখিন্দর ঘুমাইয়া পড়ার জন্য বেহুলা কর্তৃক রন্ধন করা অন্নব্যঞ্জন বাড়িয়া আবার হাঁড়িতে ভরিয়া রাখিয়া দিবার বৃত্তান্ত বলিতে তাহার সামর্থ্য সোনকাকে নিবেদন করিল। ডোমিনীর কথা শুনিয়া সোনকা মেড়ঘরের দরজা খুলিতে গেল। সোনকা দুয়ার খুলিতে পারিল না। বেহুলা কপাট খুলিলে সোনকা সোনার থালায় অন্ন বাড়িয়া ডোমিনীকে খাইতে দিল। নীচ জাতি বলিয়া তাহার সম্মুখে আহার করিবার ধৃষ্টতা রাখে না এই অভিনয় করিয়া বেহুলা বাহিরে গেল এবং থালার অন্ন কুকুরকে খাওয়াইয়া পুরীর ভিতর ফিরিয়া আসিল। সোনকা পুত্রের মৃত্যু স্মরণ করিয়া মেড়ের ভিতর বসিয়া আকুল ক্রন্দন করিতে লাগিল। কেন সোনকা কাঁদে তাহা জানিবার জন্য চাঁদ দ্বারীকে পাঠাইল। ডোমিনী দেখিয়া সোনকা বিনাইয়া কাঁদিতেছে শুনিয়া চাঁদ ক্রোধে লাঠি হস্তে ছুটিয়া আসিল। ডোমনী প্রাণভয়ে খিরকী পথে পলাইয়া গেল।

বেহুলা চাম্পালি হইতে ফিরিয়া আসিলে কুলনারী হইয়া চাম্পালি ভ্রমণের জন্য তাহার ভিন্ন মতি হইয়াছে এই সন্দেহ করিয়া লখিন্দর তাহাকে নৌকায় উঠিতে বারণ করিল। ভেলায় ভাসিবার সময় দুষ্ট বাটপারের হাতে কে রক্ষা করিয়া-

CENTRAL LIBRARY

ছিল—বেহুলার এই দৃপ্ত উত্তর শুনিয়া লখিন্দর সুলজ্জিত হইল এবং তাহাকে ডিঙ্গায় উঠিয়া আসিতে আহ্বান জানাইয়া চাম্পালীর কথা শুনিতে চাহিল। লখিন্দরের অভাবে চাম্পালি নগর অন্ধকার, সোনকা ও ছয় বধূ শোকে শীর্ণতনু হওয়ার কথা বলিয়া বেহুলা শ্বশুরের দুর্মতি ও তাহাকে প্রহার করিতে উদ্যত হওয়ার কথা স্বামীকে জানাইল। বেহুলার কথা শুনিয়া লখিন্দর মহাদুঃখে মাথা হেট করিল।

মন্দ মন্দ মলয় পবন বহিতেছে। লখিন্দর ঘাটে উঠিয়া বসিল। চাঁদের ঘরের দাসীরা ঘাটে জল ভরিতে আসিয়া তাহার রূপ দেখিয়া কানাকানি করিল। "সাক্ষাতে দেখিএ জেন শাহের নন্দন॥" এই বলিয়া একজন অন্য জনের দৃষ্টি আকর্ষণ করিলে সে সংশয় প্রকাশ করিল। আর এক জন দাসী সতী বেহুলা স্বামী জীয়াইয়া আনিয়াছে মনে করিয়া ছুটিয়া গিয়া সোনকাকে লখিন্দরের আগমন-সংবাদ জানাইল। দাসীর কথায় সোনকা স্নানের ছল করিয়া ঘুঙ্ঘুরির ঘাটে চলিল। বেহুলার কথামত লখিন্দর জননীকে প্রণাম করিল। আর ছয় ভাই মাকে প্রণাম করিল। সোনকা দৃষ্টিক্ষীণতার জন্য চিনিতে না পারিয়া তাহাদের পরিচয় জিজ্ঞাসা করিল। মনাই কাণ্ডারী লখিন্দর ও তাহার ছয় ভাইকে দেখাইয়া বেহুলার পদ্মাকে পূজিয়া স্বর্গপুর হইতে স্বামী ও ভাসুর জীয়াইয়া ধনজন সহ চৌদ্দ ডিঙ্গা আনিবার কথা সোনকাকে জানাইল। সোনকা বধূকে চুম্বন করিল। আনন্দে সোনকার দুই চক্ষু বাহিয়া জল পড়িতে লাগিল। সোনকা পুত্রবধূকে ঘরে যাইতে বলিল। শ্বশুর মনসাকে ফুলজল দিলে সে গৃহে যাইবে নতুবা ফিরিয়া যাইবে—বেহুলা এই সঙ্কল্প জানাইল। বেহুলার কথা শুনিয়া সোনকা আনন্দে বাড়ী গিয়া সাধুকে সংবাদ দিল। সংবাদ পাইয়া চাঁদ আনন্দে ঘুঙ্ঘুরির ঘাটে গেল। সংবাদ শুনিয়া চাম্পালির অগণিত লোক ছুটিয়া চলিল। সাত ভাই আসিয়া পিতার চরণ বন্দনা করিল। বেহুলা শ্বশুরকে প্রণাম করিল। সাধু বেহুলার সতীত্বের প্রশংসা করিয়া পুত্রবধূকে বাড়ী যাইতে বলিল। যদি চাঁদ মনসার পূজা করে তবেই সে বাড়ী যাইবে—এই কথা বেহুলা শ্বশুরকে জানাইল। লখিন্দরও পিতাকে জানাইল, যদি সে মনসার পূজা করে তবে বাড়ী যাইবে নতুবা তরণী বাহিয়া তাহারা ফিরিয়া যাইবে। চাঁদ লখিন্দরকে 'মিছা মায়া' না করিয়া ঘরে চলিতে বলিল। চাম্পালির সব 'রাহো" সঙ্গে করিয়া সোনকা ছয় বধূ সহ ডিঙ্গা বরণ করিতে আসিল। সোনকা সধবাদের সঙ্গে জলে নামিয়া ডিঙ্গা বরণ করিয়া একে একে সাত পুত্রকে বরণ করিল। সোনকা পুত্রদিগকে ঘরে যাইতে বলিলে লখিন্দর পিতাকে পদ্মার পূজা করিবে এই মর্মে সত্য করিতে

CENTRAL LIBRARY

বলিল। চাঁদ সঙ্কটে পড়িয়া পুত্রকে বলিল—"আগে পাছে বুঝা জাবে চল ঘরে যাই।" বাপের বচনে সাত ভাই আনন্দে ঘরে চলিল।

বেহুলা ক দেখিবার জন্ত চাঁদের গৃহে সমবেত অসংখ্য লোক হুড়াহুড়ি ও কোলাহল আরম্ভ করিল। পুত্রবধূ ও পুত্রগণ ক্ষুধায় কাতর। তাহারা স্থস্থির হইলে ঘরে আসিতে এবং গণ্ডগোল না করিতে মিনতি করিয়া সোনকা চাম্পালীর লোকসকলকে বিদায় করিল এবং বেহুলাকে লইয়া ঘরে গেল। ছয় বধূ আসিয়া বেহুলাকে কোলে লইয়া প্রীতি ও সম্বর্দ্ধনা জানাইল। কি করিয়া বেহুলা দেবপুরে গেল, পদ্মার দেখা পাইল ও মড়াসকল জীয়াইল—এই কাহিনী ছয় জা জানিতে চাহিলে বিভিন্ন ঘাটের সঙ্কট ও ব্রাহ্মণী-মূর্তির নির্দ্দেশ, নেতাইর ঘাটের সন্ধানলাভ, শিবের স্থানে আত্মপরিচয়দানে দুঃখ নিবেদন, পদ্মা পূজিয়া প্রাণেশ্বর, ও ছয় ভাসুর জীয়ান, চৌদ্দ ডিঙ্গা উদ্ধার ও শ্বশুরকে দিয়া পদ্মার পূজা করাইবার প্রতিশ্রুতিদান প্রভৃতি আনুপূর্বিক সব বিবরণ বেহুলা তাহাদের জানাইল এবং শ্বশুরকে বুঝাইয়া ঐ প্রতিশ্রুতি রক্ষা করিতে বলিল।

সোনকা পঞ্চাশ ব্যঞ্জন রাঁধিয়া সকলকে ভোজন করিতে ডাকিল। সাধু সাতপুত্র লইয়া ভোজনে বসিল। ভোজনান্তে সাধু পুত্রদের লইয়া কাছারিতে গেল। বেহুলা শ্বশুরকে পদ্মার পূজা করিতে বলিল, নতুবা অমঙ্গল ঘটিবে বলিয়া জানাইল। চাঁদ যাহাকে নিন্দা করে তাহার পূজা করিতে অসম্মতি জানাইল। সোনকা চাঁদকে বুঝাইল। তথাপি চাঁদ পদ্মাকে পূজিতে স্বীকৃত হইল না। সোনকা চাঁদকে কুমতি ছাড়িবার মিনতি জানাইলে চাঁদ দৃঢ়তার সঙ্গে বলিল—আগে মনসা তাহার পূজা করিলে পাছে সে মনসার পূজা করিবে। চাঁদের অনমনীয় মনোভাব দেখিয়া পদ্মা কাঁদিতে লাগিল। নেতাইর পরামর্শে পদ্মা বিশ্বকর্মাকে দিয়া চান্দোয়া নির্ম্মাণ এবং মধ্যস্থলে চন্দ্রমণ্ডল রচনা করাইয়া চাঁদের সম্মুখে ফেলিয়া দিল। চান্দোয়াতে সকল দেবতার মধ্যে তাহার স্থান দেখিয়া চাঁদ আনন্দিত হইল। এখন কি করিবে ভাবিয়া অন্তরে অস্বস্থী চাঁদ হেটমুণ্ড হইয়া রহিল। বাসুকী তাহাকে বুঝাইল। ক্রোধে চাঁদ আকাশের দিকে চাহিল। চন্দ্রসূর্য চাঁদকে বুঝাইল। অষ্টলোকপাল এবং দেবগণ চাঁদকে বুঝাইল। এখন পদ্মাকে পূজিবার ইচ্ছায়

চান্দো বোলে যেবা জন গঙ্গা জল খায়।
অন্ত জল খাইলে কি তার পুণ্য জায়॥

এই কথা শুনিয়া পদ্মা হংসবাহনে নাচিত লাগিল। জালুমালুর ঘর হইতে

CENTRAL LIBRARY

ঘটবারি আনিয়া তাহার পূজা করিতে পদ্মা চাঁদকে বলিল। মনসাকে পূজিবার ইচ্ছা জানাইয়া চাঁদ লেজ্যাকে মনসার মণ্ডপ নির্ম্মাণ করিতে আদেশ করিল। চাঁদের আদেশে মনোহর মন্দির নির্ম্মিত হইলে চাঁদ পদ্মার বারি আনিয়া ইহাতে স্থাপন করিল। চাঁদ স্নান করিয়া শিবের পূজা সমাপন করিল। আচমন করিয়া চাঁদ পদ্মাকে পূজিবে কি পূজিবে না ইতস্ততঃ করিলে চারিদিক হইতে দেবতারা তাহাকে পূজিতে বলিল। চাঁদ বাম হস্তে পদ্মাকে পূজিতে চাহিলে সকলে পুঞ্জ পুঞ্জ শব্দ করিল। আকুল চাঁদ বাম হস্ত মনে করিয়া ডান হস্তে ফুল তুলিয়া তিলাঞ্জলি দিল। ছাগমহিষ বলিদান সংবলিত চাঁদের পূজা পাইয়া পদ্মা আনন্দে নাচিতে লাগিল। পদ্মার আদেশে চাঁদ বর মাগিয়া লইল।

রজনী প্রভাতে পূজা বিসর্জন ও বারি সমর্পণের পর পদ্মা বেহুলা-লখিন্দরকে স্বর্গে লইয়া যাইবার ইচ্ছা জানাইল। 'পুত্র যাত্রা' শুনিয়া চাঁদ বিমর্ষ হইল, সোনকা ক্রন্দন করিতে লাগিল। লখিন্দর মা বাপকে ছাড়িয়া ইন্দ্রপুরে যাওয়ার অনিচ্ছা জানাইলে দেবী তাহাকে কলির ধর্ম ও অনাচারের বিবরণ শুনাইল। দেবী হংসরথে চড়িয়া চলিল এবং বেহুলার মর্ত্যপুরে কিছুকাল থাকার অভিলাষের উত্তরে শীঘ্র ইন্দ্রের রথ তাহাদের লইয়া যাইতে আসিবে বলিয়া পদ্মা জানাইল। সোনকা ধনাকে বেহুলা লখিন্দরের আগমনবার্তা জানাইতে উজানি পাঠাইল। সংবাদ পাইয়া বাছো স্ত্রী-পুত্র, পুত্রবধূ ও দাসদাসী সকলকে সঙ্গে করিয়া চাঁদের গৃহে উপস্থিত হইল। চাঁদ ও সোনকা সকলকে সাদর অভ্যর্থনা জানাইল। সোনকা রন্ধন ও পরিবেষণে সকলকে তুষ্ট করিল।

পদ্মা ইন্দ্রের নিকট বেহুলা-লখিন্দরের শাপমোচন হইয়াছে জানাইয়া তাহাদিগকে স্বর্গে লইয়া আসিতে বলিল। ইন্দ্রের আদেশে মাতলি রথ সাজাইয়া পদ্মার সঙ্গে চাম্পাই নগরী গেল। পদ্মা বেহুলা-লখিন্দরকে ইন্দ্রের রথ আসিয়াছে জানাইল। শুনিয়া বেহুলা ও লখিন্দর বিষাদ ভাবিল এবং কাঁদিতে কাঁদিতে মাতা-পিতাকে তাহাদের স্বর্গে লইয়া যাইতে ইন্দ্রের রথ আসার সংবাদ দিল। সকলে হাহাকার করিয়া কাঁদিতে লাগিল।

বেহুলা ও লখিন্দর পিতামাতা, শ্বশুর-শাশুড়ী, ভাই-ভ্রাতৃবধূ সকলকে প্রণাম করিয়া বিদায় মাগিল এবং দ্রুতপদে গিয়া রথে চড়িয়া পদ্মার চরণে প্রণত হইল। রথ স্বর্গে পৌঁছিলে দ্বারী লখিন্দরের আগমন-সংবাদ জানাইল। পদ্মার সঙ্গে গিয়া বেহুলা এবং লখিন্দর ইন্দ্রকে প্রণাম করিল। আনন্দিত চিত্তে ইন্দ্র তাহাদিগকে আশীর্বাদ করিল। দেবী পদ্মা লখিন্দর ও বেহুলাকে ইন্দ্রের হস্তে সমর্পণ করিয়া

CENTRAL LIBRARY

তাহার মনস্কামনা পূর্ণ হইয়াছে বলিয়া জানাইল। ইন্দ্রকে প্রণাম অন্তে বিদায় লইয়া পদ্মা হংসরথে ময়নাপুরে গিয়া উত্তরণ করিল।

তন্ত্রবিভূতির সঙ্গীতসিদ্ধি

তন্ত্রবিভূতি যে কেবল বিচক্ষণ কবিত্বের অধিকারী কবিই ছিলেন তাহা নহে। তন্ত্রবিভূতির মনসাপুরাণে বিপ্রদাসের মনসাবিজয়, দ্বিজ মাধবের চণ্ডীমঙ্গল ও দ্বিজ রামদেবের অভয়ামঙ্গলকাব্যের অনুরূপ বহু রাগরাগিনীর উল্লেখ কবির সঙ্গীতরসজ্ঞতার পরিচয়-প্রীত। রাগ ও তালমান সম্পর্কে কবির স্বতঃ অবহিত থাকার স্বীকৃতি কাব্যে প্রকীর্ণ। "ধ্বনি জেন বাজএ রসালা," "স্বর্গ হৈতে নাম নাট্যা গায়নের মাও," "তন্ত্রবিভূতে গায় মনসার চরিত," "তুয়া চিন্তি তুয়া গাই বিস্তর সম্মান পাই" ইত্যাদি গায়ক-পরিচয় সমন্বিত উক্তি লক্ষণীয়। বিভিন্ন প্রসঙ্গের বাণীরূপ দেওয়ার পূর্বে রাগ-রাগিনীর সংস্থান কবির সংগীজ্ঞতার ধ্রুব পরিচয়। তাঁহার কাব্যের পুথির অর্দ্ধাংশের পর যথাস্থানে রাগ-উল্লেখের শৈথিল্য লিপিকরের অরসিকতাসম্ভব বলিয়া মনে হয়। তন্ত্রবিভূতির ন্যায় জগজ্জীবন এবং জীবন মৈত্র সুগায়ক ছিলেন। কিন্তু তন্ত্রবিভূতির মনসাপুরাণ তাঁহাদের কাব্যপ্রেরণার উৎস বা কবিকর্মের আদর্শ হইলেও কাব্যস্থিত রাগ-রাগিনীর অনুসরণ তাঁহারা করেন নাই। এই প্রসঙ্গে মুকুন্দরাম তাঁহাদের আদর্শ ছিল বলিয়া অনুমিত হয়। অথচ গ্রন্থে রাগ-রাগিনীর উল্লেখ করার প্রথা মুকুন্দরামপূর্ব কবিরা অনুসরণ করিয়াছেন। চর্যাপদে, জয়দেবের গীতগোবিন্দে, বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তনে, এবং তন্ত্রবিভূতির মনসাপুরাণে রাগের বা রাগ ও তালের উল্লেখ থাকা সত্ত্বেও সঙ্গীতজ্ঞ কবি জগজ্জীবন ও জীবন মৈত্র উত্তরবঙ্গের বিষহরির গানে অনুস্মৃতিসূত্রে পরম্পরাগত কবিকর্মে কেন তাহা গ্রহণ করেন নাই তাহার কোন সূত্র পাওয়া গেল না। তাঁহাদের কাব্যের আরও প্রাচীনতর পুথি পাওয়া গেলে হয়ত কিছু সংকেত মিলিত। তন্ত্রবিভূতির কাব্যের পুথির প্রাচীনত্বের ক্রমন্যূনতার সঙ্গে সঙ্গে রাগ উল্লেখে স্বতঃশৈথিল্য দেখা যাইতেছে। গীতের মূল ভাবের সঙ্গে সামঞ্জস্য রাখিয়া ভাটিয়ালী, পাহাড়ি, কুহু প্রভৃতি রাগসংস্থান তন্ত্রবিভূতির সঙ্গীতকলানৈপুণ্যের পরিচায়ক। বিদগ্ধ, রসিক, সঙ্গীতসিদ্ধ কবি এবং নট তন্ত্রবিভূতি তাঁহার কাব্যে কবি বিপ্রদাস ও দ্বিজ রামদেবের ন্যায় চিত্রধর্ম ও সঙ্গীতধর্মের সুসমাবেশে কাব্যের রূপ ও রসবৈচিত্র্য সম্পাদন করিয়াছেন। মনে হয় তন্ত্রবিভূতির সঙ্গীতসিদ্ধির বিভূতিই

CENTRAL LIBRARY

জীবনের সঙ্গে অল্পাধিক বিভিন্নতা অনবগুণ্ঠিত। পাণ্ডিত্যের ক্ষেত্রে মনোভঙ্গিবশে তন্ত্রবিভূতি ও জগজ্জীবন পণ্ডিত কবি, আর জীবন পণ্ডিত-মহাশয় কবি। তিনজনই গায়ক। কিন্তু তন্ত্রবিভূতির মনসাপুরাণ ছাড়া অপর কবিদ্বয়ের কাব্যে রাগ-রাগিনীর উল্লেখ নাই। তন্ত্রবিভূতি ও অভয়ামঙ্গলের কবি দ্বিজ রামদেবের পরবর্তী কোন সঙ্গীতজ্ঞ কবির পুথিতে রাগরাগিনীর উল্লেখ পাইতেছি না। গঠনশিল্প ও ভাবের দিক হইতে কবিত্রয়ের কাব্যের কাহিনীর সাদৃশ্য ও অংশ বিশেষে বৈষম্য সম্পর্কিত আলোচনার পূর্বে আমরা নিম্নে কবিদের কাব্যের শব্দ এবং বাক্যগত একরূপতা লক্ষ্য করিবার চেষ্টা করিব ঃ—

মনসার পাঞা বর পদ অতি মনোহর
তন্ত্রবিভূতি পদে গায় ॥ —তন্ত্রবিভূতি
পদ্মার পাঞা বর পদ অতি মনোহর
জগতজীবন কবি গায় ॥ —জগজ্জীবন
মনসার পায়া বর পদ অতি মনোহর
বিরচিল শ্রীমৈত্র জীবন।
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥ —তন্ত্রবিভূতি
জগতজীবন কবি মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥ —জগজ্জীবন
মায়া করি বিষহরি গোয়ালিনী রূপ ধরি
বিষদধি করিঞা পসার।
থমকে থমকে নড়ে আকাশে বিজুলি পড়ে
ত্রিভুবন মোহিনী আকার ॥
জথা আছেন ধন্বন্তরি শিষ্যগণ সঙ্গে করি
গোয়ালিনী চলেন চাহিঞা।
নঞান কটাক্ষ করে তপস্বীর মন হরে
শিষ্যগণ বিকল দেখিঞা।
শিষ্যগণ বোলে বাণী সুন সুন গোয়ালিনী
কড়ি লেহ দধি দেহ খাই।

CENTRAL LIBRARY

দেখিয়া তোমার ঠান আকুল হইল প্রাণ
খানিক রহিঞা মুখ চাই ॥—তন্ত্রবিভূতি
গোয়ালিনী রূপ ধরি চলে দেবী বিষহরি
বিষ দধি করিয়া পসার।
থমকে থমকে নড়ে আকাশে বিজুলি পড়ে
ত্রিভুবন মোহিনী আকার ॥
যথা আছে ধন্বন্তরি শিষ্যগণ সঙ্গে করি
গোয়ালিনী চলে সেই দিয়া।
নয়ানে কটাক্ষ করে তপস্বীর মন হরে
শিষ্যগণ বিকল দেখিয়া॥
শিষ্যগণ বোলে বাণী শুন শুন গোয়ালিনী
কোড়ি নেহ দধি দেহ খাই।
দেখিয়া তুমার ঠান মদনে বিকল প্রাণ
খানিক রহিঅ মুখ চাই ॥—জগজ্জীবন
মোর সর্পে তোমাকে খাইবে এই ঠাই ॥
জে বিষে টলিল হর সাগরের কুলে।

* * * *

সে বিষে সর্ব্বস্ব তোর করিব নির্ম্মূলে ॥
রোঝা বোলে সর্প নয়া কি গর্ব করিস।
তোমার সাক্ষাতে আমি দেখাঙ সদৃশ ॥

* * * *

রোঝা বোলে সর্প নঞা কর অহঙ্কার।
দেখি মোর আগে সর্প হউক তোমার ॥—তন্ত্রবিভূতি
মোর সর্পে তুমাক খাইবে এই ঠাই ॥

* * *

সে বিষে সবংশ তোমার করিব নির্ম্মূলে।
ওঝা বোলে বিষ লৈয়া গর্ব্ব না করিস।
তোর সাক্ষাতে খাঙ সের দশ বিষ ॥

* * *

CENTRAL LIBRARY

ওঝা বোলে সর্প লৈয়া কর অলঙ্কার।
দেখি মোর আগে সর্প রহুক তোমার ॥—জগজ্জীবন
মনসার আগেতে আছিল জত সাপ।
পলায় সকল সাপ মন্ত্রের প্রতাপ ॥
বিষাদ ভাবিঞা পদ্মা চলে নিজ ঘরে।
তন্ত্রবিভূতে গায় মনসার বরে ॥—তন্ত্রবিভূতি
মনসার অগ্রেতে আছিল জত সাপ।
সমস্ত পলায়া গেল মন্ত্রের প্রতাপ ॥
বিষাদ ভাবিয়া পদ্মা চলে নিজ ঘরে।
জগতজীবন গায় মনসার বরে ॥—জগজ্জীবন
শিষ্যগণ বোলে মাও চল জাই ঘর।
আনিলাঙ ওসধ আর কিবা ডর ॥
পদ্মা বোলে অভাগিনী প্রত্যয় না জাঙ।
কেমন ওসধ বাপু আন দেখি চাঙ ॥
ওসধ আনিয়া দিল মনসার হাতে।
লাফ দিয়া মনসা চড়িল শূন্য পথে ॥
ওসধ হারাঞা শিষ্য করে হায় হায়।
পদ্মার চরিত্র কিছু বুঝা নাহি জায় ॥—তন্ত্রবিভূতি
শিষ্যগণ বোলে মাও চল যাই ঘর।
আনিল ঔষধ মাও আর কিবা ডর ॥
পদ্মা বোলে অভাগিনী প্রত্যয় না জাঙ।
কেমন ঔষধ বাপু দেখিবারে চাঙ ॥
ঔষধ আনিয়া দিল মনসার হাতে।
লাফ দিয়া মনসা চলিল স্বর্গ পথে ॥
ঔষধ হারাঞা শিষ্য করে হায় হায় ॥
পদ্মার চরিত্র কিছু বুঝন না জায় ॥—জগজ্জীবন

বিষম বিবাদ করি মৈল রোঝা ধন্বন্তরি
সুনি চান্দো হৃদয়ে আকুল।

CENTRAL LIBRARY

হায় হায় শব্দ করে বোলে সাধু উচ্চ স্বরে
এখন কানী পড়িল আউল ॥—তন্ত্রবিভূতি
বিষম বিবাদ করি মরে ওঝা ধন্বন্তরি
চন্দ্রপতি হৃদয়ে আকুল।
হায় হায় শব্দ করে কান্দে চান্দো উচ্চ স্বরে
কান্দে সাধু আউলাঞা চুল ॥—জগজ্জীবন

বৃক্ষতলে বসি দেখো চান্দো সদাগরে—তন্ত্রবিভূতি
বৃক্ষতলে বস্যা দেখে চান্দো সদাগরে—জগজ্জীবন
তরুমূলে বৈসে আছে চান্দো সদাগর—জীবন
সৈন্য সামন্ত সাজি চলে চান্দো সদাগর।
হর সাধু মণ্ডলের দেশেত হৈল চমৎকার ॥—তন্ত্রবিভূতি
বানিয়ার পরদল কৌতুকে হৈল পার।
হর সাধুর দেশেত হৈল চমৎকার ॥—জগজ্জীবন
বানিয়ার সৈন্য যদি সবে হৈল পার।
হরসাধুর দেশে সভে হইল চমৎকার ॥—জীবন
বৃদ্ধ আবাল পলায় যুবক ছওাল।
সন্ধ্যার সময়ে পলায় রাজ্যের কোত্তআল ॥—তন্ত্রবিভূতি
বৃদ্ধ যুবক জত পলায় ছাওয়াল।
সৈন্য সহিতে পলায় নগরের কোটাল।—জগজ্জীবন
বৃদ্ধ পলায় যুবক পলায় বালক লয়া কোলে।
প্রজা লয়া পলাইল গ্রামের কোতওালে ॥—জীবন
পলায় ব্রাহ্মণ ফেলি পাঞ্জিপুথি।—তন্ত্রবিভূতি
পলায় ব্রাহ্মণ ফেলায়া পুঁথির ভার—জগজ্জীবন
দৈবগ্ন পলায়া যায় পাঞ্জির ভার।—জীবন
ঠাঠারি কাসারি পলায় কামার কুম্ভার।—তন্ত্রবিভূতি
ঠেটারী পশারি পলায় কামার সোনার।—জগজ্জীবন
কাঁশারী ঠাটারী পলায় সোনার কামার।—জীবন
কেহ জাঞা সান্ধাইল সিয়ালের গাঢ়ে।—তন্ত্রবিভূতি
কুন জন লুকাইল শিয়ালের গাড়ে।—জগজ্জীবন

CENTRAL LIBRARY

কেহ প্রবেসিল শ্রীকালের গাড়ি।—জীবন
পলাইয়া জায় কেহ বেঁউর বাঁশের তলে।
দুর্জ্জন ভেঙ্গুরুল তাহাকে করে বলে॥—তন্ত্রবিভূতি
পলায়া লুকায়া কেহ বৈসে বাঁশতলে।
দুর্জ্জন ভেমরুল তাহাকে করে বলে॥—জগজ্জীবন
কেবা পলায়া জায় বেঁড়ুয়া বাঁসের তল।
দুর্জ্জন ভেমরুল তারে ধড়ে কৈল বল।—জীবন
ভেমরুলের কামড়ে শরীরের হৈল তাপ।—তন্ত্রবিভূতি
ভীমরুলের কামড়ে গায়ে উঠে কাপ।—জগজ্জীবন
বিষের জ্বালাতে কার গায়ে উঠে কাপ।—জীবন
পসারে পসারে প্রভু এই দ্রব্য কি।—তন্ত্রবিভূতি
পসারে পসারে প্রভু এই দ্রব্য কি।—জগজ্জীবন
পসারে পসারে প্রভু ইহা দেখি কি।—জীবন
সকল কর্ম্মেতে নাগে এই দুগ্ধ দধি।—তন্ত্রবিভূতি
সকল কর্ম্মেতে লাগে এই দুগ্ধ দধি।—জগজ্জীবন
সকল কর্ম্মেতে লাগে এই গোপের দধি।—জীবন
একে একে সকল নগর হৈল পার।—তন্ত্রবিভূতি
একে একে সকল নগর হৈল পার।—জগজ্জীবন
একে একে নগর সকল হৈল পার।—জীবন
বালা বোলে সুন প্রিয়া সাহের ঝিয়ারি।—তন্ত্রবিভূতি
বালা বোলে সুন প্রিয়া সুলক্ষণী নারী।—জগজ্জীবন
বালা বোলে প্রাণ প্রিয়া সুলক্ষণা নারী।—জীবন
বালা বোলে হারিলে দিব অষ্ট অলঙ্কার।
তুমিত হারিলে দিবে সুরতি শৃঙ্গার॥—তন্ত্রবিভূতি
বালা বোলে আমি দিব অষ্ট অলঙ্কার।
তুমি সে হারিলে দিবে সুরতি শৃঙ্গার।—জগজ্জীবন
বালা বোলে আমি হারিলে দিব অষ্ট অলঙ্কার।
তুমি যদি হার দিবা অষ্ট অলঙ্কার॥—জীবন
বালা বোলে প্রাণ প্রিয়া কোলে আসি বৈস সিয়া
ছাড় খেলা কিসের ধাঙচালি।

CENTRAL LIBRARY

দেখিয়া তোমার ঠান মদনে হরিল প্রাণ
প্রাণ রাখ বানিঞার বালি ॥ —তন্ত্রবিভূতি
বালা বোলে প্রাণ প্রিয়া কোলে আসি বৈস সিয়া
ছাড় পাশা কিসের ধামালী।
দেখিয়া তুমার ঠান মদনে হানিল হান।
প্রাণ রাখ বানিয়ার বালী ॥ —জগজ্জীবন
বালা বোলে প্রাণপ্রিয়া কোলেত আইস বৈস সিয়া
ত্যজ পাশা কিসের ধামালী।
দেখিয়া তোমরা ঠান মদনে হানিল বাণ
প্রাণ রাখ বাহের দুলালী ॥ —জীবন
কোন বিধি বিচক্ষণে একান্ত করিয়া মনে
তুয়া রূপ নিরমিল বসি।
আমি কত জন্ম ভরি কঠোর তপস্যা করি
তোমার হেন পাইনু রূপসী ॥ —তন্ত্রবিভূতি
কুন বিধি বিচক্ষণ একান্ত করিঞা মন
তোর রূপ নিরমিল বসি।
আমি কত জন্ম ভরি কঠোর তপস্যা করি
তোমায় হেন পাইনু রূপসী ॥ —জগজ্জীবন
কৈল বিধি বিচক্ষণ একান্ত করিয়া মন
তুয়ার রূপ নিরমিল বিধি।
আমি কত জন্মভরি কঠোর তপস্যা করি
তোমায় হেন পাইলাম গুণ নিধি ॥ —জীবন
এ দুই সুন্দর চক্ষ জেমন খঞ্জন পক্ষ
অধর জিনিয়া বিম্বফল।
কুটিল কবরী ভার চামর উপমা তার
বাহুযুগ পদ্মের মৃণাল ॥ —তন্ত্রবিভূতি
এ দুই সুন্দর চক্ষ যেমন খঞ্জন পক্ষ
অধর জিনিয়া বিম্বফল।
কুটীল কবরী ভার চামর উপমা তার
বাহুযুগ যেমন মৃণাল ॥ —জগজ্জীবন

CENTRAL LIBRARY

দেখিতে সুন্দর আঁখি যেমন খঞ্জন পাখি
অধর জিনিয়া বিম্বফুল।
কুটিল কুন্তল ভার চামর জিনিয়া তার
বাহুযুগ জিনিয়া মৃণাল ॥ —জীবন
ধন্য তোর জন্মদাতা সাফল তোমার মাতা
তোমাকে উদরে দিল স্থান।
তুমি হেন সুন্দরী হইলে আমার নারী
তুমি সে অধিক ভাগ্যবান ॥ —তন্ত্রবিভূতি
ধন্য তোর জন্মদাতা সাফল তোমার মাতা
তুমাকে গর্ভেতে দিল স্থান।
তুমি হেন রূপবতী আমি সে তুমার পতি
আমি সে অধিক ভাগ্যবান ॥ —জগজ্জীবন
ধন্য তোমার জন্মদাতা সফল তোমার মাতা
তোমাকে উদরে দিল স্থান ॥
তুমি হেন রূপবতী হইলাম তোমার পতি
আমি বড় ভাগ্যবান হই। —জীবন
শুনিয়া স্বামীর বাণী মনে কন্যা অভিমানী
বাক্য বোলে গদদগ স্বরে।
পণ্ডিত হইয়া নাথ কথা কহ অযথার্থ
প্রাণ মোর কাপিছেন ডরে ॥ —তন্ত্রবিভূতি
শুনিয়া স্বামীর বাণী মনে কন্যা অভিমানী
বাক্য বোলে গদ গদ ভাষে।
পণ্ডিত হইয়া নাথ বাক্য বোল অযথার্থ
প্রাণ মোর কম্পিত তরাসে। —জগজ্জীবন
শুনিয়া স্বামীর বাণী বাক্য বলে অভাগিনী
কহে বালি গদগদ ভাষে।
পীড়িত হয়া নাথ বাক্য বলে অজথাত
প্রাণ মোর কম্পিত তরাসে ॥ —জীবন
বিভা রাত্রে প্রাণপতি কেবা জানে রঙ্গ রতি
নাহি হয় বৎসর ছয় মাস।

CENTRAL LIBRARY

স্থনিলে সকল লোক কি বোল বলিবে মোক
সংসারে করিবে উপহাস।
পণ্ডিত জানিঞা তোক বাপ মায়ে দিল মোক
মূর্খের সদৃশ কর কর্ম্ম।
কে তোমায় সজ্জন কহে সজ্জনের বুদ্ধি নহে
হাড়ি চণ্ডালের মত কর্ম্ম।
আমি অতি শিশুমতি কিবা জানি রঙ্গ রতি
ভয়ে মোর প্রাণ নহে স্থির।
জেমত সেমত বালী বৎসর ছয় মাস পালি
তুমি কর শাস্ত্রের বাহির॥ —তন্ত্রবিভূতি
বিভারাত্রে নিজপতি কিবা জানি রঙ্গরতি
না হইল বৎসর ছয় মাস।
শুনিলে সমস্ত লোকে কি বোল বলিবে মোকে
সংসারে করিবে উপহাস॥
পণ্ডিত জানিয়া তোকে বাপ মায় দিল মোকে
মূর্খের নিন্দিত কর কর্ম্ম।
কে তোকে সজ্জন কহে সজ্জনের বুদ্ধি নহে
কর হাঁড়ি চণ্ডালের কর্ম্ম॥
আমি অতি শিশুমতি কিবা জানি রঙ্গরতি
ভয়ে মোর প্রাণ নহে স্থির।
যেমত তেমত বালী বছর ছয় মাস পালি
তুমি কর শাস্ত্রের বাহির॥ —জগজ্জীবন
বিভা রাত্রি প্রাণপতি কিবা জানি চাও রতি
নাহি হয় বৎসর ছয় মাস।
শুনিলে চাম্পালির লোক কি বোল বলিবে তোখ
সংসারে করিবে উপহাস।
পণ্ডিত জানিয়া তোখ বাপে বিভা দিল মোক
লোকের নিন্দিত কর কর্ম্ম।
কেমন পণ্ডিত হয় পণ্ডিতের মত নয়
হাড়ি ডোম চণ্ডালের ধর্ম্ম॥

88.9.1
-955-5-9

CENTRAL LIBRARY

আমি নারী শিশুমতি কিবা জানি রঙ্গরতি
ভয়ে মোর প্রাণ নহে স্থির।
যেমত তেমত নারী ছয় মাস বৎসর পালি
তুমি কর শাস্ত্রের বাহির॥ —জীবন

বালী বোলে প্রাণনাথ না বোল হেন বাণী।
পদ্মার বিবাদে হানে মোর প্রাণখানি॥
বালার বচনে বালী কাপিছেন হিয়া॥
চন্দ্রিমা কম্পিত জেন রাহুকে দেখিয়া॥ —তন্ত্রবিভূতি
না বোল প্রাণের নাথ না বোল হেন বাণী।
অবলা বিকল ডরে হানে প্রাণ খানি॥
বানিয়ার বচনে বেহুলার কাঁপে হিয়া
চন্দ্রমা কম্পিত জেন রাহুকে দেখিঞা॥ —জগজ্জীবন
না বোল না বোল প্রিয় না বোল হেন বাণী।
অবলা বিকল ভয়ে হানে প্রাণ খানি।
বালার বচনে বালীর কম্পিত হইল হিয়া।
চন্দ্র কম্পিত জেন রাহুকে দেখিয়া॥ —জীবন
সঙ্কটে পড়িয়া বালী করে হায় হায়।
জোড় হ'তে বিদ্যাধরী স্বামীকে বুঝায়॥ —তন্ত্রবিভূতি
সঙ্কটে পড়িয়া বালী করে হায় হায়।
জোর হস্তে বিদ্যাধরী স্বামী বুঝায়॥ —জগজ্জীবন
সঙ্কটে পড়িয়া বালী বলে হায়রে হায়।
জোড় হস্তে বিদ্যাধরি স্বামিত বুঝায়॥ —জীবন
বিভা রাত্রে সুরতি বড়ই মন্দ কাজ।
ত্রিভুবনে কলঙ্ক হইবে মহানাজ॥ —তন্ত্রবিভূতি
বিভা রাত্রে সুরতি না কর মন্দ কাজ।
ত্রিভুবনে কলঙ্ক পাইবে মহালাজ॥ —জগজ্জীবন
বিভার রাত্রি সুবুদ্ধি না কর মন্দ কাজ।
ত্রিভুবনে কলঙ্ক হবে পাবা বড় লাজ॥ —জীবন
কাঁচা ডালিম্ব খাইতে নাগে কষা।

CENTRAL LIBRARY

কমলের কলিতে জেন ভ্রমরে করে বাসা ॥ —তন্ত্রবিভূতি
কাঁচা বেল ডালিম্ব খাইতে লাগে কস।
কলিকা কমলে কি ভ্রমরা পায় রস। ॥ —জগজ্জীবন
কাঁচা বেল ডালিম্ব খাইতে লাগে কসা।
পাকা খাইতে লোকে বড় করে আশা ॥ —জীবন
কাঁচা দুগ্ধ পিএ প্রভু পানির সমাজ।
আউটিয়া খাইলে জেন মধু করে পান ॥ —তন্ত্রবিভূতি
কাঁচা দুগ্ধ খায় যেন পানির সমান।
আউটিয়া খাইলে যেন মধু করে পান ॥ —জগজ্জীবন
শুখাইঞা পোড়াইঞা জাবৎ দঢ় নয়।
কাঁচা হাঁড়ি কিনিঞা আনিলে নাকি রয় —তন্ত্রবিভূতি
শুখাঞা পোড়াঞা যাবত দৃঢ় নহে।
কাঁচা হাড়ি কিনিয়া আনিলে নাকি রহে ॥ —জগজ্জীবন
কাঁচা খের কাটিঞা না ছাএ কেহ চাল।
তরলা বাশের ধনু রহে কত কাল ॥ —তন্ত্রবিভূতি
কাঁচা খের কাটিয়া কেহ না ছাহে চাল।
তরলা বাঁশের ধনু রহে কত কাল ॥ —জগজ্জীবন
তুমি বিদগদ প্রভু আমি শিশুনারী। —তন্ত্রবিভূতি
তুমি বিদগদ প্রভু আমি শিশুনারী ॥ —জগজ্জীবন
নারীর যৌবন কন্যা ভাদরের তাল। —জগজ্জীবন
নারীর যৌবন প্রিয়া ভাদ্র মাসা তাল ॥ —জীবন
নারীর যৌবন প্রিয়া স্থির কিছু নহে ॥ —তন্ত্রবিভূতি
জীবন যৌবন প্রিয়া স্থির কিছু নহে ॥ —জগজ্জীবন
জীবন যৌবন প্রিয়া স্থির কিছু নয়। —জীবন
নারী নারিকেল আর গুয়া পান তাল।
কাঁচা খাইতে মিষ্ট পাকিলে নহে ভাল।
সাক্ষাতে সুন্দর তুমি জেন বিম্বফল।
ভিতরে, কুৎসিত কিবা বাহিরে উজ্জল ॥ —তন্ত্রবিভূতি
নারী আর নারিকেল আর গুয়া তাল।
কাঁচায় উত্তম নহে পাকিলে সে ভাল ॥

CENTRAL LIBRARY

সাক্ষাতে সুন্দরী তুমি মহাকালের ফল।
ভিতরে কুৎসিত কাল বাহিরে উজ্জল ॥—জগজ্জীবন
নারিকেল গুয়া পান আর তাল বেল।
কাঁচা কুশিত লাগে পাকিলে সে ভাল।
সাক্ষাত সুন্দরী তুমি মহাকালের ফল।
ভিতরে কুশিত তোমার উপরে উজ্জল ॥—জীবন
পদ্মার বিবাদে প্রভু প্রাণ কাপে ডরে।
কালচক্র ফিরে তোমার মস্তক উপরে ॥—তন্ত্রবিভূতি
পদ্মার বিবাদে প্রভু প্রাণে নাই ডর।
কালচক্র ফিরে তোমার মস্তক উপর ॥—জগজ্জীবন
পদ্মার সহিত বাদ বড় লাগে ডর।
কালচক্র ফিরে তোমার মাথার উপর ॥—জীবন
আজিকার রাত্রি প্রভু শুভে শুভে জায়।
রজনী প্রভাতে রতি দিবত নিশ্চয় ॥—তন্ত্রবিভূতি
আজিকার রাত্রি প্রভু শুভে শুভে জায়।
রজনী প্রভাতে রতি দিব সর্বদায় ॥—জগজ্জীবন
আজিকার রাত্র জদি সুপ্রভাত হয়।
রজনী প্রভাতে রতি দিব সর্ব্বথায় ॥—জীবন
আজিকার রাত্রিতে পদ্মাএ সাধে বাদ।
সত্য নষ্ট হৈলে প্রভু হবেক প্রমাদ ॥—তন্ত্রবিভূতি
রাত্রের মধ্যে পদ্মা যদি সাধে বাদ।
সত্য নষ্ট হৈলে প্রভু হবে পরমাদ ॥—জগজ্জীবন
রজনীর মধ্যে যদি পদ্মা সাধে বাদ।
সত্য নষ্ট হৈলে পাছে ঘটিবে প্রমাদ ॥—জীবন
রাত্রের মধ্যে পদ্মা যদি সাধে বাদ।
সত্য নষ্ট হৈলে প্রভু হবে পরমাদ ॥—জগজ্জীবন
রজনীর মধ্যে যদি পদ্মা সাধে বাদ।
সত্য নষ্ট হৈলে পাছে ঘটিবে প্রমাদ ॥—জীবন
আমি পত্নী তুমি পতি বিধাতার লিখিত।
আজিকার রাত্রি প্রভু ক্ষেমা কর চিত ॥—তন্ত্রবিভূতি

CENTRAL LIBRARY

আমি পত্নী তুমি পতি বিধাতা লেখিত।
হাতে ধরি মিনতি করিয়ে পরিহার।
আজিকার রাত্রি রাখ মিনতি আমার ॥—জগজ্জীবন
হাত ধরি পায় ধরি কর পরিহার।
আজিকার রাত্রি রাখ বচন আমার ॥—জীবন
পদ্মহস্ত মনসা ফিরায় সাতবার।
নাগিনীর তনু হৈল সূতার সঞ্চার ॥—তন্ত্রবিভূতি
পদ্মহস্ত মনসা বুলায় সাত বার।
নাগিনীর তনু হৈল সূতার সঞ্চার ॥—জগজ্জীবন

দেখিয়া তোমার রূপ ধরিতে না পারি বুক
আখি দুটি ভরিল ক্রন্দনে ॥
পিতা তোর সদাগরে বিষম বিবাদ করে
প্রাণে নাহি মারে পদ্মা তাক।—তন্ত্রবিভূতি
দেখিয়া তোমার মুখ ধরণ না জায় বুক
দুই চক্ষ ভরিছে ক্রন্দনে।
পিতা তোর সদাগরে বিষম বিবাদ করে
পরাণে না মার তাকে কেনে ॥—জগজ্জীবন
দেখিয়া তোমার মুখ ধরিতে না পারি বুক
দুই চক্ষু ভরিল ক্রন্দনে ॥
পিতা তোর সদাগরে বিষম বিবাদ করে
প্রাণে পদ্মা না বধিল তাকে।—জীবন
দোষ নাহি এক রতি বিনি দোষে পদ্মাবতী
হৈল তোর জীবের গাহাক ॥—তন্ত্রবিভূতি
দোষ নাই এক রতি বিনি দোষে পদ্মাবতী
তোমার জীবনে হইল কাল ॥—জগজ্জীবন
দোষ নাহি এক রতি বিনা দোষে পদ্মাবতী
তোমার প্রাণের হইল গ্রাহক ॥—জীবন
কোন অঙ্গে হীন নহে কেমতে দংশিতে কহে
কাম জিনি বালার মুরতি ॥—তন্ত্রবিভূতি

CENTRAL LIBRARY

কোন অঙ্গ হীন নহে কেমতে দংশিতে কহে
কাম জিনি বালার মূরতি।—জগজ্জীবন
পদ্মার ক্রন্দন শুনি মুক্তি মহাদুচারিণী
সত্যে বন্দী হৈনু তার সঙ্গে।—তন্ত্রবিভূতি
আমি মহাদুচারিণী পদ্মার ক্রন্দন শুনি
সত্যরে ঠেকিনু তার সঙ্গে।—জগজ্জীবন
সর্ব্বাঙ্গ সুন্দর তোর দেখি প্রাণ পোড়ে মোর
ঘাও চড়াব কোন অঙ্গে॥—তন্ত্রবিভূতি
সর্ব্বাঙ্গ সুন্দর তোর দেখি প্রাণ পুড়ে মোর
ঘাও চড়াইবো কুন অঙ্গে॥—জগজ্জীবন
উঠহে বানিঞার ঝি নিদ্রাসুখে কর কি
উঠিয়া স্বামীকে রক্ষা কর।
পদ্মাবতী সাধে বাদ হৈল বড় পরমাদ
মরিবে তোমার প্রাণেশ্বর॥—তন্ত্রবিভূতি
উঠহে বানিঞার ঝি নিদ্রাসুখে কর কি
উঠিয়া স্বামীর রক্ষা কর।
পদ্মাবতী সাধে বাদ হইল বড় পরমাদ
মরিবে তুমার পরমেশ্বর॥—জগজ্জীবন
জেমত সুন্দর ঠান সেমত পালঙ্কখান
পদ্মাক চান্দো না দেয় ফুলপানি।—তন্ত্রবিভূতি
যেমত সুন্দর ঠান তেমত পালঙ্কখান
তেমত সুন্দরী আছে কোলে।—জগজ্জীবন
চান্দো না দেয় ফুল পানি ধন পুত্র করে হানি
মস্তক মুড়িল একবার।—জগজ্জীবন
চাঁন্দো না দেয় ফুল পানি ধনে বংশে করে হানি
মস্তক মুড়িল একবার।—জীবন
জদি মনে ক্রোধ থাকে জে করে সে করে তাকে
বিবাদে বধিবে কুমার।—তন্ত্রবিভূতি
যদি মনে ক্রোধ থাকে যে করি সে করি তাকে
কুন দোষে দংশিব কুমার।—জগজ্জীবন

CENTRAL LIBRARY

যদি মনে ক্রোধ থাকে কেন না দংশিলে তাকে
কোন দোষে দংশিব নথাই।——জীবন
উঠ উঠ বিদ্যাধর উঠিয়া চেতন কর
মুই বাছা পরের অধীন।
এতেক শবদে মোর না হয় চেতন তোর
সর্ব্বথা তোরে নাগিল কুদিন।—তন্ত্রবিভূতি
উঠ উঠ বিদ্যাধর উঠিঞা চেতন কর।
আমি বাছা পরের অধীন।
এতেক শবদে মোর এতেক চেতন না হৈল তোর
সর্ব্বথাএ নাগিনী দুর্জ্জন।—জগজ্জীবন
যতেক কহিনু মিথ্যা হৈল সব বোল।
এতক্ষণে নাহি শুনি ক্রন্দনের রোল॥—জগজ্জীবন
যত কিছু বলিলা সকলি মিথ্যা বোল।
এতক্ষণে নাহি শুনি ক্রন্দনের রোল।—জীবন
নাগিনীর মস্তকে নাগিল পদতলে।—তন্ত্রবিভূতি
নাগিনীর মস্তক লাগিল পদতলে।—জগজ্জীবন
হিত বুঝাইতে নাথি মারে মোর শিরে।—তন্ত্রবিভূতি
হিত বুঝাইতে লাথি মারে মোর শির।—জগজ্জীবন
নাগিনী করিল ঘাও কাঢ়ে বালা কাল রাও
রথ পরে নাচেন ব্রাহ্মণী।
পুরিল মনের সাধ সাধিল বিষম বাদ
সংসারে পাইব ফুলপানি॥
মনসা বোলেন বাণী স্থন কাল নাগিনী
বাহিরাও সত্বর গমনে।
সাধিলে বিষম বাদ লেহ আসি আশীর্ব্বাদ
জাহ তুমি আপন ভুবনে॥—তন্ত্রবিভূতি
নাগিনী করিল ঘাঅ কাঢ়ে বালা কাল রাঅ
রথের পরে নাচেন ব্রাহ্মণী।
পুরিল মনের সাধ সাধিল বিষম বাদ
সংসারে পাই ফুল পানি॥

CENTRAL LIBRARY

মনসা বোলেন বাণী শুন বাছা নাগিনী
বাহির হও সত্বর গমনে।
সাধিল বিষম বাদ লেহ আসি পরসাদ
চল যাই আপন ভুবনে ॥—জগজ্জীবন
সর্পে করিল ঘাও কাঢ়ে বালা কাল রাও
রথভরে নাচেন ব্রাহ্মণী।
সাধিনু বিষম বাদ নাগিনীর প্রসাদ
সংসারে পাইনু ফুল পানি ॥
পদ্মা বোলেন বাণী শুন কাল নাগিনী
বাহির হও সত্বর গমনে।
ঘুচাহ কপট মাঝ সাধিলা আমার কাজ
চল যাই আপন ভুবনে ॥—জীবন
ধন্য তোমার জন্মদাতা সাফল তোমার মাতা
জার গর্ভে হৈল তোমার জন্ম।
সর্পগণের অহঙ্কার সব হৈল ছারখার
সাধিলি দারুণ মহাকর্ম্ম ॥—তন্ত্রবিভূতি
ধন্য তোমার জন্মদাতা সাফল তোমার মাতা
যার গর্ভে হৈল তোর জন্ম।
বানিয়ার অহঙ্কার সব হৈল ছারখার
সাধিলে দারুণ মহাকর্ম্ম ॥—জগজ্জীবন
আশা ছাড় দেবী মাও নিজ ঘরে চলি জাও—তন্ত্রবিভূতি
আশা ছাড় দেবী মাও নিজ ঘরে যাও ॥—জগজ্জীবন
বিষম বিষের ঘায় বানিয়া চেতন পায়
উঠে বালা গোনিয়া প্রম দ
উঠ উঠ প্রাণেশ্বরী ডাকে বালা নাম ধরি
পদ্মাবতী সাধিলে বিবাদ ॥—তন্ত্রবিভূতি
বিষম সর্পের ঘায়ে বানিয়া চেতন পায়ে
উঠে বালা গণিয়া প্রমাদ।
উঠ উঠ প্রাণেশ্বরী ডাকে বালা নাম ধরি
পদ্মাবতী সাধিলে বিবাদ ॥—জগজ্জীবন

CENTRAL LIBRARY

সর্পে করিল ঘাও কাড়ে বালা কাল ঘাও
উঠে বালা গণিয়া প্রমাদ।
জাগ জাগ সুন্দরী ডাকে বালা নাম ধরি
পদ্মাবতী সাধিল বিবাদ॥—জীবন
দেবতা মনুষ্যে কথা রক্ষা নাই সর্ব্বথা
খাইল পদ্মার কাল নাগে॥—তন্ত্রবিভূতি
দেবতা মনুষ্যে রক্ষা সর্ব্বদায় নাই রক্ষা
খাইল পদ্মার কাল নাগে।——জগজ্জীবন
দেবতামনুষ্যে রক্ষা সর্ব্বথায়ে নাই রক্ষা
পদ্মার কাল নাগে।—জীবন
শরীরে আনল দহে প্রাণ মোর ভাগ্যে রহে।
বিষম বিষের মহাতাপে।—তন্ত্রবিভূতি
শরীরে আনল দহে প্রাণ মোর পুণ্যে রহে
বিষম বিষের মহাতাপে—জগজ্জীবন
পরীরে বন্ধন ছুটে থাকে থাকে বিষ উঠে
অঙ্গ মোর হইল অবশ।
আজি বিভা কৈনু তোক বিধাতা বঞ্চিত মোক
না ভুঞ্জিলাম যৌবন রূপস॥
জানাহ রোঝা ধন্বন্তরি আছে কোন কর্ম্ম করি
রোঝা কোন দিবসের তরে।
বিষে তনু হৈল কালা সহিতে না পারি জ্বালা
ঔষধ আনি কর প্রতিকার।
উঠ উঠ বানিয়ানী দেখোঁ তোর রূপখানি
আজি প্রাণ না রহে মোর।
চামরে করহ বাও শীতল হউক গাও
বদন দেখিয়া মর তোর॥
তন্ত্রবিভূতি কবি বন্দো মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা॥—তন্ত্রবিভূতি

CENTRAL LIBRARY

শরীরে বন্ধন ছুটে থাকি থাকি বিষ উঠে
অঙ্গ মোর হইল অবল।
আজি বিভা কৈনু তোকে বিধাতা বঞ্চিল মোকে
না ভুঞ্জিল রস সকল ॥
জানাঅ ওঝা ধন্বন্তরি আছে কুন কর্ম্ম করি
ওঝা আছে কুন দিন বাদে।
বিষে তনু হৈল কালা সহিতে না পারি জ্বালা
ঔষধ আনিয়া কেনে না দে ॥
উঠ উঠ বানিয়ানী দেখি তোর মুখখানি
আজি ভাগ্যে প্রাণ রহে মোর।
চামরে করহ বাঅ শীতল হউক গাঅ
বদন দেখিঞা মরি তোর ॥
জগতজীবন কবি বন্দু মা মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা
অষ্ট নাগ অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥—জগজ্জীবন
বিষম বিষের তাপে প্রাণ মোর ডরে কাপে
কাল নিন্দে পড়িনু কি খেণে ॥
উঠিয়া সুন্দরী জাও ডাকি আন বাপ মাও
আসিয়া করুক প্রতিকার ॥—তন্ত্রবিভূতি
বিষম বিষের তাপে প্রাণ মোর ডরে কাঁপে
কাল নিন্দে পড়িলে কি খনে।
উঠিয়া সুন্দরী যাঅ ডাকি আন বাপ মাঅ
আসিয়া করুক প্রতিকার ॥—জগজ্জীবন।
বিষম বিষের তাপে প্রাণ মোর ডরে কাঁপে
কাল নিদ্রা পড়িল কি ক্ষণে।
উঠিয়া সুন্দরী চাও ডাক দেও আমার মাও
আসিয়া করুক প্রতিকার ॥—জীবন
জতেক সঙ্গের সখি ডাকিয়া আন গা দেখি
আজি প্রাণ না রহে আমার ॥

CENTRAL LIBRARY

মুখে নাহি স্বরে বোল দুই চক্ষ হৈল ঘোর
প্রাণ আছে কাষ্ঠগত সার।
এত ডাকো প্রাণেশ্বরী না উঠে চেতন করি
তুমি আমি দেখা নাহি আর ॥—তন্ত্রবিভূতি
যতেক সঙ্গীয়া সখি ডাক দিয়া আন দেখি
আজি প্রাণ না রহে আমার ॥
মুখে না বাহিরায় বোল দুই চক্ষ হৈল ঘোল
প্রাণ আছে কণ্ঠগত সার।
এত ডাকি প্রাণেশ্বরী না উঠে চেতন করি
তুমি আমি দেখা নাহি আর ॥—জগজ্জীবন
জতেক সঙ্গের সখি ডাকিয়া আনগা দেখি
আজি প্রাণ না রহে আমার ॥
মুখে নাহি স্বরে বোল দুই চক্ষু হৈল ঘোর
প্রাণ আছে কাষ্ঠগত সার।
এত ডাকো প্রাণেশ্বরী না উঠে চেতন করি
তুমি আমি দেখা নাহি আর ॥—তন্ত্রবিভূতি
যতেক সঙ্গীয়া সখি ডাক দিয়া আন দেখি
আজি প্রাণ না রহে আমার ॥
মুখে না বাহিরায় বোল দুই চক্ষ হৈল ঘোর
প্রাণ আছে কণ্ঠাগত সার।
এত ডাকি প্রাণেশ্বরী না উঠে চেতন করি
তুমি আমি দেখা নাহি আর ॥—জগজ্জীবন
ডাক দেও যত সখী মৃত্যুকালে আমি দেখি
আজি প্রাণ না রহে আমার ॥
দুই চক্ষু হইল ঘোর মুখে নাহি স্বরে বোল
প্রাণ মোর কণ্ঠাগত সার।
কত ডাকি প্রাণেশ্বরী না উঠে চৈতন্য করি
তুমি আমি দেখা নাহি আর ॥—জীবন
প্রাণ রাখ বিদ্যাধরী করিঞা যতন ॥—জগজ্জীবন
প্রাণ রাখ বিদ্যাধরী করিয়া যতন ॥—জীবন

CENTRAL LIBRARY

বিবাদের মড়া মোর যম কিনা জানে।—তন্ত্রবিভূতি
বিবাদের মরা মোর যম কিনা জানে ॥—জগজ্জীবন
হেন মড়া নৈঞা জাও মোর বিদ্যমানে।—তন্ত্রবিভূতি
হেন মরা নৈঞা জায় মোর বিদ্যমানে।—জগজ্জীবন
দূত বোলে মনসা তোমার কিবা ডর।
যম রাজার অধিকার মৃত্যুর উপর ॥—তন্ত্রবিভূতি
দূত বোলে মনসা তোমাকে কিবা ডর।
যম রাজার অধিকার সবাইর উপর ॥—জগজ্জীবন
দেবদূতে ভূতে মারে পড়ে রণস্থলে।—তন্ত্রবিভূতি
দেবদূতে ভূতে মারে পড়ে রণস্থলে।—জগজ্জীবন
মরা কি রাখিতে পার তোমার শকতি ॥—তন্ত্রবিভূতি
মরা কি রাখিতে পার তুমার শকতি ॥—জগজ্জীবন
পদ্মা বোলে দুষ্ট দূত গর্ব্ব নাহি কর।
তোর যমরাজ মোর ঘরের নফর ॥—তন্ত্রবিভূতি
পদ্মা বোলে দুষ্ট দূত গর্ব্ব নাহি কর।
তোর যমরাজা মোর ঘরের নফর ।—জগজ্জীবন
হরের নন্দিনী আমি দেবী পদ্মাবতী।
মোর মৃতক নইতে পারে কাহার শকতি ॥
বোল জাঞা যমেক কতেক আছে দূত।
সাজিয়া আসুক আগে মরদের পুত ॥—তন্ত্রবিভূতি
হরের নন্দিনী আনি দেবী পদ্মাবতী।
মোর মৃত্ত লৈয়া যায় যমের শকতি ॥
বোল গিয়া যমকে যতেক আছে দূত।
সাজিয়া আসুক দেখি মরদের পুত ॥—জগজ্জীবন
কাড়িয়া নইল পদ্মা বানিয়ার জিউ।
সাপুড়া ভরিয়া রাখে শঙ্করের ঝিউ ॥
আপন মন্দিরে দেবী করিল গমন।—তন্ত্রবিভূতি
কাড়িয়া লইল পদ্মা বাণিয়ার জিউ।
সাপুড়াতে ভরি রাখে শঙ্করের ঝিউ ॥
আপন মনে পদ্মা করিল গমন।—জগজ্জীবন

CENTRAL LIBRARY

দূত বোলে যম রাজা কর অবধান।
মিছাই তোমার কার্যে পাই অপমান ॥—তন্ত্রবিভূতি
দূত বোলে রবিসুত কর অবধান।
মিথ্যায়ে তুমার কার্যে পাই অপমান।—জগজ্জীবন
জাহার উপরে তোমার অধিকার নাই।
কি কারণে আমা সভা পঠাহ গোসাঞি ॥
মৃতক নইয়া আসি বানিয়ার পুত্রখানি।
কাটিয়া লইল পদ্মা শঙ্করনন্দিনী ॥
তোমাকেত গালি পাড়ে বোলে দুরাক্ষর।
বোলে যমরাজা মোর ঘরের নফর ॥
আর কহে যমেক কহিয় যমদূত।
সাজিয়া আসুক দেখি মরদের পুত।—তন্ত্রবিভূতি
যাহার উপরে তুমার অধিকার নাই।
কি কারণে আমা সভাক পঠাহ গোসাঞি ॥
মৃত্যু লইয়া আসিতে বানিয়ার পুত্রখানি।
কাটিয়া লইলে পদ্মা শঙ্করনন্দিনী ॥
তুমাকে অনেক গালি পাড়ে দুরাক্ষর।
বোলে যমরাজা আমার ঘরের নফর ॥
আর বোলে যমকে কহিয় যত দূত।
সাজিঞা আসুক দেখি মরদের পুত ॥— জগজ্জীবন
মনসার অহঙ্কার করো মুঞি ছারখার—তন্ত্রবিভূতি
মনসার অহঙ্কার করি আমি ছাড়খার—জগজ্জীবন
আজ্ঞা করে যমরাজ যমের কিঙ্কর সাজ—তন্ত্রবিভূতি
আজ্ঞা করে যমরাজে যমের কিঙ্কর সাজে—জগজ্জীবন
মহাদূত ভয়ঙ্কর জেন তাল তরুবর—তন্ত্রবিভূতি
মহাদূত ভয়ঙ্কর জেন তাল তরুবর—জগজ্জীবন
সাজিল বেতাল তাল সাজ কাল মহাকাল
কালিয়া কাজল দুই ভাই।—তন্ত্রবিভূতি
সাজিল বেতাল তাল সাজে কাল মহাকাল
কালিয়া কাজল দুই ভাই ॥— জগজ্জীবন

CENTRAL LIBRARY

চলে দূত দণ্ডসার হস্তী হেন দন্ত জার—তন্ত্রবিভূতি
ঘোর রূপ শরীর অদ্ভুত—তন্ত্রবিভূতি
ঘোর রূপ শরীর অদ্ভুত।—জগজ্জীবন
পদ্মার আজ্ঞাএ নাগ সাজে স্থানে স্থানে।
সাজিল তক্ষক নাগ সবার প্রধানে॥
তিন কোটি নাগ সনে সাজিল গম্ভীর।
পর্ব্বত জিনিয়া জার প্রকাণ্ড শরীর॥
তক্ষকের নিশ্বাসে পর্ব্বত হয় ছাই।
সাজিল উদয়গিরি তক্ষকের ভাই॥
অরুণ কিরণ দূত পর্ব্বত আকার।
আশি হাজার হস্তী জার দিবসে আহার।
নয় কোটি সর্পগণে সাজিল অদ্ভুত।
এক নাগে খাইবে সমস্ত যমদূত॥
কুলীশ কর্কট আর দুই সহোদর।
দশ কোটি সর্প সনে সাজিল সত্বর॥
পদ্মা মহাপদ্মা আর সাজে দুই জন।
পঞ্চকোটি সর্প সঙ্গে করিল সাজন॥
সাজিল যমুনা পদ্মা দুই সর্পবতী।
পঞ্চাশ কোটি সর্প সঙ্গে সাজে শীঘ্রগতি॥
তিন কোটি সৈন্য কালির সাজিল সত্বর।
কৃষ্ণপদ চিহ্ন জার মস্তক উপর॥
তিমিঙ্গিলা নামে মৎস্য শতেক যোজন।
তাহাকে গিলিতে পারে আছে হেন জন॥
তাহাকে গিলিতে পারে আদ্যের বআলি।
আদ্যের বআলি গিলে হেন সর্প কালি॥—তন্ত্রবিভূতি
পদ্মার আজ্ঞাতে নাগ সাজে স্থানে স্থানে।
সাজিল তক্ষক নাগ সবার প্রধানে॥
তিন কোটি নাগ সঙ্গে সাজিল গম্ভীর।
পর্ব্বত জিনিয়া যার প্রকাণ্ড শরীর॥

CENTRAL LIBRARY

তক্ষকের নিশ্বাস পর্বত হয় ছাই।
সাজিল উদরগিরি তক্ষকের ভাই।
অরুণ বরুণ তনু পর্ব্বত আকার।
আশি হাজার হস্তী যার দিবসে আহার॥
তিন কোটি নাগ সঙ্গে সাজিল অদ্ভুত।
এক নাগে সমস্ত খাইবে যমদূত॥
কুলিশ কর্কট আর দুই সহোদর।
দশ কোটি সর্প সঙ্গে আইল সত্বর॥
পদ্ম আর মহাপদ্ম সাজে দুই জন।
পাঁচ কোটি সর্প সঙ্গে করিল সাজন॥
সাজিল মৃণাল পদ্ম দুই সর্পমতি।
পঞ্চাশ কোটি সর্প সঙ্গে সাজে শীঘ্রগতি॥
শ্রীহরিপদ আছে মস্তক উপরে॥
তিমিঙ্গিলা মৎস্য শতেক যোজন।
তাহাকে গিলিতে পারে আছে হেন জন॥
তাহাকে গিলে মৎস্য রাঘব বুয়ালি।
রাঘব বুয়ালি গিলে হেন সর্প কালি—জগজ্জীবন
সর্পগণ নয়া সঙ্গে জুঝব পরম রঙ্গে
বুঝি আমি যমের মর্দ্দানি॥
ক্রোধে কাপে কলেবর ওষ্ঠ কাপে থরে থর
দুই চক্ষ অরুণ বরণ।—তন্ত্রবিভূতি
সর্পগণ লৈয়া সঙ্গে যুঝিব পরম রঙ্গে
বুঝিব যমের মর্দ্দনা॥
ক্রোধে কাপে কলেবর ওষ্ঠ কাপে থরে থর
দুই চক্ষ অরুণ বরণ॥ জগজ্জীবন
সর্পের ভূষণ বস্ত্র সর্পের জতেক অস্ত্র
সর্পেত বেষ্টিত রথখান।
মহাঘোর বেশ ধরি সাজিলেন বিষহরি
যুদ্ধমুখে করিলা পয়ান॥ —তন্ত্রবিভূতি

CENTRAL LIBRARY

সর্পের ভূষণ বস্ত্র সর্পের যতেক অস্ত্র
সর্পে বেষ্টিত রথখান।
সর্পের অলঙ্কার করি সাজিলেন বিষহরি
যুদ্ধমুখে করিল পয়ান ॥—জগজ্জীবন
নারদকে বোলে তুমি জাও।
শঙ্করনন্দিনী সনে ই যুদ্ধ করে কি কারণে
তুমি জায়া যমেকে বুঝাও ।—তন্ত্রবিভূতি
নারদকে বোলে তুমি যাও।
শঙ্করনন্দিনী সনে যুদ্ধ করে কি কারণে
তুমি যায়া যমকে বুঝাও ॥—জগজ্জীবন।
যম বোলে মহামুনি কর অবধান।
শঙ্করনন্দিনী দেবী করে অপমান॥ —তন্ত্রবিভূতি
যম বোলে মহামুনি কর অবধান।
শঙ্করনন্দিনী করে মোর অপমান॥ —জগজ্জীবন
ছাড়িলেন দেহ চান্দো বানিয়ার পুত।
তাহাকে ধরিতে গেল মোর যমদূত॥ —তন্ত্রবিভূতি
ছাড়িলেন দেহা চান্দো বাণিয়ার পুত।
তাহাকে আনিতে গেল মোর যত দূত॥ —জগজ্জীবন
চান্দোএ পদ্মাএ বাদ ত্রিভুবনে জানি।
বিবাদে মারিল পদ্মা তার পুত্রখানি॥
ইহার কারণে তুমি না কর জঞ্জাল।
শঙ্কর স্থনিলে পাছে নহিবেক ভাল॥
মুনির বচন স্থনি ফিরে দণ্ডধর।
নারদ চলিয়া গেল পদ্মার গোচর॥
মনসার সাক্ষাতে চলিয়া গেল মুনি।
কি কারণে সাজিয়াছ শঙ্করনন্দিনী॥
তোমার সাজনে পালাইল দণ্ডধর।
আপনে চালিয়া জাহ হেঙ্গুলি বাসর॥
মুনির বচনে পদ্মা নিবর্ত্তিঞা জায়।
তন্ত্রবিভূতি কবি বিরচিয়া গায়॥—তন্ত্রবিভূতি

CENTRAL LIBRARY

চান্দোএ পদ্মাএ দ্বন্দ্ব ত্রিভুবনে জানি।
বিবাদে মারিল পদ্মা তার পুত্রখানি ॥
ইহার কারণ তুমি না কর জঞ্জাল।
শঙ্কর স্থনিলে পাছে না বলিবে ভাল ॥
মুনির বচন শুনি ফিরে দণ্ডধর।
এই মতে চলিয়া গেল শিবের গোচর ॥
মনসার সাক্ষাতে চলি যায় মুনি।
কি কারণে সাজিয়াছ শঙ্করনন্দিনী ॥
তোমার সাজনে পালাইব দণ্ডধর।
আপন ফিরিয়া যাহ হিঙ্গুল বাসর ॥
মুনির বচনে পদ্মা নিবর্ত্তিয়া যায়।
জগতজীবন কবি বিরচিয়া গায় ॥—জগজ্জীবন
কান্দিয়া শিবের আগে কহে ধর্মরাজ।
যম অধিকারে প্রভু নাহি মোর কাজ ॥ —তন্ত্রবিভূতি
কান্দিয়া শিবের আগে বোলে যমরাজ।
যম অধিকারে প্রভু মোর নাই কাজ।—জগজ্জীবন
গঙ্গা গঙ্গা বলি জেহ প্রাণ ত্যাগ করে।
সেই জন লিয়া যায় বৈকুণ্ঠ নগরে ॥—তন্ত্রবিভূতি
গঙ্গা গঙ্গা বলি জেবা প্রাণ ত্যাগ করে।
সে জন চলিয়া যায় বৈকুণ্ঠ নগরে ॥—জগজ্জীবন
শিব বোলে স্থন বাছা বচন আমার।
জীবের উপর কেন কর অধিকার ॥—তন্ত্রবিভূতি
শিব বোলে শুন বাছা বচন আমার।
জীবের উপর কেন কর অধিকার ॥—জগজ্জীবন
পদ্মা বোলে স্থন বাপু ত্রিদশগোসাঞি।
মিথ্যা কথা কহে যম মোর দোষ নাই।—তন্ত্রবিভূতি
পদ্মা বোলে শুন বাপু ত্রিদশ গোসাঞি।
মিথ্যা কথা কহে যম মোর দোষ নাই ॥ —জগজ্জীবন
বিবাদে মারিনু মুঞি তার পুত্রখানি।
মধ্যপথে যমদূত করে টানাটানি ॥—তন্ত্রবিভূতি

CENTRAL LIBRARY

বিবাদে মারিল আমি তার পুত্রখানি।
মধ্যপথে যমদূত করে টানাটানি ॥—জগজ্জীবন
শিব বোলে বাক্য শুন আমার ঝিয়ারি।
যমরাজা নহে কি আমার আজ্ঞাকারী ॥—তন্ত্রবিভূতি
শিব বোলে শুন বাছা আমার ঝিয়ারি।
যমরাজা নহে কি তুমার আজ্ঞাকারী ॥—জগজ্জীবন
যমরাজ নহে কি মাতা তোমার আজ্ঞাকারী ॥—জীবন
স্বামীর শরীরে বালী হাত দিয়া চায়।
দেখিতে সুন্দর তনু পাথরের প্রায় ॥—তন্ত্রবিভূতি
স্বামীর শরীর বালী হস্ত দিয়া চায়।
দেখে অচেতন তনু পাষাণের প্রায় ॥— জগজ্জীবন
লখাইর বুকেত বালি হস্ত দিয়া চায়।
দেখে তনু হইয়াছে পাথরের প্রায় ॥ জীবন
প্রদীপ জ্বালিয়া বালী বদন নেহালে।
নিশ্চয় জানিল বালী বালাক খাইল কালে ॥—তন্ত্রবিভূতি
প্রদীর জ্বালিয়া বালী বদন নেহালে।
নিশ্চয় জানিনু বালাক খাইল কালে ॥—জগজ্জীবন
হায় হায় করি বালী গালে মারে চড়।
ভূমিতে পড়িয়া বালী করে ধড়ফড় ॥
স্বামীর চরণ ধরি কান্দে বানিয়ানী।—তন্ত্রবিভূতি
হায় হায় করিঞা কপালে মারে চড়।
ভূমিতে পড়িয়া বালী করে ধড়ফড় ॥
স্বামীর চরণ ধরি কান্দে বানিয়ানী।—জগজ্জীবন
কে মোর মারিল স্বামী মোহন মুরতি।
অন্ধকার হৈল জেন পুরী চাম্পাবতী ॥—তন্ত্রবিভূতি
কে মোর মারিলে স্বামী মোহন মুরতি।
অন্ধকার হইল মোর পুরী চাম্পাবতী ॥—জগজ্জীবন
কার মুক্তি কাড়িয়া নইনু ঘরবাড়ি।
কিবা দোষে বিভারাত্রে হৈলাঙ বিষম বাড়ী ॥ তন্ত্রবিভূতি

CENTRAL LIBRARY

কার আমি কাড়িঞা লইনু ঘর বাড়ি।
তার শাপে বিভা রাত্রে হৈনু বিষম বাড়ী ॥ —জগজ্জীবন
উচল নহে কপাল বদন নহে ঘোর।
চিরল দন্ত খড়ম পাও কিছু নহে মোর ॥
গজস্কন্ধ নহে মোর দীঘল নহে কেশ।
বিধবা লক্ষণ মোর এক নাহি রেশ ॥
কে মোর করিল চুরি আঞ্চলের সোনা ॥
চিহ্নিয়া ধরিব কারে চোর কোন জনা ॥—তন্ত্রবিভূতি
উচ্চ নহে কপাল বদন নহে ঘোর
চিরণ দন্ত খড়ম পাঅ এক নহে মোর ॥
নহে মোর গজস্কন্ধ দীর্ঘ নহে কেশ।
বিধবার লক্ষণ মোর নহে কুন লেশ ॥
কে মোর করিল চুরি আঞ্চলের সোনা।
চাহিয়া ধরিব কাকে চোর কুন জনা ॥—জগজ্জীবন
চরণ ধরিয়া কান্দে নথাই উত্তর না দে
কান্দে বালী পাঞা মহাশোক।
হায় হায় প্রাণপতি কি হবে আমার গতি
অনাথ করিয়া গেলা মোক ॥
তুমি বিনে প্রাণেশ্বর মাও বাপ সভে পর
বন্ধু বান্ধব জত আছে।
সভাই পাড়িবে গালি বোলিয়া বিষম বাড়ী
বসিতে না দিবে কেহ কাছে ॥
অনেক জনম ভরি কঠোর তপস্যা করি
পাইনু সুন্দর গুণনিধি।
আজি সে বিভার রাত্রি হারাইলাঙ প্রাণপতি
নিদয়া নিষ্ঠুর ই হৈল বিধি ॥—তন্ত্রবিভূতি
তুমি বিনে প্রাণেশ্বর মাঅ বাপ সহোদর
বন্ধু বান্ধব যত আছে।
সকলে পাড়িবে গালি বলিঞা বিষম রাড়ি
বসিতে না দিবে কেহ কাছে ॥

CENTRAL LIBRARY

অনেক জনম ভরি কঠোর তপস্যা করি
পাইনু সুন্দর গুণনিধি।
আজি বিবাহের রাতি প্রাণ দিলে প্রাণপতি
নির্দ্দয়া নিঠুর হৈল বিধি ॥—জগজ্জীবন
স্বামী অভাবে মোর কিবা হবে গতি ॥—তন্ত্রবিভূতি
স্বামী অভাবে আমার কি হবে গতি ॥—জগজ্জীবন
বায়ের সঞ্চার নাই মেড়ের ভিতর।—তন্ত্রবিভূতি
বায়ুর সঞ্চার নাই মেড়ের ভিতর।—জগজ্জীবন
মেলিয়া পাটির মোড়া চায় বানিয়ানী।
ভূমিতে পড়িল পদ্মার দুষ্ট নাগিনী ॥—তন্ত্রবিভূতি
মেলিয়া পাটির মোড়া চাহে বানিয়ানী।
ভূমিতে পড়িল পদ্মার দুষ্ট নাগিনী ॥—জগজ্জীবন
শ্বশুরের বিবাদে মরিল গুণমণি।
ত্রিভুবনে বোলিবেক বালী কুলক্ষিণী ॥
বালী বোলে তবে মুঞি বেহুলা সুন্দরী ॥
মড়া স্বামী নঞা জাঙ শঙ্করের পুরী ॥
সভাতে পদ্মার সঙ্গে করিমু কন্দল।
জিয়াইব স্বামী আর ভাসুর ছয় জন ॥
ফিরিয়া আইব আমি পুরী চাম্পাবতী।
ত্রিভুবনে বলিবেন বেহুলা মহাসতী।
সাপিনী মারিয়া কেনে হইব পাপিনী।
সাপুড়াতে বন্দি করোঁ পদ্মার নাগিনী ॥
আমান করিবে পদ্মা দেবের সমাজে।
সাপিনী দেখিলে পদ্মা পাইবে বড় নাজে ॥
গুয়ার সাপুড়া বালী হস্ত দিয়া টানে।
নাগিনীর মুণ্ড ধরে মহা অভিমানে ॥
সাপুড়ার মধ্যেত নাগিনী বন্দী করে।
তন্ত্রবিভূতে গায় মনসার বরে ॥—তন্ত্রবিভূতি
শ্বশুরের বিবাদে মরিল গুণমণি।
ত্রিভুবনে কহিবেক বালী কুলক্ষণী ॥

CENTRAL LIBRARY

বালী বালে আমি তবে বেহুলাসুন্দরী ।।
মরা স্বামী লৈয়া যাব শঙ্করের পুরী ।
সভাতে পদ্মার আগে করিব ক্রন্দন ।
জিয়াইব প্রাণনাথ ভাসুর ছয় জন ।।
ফিরিয়া আসিব আমি পুরী চম্পাবতী ।
ত্রিভুবনে জানিবেক বালী মহাসতী ।।
নাগিনী মারিয়া কেনে হইব পাপিনী ।
সাপুড়াতে বন্দি করি পদ্মার নাগিনী ।।
আমান করিবে পদ্মা দেবের সমাজে ।
সাপিনী দেখিয়া পাইবে মহালাজে ।।
গুয়ার সাপুড়া বালি হস্ত দিয়া টানে ।
নাগিনীর মুণ্ড ধরে মহা অভিমানে ।।
সাপুড়ার মধ্যে নাগিনী বন্দী করে ।
জগতজীবন গায় মনসার বরে ।।—জগজ্জীবন
বেহুলা রোদন করে রজনী পোহায় ।
চেতন পাইঞা সোনা স্বামীকে জাগায় ।।
উঠ উঠ প্রাণনাথ রাত্রি হৈল শেষ ।
সত্বরে করহ পুত্র বধূর উদ্দেশ ।।
কুমঙ্গল দেখি প্রাণ নহে স্থির ।
আপনে ক্রন্দন উঠে চক্ষে বহে নীর ।।—তন্ত্রবিভূতি
বেহুলা করুণা করে রজনী পুহায় ।
চেতন পাইয়া সনা স্বামীকে চিয়ায় ।।
উঠ উঠ প্রাণনাথ রাত্রি হৈল শেষ ।
সত্বরে করহ পুত্র বধূর উদ্দেশ ।।
কুমঙ্গল দেখি মোর প্রাণ নহে স্থির ।
আপনে ক্রন্দন উঠে চক্ষে বহে নীর ।।—জগজ্জীবন
চতুর্দ্দিগে লক্ষ লক্ষ জাগিছে প্রহরী ।।
বায়ের সঞ্চার নাই কার আছে শক্তি ।
কোন পথে বিবাদ সাধিবে পদ্মাবতী ।।

CENTRAL LIBRARY

বুঢ়ি পাগল তোর কিছু নাহি জ্ঞান।
পুত্র বধূ ক্রীড়া করে তাতে দেহ মন ॥—তন্ত্রবিভূতি
চতুর্দ্দিগে লক্ষ লক্ষ জাগিছে প্রহরী ॥
জীবের সঞ্চার নাই পবনের গতি।
কুন পথে বিবাদ সাধিবে পদ্মাবতী ॥
বুঢ়ি পাগলী তোর কিছু নহে জ্ঞান ॥
পুত্রবধূ ক্রীড়া করে তাতে দেহ কান ॥—জগজ্জীবন
বুড়ীরে পাগলিনী তোদের নাহি কোন জ্ঞান।
পুত্র বধূ খেলা করে তাথে দেহ কান ॥—জীবন
স্বামীর বচনে সনার স্থির নহে মন।
ভৃঙ্গার লইয়া হাতে করিল গমন।—জগজ্জীবন
স্বামীর বচনে সোনার স্থির নহে প্রাণ।
সৌবর্ণ ভৃঙ্গার হাতে করিল পয়ান ॥—জীবন
হস্তের ভৃঙ্গার সনা মারিলেন পাক।
হা হা পুত্র করিয়া ছাড়িল তিন ডাক ॥—জগজ্জীবন
জলের ঝাড়ি রামা মারে এক পাক।
হা হা পুত্র বলিয়া ছাড়িল তিন ডাক ॥—জীবন
দুয়ার ঘুচাও বধূ দুয়ার ঘুচাও।
খাইলে সুন্দর বালা কার মুখ চাও ॥
অতি কুলক্ষিণীর বেটী ই অষ্টকপালী।
মারিলে সুন্দর বালা নিরাশী বিড়ালী ॥
দন্ত তোর চিরল দীঘল মাথার চুল।
কুলক্ষিণী ডুবাইলে বানিয়ার কুল ॥—তন্ত্রবিভূতি
দুয়ার ঘুচাহ বধূ দুয়ার ঘুচাও।
খাইলে সুন্দর পুত্র কার মুখ চাও
অতি কুলক্ষণী বেটি মটুককপালী।
মারিলে সুন্দর বালা নিরাশী বিড়ালী ॥
দন্ত তোর দীঘল চিরল মাথার চুল।
কুলক্ষণী ডুবাইলে বানিয়ার কুল ॥—জগজ্জীবন

CENTRAL LIBRARY

বালী বোলে শাশুড়ী না দেহ অপযশ।
কাটা ঘায়ে কত দেহ জামিরের রস ॥—তন্ত্রবিভূতি
বালী বোলে শাশুড়ী না দিহ অপযশ।
কাটা ঘায়ে কত ঘস জামিরের রস ॥—জগজ্জীবন
বালী বলে ঠাকুরাণী বল অপযশ।
কাচা ঘায়ে কত দেও মাও জামিরের রস ॥—জীবন
আর ছয় পুত্র তোমার মরিল কেমনে।—তন্ত্রবিভূতি
আর ছয় পুত্র তুমার মরিল কেমনে।— জগজ্জীবন
আর ছয় পুত্র তোমার মরিল কেমনে।—জীবন
উঠিয়া সুন্দরী বালী দুয়ার ঘুচায়।
আকুল হইয়া সোনা মেড়েতে সামায় ॥
মরিল সুন্দর বালা মুখে বহে লাল।
দেখিয়া সোনকা তবে ধাকুড়ে কপাল ॥—তন্ত্রবিভূতি
উঠিয়া সুন্দরী কন্যা দুয়ার ঘুচায়।
আকুল হইয়া সনা মেড় ঘরে জায় ॥
মরিল সুন্দর বালা হৈয়া গেল কাল।
দেখিয়া সনকা রামা ধাকুড়ে কপাল ॥—জগজ্জীবন
পুত্র কোলে করি কান্দে মুখে মুখ দিঞা।
দুই হাতে ধাকুড়ে বুক চূর্ণ করে হিয়া ॥—তন্ত্রবিভূতি
পুত্র কোলে করি কান্দে মুখে মুখ দিঞা।
দুই হাতে ধাকুড়ে বুক চূর্ণ করে হিয়া ॥—জগজ্জীবন
ছয় পুত্র বিবাদে মারিল বিষহরি।
তোমা পুত্র পাইলাম কঠোর তপ করি ॥—তন্ত্রবিভূতি
ছয় পুত্র বিবাদে মারিল বিষহরি।
তোমা পুত্র পাইল কঠোর ব্রত করি ॥—জগজ্জীবন
তোমার পুত্র পাইলাম কঠিন ব্রত করি।—জীবন
কে মোর কাড়িঞা লৈল আঞ্চলের নিধি।
পূর্ব্ব জন্মের পাপে মোরে বিড়ম্বিল বিধি ॥
বিভা করিবারে মানা করিলাঙ তোমাক।
অহঙ্কারে না সুনিলা গুরুজনার ডাক ॥—তন্ত্রবিভূতি

CENTRAL LIBRARY

কে মোর কাড়িঞা আঁচলের নিধি।
পূর্ব্ব জন্মের পাপে বিড়ম্বিল বিধি ॥
বিবাহ করিতে মানা করিনু তুমাক ॥
অহঙ্কারে না শুনিলে গুরুজনার ডাক ॥—জগজ্জীবন
পড়িল সাগরে মোর ঞাচলের সোনা।
কে দিবে তুলিঞা সোনা আছে কোন জনা ॥—তন্ত্রবিভূতি
পড়িল সাগরে মোর আঁচলের সোনা।
কে দিব তুলিয়া বন্ধু আছে কুন জনা ॥—জগজ্জীবন
কি দোষ করিনু তোর কি করিনু হানি।
কি দোষে মারিলে মোর সুন্দর পুত্রখানি ॥—তন্ত্রবিভূতি
কি দোষ করিল তোর কি করিল হানি।
কি দোষে মারিলে মোর সুন্দর পুত্রখানি ॥—জগজ্জীবন
কোছের মাণিক মোর কে করিল চুরি।
অন্ধকার হৈল দেখি চাম্পাবতী পুরী ॥
প্রদীপ নিভাঞা জেন অন্ধকার ঘর।
চন্দ্রমা অভাবে জেন রাত্রি ভয়ঙ্কর ॥
বিবাহের রাত্রে হৈল পুত্রের মরণ।
জানিঞা পুত্রের বিভা দিনু অকারণ ॥
সোনকাএ দিলেক বাধা না করিনু কানে।
হেলাএ করিনু নষ্ট অমূল্য রতনে ॥—তন্ত্রবিভূতি
কোছার মাণিক মোর কে করিল চুরি।
অন্ধকার হৈল মোর চম্পাবতী পুরী ॥
প্রদীপ নিভাইলে যেন অন্ধকার ঘর।
চন্দ্রমা অভাব যেন রাত্রি ভয়ঙ্কর ॥
বিবাহের রাত্রে হইল পুত্রের মরণ।
জানিঞা পুত্রকে বিভা দিনু কি কারণ ॥
সনকায়ে দিল বাধা না করিনু মন।
হেলায়ে করিল নষ্ট অমূল্য রতন ॥—জগজ্জীবন

CENTRAL LIBRARY

লেখিলেক সুর নর গন্ধর্ব্ব বিদ্যাধর
পাতালের দুরন্ত অসুর ।
জত আছে চরাচর পৃথিবী আর সাগর
আর লেখে অমরাবতীপুর ॥
লেখিল নদনদী জত গহন পর্ব্বত কত
জলজন্তু মৎস্য জত আছে ।
কালিন্দীর জলধির লেখিলেন যদুবীর
কেলি করে কদম্বের গাছে ॥—তন্ত্রবিভূতি
লেখিল সুরনর গন্ধর্ব্ব বিদ্যাধর
পাতালে অনন্ত অসুর ।
লেখিল চরাচর পৃথিবী সাগর
অমরাবতী সুরপুর ॥
লেখিল নদী যত গহিন পর্ব্বত
জলেতে মৎস্য যত আছে ।
কালিন্দী যমুনাতীর লেখিলেন যদুবীর
হেল্লেন কদম্বের গাছে ॥—জগজ্জীবন
তাহাতে যতেক মৎস্য আছে ।
কালিন্দীর তীর লিখিলেক যদুবীর
হেন কদম্বের গাছে ॥—জীবন
রঘুর নন্দন শ্রীরাম লক্ষ্মণ
ভরত রাজা শত্রুঘন ।
লেখিল লক্ষ্মী সীতা জনক জার পিতা
আর লেখে অযোধ্যা ভুবন ॥
লেখিল দশশির রাক্ষস মহাবীর
আর লেখে রাণী মন্দরী
মায়ামৃগী মারিতে ধাইল রঘুনাথে
রাবণে সীতা কৈল চুরি ॥—তন্ত্রবিভূতি
রঘুর নন্দন শ্রীরাম লক্ষ্মণ
ভরত রাজা শত্রুঘন ।
লেখিল লক্ষ্মী সীতা জনক জার পিতা
আর লেখেন অযোধ্যা ভুবন ॥

CENTRAL LIBRARY

লেখিল দশশির রাবণ মহাবীর
লেখিল রাণী মন্দোদরী।
মায়ামৃগ সাথে ধাইল রঘুনাথে
রাবণে সীতা কৈল চুরি ॥—জগজ্জীবন

রঘুর নন্দন শ্রীরাম লক্ষ্মণ
ভরত রাজা সতুঘ্ন।
লেখিলেক লক্ষ্মীসীতা জনকের দুহিতা
আর লিখে অযোধ্যা ভুবন ॥
লেখিলেক দশশির রাক্ষস মহাবীর
আর লিখে রাণী মন্দোদরী
মায়ামৃগর সাত লিখিলেন রঘুনাথ
রাবণে সীতা কৈল চুরি ॥—জীবন

লেখিলেক মেড়ঘর দুর্ল্লভ লক্ষ্মীন্দর
বিবাদ সাধিল ব্রাহ্মণী।
মৃত্যু কলে করি বেহুলা সুন্দরী
ভাসিলেন সাগরের পানি ॥
মঞ্জুস হইল ওড় লেখিলেন হংসজোড়
উড়ি পড়ে সাগরের জলে।—তন্ত্রবিভূতি

লেখিল মেড় ঘর দুর্ল্লভ লখিন্দর
বিবাদে মারিল ব্রাহ্মণী।
বিহুলাসুন্দরী স্বামী কোলে করি
ভাসিব সাগরের পানি ॥
মঞ্জুষ হইল ওড় লেখিল হংসজোড়
উড়ে পড়ে সরোবরে।—জগজ্জীবন

লিখিল মেড় ঘর দুর্ল্লভ লখিন্দর
বিবাদে বধিলেক ব্রাহ্মণী ॥
তাহাকে কোলে করি বেললি সুন্দরী
ভাসিআছে সাগরের পানি।
মন্দুশ হইল ওড় লিখিলেক হংসজোড়
উড়িয়া পড়িল সরবরে ॥—জীবন

CENTRAL LIBRARY

বাহির কর পুত্র বধূ নিদারুণ হঞা।
পালঙ্ক উপরে বাহির করে লখীন্দরে।
বেহুলা বাহির করে চৌদল উপরে ॥—তন্ত্রবিভূতি
বাহির কর পুত্র বধূ নিদারুণ হৈয়া ॥
পালঙ্ক উপরে বাহির করে লখিন্দর।
বেননীকে বাহির করে চৌদল উপরে ॥—জগজ্জীবন
বুকে ঘাও দিঞা কেহ করে হায় হায়।
মড়ার সঙ্গেতে জিয়ন্ত কেনে জায় ॥ – তন্ত্রবিভূতি
বুক হাত দিয়া কেহ করে হায় হায়।
মৃত্যুর সঙ্গতি কেন জিয়ন্তেই যায় ॥—জগজ্জীবন
জলে নামি সুন্দরী জলে দিল ডুব।
জলের ভিতরে কন্যা দেখে নানা শুভ ॥—তন্ত্রবিভূতি
জলে নামি বিম্বাধরী জলে দিল ডুব।
জলের ভিতরে কন্যা দেখে সর্ব্ব শুভ ॥—জগজ্জীবন
বালী বোলে প্রাণনাথ কিছু নাই ভয়।
অবশ্য পাইব স্বামী কহিনু নিশ্চয় ॥
উত্তম বসন বালী পঢ়ে আর বার।
জোড় হস্তে সূর্যকে করে নমস্কার ॥
শ্বশুরশাশুড়ীর পাএ নমস্কার করে।
তন্ত্রবিভূতে গায় মনসার বরে ॥—তন্ত্রবিভূতি
বালী বোলে প্রাণে কিছু নাই ভয়।
অবশ্য পাইব স্বামী কহিল নিশ্চয় ॥
উত্তম বসন বালী পন্থে আর বার।
জোড় হস্তে সূর্যকে করে নমস্কার।
শ্বশুর শাশুড়ীর পায়ে নমস্কার করে।
সভার সাক্ষাতে বাক্য বোলে ধীরে ধীরে ॥—জগজ্জীবন
আপনার সাধ্য নাহি কপালের লেখা।
ভাগ্যে থাকে তোমা সনে ফিরিঞা হবে দেখা ॥
আর ছয় পুত্রের শোক সহিলা জেমতে।
ইহ পুত্র বধূর শোক সহিবে তেমতে ॥

CENTRAL LIBRARY

জন্মিলে মরণ সভার আছে একবার।
আগে পাছে মরণ আছে এড়ান নাহি কার॥
ছয় জাও তোমরা ফিরিঞা জাও ঘরে।
সন্তোষিহ শাশুড়ী কান্দিয়া নাহি মরে॥
ঘরে জাও জ্ঞাতিগণ তোমরা সর্ব্বজনে।
বিদায় হইলাঙ তোমা সভার চরণে॥
মন দিঞা সুনহ তুমি শ্বশুর সদাগর।
অনাথ না হয় জেন চাম্পালি নগর॥
এত বোলি বেহুলা ধর্ম্মকে স্তুতি করে।
লাফ দিঞা চড়ে বালী মঞ্জুস উপরে॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ॥— তন্ত্রবিভূতি

আপনার সাধ্য নহে কপালের লেখা।
ভাগ্য থাকে ফিরিঞা হইবে আর দেখা॥
আর ছয় পুত্রশোক সহিলে যেমতে।
ই পুত্রশোক মাঅ সহিঅ তেমতে॥
জন্মিলে মরণ মাঅ আছে একবার।
আগে পাছে মরিবে এড়ান আছে কার॥
ছয় জাও তুমরা ফিরিয়া যাও ঘরে।
মন দেহ শাশুড়ী কাঁদিয়া যেন না মরে॥
ঘরে জাঅ তুমরা জ্ঞাতি সর্ব্ব জনে।
বিদায় হইনু বাপু তোমার চরণে॥
মন দিঞা বুঝাবে শ্বশুর সদাগরে।
অনাথ না হয় জেন চম্পালি নগরে॥
এই বোলি বেননী ধর্ম্মকে সাক্ষী করে।
লাফ দিয়া চড়ে বালী ভেলার উপরে॥—জগজ্জীবন

চান্দোর ক্রন্দনে কান্দে নগরিঞা লোক॥
বেহুলা বোলেন তোমরা কান্দ কি কারণে।
আমাকে ভাসাহ সভে নিদারুণ মনে॥

CENTRAL LIBRARY

তোমা সভার কান্দনে মোর উপজিছে দয়া।
সত্বরে ভাসাহ সভে নিদারুণ হয়া ॥— তন্ত্রবিভূতি
চান্দোর ক্রন্দনে কান্দে নগরিয়া লোক ॥
বেননী বোলেন তোরা কান্দ কি কারণে।
আমাকে ভাসাইঞা দেহ নিদারুণ মনে ॥
তুমা সভার ক্রন্দনে মোর উপজে মায়া।
সত্বরে ভাসাঞা দেহ নিদারুণ হৈয়া ॥—জগজ্জীবন
স্বর্ণ কাটারি বালী হাতে করি ধরে।
চাপিঞা বসিল বালী স্বামীর সিওরে ॥—তন্ত্রবিভূতি
স্বর্ণ কাটারি কন্যা হস্ত করি ধরে।
চাপিয়া বসিল বালী স্বামীর শিয়রে ॥—জগজ্জীবন
সকল জ্ঞাতিগণ মেলি মারিলেক ঠেলা।
খরস্রোতে পড়ি গেলা বেহুলার ভেলা ॥
মস্তক ধাকুড়ে চান্দো করে হায় হায়।
ছয় বধূ সনে সোনা ধরণী লোটায় ॥
সকল চাম্পালি লোক ঘাটে থাকি চায়।
ভাসিঞা সুন্দরীর ভেলা কত দূরে জায় ॥—তন্ত্রবিভূতি
সমস্ত জ্ঞাতিগণ মারিলেক ঠেলা।
খরস্রোতে ভাসি যায় সুন্দরীর ভেলা ॥
মস্তক ধাকুড়ায় চান্দো করে হায় হায়।
ছয় বধূ সহিতে সোনা ধরণী লোটায় ॥
যতেক চাম্পালির লোক ঘাটে রয়া চায়।
ভাসিয়া কন্যার ভুরা কত দূরে জায় ॥—জগজ্জীবন

শোকে সাধু কান্দে উচ্চ স্বরে।
বঞ্চিল দারুণ বিধি সাগরে ভাসালাও নিধি
কেমতে থাকিব নিজ ঘরে ॥
ধিক মোর ধন জন প্রাণ ধর অকারণ
অকারণে গৃহকে বসতি।
একে একে সাত জন মৈল মোর পুত্রগণ
অন্তকালে কিবা হবে গতি ॥—তন্ত্রবিভূতি

CENTRAL LIBRARY

শোকে সাধু কান্দে উচ্চ স্বরে।
বঞ্চিল দারুণ বিধি সাগরে ভাসাল নিধি
কেমনে থাকিব একস্বরে ॥
ধিক মোর ধন জন প্রাণ ধরি অকারণ
অকারণে গৃহতে বসতি।
একে একে সাত জন মৈল মোর পুত্রগণ
অন্তকালে আমার কি গতি ॥—জগজ্জীবন

জায় সাধু নিজ ঘরে নিজ ঘরে শোক করে
জ্ঞাতিগণ জায় ঘরাঘরি।
তন্ত্রবিভূতে গায় বন্দিঞা মনসার পায়
ঘাটে কান্দে সোনকাসুন্দরী ॥—তন্ত্রবিভূতি

সাধু জায় নিজ ঘরে নিরন্তর শোক করে
জ্ঞাতিগণ গেলা ঘরাঘরি।
জগতজীবন গায় বন্দিয়া মনসার পায়
সেবকে বর দিবে বিষহরি।।—জগজ্জীবন

গঙ্গাপুত্র আমরা গঙ্গা আমার ধন।
গঙ্গার প্রসাদে খাই নাই উপার্জন ॥—তন্ত্রবিভূতি
গঙ্গার প্রসাদ খাই নাই উপার্জ্জন।
গঙ্গাপুত্র আমরা গঙ্গা আমার ধন ॥—জীবন
কাহার যোগ্যতা জে গোদাকে বোলে বুড়া।
দুই পায়ে দুই গোদ জেন ধানের পুড়া ॥—তন্ত্রবিভূতি
কাহার যোগ্যতা গোদাকে কহে বুড়া।
দুই পায়ে দুই গোদ জেন ধানের পুড়া ॥—জগজ্জীবন
গোদায় ঘরের বস্ত্র ছেওটি একখানি।
খুড়ি পড়ি হাটে জায় উদাম থাকে কানী ॥—তন্ত্রবিভূতি
গোদার ঘরেতে বস্ত্র ছেওটা একখানি।
খুঁড়ী পড়ি হাট জায় উদাম রহে কাণী ॥—জগজ্জীবন
মৎস্য মারি গোদার যাবার হৈল বেলা।
হেন কালে ভাসি আইসে সুন্দরীর ভেলা।।—জগজ্জীবন

CENTRAL LIBRARY

মৎস্য মারি গোদার যাবার হৈল বেলা।
হেন কালে ভাসিয়া আইল সুন্দরীর ভেলা ॥—জীবন
মঞ্জুস দেখিঞা গোদা করে হায় হায়।
ইহার ভিতরে কিবা ধন কড়ি জায় ॥—তন্ত্রবিভূতি
মঞ্জুষ দেখিঞ গোদা করে হায় হায়।
ইহার ভিতরে না জানি কুন দ্রব্য যায় ॥—জগজ্জীবন
আমার গৃহের কথা কি কহিব পতিব্রতা
দক্ষিণ দুয়ারে ঘরখানি।
মাঝিয়াতে নাই মাটি চতুর্দ্দিগে নাই টাটি
বাহিরে না পড়ে পানি ॥—জগজ্জীবন
আমরে ঘরের কথা শুন শুন সুচরিতা
দক্ষিণ দুয়ারী ঘরখানি।
দুই দিগে দুই টাটি মাঝিহাতে নাহিক মাটি
বাহিরে না পরে চালের পানি ॥—জীবন
একজন জন্মের কাণী নিরন্তর ঝুরে পানি
ঝিনাই দিয়া চুলকায় পাঅ।—জগজ্জীবন
আর একজন কানি রাত্রি দিবা ঝুরে পানি
ঝিনাএ দিয়া চুলুকায় গাও ॥—জীবন
কন্যা না দেখিঞা গোদা পায় বড় তাপ।
কন্যার উদ্দিশে গোদা জলে দিল ঝাপ ॥—তন্ত্রবিভূতি
কন্যা না দেখিয়া গোদার মনে বড় তাপ।
কন্যার উদ্দেশে গোদা জলে দিল, ঝাপ ॥—জগজ্জীবন
সড়িল স্বামীর অঙ্গ সুন্দরী অসুখী।
ভুরাতে বসিয়া কান্দে চারু চন্দ্রমুখী ॥—জগজ্জীবন
খসিল স্বামীর অঙ্গ সুন্দরী অসুখী।
ভুরাত বসিয়া কান্দে বালি চন্দ্রমুখি ॥—জীবন
আজ্ঞাকরী দুলাই সাধুর আজ্ঞা ধরে।
চতুর্দ্দিগে ডিঙ্গা দিয়া ভেলা বন্দী করে।—তন্ত্রবিভূতি
আজ্ঞা পাঞা দুলাই সাধুর আজ্ঞা ধরে।
চতুর্দ্দিকে ডিঙ্গা দিয়া ভুরা বন্দী করে ॥—জগজ্জীবন

CENTRAL LIBRARY

আজ্ঞাকারি ছুলাই তখন আজ্ঞা ধরে।
চতুরদিগে ডিঙ্গা দিয়া ভুরাক বন্দী করে ॥—জীবন
ঘুচাহ নৌকার রেলা টলমল করে ভেলা
স্বামী মোর পড়ে নাকি জলে।
স্বামী পড়িবেক জদি কি হবে আমার গতি
তনুত্যাগী হব এই স্থানে ॥—তন্ত্রবিভূতি
ঘুচাহ নৌকার মেলা টলমল করে ভেলা
স্বামী মোর পড়ে যদি জলে।
স্বামী জলে পড়ে যদি হইবে আমার বধী
স্ত্রীহত্যা দিব এই স্থলে।—জগজ্জীবন
দুর কর ডিঙ্গার মেলা টলমল করে ভেলা
স্বামী আনি পড়ে মোর জলে।
স্বামী পড়িবে যদি হবা তুমি আমার বধি
তনুত্যাগ করিব গঙ্গাজলে ॥—জীবন
মড়া পচা লার চার বিনি দোষে গালি পার
না বুঝিয়া কর অহঙ্কারে।—তন্ত্রবিভূতি
মড়া পচা লার চার বিনা দোষে গালি পাড়
না বুঝিয়া কর অহঙ্কার।—জগজ্জীবন
মড়া পচা নাড় চায় বিনা দোষে গালি পাড়
না বুঝিয়া কর অহঙ্কার।—জীবন
উচ্চে দেহ সরোবর নীচে দেহ আলি।
ব্রাহ্মণকে গাবি দেহ উত্তম ছুধালি ॥—তন্ত্রবিভূতি
উচ্চে দিঅ সরোবর নীচে দিঅ আলি।
ব্রাহ্মণকে দিহ ধেনু উত্তম ছুধালি ॥—জগজ্জীবন
উচে দিও সরবর নীচে দিও আলি।
ব্রাহ্মণেরে দিও দাদা উত্তম দোয়ালি ॥—জীবন
যে দিন হারাবে এই মাণিক্য অঙ্গুরী।
তবে সে জানিহ মৈল বেহুলাসুন্দরী ॥—তন্ত্রবিভূতি
যতদিন হারাইবে স্বর্ণ অঙ্গুরি।
তবে যে জানিহ মৈল বিহুলা সুন্দরী ॥—জগজ্জীবন

CENTRAL LIBRARY

যে দিন হারাবে দাদা সোনার অঙ্গুরি।
সেই দিন জানিবে মৈল বেললি সুন্দরী ॥ – জীবন
বালী বোলে তিন ধার ত্রিবিণীর পানি।
কোন পথে জাব আমি নিল্লয় না জানি ॥—তন্ত্রবিভূতি
বালী বোলে তিন ধার সাগরের পানি।
কুন পথে যাবো মাগো নির্ণয় না জানি ॥—জগজ্জীবন
সমুদ্রের মাঝে দেখি তিন ধার পানি।
কোন ধারে দিয়া যাব নির্ণয় না জানি ॥—জীবন
মরা স্বামী লৈয়া আমি জলমধ্যে যাই।
শিবের নন্দিনী পদ্মার যথা লাগ পাই ॥—জগজ্জীবন
স্বামী নয়া অভাগিনী জলে ভাসিয়া যাই।
শঙ্করনন্দিনী মাতা যথায় লাগ পাই ॥—জীবন
অবধান কর তুমি সুন বিদ্যাধরী।
বিবাদের মড়া আমি জিয়াইতে নারি ॥—তন্ত্রবিভূতি
অবধান কর বাছা সাধুর ঝিয়ারি।
বিবাদের মড়া আমি জিয়াইতে নারি ॥—জগজ্জীবন
নেতা বোলে অরে বাছা শোন বিদ্যাধরী।
বিবাদের মরা আমি জিআইতে নারি ॥—জীবন
নেতাই বোলে বিদ্যাধরী প্রত্যয় না জাই।
নৃত্য কর বিদ্যাধরী দেখি এই ঠাঞি ॥—তন্ত্রবিভূতি
নেতা বোলে তোর বাক্য প্রত্যয় না পাই।
নৃত্য কর বিদ্যাধরী দেখিবারে চাই ॥—জগজ্জীবন
নেতা বোলে তোর কথা প্রত্যয় না হয়।
কেমন নিত্য জান তুমি করত এথায় ॥—জীবন
নেতাই বোলে বিদ্যাধরী নৃত্য ক্ষেমা কর।
তোমার কথা কহিব আমি শিবের গোচর।—তন্ত্রবিভূতি
নেতা বোলে বিদ্যাধরী নৃত্য ক্ষেমা কর।
তোর কথা কহিব আমি শিবের গোচর ॥—জগজ্জীবন
নেতা বোলে শুন বাছা নিত্য ক্ষেমা কর।
তোর কথা কব যায়া যথা আছে শঙ্কর ॥—জীবন

CENTRAL LIBRARY

কোলে করি নিল দেবী কার্ত্তিক গণপতি।
মহাক্রোধে চলে দেবী রাক্ষস মূরতি॥ —তন্ত্রবিভূতি
কোলেত কার্ত্তিক নিল পৃষ্ঠে গণপতি।
মহাক্রোধে চলে দুর্গা রাক্ষসীর মূরতি॥ —জগজ্জীবন
কোলেত কার্ত্তিক নিল আগে গণপতি।
মহাক্রোধে যায় দেবী রাক্ষস মূরতি॥ —জীবন
বালী বোলে দেবগণ কার মুখ চাও।
অভাগিনীর হেতু মহাদেবকে বুঝাও॥ —তন্ত্রবিভূতি
বালী বোলে দেবগণ কার মুখ চাও।
অভাগিনীর হিত কথা শিবকে বুঝাও॥ —জগজ্জীবন
বালী বলে দেবগণ কার মুখ চাও।
ধর্ম্ম দৃষ্টি করি তোমরা শিবক বুঝাও॥ জীবন
খানিক সুন্দরী কন্যা চুপ হঞা থাক।
জাবৎ সন্তোষ করি ক্রোধিত দুর্গাক॥
লুকাঞা রহিল নটী পালঙ্কের তলে।
সভাতে আসিঞা দুর্গা অগ্নি হেন জলে॥ — তন্ত্রবিভূতি
খানিক সুন্দরী কন্যা চুপ হৈয়া থাক।
যাবত সন্তোষ করি ক্রোধিত দুর্গাক॥
লুকাঞা থাকে কন্যা শিবের খাটতলে।
সমাজে আসিয়া দেবী অগ্নি হেন জলে॥ —জগজ্জীবন
শিব বলে নর্ত্তকী খানিক লুকায়া থাক।
যাবত না স্থির করি মুই ক্রোধিত দুর্গাক॥
লুকায়া রহে বালি শিবের খাটতলে।
সভাত আসিয়া চণ্ডী অগ্নি হেন জলে॥ —জীবন।
দেবগণ বোলে বাণী শুন দেবী ত্রিনয়ানী
না বোল না বোল অনাচার। —জগজ্জীবন
দেবগণ বোলে বাণী শোন শোন ও ভবানী
না বোলিও না বোলিও অনাচার। —জীবন
মহাদেব পঞ্চমুখ নাহি তার দুখ সুখ
ভক্তের অধীন ভগবান।

CENTRAL LIBRARY

আপনে সে ভিক্ষা করে দরিদ্রের দুঃখ হরে
দেবতাগণের পূজ্যমান ॥ জগজ্জীবন
মহাদেবের পঞ্চ মুখ নাহি দুখ নাহি সুখ
জগতের অধীন নিতান্ত।
আপনে সে ভিক্ষা করে সংসারের দুঃখ হরে
দেবের দেব অনাদি অনন্ত ॥ —জীবন
বাপের পুরীর মাঝে কিসের বাজন বাজে
কেবা নাচে বাপুর ভুবনে ॥
খোল করতাল ধ্বনি ঝমকে ঝমকে সুনি
কোকিলাশব্দে সুনি গীত।—তন্ত্রবিভূতি
বাপুর পুরীর মাঝে কিসের বাজন বাজে
নৃত্য করে বাপুর ভুবনে।
খোল করতাল ধ্বনি ঝমকে ঝমকে শুনি
আজি বাপুর আনন্দিত মনে।—জগজ্জীবন
বাপের পুরীর মাঝে কিসের বাদ্য বাজে
বুঝি কোন নটী আসিয়াছে পুরে।
খোল করতালের ধ্বনি ঝমকে ঝমকে শুনি
ককিলের ধ্বনি শুনি গীত ॥—জীবন
কিবা ইন্দ্রবিদ্যাধরী আসিঞাছে দেবপুরী
আজি বাপু বড় আনন্দিত ॥
নেতাই বোলে নহে নটী চান্দোর বউ বাছোর বেটী
জার স্বামী মারিলে মেড় ঘরে।
ভাসিঞা কলার ভুরে আসিঞাছে দেবপুরে
শিবের সাক্ষাৎ নৃত্য করে ॥—তন্ত্রবিভূতি
কিবা ইন্দ্রের বিদ্যাধরী আসিয়াছে দেবপুরী
নৃত্য করে শিবের ভুবনে।
নেতা বোলে নহে নটী চান্দোর বধূ বাছোর বেটি
যার স্বামী মারিলে মেড়ঘরে।
ভাসিয়া কলার ভুরে আসিয়াছে দেবপুরে
নৃত্য করে শিবের গোচরে ॥—জগজ্জীবন
কিবা ইন্দ্রের বিদ্যাধরী আইল বাবার পুরী
আজ বাবাপুরী আনন্দিত।

CENTRAL LIBRARY

নেতা বোলে নহে নটী চান্দর বধূ বাছর বেটি
যার স্বামীক দংশিলে বাসরে ॥
ভাসিয়া কলার ভুরে আইল দেবের পুরে
নিত্য করে বাপার গোচর।—জীবন
পদ্মা বোলে নেতাই স্থন বিবাদে করিনু খুন
কার শক্তি দেয় জিআইআ।
আছে জত দেবগণ জিআয় দেখি কোন জন
জাবৎ না পূজে বিবাদিআ ॥
তন্ত্রবিভূতি কবি বন্দো গো মনসা দেবী
সুখ মোক্ষ বরের কারণ।
দুষ্ট দুঃখ সর্প ভয় এসব করিতে ক্ষয়
বন্দ দেবী পদ্মার চরণ ॥—তন্ত্রবিভূতি
পদ্মা বোলে নেতা শুন বিবাদে করিল খুন
কার শক্তি দেয় জিয়াইয়া।
যত আছে দেবগণ দেখি জিয়ায় কুন জন
যাবত না পূজে বিবাদিয়া ॥
জগতজীবন কবি বন্দিয়া মনসা দেবী
দ্বিজবর অস্তিকের মাতা।
অষ্টনাগ অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥—জগজ্জীবন
পদ্মা বোলে নেতা শোন বিবাদে করিনু খুন
কাহার সাধ্য দেয় জিইয়া।
আছে যত দেবগণ দেবি জিয়ায় কোন জন
যাবত না পূজে বিবাদিয়া ॥
শ্রীমৈত্র জীবন কবি বন্দ মা মনসা দেবী
দেবমুনি অস্তিকের মাতা।
অষ্ট নাগের অধিকারি জরৎকার মুনির নারী
নায়কে হইবে বরদাতা ॥—জীবন

CENTRAL LIBRARY

উদ্ধৃত অংশনিবহে কবিদের রচনায় শব্দ, বাক্যাংশ এবং বাক্যগত একরূপতা উত্তরবঙ্গীয় মনসামঙ্গল কাহিনীধারায় একের উপর অন্যের অনিবার্য প্রভাবের ফল। বলাবাহুল্য জগজ্জীবন পূর্বসূরী তন্ত্রবিভূতির কাব্যকে এবং জীবন মৈত্র তাঁহার পূর্ববর্তী কবি জগজ্জীবন ঘোষালের কাব্যকে আত্মসাৎ করিয়াছেন। তবে মুকুন্দরাম যেমন চণ্ডীমঙ্গল কাব্য রচনার আদর্শ (দ্বিজ রামদেবের অভয়ামঙ্গল কাব্যের কাহিনী পূর্ববঙ্গীয় ধারানুরাগ হইলেও রচনারীতি পশ্চিম বঙ্গীয়), তন্ত্রবিভূতিও তদনুরূপ উত্তরবঙ্গের মনসামঙ্গল কাব্যকারদের কবিকর্মের আদর্শ। কবি ভারতচন্দ্র মুকুন্দরামকে অনুসরণ করিয়াও প্রতিভার বৈশিষ্ট্যে নিজের শ্রেষ্ঠত্বের পরিচয় দিয়াছেন। কিন্তু কাব্যকৃতিত্বে তন্ত্রবিভূতিকে ছাড়াইয়া যাওয়ার শক্তি জগজ্জীবন ও জীবনের ছিল না। তথাপি তাঁহাদিগকে তন্ত্রবিভূতির অক্ষম অনুকারী বলা চলে না। প্রতিভার তারতম্যে কবিকর্মে স্বতঃ পার্থক্য তথা কাব্য-রচনার সিদ্ধিতে তরতম ঘটিয়াছে। এমন কি তুলনামূলক বিচারে নিখিলবঙ্গের মনসামঙ্গলের কবিকুলের মধ্যে তন্ত্রবিভূতির শ্রেষ্ঠত্ব অবিসংবাদী। তবে এই প্রসঙ্গে একটা কথা স্মরণযোগ্য যে বৈষ্ণব কাব্যের ন্যায় মঙ্গলকাব্যেরও একটা বিশেষ ভাষা আছে। বাণীভঙ্গির পরম্পাগত ঐক্যে একের শব্দসম্ভার অপরের কাব্যে প্রকীর্ণ। ইহা যুগ, অঞ্চল ও মৌলিকতা নিরপেক্ষ। মুকুন্দরামের কাব্যের শব্দসম্ভার পূর্ববঙ্গের চণ্ডীমঙ্গলে, মনসামঙ্গলে এবং উত্তরবঙ্গের মনসামঙ্গল কাব্যত্রয়ে মঙ্গলকবিদের বাণীভঙ্গির স্বাধর্ম্যে অল্পাধিক পরিশীলিত। এইসূত্রে ইহা খুবই চিত্তাকর্ষক যে কবিকঙ্কণের কাব্যের অনেক শব্দ জীবন মৈত্র ব্যবহার করিয়াছেন এবং পূর্ববঙ্গের কবি দ্বিজরামদেবের অভয়ামঙ্গলের শব্দসাদৃশ্য জগজ্জীবনের মনসামঙ্গলে কয়েক স্থলে প্রতিভাত। এমন কি দ্বিজ রামদেবের কাব্যে কুটিল সামাজিক রাঘব দত্ত, আর জীবনের কাব্যে রঘু দত্ত। অথচ তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে কুটিল সামাজিকের পরিকল্পনা নাই। জীবনের মননে বিভিন্নতার জন্য তাঁহার কাব্যে প্রহেলিকা স্থান পাইয়াছে। কিন্তু তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে প্রহেলিকা নাই। জীবনের কাব্যস্থিত প্রহেলিকাগুলি অভয়ামঙ্গলের প্রহেলিকাসমূহের ন্যায় কাব্যের অঙ্গরূপে রসগত উপযোগিত্বে সুন্দর। মুকুন্দরামের কাব্যে ব্যবহৃত প্রহেলিকাসমূহ বহিরঙ্গভাবে সন্নিবেশিত। কিন্তু জীবনের কাব্যের প্রহেলিকা-নিচয় রসতাৎপর্যে এবং তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের সঙ্গে তাঁহার মনন-বিভিন্নতায় উল্লেখযোগ্য।

CENTRAL LIBRARY

তন্ত্রবিভূতির মনসাপুরাণে দেবখণ্ড অনতিবিস্তৃত, জগজ্জীবনের মনসামঙ্গলে বিস্তৃত, আর জীবনের পদ্মাপুরাণে সংক্ষিপ্ত। মনসাপুরাণের প্রারম্ভে কয়েক পংক্তিতে মনসার আবাহন, চারি পংক্তিতে ধর্মের বন্দনা, সংক্ষেপে মনসার বন্দনা ও মাহাত্ম্যবর্ণনা, সবাহন দেবদেবীগণের বন্দনা, চন্দ্র, সূর্য, বরুণ, দশদিগপতি, আকাশ-বাতাস, ঋষি নারদ, রাজা যুধিষ্ঠির, গুণীগণ, মাতা, পিতা ও গুরুর বন্দনায় বন্দনাংশ পরিসীমিত। জগজ্জীবনের কাব্যে কেবল মনসার বন্দনা আছে। তাহাও মাত্র চারি পংক্তিতে পরিচ্ছিন্ন। জীবনের কাব্যে ব্রাহ্মণ-বন্দনা, বিষহরি-বন্দনা ও কলি-বন্দনা আছে। জগজ্জীবনের কাব্যে বর্ণিত ধর্মের জন্ম, তাহার প্রতি অনিলের অভিশাপ ও সৃষ্টি-উপদেশ ইত্যাদি তন্ত্রবিভূতি ও জীবনের কাব্যে নাই। মনসাপুরাণে সৃষ্টিপত্তন-বর্ণনা নাই। জগৎ-স্রষ্টা ধর্মের বন্দনাংশে সৃষ্টিপত্তন সুব্যঞ্জিত। পদ্মাপুরাণের নিরঞ্জনের আদেশে ব্রহ্মার পৃথিবী সৃষ্টি ও সৃষ্টি-উৎপত্তি জগজ্জীবনের মনসামঙ্গলের সৃষ্টি-পত্তন-বিবরণ অংশের তুলনায় অতি সংক্ষিপ্ত। তন্ত্রবিভূতি ও জীবনের কাব্যে গৌরীর জন্মকাহিনী নাই। এই অভিনব কাহিনী-নির্মাণ ও ধর্মের কাহিনী প্রসঙ্গে ধর্মের মনের দুঃখে ত্যক্ত নিঃশ্বাস হইতে মনসার জন্মবৃত্তান্ত বর্ণন জগজ্জীবনের মৌলিক কবিকল্পনায় সমৃদ্ধ। পরিবর্তে জীবনের কাব্যে পুরাণানুরূপ সমুদ্রমন্থন, দেবগণের শিবস্তুতি ও অমৃত ভক্ষণ ইত্যাদির বর্ণনা রহিয়াছে। মনসার জন্মকাহিনীতে কবিত্রয়ের কাব্যে তথ্যগত বৈষম্য পরিশ্লিষ্ট। জীবনের কাব্য-অপেক্ষা তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে মনসার জন্মবৃত্তান্ত স্বাভাবিক ও অল্পাধিক নাটকীয়। বাসুকী কর্তৃক পদ্মাকে লালন-পালনের বর্ণনা জগজ্জীবন ও জীবনের কাব্যে তন্ত্রবিভূতির কাব্যানুশীলনসঞ্জাত। জীবনের কাব্যে বর্ণিত নেতার জন্মপ্রসঙ্গ মনসাপুরাণ ও মনসামঙ্গলে নাই। মনসার জন্ম, শিবের সঙ্গে পরিচয় ও কৈলাসে গমন, মনসার সঙ্গে গৌরীর কলহ এবং দুর্গাকে দংশন ইত্যাদি কাব্যত্রয়ে প্রায় একরূপ। জীবনের কাব্যে বাসুকী কর্তৃক হীনমন্যতার অপরাধে পদ্মাকে অভিশাপ স্বাভাবিকত্ব ও নাটকীয়ত্বের হানিকর হইয়াছে। এই কাব্যে চণ্ডীমঙ্গলের অনুকরণে শিবদুর্গার কলহবর্ণনা এবং গৌরীর পাটনীবেশ ধারণের কাহিনী তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে নাই। জগজ্জীবনের কাব্যে হরগৌরীর কাহিনী অভিনব ও চিত্তচমৎকারী। দুর্গার ক্রোধ প্রশমনে মনসার নির্বাসন-কাহিনী পরিকল্পনায় তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে তথ্যগত বৈষম্য আছে। তন্ত্রবিভূতির কাব্যে দুর্গা মনসাকে বনবাস দিবার জন্য

CENTRAL LIBRARY

দৃঢ়প্রতিজ্ঞ ও শিব পত্নীপরিতোষণে বনে মনসার নির্বাসন দিয়াছে। আর জগজ্জীবনের কাব্যে গঙ্গা ও দুর্গা গৃহত্যাগ করায় নিরুপায় শিব মনসাকে বনবাসে রাখিয়া আসিয়াছে। জীবনের কাব্যে মনসা শিবালয়ে থাকিবার অনিচ্ছা জানাইলে শিব নেতা ও পদ্মাকে লইয় বনে গেল ও বিশাইকে ডাকিয়া অপূর্ব পুরী নির্মাণ করিয়া দিল। মনসার বিবাহ ও অস্তিকের জন্মকাহিনী কাব্যত্রয়ে তথ্যবিভিন্নতায় স্বতন্ত্র। কিন্তু মনসাপুরাণে বর্ণনা গতানুগতিকতামুক্ত। জীবনের কাব্যে ইহা সকল স্বাভাবিকতাকে অতিক্রম করিয়াছে। দেববন্দনা বা কাহিনীবর্ণনা কোন দিক হইতে জীবনের পদ্মাপুরাণের দেবখণ্ড সার্থক হয় নাই। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যরচন ও কাহিনীবয়নের যুগ্ম সামর্থ্য জীবন মৈত্রের অনায়ত্ত ছিল।

পদ্মা কর্তৃক রাখালদের নিকট দুধ যাচ্ঞা তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে দেবখণ্ডের অন্তর্গত। কিন্তু জীবনের কাব্যে তাহা বানিয়াখণ্ডের অন্তর্ভুক্ত। ইহাতে কাহিনী পারম্পর্য ও স্বাভাবিকতা ক্ষুণ্ণ হইয়াছে। এতদতিরিক্ত পদ্মাপুরাণে রাখালদের পূজার কাহিনী রচনা সার্থক হয় নাই। মনসাপুরাণে রাখাল ও মনসার প্রসঙ্গ বাস্তব আর মনসামঙ্গলে কাহিনী অলৌকিতা-আশ্লিষ্ট। মনসা দৈবশক্তি বলে রাখালদের গরু লুকাইয়া রাখিয়াছিল এবং পূজা পাইয়া হারান গোধন প্রত্যর্পণ করিয়া ছিল। তপস্যা অভিলাষে সমুদ্রপারযাত্রী ব্রহ্মার সঙ্গে অকস্মাৎ মনসার অরণ্যে সাক্ষাৎ, মনসা কর্তৃক ব্রহ্মার অনুগমন, সমুদ্র পার হওয়ার কাহিনীসূত্রে ব্রহ্মার ঝক্ষেশ হইতে বিষের উদ্ভবকাহিনী জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। এই কাব্যের অন্তর্গত নিরাশ্রয়া পদ্মার সাঁতালি পর্বতে বিশ্বকর্মাকে দিয়া গৃহনির্মাণ-কাহিনী জগজ্জীবনের কাব্যে নাই এবং জীবনের কাব্যে ভিন্নতর। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যের কপিলাকাহিনী জীবনের কাব্যে নাই। তন্ত্রবিভূতির কাব্যে কপিলাকাহিনী পল্লবিত ও পূর্ণাঙ্গ। জগজ্জীবনের কাব্যে সংক্ষিপ্ত তথা খণ্ডিত এবং সম্পূর্ণ কাহিনীর অপরার্দ্ধ সংক্ষেপে জগজ্জীবনের কাব্যের অঙ্গীভূত। উত্তরবঙ্গের মনসামঙ্গলে কপিলাকাহিনী সংযোজনে তন্ত্রবিভূতি পূর্বগামী (ploneer) আর জগজ্জীবন পরসাধক। ক্ষীরসমুদ্রের উদ্ভব কপিলাকথার সমসূত্রে উভয় কাব্যে একরূপ। কিন্তু মনসাপুরাণে টিয়া পাখীর চঞ্চু হইতে তেঁতুল ক্ষীরসমুদ্রে পতনে দধিসমুদ্রের উদ্ভবকাহিনী জগজ্জীবন ও জীবনের কাব্যচিন্তায় উৎসারিত হয় নাই। সমুদ্রমন্থনের কাহিনী জগজ্জীবনের কাব্যে অতি সংক্ষিপ্ত, জীবনের কাব্যে অনঙ্গীভূত। সমুদ্রমন্থনোদ্ভূত বিষ ভক্ষণে লুপ্তচৈতন্য শিবকে বাঁচাইতে

CENTRAL LIBRARY

মনসার আগমন প্রসঙ্গ তন্ত্রবিভূতির কাব্যে অধিকতর বাস্তব। জগজ্জীবনের কাব্যে মনসা কুস্বপ্ন দেখিয়া ধ্যানযোগে শিবের বিষপানে টলিয়া পড়ার কথা জানিয়া ছুটিয়া আসিয়াছে। কিন্তু মনসাপুরাণে দেবগণের পরামর্শে দুর্গা সাঁতালি পর্বতে গিয়া মনসাকে মিনতি করিয়া আনিয়াছে। তন্ত্রবিভূতির কাব্যের অঙ্গীভূত আসন-বাসনের কাহিনী জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই।

চাঁদ সদাগরের পিতৃ-পরিচয় ও শিবের বরে চাঁদের জন্ম তিন কাব্যে একরূপ। তবে চাঁদের পূর্বপুরুষদের বর্ণনা জীবনের কাব্যে অতিরিক্ত। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনেয় কাব্যে এই কাব্যানুরূপ ফণাধর কর্তৃক পালিত কপোত ভক্ষণের দুঃখে কোটিশ্বরের শিবভজনা প্রসঙ্গ নাই।

তন্ত্রবিভূতির কাব্যে জালুমালুর কাহিনী বিস্তৃত। জগজ্জীবনের কাব্য অতি সংক্ষেপিত, আর জীবনের কাব্যে সংক্ষিপ্ত। মনসাপুরাণ ও পদ্মাপুরাণে জালু-মালুর কাহিনী বানিয়াখণ্ডের অন্তর্গত। কিন্তু জগজ্জীবনের কাব্যে দেবখণ্ডে মাত্র আঠার পংক্তিতে বর্ণিত। মনসাপুরাণে এই কাহিনী গল্পরসে অভিসিঞ্চিত। জীবনের কাব্যে বর্ণিত হাসান-হোসেনের কাহিনী তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে নাই। জালুমালুর কাহিনীর সঙ্গে সম্পৃক্ত ও মনসাপুরাণে বর্ণিত হীরার কাহিনী জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। তন্ত্রবিভূতির লেখনীপ্রকাশে হীরা-কাহিনী গল্পবৈচিত্র্যে সমুজ্জ্বল। মনসাপুরাণে বর্ণিত জালুমালুর গৃহ হইতে পদ্মার বারিবৃত্তান্ত মনসামঙ্গলে নাই। জীবনের পদ্মাপুরাণে তথ্যগত বিভিন্নতায় এই কাহিনী রহিয়াছে। তন্ত্রবিভূতির বর্ণনায় সোনকা স্বচক্ষে জালুমালুর গৃহে দেবীর মহিমা প্রত্যক্ষ করিয়া স্বেচ্ছায়, আর জীবনের বর্ণনায় মনসার স্বপ্নপ্রত্যাদেশে ও প্রতিবেশিনীদের পরামর্শে দেবীর ঘট স্বগৃহে আনিয়া পূজা করিয়াছে। তন্ত্রবিভূতির বর্ণনা অধিকতর বাস্তব ও নিপুণ। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাহিনী-পরিকল্পনায় পদ্মা সরাসরি শিবের নিকট উপস্থিত হইয়া মর্ত্যে নিজের পূজা প্রচারের অভিলাষে শিবের সেবক-শ্রেষ্ঠ চাঁদকে যাচঞা করিয়াছে। শিবের সাক্ষাতে চাঁদ মনসার স্পর্ধার জন্য তাহাকে কঠোর তিরস্কার করিয়াছে। পরে নেতাইর পরামর্শানুরূপ আপোষের চেষ্টায় ব্যর্থ-মনোরথ হইয়া চাঁদের পুত্রদের সর্পদংশনে মৃত্যু ঘটাইয়া প্রতিশোধ লইয়াছে। জীবনের পদ্মা-পুরাণে চাঁদ কর্তৃক মনসার অপমানের উপলক্ষ্য ও মনসার প্রতিশোধ গ্রহণের কাহিনী ভিন্নরূপ। অপমানের উপলক্ষ্য চাঁদের সোনকাপূজিত মনসার ঘট পায়ে দলন, প্রতিশোধ গ্রহণ—চাঁদের বাগান কর্তন ও মহাজ্ঞান হরণ। মনসাপুরাণ ও

CENTRAL LIBRARY

মনসামঙ্গলের বর্ণনানুরূপ পূর্বোক্ত প্রসঙ্গে চাঁদের পুত্রদের প্রাণনাশের কথা জীবনের কাব্যে নাই। মনসাপুরাণের অন্তর্গত চাঁদের পুত্রনিধনে প্রতিহিংসা গ্রহণের পূর্বে তাহার ধনভাণ্ডার নাশের বর্ণনা জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। চাঁদের পুত্রদের মৃত্যুর বর্ণনা তন্ত্রবিভূতির কাব্যে বিস্তৃত। জগজ্জীবন ও জীবনের কাব্যে সংক্ষিপ্ত। তন্ত্রবিভূতির কাব্যে মনসা চাঁদের পাঁচ পুত্রকে নিধন করিয়াছে, বাকী এক জনকে পরে সিংহলের পাটনে মারিয়াছে। জগজ্জীবন ও জীবনের কাব্যে মনসা চাঁদের ছয় পুত্রের মৃত্যু ঘটাইয়াছে। তন্ত্রবিভূতির কাহিনী নূতনত্বে মণ্ডিত, গল্পপ্রয়াসে বিলসিত। জগজ্জীবন ও জীবনের বর্ণনায় এই কাহিনী গল্পরসসঞ্চারে নিস্তরঙ্গ। মনসামঙ্গলে বর্ণিত চাঁদের ছয় পুত্রের মৃত্যু পদ্মাপুরাণে কাব্যের দিক হইতে পৃথক। মনসামঙ্গলে সোনকার সকরুণ শোকের বর্ণনা সংক্ষিপ্ত, জীবনের কাব্যে দীর্ঘ। চাঁদের শোকের কারুণ্য ও তাঁহার কাব্যে ফুটিয়া উঠে নাই।

জীবন মনসা কর্তৃক চাঁদ সদাগরের মহাজ্ঞান হরণ বর্ণনা করিয়া তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত রাজা পরীক্ষিতের উপাখ্যান, ওঝা ধন্বন্তরির গমন এবং ব্রাহ্মণবেশী তক্ষকের সহিত ওঝার মন্ত্রবল প্রদর্শনের কাহিনী সন্নিবেশিত করিয়াছেন। জীবনের গল্পবৈচিত্র্য সৃজনোদ্দিষ্ট এই কাহিনী-সংযোগ মনসা-বিজয়ের কবি বিপ্রদাসের প্রভাবপ্রভব মনে হয়। মনসাপুরাণ ও মনসামঙ্গলে বর্ণিত চাঁদের মৃত পুত্রদের নাটকীয় শবচুরির কাহিনী পদ্মাপুরাণে নাই। পদ্মাপুরাণের বর্ণনা গতানুগতিক ও দেশাচার পোষকতায় চাঁদের মৃত ছয় পুত্র ভেলায় ভাসাইবার কাহিনী-অনুমত। চাঁদের ধনভাণ্ডার নাশের পর মনসা-পুরাণে বর্ণিত মনসার চাঁদের সঙ্গে আপোষ-প্রয়াস, মনসার প্রতি তাহার দুর্ব্যবহার এবং জালুমালুর দ্বারা লক্ষের বাড়ি ধ্বংসের বর্ণনা জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। জীবনের কাব্যে চাঁদের বাগানকর্তনের কাহিনী প্রসঙ্গান্তরে সন্নিবেশের কথা পূর্বে উল্লেখ করিয়াছি। মনসাপুরাণের অন্তর্গত চাঁদের সসৈন্যে লক্ষের বাড়ি অভিযান-কাহিনী, তেজবল হাজরা ও খাণ্ডাতি ভাস্করের রণপ্রয়াস ও মৃত্যু, চাঁদের সৈন্যদের উপর পদ্মার বিষবর্ষণে তাহাদের সংহার সংঘটন, চাঁদ কর্তৃক শিব পূজা করিয়া সৈন্যদিগকে পুনর্জীবন সঞ্চারণ এবং শিবের প্রসাদে লক্ষের বাড়ি পুনঃরোপন প্রভৃতি চিত্তাকর্ষক কাহিনী ও ধুলিনাগরূপে পদ্মার চাঁদের পুত্র নীলপাণিকে দংশন চাঁদের আনন্দে বিঘ্নসৃজন জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। তন্ত্রবিভূতির মনসাপুরাণে বর্ণিত বিমর্ষমনা পদ্মার পিতৃ-সকাশে

CENTRAL LIBRARY

চাঁদের বিরুদ্ধে অভিযোগ, চাঁদের সঙ্গে কলহে লিপ্ত হওয়ার জন্য মনসাকে শিবের তিরস্কার, দুর্গার নিকট মনসার সকরুণ মিনতি, চাঁদের পূজায় অধিষ্ঠান হইতে শিবকে দুর্গার নিষেধ, মনসাকে চাঁদের সঙ্গে বিবাদে প্রবৃত্ত হইতে দুর্গার অভয় দান ইত্যাদি জগজ্জীবন ও জীবনের কাব্য-ভাবনায় উপসন্ন হয় নাই। পদ্মাপুরাণে বর্ণিত ধন্বন্তরি কর্তৃক চাঁদ সদাগরের মৃত ছয় পুত্রের জীবনদান, চাঁদের মনসাকে অপমান, ওঝা ধন্বন্তরি ও মনসার বিবাদ ইত্যাদি তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে নাই। গোয়ালিনীরূপে পদ্মার ধন্বন্তরির শিষ্যদের ছলনা ও বিষদধি পরিবেষণ, ধন্বন্তরির ভার্যার নিকট হইতে কপটে পদ্মা কর্তৃক ওঝার মৃত্যুগুপ্তি শ্রবণ, ধন্বন্তরিপ্রতিরোধে মনসার সর্প-অভিযান ও ধন্বন্তরি-বধের কাহিনী তিন কাব্যেই প্রসঙ্গভিন্নতায় প্রায় একরূপ। তন্ত্রবিভূতি ও জীবনের কাব্যে ধন্বন্তরিবধ লক্ষ্মীন্দরের মৃত্যুর পূর্বে চাঁদের মৃত ছয় পুত্রকে জীয়ান প্রসঙ্গে এবং জগজ্জীবনের কাব্যে লক্ষ্মীন্দরের মৃত্যুর পর পরিকল্পিত। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে ধন্বন্তরির পত্নীর ভগিনীরূপে ও জীবনের কাব্যে ওঝার পত্নীর সখীরূপে ছলনায় প্রাপ্ত ধন্বন্তরির মৃত্যুতত্ত্ব বিভিন্ন। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের ক্যাব্যানুরূপ স্বাভাবিকতা ও নাটকীয়তার অভাব জীবনের কাব্যে লক্ষণীয়। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে ধন্বন্তরির মৃত্যু পথে, আর জীবনের কাব্যে স্বগৃহে উদয়গিরি সর্পের দংশনে। ওঝার মৃত্যু-অন্তে ঔষধসংগ্রহ-প্রয়াস তিন কবির কাব্যেই একরূপ। কেবল পদ্মাপুরাণে মৃতপক্ষী কুক্কুটের স্থলে চটক। তবে গুরুপত্নীর ভগ্নীর নিকট ধন্বন্তরি ওঝার মৃত্যু-সংবাদ শুনিয়া শিষ্য কর্তৃক ঔষধ ছুড়িয়া ফেলিয়া দেওয়া জীবনের কাব্যে অস্বাভাবিক হইয়াছে। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে এই অংশ বিশেষ স্বাভাবিক ও নাটকীয়। পদ্মাপুরাণে শিষ্যদের ঔষধ আনিতে পুনর্গমন, বারংবার ঔষধসংগ্রহ প্রসঙ্গে গতাগতি স্বাভাবিকতা ও নাটকীয়তার হানিকর হইয়াছে। সাঁতালি পর্বত হইতে আনীত ঔষধ পদ্মার ছলনায় শিষ্যদের হস্তচ্যুত হইয়াছে জানিয়া ধন্বন্তরি নিজের মরণ ধ্রুব বুঝিতে পারিয়া ওঝা কর্তৃক শিষ্যদিগকে তাহার হাত পা কাটিয়া চারিখণ্ড চারি দিকে স্থাপনের নির্দেশ-সংবলিত মনসাপুরাণানুরূপ বর্ণনা জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। ধন্বন্তরির বহুশ্রুত মৃত্যুকাহিনীতে অভিনবতা সৃজনে তন্ত্রবিভূতির কৃতিত্ব সমধিক। পদ্মাপুরাণে ওঝার ভাসান কবির বাহুল্যপ্রীতি।

বাণিজ্যে গমনের অভিলাষে চাঁদের বহিত্র-নির্মাণের বর্ণনা কাব্যত্রয়ে একরূপ। মনসাপুরাণ ও মনসামঙ্গলে সংক্ষিপ্ত, পদ্মাপুরাণে বিস্তারিত। গাছ

CENTRAL LIBRARY

কাটার সময় সঙ্কট ও নৌকাপত্তন প্রসঙ্গে জ্যোতিষকে আহ্বান জীবনের কাব্যে অতিরিক্ত। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে বহিত্র নির্মাণের পর দ্রব্যসজ্জা ও চাঁদের বাণিজ্য-যাত্রা। পদ্মপুরাণে তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত উষাহরণ ও বাণযুদ্ধকাহিনী আছে। ভাগবত-প্রভাবিত, শাস্ত্রজ্ঞ, পণ্ডিত কবি জীবন কাব্যাচরণ অপেক্ষা লোকরুচি পরিচর্যায় অধিক মনোনিবেশ করিয়াছিলেন তাহা পূর্বোক্ত রাজা পরীক্ষিতের কাহিনী ও আলোচ্য কাহিনীতে সূচিত হয়। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে বিরুদ্ধ ভাগ্য গণনার জন্য জ্যোতিষের লাঞ্ছনা জীবনের কাব্যে নাই। চাঁদ সদাগরের দক্ষিণ পাটনে গমন ও বদলবাণিজ্য অন্তে ফিরিবার পথে পদ্মার সৃষ্ট দুর্যোগ, নৌকাডুবি, কোন রকমে প্রাণরক্ষা করিয়া চাঁদের গৃহে প্রত্যাগমনের বর্ণনা তিন কাব্যে প্রায় একরূপ। তবে তন্ত্রবিভূতির বর্ণনা কাহিনী-বয়নের অপূর্ব শক্তিতে গল্পরসবিলসিত। জীবনের কাব্যে উষার সাজ, উষার প্রতি ইন্দ্রের অভিশাপ, লক্ষ্মীন্দর-বেহুলার জন্ম ইত্যাদি কাহিনী তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যের সঙ্গে ক্রমবৈষম্য পাটন-গমনের পূর্বে সংযোজিত। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের সঙ্গে তথ্যবৈষম্যে চাঁদ সদাগর পাটনে যাওয়ার কালে অন্তঃসত্ত্বা সোনকাকে জয়পত্রী লিখিয়া দেওয়ার কথা পদ্মাপুরাণে রহিয়াছে। ইহা চণ্ডীমঙ্গলের প্রভাব-সঞ্জাত বলিয়া মনে হয়। ইহার পর 'অথ জগন্নাথ কথা' জীবনের কাব্যে অতিরিক্ত। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে চাঁদের নৌকা ভাগীরথী পৌঁছিলে কাণ্ডারীর বয়ানে চাঁদের নিকট ভগীরথের গঙ্গা-আনয়ন-বৃত্তান্ত ও গঙ্গা-মাহাত্ম্য বর্ণনা জীবনের কাব্যে নাই। ভগীরথের গঙ্গা আনয়নের কাহিনী তন্ত্রবিভূতির কাব্যে তুলনায় প্রসারিত। বর্ণনা গতানুগতিকতামুক্ত, জীবন রসের প্রবাহে উচ্ছলিত। পাটনগমনপথে চাঁদের কড়িদহ পৌঁছিবার পর তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে কাণ্ডারীর মুখে কড়ির মাহাত্ম্যসূচক ও বাস্তব বর্ণনা পদ্মাপুরাণে নাই। বিভিন্ন দহে সঙ্কটের বর্ণনা তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে সংক্ষিপ্ত, জীবনের কাব্যে বিস্তারিত এবং চণ্ডীমঙ্গলের অনুরূপ। দামদহে সঙ্কট ও সঙ্কটোত্তরণ দ্বিজ রামদেবের কাব্যানুরূপ।

চাঁদের দক্ষিণ পাটন গমন, মনসার বৈরিতায় সিংহলে রাজার নিকট চাঁদের লাঞ্ছনা ও সুখকর বদলবাণিজ্যের বর্ণনা তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে অধিক নাটকীয় ও স্বাভাবিক। পদ্মাপুরাণে লক্ষেশ্বরের সঙ্গে প্রথম পরিচয়েই চাঁদের সঙ্কট পরিকল্পিত। কারাগারে বন্দী চাঁদের সঙ্গে শিবের সাক্ষাৎকার জীবনের কাব্যে অতিরিক্ত। চণ্ডীমঙ্গলে জরতীরূপে চণ্ডীর শ্রীমন্তকে সিংহল-মশানে দর্শন দান ও

CENTRAL LIBRARY

রক্ষা করার কাহিনীর প্রভাবের ফলে মনসামঙ্গলের কাহিনীতে জীবনের কাব্যে এই বিভিন্নতা আসিয়াছে মনে হয়। মনসাপুরাণ ও মনসামঙ্গলে রাজার নারিকেল ভক্ষণানুরূপ পদ্মাপুরাণে তিন কড়িয়াকে দিয়া নারিকেল ভক্ষণের কাহিনী অস্বাভাবিক ও হাস্যোদ্দীপক। তন্ত্রবিভূতির কাব্যান্তর্গত নারিকেলের জন্য লক্ষেশ্বরের আকুলতা ও নারিকেলের কাহিনী বর্ণনা জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। রঙ্গকৌতুক করিবার অপূর্ব্ব শক্তিতে হাস্যরস সমুজ্জ্বল এই কাহিনী-বয়ন তন্ত্রবিভূতির অসামান্য কৃতিত্বের পরিচায়ক।

সিংহলে চাঁদের ষষ্ঠ পুত্র কুলপাণির সর্প-দংশনে মৃত্যুর কাহিনী ও পুত্রশোকাতুর চাঁদের দুঃখের কারুণ্য জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। এই কাহিনী প্রসঙ্গে মনসার বিশ্বকর্মাকে ডাকিয়া সাগরে গৃহনির্ম্মাণ জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। জীবনের কাব্যে মনসার সাগরে গৃহনির্ম্মাণ ভিন্নতর উদ্দেশ্য বিজল্পিত ও প্রসঙ্গান্তরে, সিংহলে পৌছিবার পূর্বে। দক্ষিণ পাটন হইতে ফিরিবার পথে মনসার প্রতিকূলতায় বহিত্রনিমর্গ্নের পর চাঁদ সদাগরের জীবনরক্ষা ও মনসার দেওয়া পরবর্তী দুঃখ ও লাঞ্ছনার বিবরণ তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যের সঙ্গে জীবনের কাব্যে ভিন্ন। জীবনের কাব্যে চাঁদের লাঞ্ছনার ভিন্নেতর কাহিনীতে অবস্থায় কারুণ্য ও স্বাভাবিকতা ক্ষুণ্ণ হইয়াছে। হার চুরির অলৌকিকতা-দীপ্ত কাহিনী জীবনের কাব্যে অবাস্তবতা-সংশ্লিষ্ট এবং তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে চাঁদের লাঞ্ছনার কাহিনীতে ঐক্য সত্ত্বেও তন্ত্রবিভূতির গল্পসূচনবৈচিত্র্যের জন্য কিছু কিছু বৈষম্য লক্ষিত হয়। যেমন, চাঁদের ভিক্ষালব্ধ ধান গণেশের মূষিককে দিয়া মনসার চুরি করান, পক্ষী-শিকারী ব্যাধের হস্তে চাঁদের নির্যাতন, অসহায় চাঁদের বন্ধুগৃহে আশ্রয় লাভ ও বন্ধু কর্তৃক বিতাড়ন ইত্যাদি কাহিনীর আকর্ষণ সৃজনের প্রয়াস মনসাপুরাণে প্রশস্ত, কিন্তু জগজ্জীবনের কল্পনায় উৎসারিত হয় নাই। ইহার পর চাঁদের স্বগ্রামে প্রত্যাবর্তন, দিবাবসানে অন্ধকারে স্বগৃহে প্রবেশ ও চোররূপে ধরা পড়িবার সকরুণ কাহিনী তিন কাব্যেই একরূপ। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের বর্ণনা নাটকীয়। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের নাটকীয়তা সৃজনের শক্তি জীবনের অনায়ত্ত। পদ্মার দৈবজ্ঞ ব্রাহ্মণীর মূর্তিতে সোনকাকে পূর্ব হইতেই চোরের আগমন সম্পর্কে সতর্ক করিয়া দেওয়ার মনসাপুরাণ ও পদ্মাপুরাণের অনুরূপ কাহিনী জগজ্জীবনের কাব্যে নাই।

চোর রূপে ধরা পড়িয়া চাঁদের স্বগৃহে নির্যাতিত হওয়ার পরিহাসবিজল্পিত

CENTRAL LIBRARY

বর্ণনা তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে চাঁদের দুরবস্থার কারুণ্যে নিবিড়। জীবনের কাব্যে লক্ষ্মীন্দরকে সোনকার পালঙ্কে শয়ান দেখিয়া চাঁদের সংশয়োদ্বেল মতিভ্রান্তি ও পিতাপুত্রে খণ্ড প্রলয়ের অবতারণা মনসামঙ্গলাতিরিক্ত কাহিনীতে কবির স্থূল রুচি ও গ্রাম্য মনোবৃত্তির প্রশ্রয়-প্রবণতা প্রকাশ পাইয়াছে।

ঊষা ও অনিরুদ্ধকে (মনসাপুরাণে সাবিত্রী-সত্যবানরূপে অভিহিত) ইন্দ্রের নিকট হইতে যাচ্ঞা করিয়া আনিবার তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যানুরূপ কাহিনী বর্ণন জীবনের কাব্যে এই প্রসঙ্গে নাই। তিনি উহা মনসাপুরাণ ও মনসামঙ্গলের কাহিনীর ক্রমবিপর্যয়ে চাঁদ সদাগরের পাটনে যাওয়ার পূর্বেই সন্নিবিষ্ট করিয়াছে। নৃত্যকালে তালভঙ্গের অপরাধে ঊষার প্রতি ইন্দ্রের অভিশাপ-অংশে তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যের নাটকীয়তা, কবিদের মৌলিকতা ও পরাম্পরাগত কাহিনীতে অভিনবতা জীবনের কাব্যে নাই। লক্ষ্মীন্দর-বেহুলার জন্মকাহিনী-প্রসঙ্গ জীবন উপরিউক্ত ক্রমবিপর্যয়ে তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের সঙ্গে কাহিনী সন্নিবেশের পার্থক্যে অল্প অংশে বর্ণনা করিয়াছেন। কামসোনাকে পাঠাইয়া লক্ষ্মীন্দরকে স্বপ্নে মাতুলানীর মূর্তিতে প্রেমমিলনে ছলনা ও লক্ষ্মীন্দরের মাতুলানী-অভিগমন-কাহিনী কাব্যত্রয়ে একরূপ। তবে ব্রাহ্মণীরূপে পদ্মার লক্ষ্মীন্দরকে বিবাহে প্রেরণা দেওয়ার মনসাপুরাণ ও মনসামঙ্গল-কাব্যানুরূপ বর্ণনা জীবনের কাব্যে নাই। লক্ষ্মীন্দরের বিবাহের মন্ত্রণা, বিধবা ব্রাহ্মণী ও বেহুলার সরোবরে স্নান-প্রসঙ্গ, লোহার কলাই সিদ্ধ করিতে দিয়া বিবাহের কন্যাকে চাঁদের পরীক্ষা করিবার অভিপ্রায় তিন কাব্যেই একরূপ। কেবল জীবনের কাব্যে বাণীনাথ, সহদেব ঘটক প্রমুখের কথা অতিরিক্ত সংযোজন। তন্ত্রবিভূতির কাব্যে লক্ষ্মীন্দরের বিবাহের জোটন মিলাইবার পর ব্রাহ্মণ-ভোজন করান প্রসঙ্গে পদ্মার বৈরিতায় গুয়াপানসঙ্কট—গুয়া বহেড়ার মত শক্ত, পান পিপুল পাতার মত তিক্ত, ব্রাহ্মণসমাজের নিকট চাঁদের স্থলজ্জা ও পুনঃ পান সুপারী অর্পণ প্রসঙ্গ জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। বেহুলার লোহার কলাই সিদ্ধ করার কথা মনসাপুরাণ ও মনসামঙ্গলে সংক্ষিপ্ত ও নাটকীয়, পদ্মাপুরাণে বিস্তৃত। জীবনের কাব্যে লক্ষ্মীন্দরের বিবাহ-সম্বন্ধ সম্পর্কিত চাঁদ ও বাছো সদাগরের কথোপকথন ও লক্ষ্মীন্দরের কামগঞ্জ পত্তন করিবার অভিলাষের পর গঞ্জপত্তন বর্ণনা মনসাপুরাণ ও মনসামঙ্গলের কাহিনীর অতিরিক্ত। কামগঞ্জ পত্তনাংশে ধনীর দুলালদের কুরুচির পরিচয় প্রকটিত। এই অতিরিক্ত কাহিনীটি লোকরুচি পরিচর্যাপ্রিয়তার ফলে বর্ণিত

CENTRAL LIBRARY

হইয়াছে মনে হয়। তবে আঞ্চলিক ধনীপুত্রদের খুসীখেয়াল অষ্টাদশ শতাব্দীর বাংলা সাহিত্যের যুগলক্ষণ সূত্রে ইহাতে সুপরিস্ফুট।

কন্যা বরণ করিয়া চাঁদসদাগর গৃহে পৌছিবার পূর্বক্ষণে পদ্মার দৈবজ্ঞ ব্রাহ্মণীরূপে সোনকাকে সদাগরের কুলক্ষণী বধূ বরণের সংবাদে ছলনা, সদাগরের আগমনে ব্রাহ্মণীর অন্তর্দ্ধান ও চাঁদের মুখে কন্যার রূপগুণের কথা শুনিয়া বিষণ্ণমনা সোনকার সন্তোষের বর্ণনা জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। লক্ষীন্দরের অধিবাসের বর্ণনা তিন কাব্যেই আছে। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের বর্ণনা অধিক কাব্যোৎকর্ষমণ্ডিত। লক্ষীন্দরের বিবাহ-যাত্রার পূর্বে তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যানুরূপ মেড়ঘর নির্মাণের বর্ণনা জীবনের কাব্যে নাই। কবি গল্প বলিতে বলিতে অধিবাসের বর্ণনায় নিবিষ্ট থাকার জন্য প্রয়োজনীয় বিষয়টি বর্ণনা করিতে ভুলিয়া গিয়াছেন। পদ্মাপুরাণের কাহিনী অংশে ইহা একটি উল্লেখ-যোগ্য ত্রুটি। তন্ত্রবিভূতির কাব্যানুরূপ মেড়গৃহ-গাত্রে আলেখ্য রচনার রূপ ও সৌন্দর্য্য-প্রয়াস জগজ্জীবনের কাব্যে বিসর্পিত হয় নাই। উত্তর বঙ্গের মনসামঙ্গল কাব্যধারায় এই বর্ণনা অভিনব ও তন্ত্রবিভূতির মৌলিক কাব্যভাবনা। বিবাহ-যাত্রা ও হরসাধু মণ্ডল-প্রসঙ্গ কাব্যত্রয়ে একই রূপ। কাহিনীগত একরূপতা সত্ত্বেও জীবন অপেক্ষা তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের বর্ণনা হাস্যরস-নিস্যন্দী। যুবতী-গণের পতিনিন্দা অংশও কবিত্রয়ের লেখনীতে সমরূপ-বিলসিত। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে সংক্ষিপ্ত, জীবনের কাব্যে পল্লবিত। মাথার উপরে সর্পছত্র দেখিয়া লখিন্দরের মূর্চ্ছা ও বিবাহকালীন সঙ্কট উত্তরণে বেহুলা কর্তৃক পদ্মাবতীর পূজা কাব্যত্রয়ে কাহিনীগত ঐক্যে বর্ণিত। মনসাপুরাণ ও মনসামঙ্গলে বর্ণনা সংক্ষিপ্ত কিন্তু নাটকীয় ও অভিনব, পদ্মাপুরাণে বিস্তৃত। বেহুলার পতিগৃহে যাত্রার বর্ণনায় সমকাহিনী তন্ত্রবিভূতি জগজ্জীবনের কাব্যে অধিক বাস্তব, করুণ, সান্দ্র ও নাটকীয়। তন্ত্রবিভূতির কাব্যের মেঘদুর্যোগ সৃজন ও মেড়গৃহ প্রহরীশূন্যকরণ জগজ্জীবন ও জীবনের কাব্যে উৎসারিত হয় নাই। বাদল-দুর্যোগ রাত্রির অন্ধকার, অগণিত সর্পের সমাগম লক্ষীন্দরের আসন্ন মৃত্যুর ভয়ঙ্করত্বের পটভূমিকা রচনায় তন্ত্রবিভূতি কবিকর্ম্ম প্রশংসার্হ। জীবনের কাব্যে বাসর ঘরে বেহুলার কুস্বপ্ন দর্শন ও নেতার সঙ্গে পদ্মার কথোপকথন তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত। কুস্বপ্নদর্শন বর্ণনাংশে নাটকীয়তা ক্ষুণ্ণ হইয়াছে। জগজ্জীবনের কাব্যে ভারী বিপদের আশঙ্কায় বেহুলার জাগ্রত অবস্থায় নানা অমঙ্গলের চিহ্ন ডান চোখ, ডান অঙ্গ কাঁপা, ভয় পাওয়া ও বিভীষিকা দেখার বর্ণনা

CENTRAL LIBRARY

আছে। বেহুলার রন্ধন তিন কাব্যে সমরূপ। লক্ষীন্দরের অঘোর নিদ্রার জন্য রন্ধিত অন্নব্যঞ্জন পড়িয়া থাকার বর্ণনা কাব্যত্রয়ে একরূপ। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে বর্ণিত মনসা কর্তৃক নিদ্রাদীর সাহায্যে চাঁদের গৃহের সকলকে নিদ্রাভিভূত করাইয়া লক্ষীন্দরকে দংশনের আয়োজন পদ্মাপুরণে নাই। সর্পের সাজন অংশে জীবনের কাব্যের কাহিনীতে অংশতঃ বৈষম্য দৃষ্টি হয়। মণিরাজ সর্পকে আহ্বান, ধোড়া, রেণী, কেউটিয়া, বাড়ল প্রভৃতিকে লক্ষীন্দরকে দংশনের জন্য প্রেরণের কাহিনী তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত। কেবল সর্পদের প্রতি মনসার ক্রোধ-প্রকাশ অংশ তিন কাব্যে একরূপ। কাহিনীরবৈচিত্র্য-সৃজন-প্রয়াসে জীবন তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের অনুরূপকাব্যসিদ্ধি অর্জন করিতে পারেন নাই। কালি নাগের কাহিনী কাব্যত্রয়ে প্রায় এক। কালিনাগপ্রসঙ্গ তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে অধিক নাটকীয়। কালিনাগের দয়াশীল মনঃপ্রকাশ জীবনের কাব্যে তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যানুরূপ। মশক সৃষ্টি ও ছিদ্রপথে মেড়ঘরে তাহাকে পাঠাইয়া মশার কামড়ে লক্ষীন্দরের কালিনাগের মস্তকে পদাঘাতের উপলক্ষ্য সৃষ্টি তন্ত্রবিভূতির কাব্যে নূতনত্বের সঞ্চার। কালিনাগ কর্তৃক লক্ষীন্দরের দোষ দুইবার ক্ষমা জীবনের কাব্যে অতিরিক্ত। লক্ষীন্দরের মৃত্যুকালীন খেদোক্তি তিন কাব্যেই একরূপ। অন্ধকারে লখিন্দরকে খুঁজিতে গিয়া বেহুলা কর্তৃক তাহার বুকে পা দেওয়া জীবনের কাব্যে অতিরিক্ত। ইহাতে বেহুলাচরিত্র ম্লান হইয়াছে। লক্ষীন্দরের মৃত্যুর পর তাহার জীব লইয়া তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যের বর্ণিত যম ও মনসার বিবাদের কাহিনী জীবনের কাব্যে এই অংশে বর্জিত। চাঁদের ছয় পুত্রের মৃত্যু প্রসঙ্গে তিনি মনসাপুরাণ ও মনসামঙ্গলের সহিত বিভিন্নতা দর্শাইতে বর্ণনা করিয়াছেন। লক্ষীন্দরের মৃত্যু-অন্তে জীব লইয়া যম ও মনসার কলহ, উভয়ের যুধ্যমান উদ্যম ও নারদের শুভেচ্ছা-প্রয়াসে শিবের আদেশে বিবাদের অবসান সম্পর্কিত তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যধৃত বর্ণনা জীবন চাঁদের ছয় পুত্রের মৃত্যু প্রসঙ্গাংশে গ্রহণ করিয়াছেন এবং যুদ্ধোদ্যমের পরিবর্তে যুদ্ধ বর্ণনা করিয়াছেন। তন্ত্রবিভূতি অথবা জগজ্জীবন যে সকল অংশের সংক্ষিপ্ত ও ইঙ্গিতবহ কাব্যিক বর্ণনা দিয়াছেন জীবন পূর্বপূরীদের কাব্যবর্ণিত অন্য প্রসঙ্গ হইতে ঘটনা বাঘটনানিবহের সঙ্কলন-প্রবণতায় সংক্ষিপ্তাংশের বর্ণনা-বিস্তার অবলম্বন করিয়াছেন। কিন্তু তন্ত্রবিভূতি কিম্বা জগজ্জীবনের কাব্যের কাহিনীকে আত্মসাৎ-প্রয়াসে জীবন তাঁহার কবিকর্মে পূর্বপূরীদের সমরসসিদ্ধি লাভ করিতে পারেন নাই। ভাল কাব্য রচনায় জীবনের সাধ

CENTRAL LIBRARY

ছিল কিন্তু সাধনা ছিল না। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যের বেহুলার সর্প-সন্ধান প্রাসঙ্গিক নাটকীয় বর্ণনা জীবনের কাব্যে নাই। নাগিনীকে বন্দী করিবার পর জীবনের কাব্যে বেহুলার সতীত্বের দর্প তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত প্রসঙ্গরূপে বেহুলাচরিত্রের আদর্শের হানিকর হইয়াছে। সোনকার শোকের বর্ণনা কাব্যত্রয়ে করুণ। তবে তন্ত্রবিভূতির কাব্যে কারুণ্যের প্রকাশ সমধিক। দুঃখ বর্ণনায় তিনি কবিকঙ্কণের সমশক্তি-সম্পন্ন। শোকার্তা সোনকাকে চাঁদ কর্তৃক শাস্ত্র প্রসঙ্গ উল্লেখে সান্ত্বনা দান জীবনের কাব্যে অতিরিক্ত। ইহাতে স্বাভাবিকতা ক্ষুণ্ণ হইয়াছে। জগজ্জীবনের কাব্যে শোকবিমূঢ় চাঁদের ধন্বন্তরিকে পুত্র জীয়াইয়া দিবার জন্য মিনতি-বিহ্বল আকুতি অধিকতর স্বাভাবিকতায় মণ্ডিত। তন্ত্রবিভূতির কাব্যে স্বামীশোকবিহ্বলা, আলুলায়িতকেশা বেহুলার স্বামীকে জীয়াইবার বিনত আবেদনে ওঝা ধন্বন্তরির পা জড়াইয়া ধরা অধিকতর স্বাভাবিক ও কারুণ্যঘন চিত্র। চাঁদের পুত্রের মৃত্যু-সংবাদ পাইয়া ধন্বন্তরির (তন্ত্রবিভূতির কাব্যে ছোট ধন্বন্তরি আর জগজ্জীবনের কাব্যে বড় ধন্বন্তরি) ঔষধ সহ মৃত জীয়াইতে গমন, পদ্মা কর্তৃক প্রাণ ও পুত্রহানির ভয় দেখান, পদ্মার ভয়ে ধন্বন্তরির ঔষধ ছুড়িয়া ফেলিয়া কপটে জড়িবুটি লইয়া চাঁদের গৃহে গমন ও উদ্ভট ঔষধ নির্ণয় ইত্যাদি বর্ণনা জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। দুঃখের কারুণ্য বর্ণনায় এই কাহিনী পরিকল্পিত।

মৃত লখিন্দরকে ভাসাইয়া দিবার জন্য ভেলা নির্মাণ ও তাহাতে শিল্পরূপ রচনা কাব্যত্রয়ে সাদৃশ্যসূচক। জীবন তাঁহার কাব্যে কদলীবৃক্ষ দিতে চাঁদের কার্পণ্যের জন্য বেহুলার কটূক্তি তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত। জীবন মুখরা বেহুলা-চরিত্র অঙ্কণ করিয়া ও তাহার সতীত্বদম্ভ দেখাইয়া সিদ্ধরসের হানি ঘটাইয়াছেন। জীবনের কাব্যে বর্ণিত বেহুলার প্রত্যয়-প্রমাণ ঘৃতপ্রদীপ ও দম্ভপ্রকাশ জগজ্জীবনের কাব্যে নাই। জীবনের কাব্যে প্রত্যয়-প্রমাণ বর্ণনা তন্ত্রবিভূতির প্রভাব-প্রভব। তন্ত্রবিভূতির কাব্যাশ্রিত বেহুলার অষ্ট নিশান বর্ণনা উত্তর বঙ্গের মনসামঙ্গলে অভিনব এবং মৃত স্বামী লইয়া সতীর ভেলাশয্যায় ভাসিবার পটভূমিকায় বর্ণনা সুন্দর ও কবির রোমান্টিক মনের পরিচয়দীপ্ত। জীবনের কাব্যে শোকদুর্বল চাঁদকে সান্ত্বনা দিবার জন্য বেহুলা কর্তৃক প্রজাগণকে অনুরোধ তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যবহির্ভূত। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে চাঁদ ও সোনকার শোক অধিক করুণ। তন্ত্রবিভূতির বর্ণনায় শোকের কারুণ্য জগজ্জীবনের কাব্যাধিক।

CENTRAL LIBRARY

মৃত স্বামী লইয়া ভেলায়-করিয়া বেহুলা জলে ভাসিয়া প্রথমে মাধাইঋষির ঘাটে পৌছা, জলের হিল্লোলে ঋষির তপোভঙ্গ ও বেহুলার দুঃখ ও স্বামী-জীয়ান-প্রয়াস শুনিয়া ঋষির আশীর্বাদ-প্রসঙ্গ জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। ভেলায় উপবিষ্ট শ্বেত কাগকে দিয়া বেহুলার মায়ের নিকট অঙ্গুরি-অভিজ্ঞান প্রেরণ, তাহার দুই সহোদর কর্তৃক ভগ্নীকে ফিরাইয়া আনিতে আগমন ও ব্যর্থ চেষ্টার বর্ণনা তন্ত্রবিভূতির কাব্যে জগজ্জীবন ও জীবনের কাব্যাতিরিক্ত। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে বর্ণিত বেহুলার ভেলায় ভাসিবার কালে পাটনী ও বেহুলা-জননীরূপে পদ্মার ছলনার বৃত্তান্ত জীবনের কাব্যে অগ্রে মেনকা ও পশ্চাৎ পাটনী এই ক্রমভঙ্গ-বৈষম্য সমন্বিত। পদ্মার বেহুলাকে বাঘিনীরূপে, গোয়ালিনী-মূর্তিতে ও রাজকন্যারূপে ছলনা তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে সমকাহিনীসূত্রে গ্রথিত। জীবনের কাব্যে বাঘিনী ও গোয়ালিনীরূপে ছলনা-প্রসঙ্গ নাই। রাজকন্যা-রূপে ছলনা বেহুলার দানীর ঘাট উত্তরণের পর বর্ণিত। বর্ণনা বিস্তারিত, তন্ত্রবিভূতি ও জগজ্জীবনে সংক্ষিপ্ত। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত প্রহেলিকা বর্ণনা জীবনের প্রহেলিকা-প্রয়োগ-ক্ষমতাদীপ্ত ও বৈচিত্র্য-সূচক। দানীর কাহিনীতে তিনকাব্যেই পার্থক্য পরিশীলিত। মনসাপুরাণে ও পদ্মাপুরাণে দানী নারায়ণ, মনসামঙ্গলে মধুসূদন। তন্ত্রবিভূতির পরিকল্পনায় নারায়ণ দুশ্চরিত্র, কামক্ষিপ্ত, জীবনের কাব্যে নারায়ণ উন্নত চরিত্র সংবলিত। জগজ্জীবনের কাব্যে দানী মধুসূদন কামকল্মষপরায়ণ। তিন কাব্যেই দানী সম্পর্কে মামাশ্বশুর। গোদার বাঁকের কাহিনী তিন কাব্যে সমরূপধৃত। জীবনের কাব্যে গোদার কৌতুকাবহ বংশ-পরিচয়, স্বজন-কুটম্ব-পরিচয় অতিরিক্ত। জীবন প্রায় ক্ষেত্রেই জগজ্জীবনের খণ্ড-কাহিনী আত্মসাৎ-করিয়া বাহুল্য সংযোগে মায়া-মৌলিকতা দেখাইয়াছেন তবে বর্ণনাকার হিসাবে জীবনের সামর্থ্য অনস্বীকার্য। বেহুলার প্রতি গোদার প্রেম নিবেদনের সকরুণ আন্তরিকতা তথা ধৃষ্টতা প্রসঙ্গে হাস্যরস সৃষ্টিতে তিন কবিরই সমনৈপুণ্য প্রতিভাত। উচ্চাঙ্গের হাস্যরস সৃজনে কবিদের সিদ্ধি মধ্যযুগের বাংলা সাহিত্যে উল্লেখযোগ্য রসকল্লোল।

শঙ্খ সদাগরের হাতে পড়িয়া বেহুলার সঙ্কটের বিবরণ কবিত্রয়ের কাব্যে একরূপ। কিন্তু শঙ্খ সদাগর কর্তৃক আত্মপরিচয় দানে বেহুলাকে প্রলুব্ধ করিবার প্রয়াস জীবনের কাব্যে অতিরিক্ত। ইহাতে স্বাভাবিকতাও নাটকীয়তা সমভাবে ক্ষুণ্ণ হইয়াছে। গোড়াতে সদাগরের আত্মপরিচয় দানের ফলে বেহুলার সঙ্কটমুক্তি স্বাভাবিক ছিল। শাস্ত্র প্রসঙ্গ উল্লেখ করিয়া শঙ্খ সদাগরের কামকুতি এবং

CENTRAL LIBRARY

বেহুলাকে ভুজবন্ধনে পাওয়ার প্রয়াস তিন কাব্যেই একরূপ। আত্মপক্ষ সমর্থনে সদাগরের সতীনিন্দার জন্য সতী বেহুলার দৃপ্ত উক্তি পদ্মাপুরাণে তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত। শঙ্খ সদাগরের সহিত বেহুলার কথোপকথন মনসাপুরাণ ও মনসামঙ্গলে গ্রাম্যতামুক্ত ও দুঃখের গভীরতায় করুণ। জীবনের কাব্যে বেহুলার কথাবার্তা গ্রাম্য নারীজনসুলভ। ফলে বেহুলা শঙ্খ সদাগরকে কটূক্তিশায়কে জর্জরিত করিয়াছে। সঙ্কটে বেহুলা কর্তৃক পদ্মাকে স্মরণ কবিত্রয়ের কবিকর্মে একরূপ। তন্ত্রবিভূতি, জগজ্জীবনে নাতিদীর্ঘ, জীবনে পল্লবিত। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত।

বেহুলার চৌতিশা-স্তব জীবনের কাব্য অভিনব ও করুণ। চণ্ডীমঙ্গলের প্রভাব ইহাতে সুস্পষ্ট। মনসামঙ্গলের কাব্যকার জীবন একক নন। তন্ত্রবিভূতি ও জগজ্জীবন, বিপ্রদাস, বিজয়গুপ্ত ও নারায়ণ দেব, কবিকঙ্কণ ও দ্বিজ রামদেব জীবন মৈত্রের বাণীকর্মের অন্তঃসলিলতায় প্রত্যক্ষিত। মহাকবি ভারতচন্দ্র তাঁহার কবিস্বাতন্ত্র্য সত্ত্বেও মঙ্গলকাব্যে স্বতন্ত্র নন, তাঁহার পূর্ববর্তী কবিকঙ্কণ ও দ্বিজরামদেবের এবং মনসামঙ্গল ও ধর্মমঙ্গলের কবিগণের পরিণত রূপ ভারতচন্দ্রে প্রতিভার অপূর্বত্বে বিলসিত এই ধারণা অনেক দিন পূর্বে আমার মনে স্থান পাইয়াছে। তন্ত্রবিভূতি, জগজ্জীবন ও জীবনের কাব্য পাঠ করিয়া আজ তাহা প্রকাশের সানন্দ ও বিনীত সাহস সঞ্চয় করিয়াছি। সতী বেহুলাকে বলপ্রয়োগে পাইবার প্রচেষ্টায় হাত বাড়াইতেই শঙ্খ সদাগরের অগ্নিদগ্ধ হওয়ার বিবরণ তিন কাব্যেই একরূপ। বেহুলার আত্মপরিচয় দান কাব্যত্রয়ে সমরূপ-সমন্বিত। মনসাপুরাণ ও মনসামঙ্গলে সংক্ষিপ্ত, সহজ সরল অভিব্যক্তি সংবলিত আর পদ্মাপুরাণে প্রথমে হেঁয়ালী-আশ্রয়ী এবং পরে স্পষ্ট ও বিস্তারিত। শঙ্খ সদাগরের সুলজ্জা তিন কাব্যে সমব্যক্ত। কিন্তু তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে তুলনায় অধিক নাটকীয়। বেহুলা কর্তৃক শঙ্খ সদাগরকে ভগ্নীর প্রতি অন্যায় মনোভাব ও গর্হিত আচরণের জন্য প্রায়শ্চিত্তের নির্দেশ প্রসঙ্গে তিন কবিই একরূপ বর্ণনা দিয়াছেন। বর্ণনায় স্থানে স্থানে কবিদের বাক্যগত সমতা লক্ষণীয়। জুয়ারীর ঘাট ও আর এক দানীর ঘাটে বেহুলার সঙ্কটের বর্ণনা জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। এই দুই ঘাটের কাহিনী কবির রোমান্টিক কল্পনা ও কাহিনীতে বৈচিত্র্য সৃজনের সামর্থ্যে তন্ত্রবিভূতির কাব্যে সুবিন্যস্ত। হতাশামথিত চিত্তের দুর্বলতায় অগ্নি জ্বালিয়া বেহুলার আত্মাহুতি-প্রয়াসে ব্রাহ্মণীরূপা মনসার বাধা দান ও তাহার নিকট নেতাই ধোপানীর ঘাটের সন্ধানপ্রাপ্তি প্রসঙ্গ কাব্যত্রয়ে

CENTRAL LIBRARY

একরূপ। নেতাইর ঘাটে পৌঁছিবার পূর্বে বেহুলার হঠাৎ মূর্চ্ছা যাওয়ার বর্ণনা তন্ত্রবিভূতি ও জীবনের কাব্যে নাই। জগজ্জীবনের কাব্যে এই বর্ণনা স্বর্গগমন-কালে অতি প্রাকৃতের সমাবেশে বেশ নাটকীয় হইয়াছে। ঘাটে পৌঁছিয়া বেহুলার দূর হইতে নেতাই কর্তৃক শিশুকে মারিয়া জীবনদান সন্দর্শন-প্রসঙ্গ তিন কাব্যেই এক। তবে জগজ্জীবনের কাব্যানুরূপ পুত্রকে মারিয়া অষ্ট নাগের পদতলে রাখার কথা তন্ত্রবিভূতি ও জীবনের কাব্যে নাই। নেতাইর নিকট বেহুলার পতিপ্রাণদান-ভিক্ষা ও আত্মপরিচয় দান অন্তে নৃত্য তিন কবির কাব্যে একরূপ। নেতাই কর্তৃক শিবের নিকট এক নর্ত্তকীর আগমনসংবাদ দান তিন কাব্যে একই রকম। তবে নর্ত্তকী যাহা চায় তাহা দিবার প্রতিশ্রুতি-মর্ম্মে নেতাইর শিব-সকাশে বেহুলাকে আনয়নের মনসামঙ্গল ও পদ্মাপুরাণানুরূপ বর্ণনা মনসাপুরাণে নাই। নৃত্য দেখিবার পূর্বেই নর্ত্তকী যাহা চায় তাহা দিবার অঙ্গীকার তন্ত্রবিভূতির পরিকল্পনা-বহির্ভূত। জগজ্জীবন ও জীবনের বর্ণনায় স্বাভাবিকতা কিছুটা ক্ষুণ্ণ হইয়াছে। শিবের প্রতিশ্রুতিতে নেতাইর অবিশ্বাস ও পঞ্চদেবতাকে সাক্ষী মানা জীবনের কাব্যে অতিরিক্ত,—বাহুল্যবহ। পদ্মাপুরাণে ব্রহ্মা ও বিষ্ণুর সহিত বেহুলার পরিচয় করাইয়া দেওয়ার পর নেতা বেহুলাকে শিবের নিকট লইয়া গিয়াছে। মনসাপুরাণে ও মনসামঙ্গলে নেতা বেহুলাকে সরাসরি শিবের কাছে লইয়া গিয়াছে। জীবনের কাব্যে বর্ণিত বেহুলার কাঁচুলি নির্ম্মাণ তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে নাই। ইহা চণ্ডীমঙ্গলের প্রভাবজাত। পদ্মাপুরাণে বিভিন্ন ফুলের নামবর্ণন তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত কিন্তু অভিনব। জীবনের কাব্যে বর্ণিত বেহুলার নৃত্য-চাপল্য তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত এবং লোকরুচি পরিচর্য্যায় পরিশ্লিষ্ট। নারদ কর্তৃক পঞ্চ-কন্যার কোন্দল সৃষ্টির কাহিনী তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে নাই। জগজ্জীবনের কাব্যান্তর্গত বেহুলার নৃত্যের মধ্যে আত্ম-উৎসর্জনের সমাহিত চিত্র তন্ত্রবিভূতি ও জীবনের কাব্যে নাই। দেবসভায় বেহুলার নৃত্য দেখিয়া শিবের রূপমোহ, কামচঞ্চল শিবের মনঃপ্রকাশ এবং সকলের অলক্ষ্যে উঠিয়া গিয়া নারদ কর্তৃক দুর্গাকে সংবাদ দান তিন কাব্যে একরূপ। দেবতাদের সাক্ষাতে শিবকে দুর্গার তিরস্কার পদ্মাপুরাণে গ্রাম্যত্বদীপ্ত ও বিস্তারিত। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে সংক্ষিপ্ত তথা সংযত। বেহুলার দুঃখে দুর্গার সহানুভূতিমর্ম্মে শিব কর্তৃক নন্দীর দৌত্যে মনসাকে ডাকিয়া পাঠান ও মনসার অসুস্থতার ভাণ প্রসঙ্গে তিন কাব্যেই তথ্যগত সাদৃশ্য পরিলক্ষিত হয়।

CENTRAL LIBRARY

প্রত্যাগত নন্দীর মুখে সংবাদ শুনিয়া ক্রুদ্ধ শিবের মনসাকে শাপ দেওয়ার ইচ্ছা এবং শিবের অভিশাপ আশঙ্কা করিয়া মনের অন্তর্দ্বন্দ্ব-প্রভবতায় মনসার দ্রুত শিব-সকাশে উপনীত হওয়া তিন কাব্যে একরূপ। দেবসভায় বেহুলাকে পদ্মার তিরস্কার ও শাসান, দুর্গা তাহার সহায় বুঝিতে পারিয়া পদ্মাকে বেহুলার প্রতিতিরস্কার এবং মনসার মনের অবস্থার বর্ণনা জীবনের কাব্যে বাহুল্যপোষকতায় তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত বিষয়। বেহুলার পক্ষাবলম্বনে দুর্গার উক্তির প্রতিবাদে দুর্গার সঙ্গে মনসার কোন্দল-প্রসঙ্গ কাব্যত্রয়ে সমরূপ-সমন্বিত। শিবের আদেশে বেহুলার সাক্ষী উপস্থাপন-সূত্রে বেননীর পক্ষে ইন্দ্র ও যমের সাক্ষ্যদান জীবনের কাব্যে অতিরিক্ত। পানের ডিবায় বন্দী কালি নাগকে বাহির করিয়া সাক্ষ্যপ্রমাণ দেওয়ার কাহিনী পদ্মাপুরাণে তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যানুরূপ। কিন্তু মিথ্যাভাষণের জন্য বেহুলাকে দেবগণের অভিযুক্ত করার উত্তরে বেহুলার নাটকীয়-ভাবে কালিনাগকে বাহির করিয়া দেওয়ার কাব্যচমৎকারিত্ব তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে অপূর্ব। ইহা জীবনের কবি-কল্পনায় ধরা পড়ে নাই। বিষহরির বারমাসী বর্ণনা জীবনের কাব্যে চণ্ডীমঙ্গলের প্রভাব-প্রবহতার পরিচয় সত্ত্বেও অভিনব। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে বিষহরির বারমাসী নাই।

লক্ষীন্দরের জীবন-দান প্রসঙ্গে বেহুলাকে লইয়া মনসার ত্রিবেণীর ঘাটে গমন, রাঘব বোয়াল কর্তৃক অস্থি চুরি ইত্যাদির বর্ণনায় তিন কবির কাব্যে কাহিনীগত একরূপতা দৃষ্ট হয়। লক্ষীন্দরের পুনর্জীবনদান প্রসঙ্গে পদ্মার নির্দ্দেশানুযায়ী বেহুলার উদয়গিরি পর্বত হইতে শালি বিশালি, গোবর্দ্ধন পর্বত হইতে অশোকের ডাল ও চাম্পালি হইতে রামধাঙ্গের শিষ আনয়নের মনসাপুরাণে বর্ণিত কাহিনী জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। গল্পরসপ্রবাহে তন্ত্রবিভূতির কাব্য এই অংশে উছলতরঙ্গ। পদ্মার আদেশে লক্ষীন্দরের জীব আনিতে বেহুলাকে ছলনা করিয়া যমালয়ে প্রেরণ জীবনের কাব্যে তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত প্রসঙ্গ। মনসা কর্তৃক লক্ষীন্দরের বিষ নামাইবার বর্ণনা জীবনের কাব্যে দীর্ঘ। লক্ষীন্দরকে পদ্মার জীবনদানের পর জগজ্জীবনের কাব্যে চক্ষুদান ও জীবনের কাব্যে বস্ত্রদান তন্ত্রবিভূতির কাব্যাতিরিক্ত। পুনর্জীবন প্রাপ্তির পর মনসাকে দেখিয়া লক্ষীন্দরের কটূক্তি বর্ষণ, পদ্মাকে কুবচন বলার অপরাধে লক্ষীন্দরের চক্ষুনাশ, বেহুলার বিনত প্রার্থনায় লক্ষীন্দরের অন্ধত্ব মোচন ইত্যাদি তন্ত্রবিভূতির কাব্যের বর্ণনা জগজ্জীবন ও জীবনের কাব্যে

CENTRAL LIBRARY

নাই। মনসার নিকট বেহুলার কর্তৃক ওঝা ধন্বন্তরির জীবনভিক্ষা যাচ্ঞা জীবনের কাব্যে অভিনব এবং তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত। বেহুলার মিনতি-সমাকুল নিবেদনে চাঁদ সদাগরের মৃত ছয় পুত্রকে মনসার পুনর্জীবন দানের বিবরণ কাব্যত্রয়ে সমকাহিনী সংকলিত। ডিঙ্গা উদ্ধারের কাহিনী তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে পল্লবিত, জীবনের কাব্যে সংক্ষিপ্ত। তন্ত্রবিভূতির লেখনীতে ডিঙ্গা উত্তোলনের কাহিনী গল্পরসে পরিষিক্ত ও সুন্দর। ত্রিবেণীর ঘাটে বেহুলার বিষহরিপূজা জীবনের কাব্যে তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যের সঙ্গে বৈষম্যসূত্রে বর্ণিত। শ্বশুরকে দিয়া মনসাপূজা করাইবে বেহুলার এই পূর্ব-প্রতিশ্রুতি কাব্যত্রয়ে বর্ণনার পর জীবনের কাব্যে বেহুলাকে সত্যবদ্ধ করিবার জন্য মনসার পুনরায় শিবালয়ে গমন বাহুল্যবিজৃম্ভণ। লক্ষীন্দরের স্বদেশে ফিরিবার পথে প্রতি ঘাটে পৌঁছিয়া বেহুলা কর্তৃক স্বামীকে পূর্বপথসঙ্কটের কথা শুনান প্রসঙ্গে তন্ত্রবিভূতির কাব্যাশ্রিত বর্ণনা জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। যেই ঘাটে যাহা ঘটিয়াছিল—"বেলনি কহেন কথা লক্ষীন্দর শোনে।।" জীবনের কাব্যে এইমাত্র উল্লেখ আছে। দেশে ফিরিবার পথে দানীর ঘাটে সঙ্কট তিন কাব্যেই একরূপ। কিন্তু মৃত রাজসৈন্য, রাণী, রাজকুমার, দানী, হাতি, ঘোড়া জীয়ান তন্ত্রবিভূতি ও জীবনের কাব্যে মনসার অলৌকিক শক্তিতে, আর জীবনের কাব্যে মনসার প্রেরিত ওঝা ধন্বন্তরির মন্ত্রবলে। তন্ত্রবিভূতির মনসাপুরাণে বর্ণিত শঙ্খাইর ঘাটে বেহুলার মুখে তাহার ভ্রাতার হাতে সঙ্কটের কথা শুনিয়া লক্ষীন্দরের বেহুলাচরিত্র সম্পর্কে সন্দেহপ্রকাশ, বেহুলার তেজোদৃপ্ত উক্তি ও সতীত্ব-পরীক্ষাদান-প্রসঙ্গ জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। জগজ্জীবন ও জীবনের কাব্যে বর্ণিত রাজা বিক্রমকেশরীর কাহিনী তন্ত্রবিভূতির কাব্যে নাই। বিক্রমকেশরীর কাহিনী বর্ণনা জীবন সংক্ষেপে সারিয়াছেন। রাজার পদ্মাপূজা পদ্মাপুরাণে নাই। ডোমডোমিনী-বেশে লক্ষীন্দর-বেহুলার উজানী গমনের বর্ণনা জীবনের কাব্যে তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত। কাহিনীগত কোন সার্থকতা ইহাতে সূচিত হয় নাই মনে হয়।

সোনকার স্বপ্নদর্শন তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে মনসার অলৌকিক শক্তি-সূত্রে, আর জীবনের কাব্যে স্বাভাবিকভাবে। মনসাপুরাণে পদ্মা সোনকাকে স্বপ্নে দেখা দিয়াছে বেহুলার মূর্তিতে আর মনসামঙ্গলে ব্রাহ্মণীবেশে। স্বপ্নদর্শনের বর্ণনা জীবনের কাব্যে অতি সংক্ষিপ্ত, তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে নাতিদীর্ঘ।

CENTRAL LIBRARY

তন্ত্রবিভূতির বর্ণনা অধিক শোকের কারুণ্যসিক্তিত। সুন্দর পাখা নির্মাণ-প্রসঙ্গ কাব্যত্রয়ে ঐক্য-বিধৃত। কিন্তু তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাশ্লিষ্ট কবিদের নন্দনপ্রিয়তার পরিচায়ক আলেখ্যনির্মাণ জীবনের কাব্যে নাই। ডোমিনী-বেশে বেহুলার চাম্পালি নগরে যুবকদের সঙ্গে কথোপকথন জীবনের কাব্যে তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যানুরূপ গ্রাম্যতামুক্ত নয়। জীবন বেহুলার কথায় কঠোর ও কলহপ্রিয়ার যে চরিত্রাঙ্কণ করিয়াছেন তাহা সতী বেহুলার আদর্শ চরিত্রের অনুকূল নহে। জীবনের কাব্যে বিভিন্ন স্থানে বেহুলা কলহনিন্দিতা, কথাবার্তায় বড় কঠোর ও অতি মুখরা অন্নদামঙ্গলের কঠোরভাষিণী দুঃশীলা হীরাকে—"কথায় হীরার ধার হীরা তার নাম।" জীবনের কাব্যে কয়েক বছর আগে পাইতেছি। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে বিস্তারিত অথচ করুণ ডোমিনী-সোনকাপ্রসঙ্গ জীবনের পদ্মাপুরাণে সংক্ষেপিত। জীবনের কাব্যে ডোমিনী-চাঁদ সংলাপ ও 'বিচনী' দলনের বিবরণ তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যবর্ণিত হেমতাল হস্তে ক্রুদ্ধ চাঁদ সদাগরকে দেখিয়া বেহুলার পলায়ন অধিক নাটকীয় ও স্বাভাবিক হইয়াছে। বেহুলা-লক্ষীন্দর ও চাঁদের ছয় পুত্রের রাত্রিতে ঘুঙ্গুরির ঘাটে (জগজ্জীবন ও জীবনের কাব্যে গগরিয়ার ঘাট) অবস্থান ও মাতাপিতার সঙ্গে পরিচয় কাব্যত্রয়ে একরূপ। ডোমিনীর চাম্পালি হইতে ঘুঙ্গুরির ঘাটে প্রত্যাবর্তনের পরবর্তী কাহিনীতে তিনকাব্যে কথঞ্চিৎ বৈষম্য দৃষ্ট হয়। তন্ত্রবিভূতির কাব্যে বিলম্বে ঘাটে প্রত্যাগমনের জন্য বেহুলার চরিত্র সম্পর্কে লক্ষীন্দরের মনে সংশয়, নৌকায় উঠিতে বারণ ও বেহুলার তেজোদৃপ্ত উক্তি—

জলমধ্যে ভাসিনু জখন।
পদ্মার বিষম নাটে জলমধ্যে দুষ্ট খাটে
তখনে রাখিলে কোন জন ॥

শুনিয়া লক্ষীন্দরের সুলজ্জার বর্ণনা, জগজ্জীবনের ও জীবনের কাব্যে ভিন্নতর। চাম্পালি-প্রত্যাগত বেহুলার লক্ষীন্দরের নিকট চাম্পালির কথা বর্ণনাপ্রসঙ্গে শ্বশুরের 'চণ্ডালের জ্ঞান' এই কুবচন বলার জন্য বেহুলার তিলাঞ্জলি প্রায়শ্চিত্ত করিয়া ভিক্ষা মধুকরে উঠিবার বর্ণনা জগজ্জীবনে আছে। জীবনের কাব্যে বেহুলা চাম্পালি-প্রসঙ্গ বর্ণনার সময় শ্বশুরকে ইতর বলিয়াছে। কিন্তু জগজ্জীবনের কাব্যানুরূপ বেহুলার প্রায়শ্চিত্ত পদ্মাপুরাণে পরিকল্পিত হয় নাই। তন্ত্রবিভূতির অঙ্কিত বেহুলা কথাবার্তায় সংযত—

CENTRAL LIBRARY

"শ্বশুর মোর বিবাদিয়া বড়ই দারুণ হিয়া
নাহি ছাড়ে আপন দুর্ম্মতি।"

বেহুলা-লক্ষীন্দর, চাঁদের ছয় পুত্র ও চাঁদসোনকার ঘুঙ্ঘুরির ঘাটে মিলনের দৃশ্য, পুত্র-পুত্রবধূ বরণ, সোনকার ছয় পুত্রবধূ ও এয়োগণ সহ বুহিত চুমান তিনকাব্যে সমপ্রাধান্য-সমন্বিত। চাঁদসোনকা পুত্র-পুত্রবধূকে গৃহে যাইবার আহ্বান জানাইলে বেহুলা-লক্ষীন্দরের চাঁদের সহিত মনসা পূজিবার পূর্ব-সর্ত্তের বর্ণনা কাব্যত্রয়ে সমরূপ মনসাপুরাণে বর্ণিত বেহুলা-লক্ষীন্দর ও চাঁদের পুত্রগণ গৃহে পৌঁছিলে আনন্দকল্লোলে ও মঙ্গলে বেহুলাবরণ, ছয় জায়ের নিকট বেহুলার স্বর্গ হইতে মৃত পতি বাঁচাইয়া আনিবার আনুপূর্বিক কাহিনীবর্ণন মনসামঙ্গল ও পদ্মপুরাণে নাই। জীবনের কাব্যে চাঁদের পুত্র-পুত্রবধূ গৃহে প্রত্যাবর্ত্তনে সকলে এমন কি আকাশের চন্দ্রসূর্য পর্য্যন্ত চাঁদকে পদ্মা পূজিতে বলিবার পর মনসা আবার চাঁদের কাছে পূজা যাচঞা করিলে হেমতাল হস্তে সদাগরের মনসাকে তাড়া করিবার বর্ণনা তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যাতিরিক্ত। জীবনের লেখনীতে চাঁদের চরিত্রচিত্রণ এই অংশে কিছুটা অস্বাভাবিকতালিপ্ত। তন্ত্রবিভূতি ও জগজ্জীবনের কাব্যে বর্ণিত চাঁদের পদ্মাপূজার বিবরণ পদ্মাপুরাণের বর্ণনা হইতে বিভিন্ন। আবার মনসাপুরাণ ও মনসামঙ্গলে বর্ণনার ঐক্য সত্ত্বেও তন্ত্রবিভূতির বর্ণনা অধিক চিত্তাকর্ষক। জীবনের কাব্যে শিব নিজে আসিয়া চাঁদকে পদ্মার পূজা করিতে বলায় সে ইষ্ট দেবতার আদেশে বাধ্য হইয়া পদ্মার পূজা করিয়াছে। মনসামঙ্গলে বেহুলা চাঁদকে বারংবার পদ্মাকে পূজিবার জন্য বিনত অনুরোধ করিবার পর শেষে চাঁদের কুশল বিপর্যের ভয় দেখাইয়া মনসাকে পুষ্পাঞ্জলি দেওয়ার জন্য তাহাকে পীড়াপীড়ি করিয়াছে। শিবের আদেশে দেবগণ চাঁদকে পদ্মার পূজা করিতে বলিয়াছে। পরিশেষে অন্তর্দ্বন্দ্বের অবসানে—

বেননীর বাক্যে আমি পূজিব ব্রাহ্মণী।
লঙ্ঘন করিতে নারি দেবতার বাণী॥—এই স্বাভাবিক মনঃ-প্রকাশে চাঁদ পদ্মার পূজা করিয়াছে। মনসাপুরাণে চাঁদ পদ্মা পূজিবার পূর্বসর্ত্তে বলিয়াছে—"আগে পাছে দেখা জাবে চল ঘরে জাই।" পুত্র-পুত্রবধূ সঙ্গে লইয়া চাঁদ আনন্দে গৃহে গেল। বেহুলা চাঁদকে পূর্বসর্ত্ত স্মরণ করাইয়া অমঙ্গলের ভয় দেখাইল, অসম্মত চাঁদকে সোনকা কুমতি ছাড়িবার কাকুতিবিনতি জানাইলে চাঁদ জ্যেষ্ঠ ভ্রাতা সম্পর্কসূত্রে আগে পদ্মার পূজা পাইলে পাছে পদ্মাকে পূজিবার ইচ্ছা প্রকাশ করিল। নেতাইর পরামর্শে পদ্মা চাঁদোয়াতে চন্দ্রমণ্ডল রচনা

CENTRAL LIBRARY

করিয়া চাঁদের নিকট পাঠাইলে 'অন্তরে অসুখী' চাঁদ হেটমুণ্ড হইল। অনন্ত বাসুকী তাহাকে বুঝাইল। চাঁদ আকাশের দিকে তাকাইলে চন্দ্র, সূর্য ও অষ্ট লোকপাল তাহাকে বুঝাইল। চাঁদ অবশেষে পদ্মাকে পূজিবে মনস্থ করিল। পূজিতে বসিয়া চাঁদ বামহস্ত বলিয়া ডানহস্তে পদ্মার পূজা করিল। তন্ত্রবিভূতির কাব্যে চাঁদের অন্তর্দ্বন্দ্ব সুন্দর পরিস্ফুট, চাঁদের পদ্মাপূজার কাহিনী অভিনব। মনসাপুরাণে মনসার লক্ষীন্দর-বেহুলার পরিচয় চাঁদকে জানাইয়া তাহাদের স্বর্গে লইয়া যাইবার ইচ্ছা প্রকাশ এবং মনসামঙ্গলে বেহুলা-লক্ষীন্দর নিজেদের বিদ্যাধর-বিদ্যাধরী পরিচয়োল্লেখে জনক-জননীর নিকট বিদায় লইয়া সকলকে কাঁদাইয়া ইন্দ্রের রথে স্বর্গযাত্রার বর্ণনা জীবনের কাব্যে বৈষম্যপূর্ণ। পদ্মাপুরাণে বেহুলার অগ্নি পরীক্ষা-প্রসঙ্গ চণ্ডীমঙ্গলের প্রভাবপ্রভব। পরিশেষে সুকবি নারায়ণদেবের কাব্যানুরূপ রামায়ণে সীতার অগ্নিপরীক্ষা ও পাতাল প্রবেশের দৃষ্টান্তে কুটিল সামাজিকদের নির্দেশিত অগ্নিপরীক্ষা উত্তীর্ণ হইয়া সতী বেহুলার অলৌকিকভাবে অন্তর্ধান জীবনের কাব্যে বর্ণিত। কবিত্রয় মনসামঙ্গলের আখ্যায়িকা-কাব্যকার। জীবন যত বড় আখ্যায়িকাকার তত বড় কবি নন। জগজ্জীবন যত বড় আখ্যায়িকাকার ততোধিক কবি। আর তন্ত্রবিভূতি যত বড় কবি তত বড় আখ্যায়িকাকার। পদ্মাপুরাণে উপন্যাসের লক্ষণ অধিক প্রকাশ পাওয়ার জন্যই বোধ হয় উত্তরবঙ্গে জীবনের কাব্যের এত জনপ্রিয়তা। অবশ্য পদ্মাপুরাণের করতোয়ায় জীবন মৈত্র, তন্ত্রবিভূতি ও জগজ্জীবন ঘোষালের কাব্যমহানন্দার প্রশান্ত লহরী দেখাইবার চেষ্টা করিয়াছেন—ইহা আমাদের কর্ত্তব্য।

তন্ত্রবিভূতির কাব্যে পদ্মাকে লক্ষীন্দরের বাপ মা ছাড়িয়া স্বর্গে যাওয়ার অনিচ্ছা প্রকাশের উত্তরে দেবী কর্তৃক কলির মাহাত্ম্যকথন জগজ্জীবন ও জীবনের কাব্যে নাই। জগজ্জীবন ধর্মের কাহিনী প্রসঙ্গে আট পংক্তিতে এবং জীবন তাঁহার গ্রন্থের উপক্রমে কলির বন্দনাংশে তের পংক্তিতে কলিকালে লোকধর্মের অনাচারের বিবরণ দিয়াছেন। তন্ত্রবিভূতির কাব্যে লোকধর্মের ব্যভিচার-বিজড়িত স্বরূপ-বর্ণন কবির জীবন রসিকতাসমৃদ্ধ বাণীমঞ্জুষা, জগজ্জীবন ও জীবনের কাব্যে উত্তরাধিকার সূত্রে যেন যত্নে রক্ষিত। তন্ত্রবিভূতি উত্তরবঙ্গের মনসামঙ্গল কাব্যের দিগ্‌দর্শন এবং জগজ্জীবন ও জীবনের কাব্যরচনার আদর্শ।

—•—•—

CENTRAL LIBRARY

মনসাপুরাণ

দেবখণ্ড

দেবখণ্ড

১নম দেবী আদি জত জগৎ সর্ব পুজিত
তুমি দেবী নাম বিষহরি ।১
তুমি জগতের মাতা শঙ্করের প্রাণদাতা
কৌতুকে* মর্ত্যেতে অবতরি২ ॥
নম জগতের মাতা পুণ্য পরানন্দ দাতা
বিষহরি বিষকরে হর্তা ।
সাপের বিনাশহারি পাপ বিনাশকারী
হেমবর্ণ জগতের মাতা ॥
তোতলা, সর্বেশ্বরী নমো দেবী বিষহরি
বালকেরে জদি কর দয়া ।
নাট নাটেশ্বরী ত্রিপুরা সুন্দরী
তুয়া গতি* পদে দেহ ছায়া ॥
তুয়া চিন্তি তুয়া চাই বিস্তর সম্মান* পাই
তোরে সেবিতে জন্ম* জায় ।
মনসাচরণ বর বন্দি শির উপর
তন্ত্রবিভূতি পদে গায় ॥

নটরাগ ৩ ।

শিব বোলে নারে হয় আরে বোলো রাম ॥ধু॥

৪নম নম নম৪ মাতা নম নারায়ণী ।
শিবকন্যা বট মাতা বিজয়া ব্রাহ্মণী ॥
৫প্রথমে বন্দিএ্যা গাইব ধর্ম নৈরাকার ।
জাহার সৃজন হৈল জগত সংসার ॥৫
ব্রহ্মা হরিহর জেই সৃজন করিল ।
উত্তর দক্ষিণ পূর্ব্ব পশ্চিম হইল ॥

*পাঠ—কতুকে, *পাঠ—গতি, *পাঠ—সম্মান, *পাঠ—জন্ম

CENTRAL LIBRARY

নাট নাটেশ্বরী বন্দ সর্ব্বমঙ্গলা।
নপুরের ধ্বনি জেন১ বাজএ রসালা১ ॥
দিন হৈলে থাক মাতা ই কাগবাহনে।
রাত্রি হৈলে নামো মাগো গায়েন স্মরণে ॥
পুষ্পবাড়ি২ গেলা হর সাজি নঞা করে।
হংসের শৃঙ্গার দেখি কামাতুর হরে ॥
হরের টনিলা বিন্দু তোমার উৎপত্তি।
কমলে জন্মিলা মা নাগিনী পদ্মাবতী ॥
৩গোসাইর টনিলা বিন্দু লৈলা মহেশ্বরী।
তাহাতে হইল নাম পদমকুমারী ॥৩
৪পদ্ম পুষ্পে জন্ম তোমার শঙ্করঝিয়ারী।
তে কারণে হৈল নাম দেবী বিষহরি ॥৪
আকাশে হইল নাম আকাশকামিনী।
পাতালে হইল নাম পাতালগামিনী৫ ॥
মর্ত্ত্য ভুবনে নাম জয় জয়কারী।
তুমি দেবী স্বরূপা তুমি বিস্মেশ্বরী৬ ॥
ত্রিভুবন ভৈরবী তুমি ত্রিভুবনেশ্বরী।
আগমে আপনি তুমি হৈলা মহেশ্বরী ॥
ব্রহ্ম সনাতনী *তুমি দেবীত ব্রাহ্মণী।
ক্ষেণে পঞ্চবাণ ধর ত্রিভুবনে জানি ॥
সর্ব্বত্র ব্যাপিত রূপ তুমি ভয়ঙ্করী।
তোমার চরিত্র স্থনি মনে বড় ডরি ॥
জরৎকার মুনির তুমি হয়৭ জায়া।
তুমি মোরে কৃপা করি দেহ পদছায়া ॥
উদক পবন মাতা তুমিত৮ আকাশ।
সর্বত্র৮ গমন তোমার৯ ত্রিভুবনে বাস ॥
কাহার শকতি তোমা সেবিবারে পারে১০।
তুমি দয়ামই মাতা তুমি ভয়ঙ্করে১১ ॥

*পাঠ—সোনাতনী ;

CENTRAL LIBRARY

শরণ নইনু১ মাতা রাখ রাঙ্গা পায় ।
মায়ের কোলেতে জেন বালক খেলায় ॥
খানিক তেজহ২ মাতা অবিরত কল ।
৩মোর মধুকণ্ঠে আসি করহ কল্লোল ॥৩
দেবীর পুত্র গনাই মুসাএ চড়ি জায় ।
মোহন* মধুর* লাড়ু করে ভাঙ্গি খায় ॥
৪মন* দিয়া স্থন সবে মনসার গীত ।
তন্ত্রবিভূতি গায় মনসার চরিত ॥৪

ধবল খাট ধবল পাট ধবল সিংহাসন ।
ধবল খাটে গাইব৫ ব্রহ্ম নিরঞ্জন ॥
তা পরে বন্দিঞা গাইব৫ বিষ্ণু প্রজাপতি ।
ভক্তিভাবে বন্দিঞা গাইব গণপতি ॥
স্থরেশরী৭ গঙ্গা বন্দ আর ভগীশ্বর ।
পদ্মার স্মরণে* গীত হউক স্থস্বর ॥
লক্ষ্মী সরস্বতী বন্দ জোর করি হাত ।
দক্ষিণে বন্দিঞা গাইব৮ ঠাকুর জগন্নাথ৮ ॥
চতুর্মুখ ব্রহ্মা বন্দ হংসের উপর ।
গড়ুর *বাহনে বন্দ দেব দামোদর৯ ॥
বসয়াবাহনে১০ বন্দ ত্রিদশঅধিকারী ।
হংসবাহনে বন্দ মনসাকুমারী ॥
মগরবাহনে বন্দ গঙ্গা ভাগীরথী ।
শ্বেত কাগবাহনে বন্দ দেবী সরস্বতী ॥
আইস মাতা সরস্বতী কণ্ঠে কর ভর ।
আমি গীত গাই মাতা তুমি দেহ বর ॥
১১ঐরাবতবাহনে১১ বন্দিব পুরন্দর ।
মহিষবাহনে বন্দ যম ভয়ঙ্কর ॥

*পাঠ—মহন, *মোধুর *পাঠ—মোন, *পাঠ—স্বরণে, *পাঠ—গোরুড়,

CENTRAL LIBRARY

ছাগলবাহনে বন্দ অগ্নি অবতার।
হরিণবাহনে বন্দ ঐরাবত কুমার ॥
১কূর্ম্মবাহনে বন্দ দেবী বসুমতী।
সিংহবাহনে বন্দিব অভয়া পার্ব্বতী ॥১
২চন্দ্র বন্দিব আর বন্দিব দিবাপতি।২
বায়ু*বরুণ বন্দো দশ দিগপতি ॥
নীল অনিল বন্দ তক্ষক আনল।
পাতালে বাসুকী বন্দ জত নাগবল ॥
ঢেকিবাহনে বন্দ নারদ মুনিবর।
৩সাজিবাহনে বন্দ চন্দ্র শশধর ॥৩
৪যুধিষ্ঠির রাজা৪ বন্দ আর সভাপতি।
৫গুণিগণ বন্দ মুই৫ দেহ অনুমতি ॥
বাপের চরণ বন্দ মায়ের দুই পায়।
করজোড় করিঞা বন্দ ধর্ম্মসভায় ॥
ভক্তিভাবে বন্দ মুই গুরুর৬ চরণ।
পাসরণ পদ মোর হউক স্বঙরণ৭ ॥
৮দীক্ষাগুরু শিক্ষাগুরু বন্দ দুই পায়।৮
৯সকল বন্দিঞা আমি দেবী গীত গায় ॥৯
১০এতেক বন্দিতে জে গায়নেক করে ঘাও।
আপন গুরুর মাথে পাখালে রাম পাও ॥১০
এতেক বলিঞা ১১ মুই পার্বতী কৈনু সাখি।
১২গুণীকে জে ঘায় করে তার মুণ্ডে মারো নাখি ॥১২
১৩ঘটেতে আসিতে মাতা হও বিমরিষ।
ধর্ম্মের পাতে তুমি দেহ কালকুট বিষ ॥
আইস মাতা পদ্মাবতী তালে দেহ পাও।
স্বর্গে হৈতে নাম নাট্যা গায়নের মাও ॥১৩
একে একে বন্দিতে বিলম্ব অনেক ক্ষণ।
একত্রে বন্দিব সর্ব্ব দেবের চরণ ॥

পাঠ—বাউ (সর্ব্বত্র)।

CENTRAL LIBRARY

করজোড়*করি বন্দ পদ্মার চরণ।
ঘটেতে আসিঞা মাতা কর আরোহণ*॥
১ঘট ছাড়িয়া জদি অন্য দিগে জাও।
ঋষির দহায় নাগে আস্তিকের মাথা খাও ॥১
ভরসা না পাঞা মাতা দিলাম দহায়২।
অপরাধ খেমা কর পদ্মাবতী মায়৩ ॥
দেবগুরু বন্দনা থাকুক এই৪ মতে।
৫বিষহরি গীত আমি গাহিব পাচালিতে ॥৫
৬তন্ত্রবিভূতে গায় মনসার দান।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥৬

বড় দয়াল প্রভু ভোলানাথ ॥ধু॥

৭নম নম নম মাতা নম নারায়ণী।
শিবকন্যা বট মাতা বিজয়া ব্রাহ্মণী ॥৭
৮একদিন প্রভু হর করিল ভূষণ।
আচম্বিতে মনে তার হইল স্মরণ ॥৮
ধর্ম পূজিবারে ৯শিব করিলেন মন৯।
১০ত্রিশ কোটি*দেব আইলা১০ কমলের বন ॥
১১বিভূতিভূষণ হরে মালা*ধুতুরার ফুল।১১
ধর্মনামে ১২মজি হিঞা১২ আখি ঢুলু ঢুল ॥
১৩দক্ষিণ হস্তেত অঙ্কুশ করণ্ডি ১৩বাম করে।
১৪পুষ্প তুলিবারে গেলা১৪ মানসরোবরে* ॥
মানসরোবরে শিব ১৫বাহ্বাস্ত্র দিল১৫ পাও ।
১৬পুষ্প তুলি ফিরে দেব হংসেতে কাঢ়ে রাও ॥১৬
বকের ধ্বনি স্থনি ডাকএ ১৭চকোর।
টীয়াশুয়া পঢ়ে পেখম ধরে মউর১৮ ॥

*পাঠ—করজর, *পাঠ—আরহণ, *পাঠ—ক্রোটি (সর্বত্র), *পাঠ—সরবরে।

CENTRAL LIBRARY

সারস ঢেউটীআ ডাকে১ আর ভৃঙ্গরাজ।
নানা মত শব্দ করে চরে হংসরাজ॥
শারী শুয়া ডাকে জারা বেদধ্বনি করে।
ভারই ভারত ডাকে২ ঝমকে নাদ পুরে॥
৩পক্ষের মধ্যে পক্ষ ডাকে আরমহুচুশকি।
খঞ্জন খঞ্জনী চঢে আর জে চাতুকী॥৩
৪শঙ্খ চিল শব্দ করে আর শ্বেত কাগ।৪
ঝাঁকে ঝাঁকে ডাকে তাতে আর মগরঙ্গ॥
বাল্যাবহু বসন্ত বটুয়ার ডাহুকী চরে।
বসন্ত কালের কোকিল নাদ পুরে॥
মউর পেখম ধরে মউরী পিয়ে ঘাম।
৫চখয়া চখই৫ সবে ৬স্বঙরে শ্রীরাম॥
৭পানিকাউরি পানিকাউরি আর কাদাখচা।৭
দগপিপি৮ কত মত আর হারিচাচা৯॥
কত জাতি পক্ষ আর ১০ ডাকে ঘনে ঘন।
এইরূপে সরোবর *করএ শোভন॥
১১পুষ্পবনে কোলাহল*ভ্রমর ঝঙ্কারে।
নানা পক্ষ নাদ করে স্থনিতে স্থস্বরে॥১১
১২পুষ্প তুলিবারে গেল প্রভু মহেশ্বরে।
তন্ত্রবিভূতে গায় মনসা দেন্ত বরে॥১২

কুহুরাগ॥

১৩পুষ্প তোলেন শিব হে॥ ধু॥১৩

পুষ্পবনে*জাঞা শিব দিল দরশন।
পুষ্প তুলেন শিব আনন্দিত মন॥
আনন্দে তুলেন পুষ্প পুষ্পবনে আসি।
প্রথমে তুলেন শিব আদ্যের তুলসী॥

*পাঠ—সরবর (সর্বত্র), *পাঠ—কলাহল, *পাঠ—পুষ্পবোনে।

CENTRAL LIBRARY

আম্র পুষ্প তুলে শিব চাঁপা নাগেশ্বর।
দেবীর দুলালী তুলে পাতুলী১ বিস্তর।
কেয়া কেতকী তুলে গন্ধরাজ জুতি।
২তারপর তুলে২ পুষ্প নবঙ্গ মালতী॥
ওর করবির তুলে আর শতদল।
তাহা দিঞা তুলে শিব পুষ্প উৎপল॥
জাতি জুতি তুলে শিব আর জে সিওলি৩।
কেয়া কেতকী ৪শিব লইলেন তুলি৪॥
দেবীর দুলালী তুলে আর পারিজাত।
জে পুষ্পে সন্তুষ্ট৫ হৈব লক্ষ্মীজগন্নাথ॥
নানা পুষ্প তুলে শিব বাছিঞা বাছিঞা।
রুদ্রাক্ষ৬ কমলের লাগি পাইল জাইঞা৬॥
ধীরে ধীরে জায়৭ শিব মানসরোবরে।
ফুটিল রুদ্রাক্ষ ফুল গুঞ্জরে ভ্রমরে॥
ভ্রমরা ভ্রমরী৮ জাতে উড়ি উড়ি৮ পরে।
৯মধু খাঞা ভ্রমরা ঝমকে নাদ পুরে॥৯
তা দেখিঞা শিবের বিপরীত১০ মন।
১১মোহিলা* শিবের বুকে এ পঞ্চ মদন॥১১
ধিক জাউক মোর আজিকার পুষ্পধারি।
কেনে বা আইনু আজি ঘরে দুর্গা ছাড়ি॥
সঙ্গে আনিতাঙ জদি গৌরী পার্ব্বতী।
১২আজি আমি ১২ বঞ্চিতাঙ হেন রঙ্গরতি
ভ্রমরার কৌতুকে শিবের বিন্দুপাত।
১৩ টলিল শিবের বিন্দু পাতিল বাম হাত॥১৩
হাতে বিন্দু করি গুণে ১৪ ত্রিদশ ঈশ্বর১৪।
স্বর্গেতে থুইব ১৫ বিন্দু দেবতার ১৬ডর॥
হাতে বিন্দু করি১৭ শিব চতুর্দিগে চায়।
কোন স্থানে থুব বিন্দু কি হবে উপায়॥

*পাঠ—মহিল।

CENTRAL LIBRARY

পৃথিবীতে* থুব জদি চিহ্নে১ নঞা জাবে।
জলেতে থুইব বিন্দু মাছেত২ ভক্ষিবে ॥
পাতালে থুইব বিন্দু বাসুকী করে বল।
সপ্ত দ্বীপমধ্যে বিন্দু থুইতে নাহি স্থল ॥
৩তিন লোক৩ পৃথিবী শিব দেখিল চিন্তিঞা৪।
কমল পুষ্পেতে বিন্দু থুইল আচ্ছাদিঞা৫ ॥
হেন কালে শিবের৬ বিন্দু কোন কার্য কৈল।
পত্রনালা দিঞা বিন্দু পাতালে সামাইল৭ ॥
পাতালপুরের রাজা বাসুকী তার৮ নাম।
সকল নাগের রাজা হএত প্রধান ॥
সভা৯ করি বসিঞাছে পাত্র মিত্র নঞা।
শিবের বিন্দু পড়িল গিঞা মাংসপিণ্ড হৈঞা ॥
দেখিঞা সকল নাগ হইল বিস্ময়।
মাংসপিণ্ডের কথা তবে রাজাকেত কয় ॥
ধিয়ানে১০ বাসুকী নাগ সকলি জানিল।
মহাদেবের মহাবিন্দু আসিঞা মিলিল ॥
১১তখনি বাসুকী নাগ কোন কর্ম করে।
জল সেচন করে মাংসপিণ্ডের উপরে ॥১১
আগে নাক মুখ পাছে অষ্টাঙ্গ হইল।
প্রসবিল মনভাবে মনসা নাম থুইল ॥
হংসের উপরে ১২দেবী করে আরোহণ১২।
১৩অষ্টকুলা নাগ দেবী করিল ভূষণ ॥১৩
১৪চতুর্ভুজ মূর্তি১৪ পদ্মা দেখিতে সুন্দর।
নানা অভরণ সর্প১৫ অঙ্গের উপর।
১৬ই কাল নাগিনী দেবীর শিরে কেশভার ।১৬
সেতিতে লাগিল দেবীর আগুণ্যা১৭ চিঞার ॥
সিন্দুরিয়া নাগ দেবীর সিন্দুর উজ্জল।
পুঞাচিঞা নাগ দেবীর নঞানে কাজল ॥

*পাঠ—পিথিবিতে।

CENTRAL LIBRARY

বুঞা নাগের দেবীর যুগল হৈইল ওষ্ঠ।
পাতণ্ডা নাগে দেবীর হৈইল জিহ্বা* গোট ॥
দশনিঞা নাগ দেবীর দশন হৈইল।
দন্তমধ্যে* ভ্রমর যেন গুঞ্জরিতে নাগিল ॥
গোয়ানি মুণ্ডালিঞা করিঞা সাজনি।
মাথাএ ধরিল ছত্র অহিরাজ* ফণি ॥
দেখিঞা বাসুকী নাগ করেন স্তবন।
সত্বরে ভগিনী তুমি করহ গমন ॥
১শীঘ্রগতি সরোবরে তুমি উঠ গিঞা।
জাবৎ না জায় শিব পুষ্প তুলিঞা ॥১
জে পথে২ আইলা দেবী পত্রনালা দিঞা২।
সেই পথে ৩শীঘ্রগতি জাহত চলিঞা৩ ॥
৪বাসুকীর বচন সুনিঞা পদ্মাবতী।
পত্রনালা বাঞা দেবী উঠে শীঘ্রগতি ॥৪
পদ্মপত্রেতে দেবী পুরিঞা আসন।
অন্ধকার ঘরে জেন জ্বলিছে রতন ॥
পদ্মপত্রেত জন্ম তার নাম পদ্মাবতী।
তে কারণে পদ্মপত্রে করিলা বসতি ॥
৫তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥৫

পটমঞ্জরী৬ রাগ ॥

৭নম নম নম দেবী নম পদ্মাবতী ॥ ধু ॥৭

নমগো নমগো মাতা নম নারায়ণী।
শিবকন্যা বটগো মা বিজয়া ব্রাহ্মণী ॥
তখন দেবকী পদ্মা কোন কর্ম্ম করে।
পদ্মপত্রে থাকিঞা বাপেক ডাক পাড়ে ॥

*পাঠ—জিভ্যা, *পাঠ—মৈন্ধে (সর্বত্র), *পাঠ—ওহিরাজ (সর্বত্র)

CENTRAL LIBRARY

১বাপ বাপ১ বুলি২ ডাক পাড়ে ঘনে ঘন।
স্থনি শিব শঙ্করের সঙ্কুচিত মন ॥
সঙ্গে না আইল মোর কার্তিক গণপতি।
বাপ বাপ বুলি৩ ডাক পারে কোন জাতি ॥
বিধির ঘটন ছিল দৈবের ৪সৃষ্টি*।
মনসার দিগে শিবের পড়ি গেল দৃষ্টি* ॥
৫কিবানা দেখহ মোরে ৫শঙ্কর আতাই।
তোমার ঝি হই আমি নাম মনসাই ॥
তুমার তেজেতে জন্ম নাম পদ্মাবতী।
দশদণ্ড মধ্যে মোর হৈল উৎপত্তি৬ ॥
৭কাকুতি করিঞা বোলে জয় বিষহরি।
আমাকে নইঞা চল আপনার পুরি ॥৭
মিনতি করিঞা বোলে জয় মনসাই।
৮তুমার ঘরে দেখিব বাপু সত্যের সাতাই ॥৮
মনসার বাক্য স্থনি কহেন শঙ্কর।
৯তুমাকে নইঞা আমি না জাইমু ঘর ॥৯
তুমাকে সে বোলি আমি স্থন পদ্মাবতী।
দুর্গা করিবে তুমার এ পঞ্চ দুর্গতি ॥
তুমাকে বোলিএ আমি না জাইহ্ ঘর।
ঘরে দুর্গা আছে মোর বড়ই প্রখর ॥
আমার বাক্য স্থন মা ব্রাহ্মণী তোতল।
তুমি গেলে হবে মাই দ্বন্দ্ব কন্দল ॥
জখন বোলিবে দুর্গা কুৎসিত* বচন।
সহিতে না পারিবে তুমি করিবে ক্রন্দন ॥
মানসরোবরে ঘর দেঙত১০ বান্ধিঞা।
নিতি নিতি জিজ্ঞাসিব ধর্ম পূজিঞা ॥
দেবী বলে না থাকিব মানসরোবরে।
ঘরেতে দেখিব তুমার দুইটি কোঙরে১১ ॥

*পাঠ—সিষ্টি, *পাঠ—দিষ্টি, *পাঠ—কুচ্ছিত।

CENTRAL LIBRARY

পদ্মার বচনে শিবের দয়া উপজিল।
বাহু প্রসারিঞা ঝিকে কলেতে১ করিল ॥
ঝিয়ের বচনে শিবের আনন্দিত মন।
কলেতে করিঞা মুখে দিলেন চুম্বন ॥
কোন মতে ঝিকে আমি নঞা জাব ঘর২।
আকুল হৈইঞা৩ প্রভু ভাবেন শঙ্কর ॥
ভাবিতে ভাবিতে শিবের মনেত পড়িল৪।
৫পুষ্পসাজিমধ্যে শিব ঝিকেত রাখিল ॥৫
অর্দ্ধেক পুষ্প থুইল৬ ভূমিতে ঢালিঞা।
সাজিমধ্যে মনসাকে৩ থুইল লুকাঞা৮ ॥
ঘরেতে আইল শিব বাসয়া৯ চড়িঞা।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা ॥

হরিষে চলিল শিব ত্রিদশ অধিপতি।
পুষ্পেত লুকাঞা থুইল ঝি পদ্মাবতী ॥
বসয়া চড়িঞা মাইল ত্রিশূলের ঘাত।
বায়ুবেগে জায় কেহ নাহি পায় সাত ॥
চন্দন বৃক্ষেতে* শিব বসয়া বান্ধিঞা।
কাজল কোঠা বাসহরে১০ মিলিল আসিঞা
বাসরের মধ্যে শিব আপনে পসিঞা১১।
১২ঝি সমেত সাজি গুটি থুইল লুকাঞা ॥১২
গঙ্গা দুর্গাকে শিব বোলে ডাক দিঞা ॥
আজিকারি সাজি গুটি না লারিহ১৩ গিঞা ॥
সত্য ত্রেতা দ্বাপর গেল কলি অবতার।
১৪আজিকারি সাজি লারিলে পড়িবে অথান্তর ॥১৪
এত বোলি গেল শিব ধর্ম্ম পূজিবারে।
তন্ত্রবিভূতে গায় মনসার বরে ॥

*পাঠ—বিক্ষেতে

CENTRAL LIBRARY

ধানসী রাগ ॥

এথা কোন কর্ম্ম করে হেমন্তনন্দিনী ।
আপনার মনে যুক্তি করেন আপনি ॥
বলিতে নাগিল দুর্গা১ মধুর উত্তর ।
২বুঝিতে না পারি ভাঙ্গবার চরিত্তর ॥২
নিতি নিতি জায় ভাঙ্গরা ভিক্ষার জে ছলে ।
সুপ্রভাতে৩ জায় বুঢ়া আইসে বিকালে ॥
নিতি নিতি জায় বুঢ়া৪ পুষ্প তুলিবারে ।
পুষ্প আনি প্রতিদিন দ্যায়ত৫ আমারে ॥
আজি কেন পুষ্পসাজি লুকাঞা রাখিল ।
পুষ্পমধ্যে কোন কন্যা হরিঞা আনিল ॥
নিতি নিতি জায় বুঢ়া মানসরোবরে ।
কাহার ঝিয়ারি৬ আজি আনিঞাছে ঘরে ॥
কোন ধন পাইল বুঢ়া অমূল্য৭ রতন ।
তে কারণে কৈল বুঢ়া সাজির যতন ॥
ঝারিয়া৮ কাপড় পত্রে ঝারিয়া বান্ধে কেশ ।
বিকট মূর্ত্তি ধরে দুর্গা ভয়ঙ্কর৯ বেশ ॥
ক্রোধে ওষ্ঠ কম্পমান করেন দুর্গার ।
ক্রোধিত হইয়া গেল মেড়ের দুয়ার ।
১০কপাট ঘুচাঞা দুর্গা মেড়েতে সামায় ।১০
দুর্গাকে দেখিঞা সাজি দূরেত১১ পালায় ॥
জখন শিবের সাজি নড়িতে নাগিল ।
১২দুই হস্ত ছিল দুর্গার চারি হস্ত হইল ।১২
ক্রোধ১৩ হৈঞা তখন দুর্গা ধরিবারে জায় ।
বায়ুবেগে শিবের সাজি দূরেত পালায় ॥
১৪ চারি ভুজে শিবের সাজি নাগ নাহি পাইল ।১৪
চারিভুজা১৫ ছিল ১৬দুর্গা দশভুজা১৬ হৈল ॥
দশ হস্তে ধরিলেন৩ দশ অস্ত্রবর ।
সপ্ত দ্বীপেতে দেবী ধরিল খাপর ॥

CENTRAL LIBRARY

সাজিমধ্যে শুনে ১মাতা মনসা ব্রাহ্মণী।
পিতার সত্য বাক্য২ জানিলাম৩ এখনি ॥
পিতাএ বলিল দুর্গা বড়ই প্রখর।
কেমনে করিব আমি সতাইর ঘর ॥
মনে মনে ভাবে মাতা ব্রাহ্মণী তোতল।
দুর্গার৪ মায়াতে লুকাইতে নাহি স্থল ॥
সাত পাচ মনসা মনেতে ভাবিঞা।
দুর্গার পাএতে৫ সাজি পড়িল৬ আসিঞা৭ ॥
৮পড়িল জে সাজি৮ দুর্গা বাম হস্তে ধরে।
ত্বরায় খসায় মুখ খসাইতে নারে ॥
কালীমন্ত্র জাপে৯ দেবী ছাড়ে হুহুকার।
খসিল সাজির মুখ পুষ্পের দুয়ার ॥
খসাইঞা সাজি ১০ক্রোধ হইল দুর্গার১০।
আপনা আপনি দুর্গা করেন বিচার
পুষ্প দেখিঞা দেবী গুনে মনে মন।
তন্ত্রবিভূতে গায় মনসাচরণ ॥

গুঞ্জরি রাগ ॥

জিব নারে আল প্রাণে জিব না ॥ ধু ॥

ক্রোধে হৈইল দুর্গা বড়ই পাগল।
বাম পাশে দেবীর জলিছে১১ অনল ॥
হেনকালে দুর্গা দেবী কোন কর্ম্ম কৈল।
আপনার মনে দেবী বুদ্ধি নিরমিল১২ ॥
কেমতে জানিব পুষ্পে আছে কোন জন।
কোনরূপে তার সঙ্গে হবে দরশন ॥
১৩ হেমন্তনন্দিনী দেবী কোন কর্ম্ম করে।১৩
ধর্ম্মের* নিকতি আনে ১৪ পুষ্প জুখিবারে১৪ ॥

*পাঠ—ধন্মের

CENTRAL LIBRARY

গোটে গোটে পুষ্প দেবী নইল জুখিঞা।
১ধর্ম্মের নামেতে দেবী দিল বাঢ়াইঞা ॥১
২জত জত২ পুষ্প পায়৩ তুলার আকার।
পাথালিঞা থুইল ৪দেবী ধর্ম পূজিবার ॥
জত জত পুষ্প দেবী গৌর বর্ণ পায়।
আনলের কুণ্ডে দেবী পোরাঞা৫ ফেলায় ॥
৬পুষ্পেতে থাকিঞা শুনে জয় বিষহরি।
পোরাঞা মারিবে সতাই কোন কর্ম্ম করি ॥৬
৭সতাই সহিতে আমি করিতে নারি বল।
কোন থানে লুকাইব লুকাইতে নাহি স্থল ॥৭
সাত পাচ মনসা মনেত ভাবিঞা।
৮আপনার মূর্তি ধরি বসিল চাপিঞা ॥৮
বৎসর পাচের৯ মত কন্যারূপ হঞা ॥
মাও মাও১০ বলি১১ চরণ ধরিল চাপিঞা ॥
যখন পার্বতী দেবী পদ্মাকে দেখিল।
অসুরদলনী মূর্তি তখনে ১২ ধরিল ॥
১৩ক্রোধিত হইঞা দুর্গা ধরে তার চুলে।
চড় চাপড় মারে বিষহরির গালে ॥১৩
১৪গালেতে ঠোকনা মারে করে ধড়ফড়।
তন্ত্রবিভূতে গায় মনসা দেন্ত বর ॥ ১৪

পঠমঞ্জরী রাগ ॥

আমা হইতে কোন দেখিবারে ভাল১৫।
১৬ইহাকে দেখিঞা বুঢ়া হঞাছে পাগল ॥১৬ ধু ॥

তোর রূপ দেখিঞা বুঢ়া বড়ই পাগল।
১৭নিতি নিতি জায় বুঢ়া মানসরোবর ॥১৭
নিতি নিতি জায় বুঢ়া ১৮পুষ্প তুলিবারে ১৮।
বিহানে জায় বুঢ়া আইসে বিকালে ॥

CENTRAL LIBRARY

কার্ত্তিক গণেশ মোর কোলে নাহি করে।
১ রান্ধিলে অন্ন খাইতে১ নিতি কন্দল করে ॥
খাইতে সোরাস্ত২ নাই শুইতে নাহি সুখ।
ঘরেতে না রহে বুঢ়া৩ কহিতে বড় দুঃখ৩ ॥
৪বলিতে বলিতে দুর্গার ক্রোধিত অন্তর ।৪
৫তন্ত্রবিভূতি গায় মনসা দেন্ত বর ॥৫

॥ ভাটীআলি রাগ ॥

সুন সুন সতাই বলিএ তুমার ঠাই
তুমি না বলিহ অসম্ভব।
ধর্মরাজ জানে মনে জন্ম মোর পদ্মবনে*
সত্য মহাদেব মোর বাপ ॥
আছিলাঙ সরোবরে মুক্তি বলি জাব ঘরে
দেখি গিক্রা৭ সত্যের সতাই।
৮মনে বড় আশা ভার সতাই আইলাম দেখিবার৮
মোকে কেনে ৯না দেহ৯ ঠাই ॥
বাপ গেল পদ্মবন পক্ষনাদ১০ঘনে ঘন
মোহ*বাতে পড়ি১১গেল ধন।
জন্ম মোর সেই ধনে জানে সর্ব দেবগণে
আর জানে ধর্ম নিরঞ্জন ॥
জত দেখ ১২ত্রিভুবন ১৩আর দেখ দেবগণ১৩
বিনা মাএ কাহার জনম।
সুন বেটী দুষ্টমতি বাপ নঞা তোর ১৪রতি
কাহাকে বোলহ তুমি বাপ ॥
বাপ তোর শঙ্কর কাহাকে না করে ডর
আগে কেনে না আনিল ঘরে।
জত বোল অনুচিত মনে নাহি পরতিত
কেনে লুকায় পুষ্পের ভিতরে ॥

*পাঠ—বোনে, *পাঠ—মহ

CENTRAL LIBRARY

বোলে বাপ শঙ্কর না জাইহ মোর ঘর
১তে কারণে মনে পাইনু ডর ।১
ঋষিকুলে উৎপত্তি* ২স্থন গো মা২ পার্ব্বতী
৩হেন তুমার কুলের বেভার ॥৩
বোলে দুর্গা বারে বারে বাপ নঞা ৪রতি জার৪
৫ঘর তুমাক৫ করিতে আছে আশ ।
তোর মনে আছে আশ বাপ নঞা কর বাস
ছাড়িঞা জাউক কৈলাস ॥
৬বড় বেটী আছি দঢ়৬ বাপ নঞা ৭কর ঘর
ঋষিকুলে থুইলি থাথার ।
ঋষিকুলের নাম স্থনি ক্রোধ হৈল পদ্মমুনি
৮তুমি জাহ বাপের গোচর ॥৮
স্থনিঞা পদ্মার বাণী ক্রোধ হৈইল ভবানী
বোল তুমি৯ আমাকে ভর্চ্চিঞা৯ ।
মোরে বল আনাচানা১০ মারিল বজ্র ঠোকনা
পৃষ্ঠে চাপড় মারিল তুলিঞা ॥
দুর্গা মারিল ১১ঠোকনা ১২পদ্মার চৈক্ষ১২ হৈইল কানা
পৃষ্ঠ দেবীর হৈল খান খান ।
মনে দেবী ১৩অভিমানী মায়া কৈল পদ্মমুনি
১৪ধুলামধ্যে করিল পয়ান ॥১৪
দেখে ধুলা উকটিঞা১৫ নাহি পাইল চাহিয়া
পদ্মা বাঢ়ায় চেঙ্গমুড়া হৈয়া ।
বোলে দেবী মনসাই এখন ধর দুর্গার পায়
১৭দুর্গাস্থানে করজোড় কর ॥১৬
১৭মনসার পাইয়া বর পদ অতি মনোহর
তন্ত্রবিভূতি পদে গায় ॥১৭

*পাঠ—উৎপত্তি (সর্বত্র), *পাঠ—পিষ্ঠে (সর্বত্র)

CENTRAL LIBRARY

ধানসি রাগ ॥

মনে মনে ভাবে তবে দেবী পদ্মাবতী ।
এখন করিব আমি কেমন জুগতি ॥
শঙ্করনন্দিনী১ দেবী বুদ্ধি২ সিরজিল৩ ।
৪অষ্টকুলা নাগ দেবীর মনেতে পড়িল ॥৪
বাসুকীর স্থানে অষ্টকুলা নাগ পাইল ।
মনের সন্তাপে দেবী নাগ স্মরিল ।
৫নাগ নাগ বোলি পদ্মা ডাকিতে লাগিল ।৫
জত নাগ স্মরে দেবী তত নাগ আইল ॥
৬আসি অষ্টকুলা নাগ সম্মুখে ডারাইল ।৬
পদ্মার সাক্ষাতে৭ নাগ বোলিতে লাগিল ॥
কোন কার্য্য করিব মাতা সুন পদ্মাবতী ।
তুমার উপরে কেবা করিবে শকতি ॥
এতেক সুনিঞা তবে বোলে পদ্মাবতী ।
অষ্টকুল৮ নাগ চল আমার সংহতি ॥
কাল নাগিনী আইল বিষমনঞানি ।
সেন্দুরিয়া নাগ আইল দেখিতে ভয় মানি ॥
পুঞানিঞা নাগ আইল কাজল সমান ।
যুঞা নাগ আইল দেখিতে অনুপাম ॥
দন্তসিঞা নাগ আইল দশন জুতি মুতি ।
ভেমটিয়া৭ নাগ আইল শোভে নানা জাতি৮ ॥
গোয়ালিয়া নাগ আইল সর্পের ব্রাহ্মণ ।
মণ্ডলিয়া বোরা আইল যম দরশন ॥
যোল গুটি৯ বোরা আইল কাচুলি আকার ।
সর্পের মধ্যে আইল ১০আগুন্যা চিয়ার১০ ॥
ডারাচ বেত আছাড় আইল দীর্ঘ পরমান ।
এহু বেহু নাগ আইল পর্ব্বতসমান ॥

পাঠ—সাইখ্যাতে

CENTRAL LIBRARY

মণিরাজ সর্প আইল মেঘের বরণ১ ।
আলাদ গহমা আইল বিষ বরিষণ২ ।
কেওটিয়া নাগ আইল দেখিতে সুসার ।
কালবামা নাগ আইল পর্ব্বত আকার ॥
নানা বর্ণের নাগ আইল করে তলপাড়৩ ।
সর্ব্ব নাগগণ আইল কেহ নাহি আর ॥
দেবীরে দেখিঞা সকল নাগগণ ।
পদ্মার আদেশে করে বিষ বরিষণ ॥
চতুর্দিগে বিষ বরিষে ৪ঘোর অন্ধকারে৪ ।
কোন কর্ম্ম করিব মাতা বোলহ আমারে৫ ॥
৬দেবী বোলো হয় নাগ আমার ভূষণ ।
সতাইর উপরে আজি করিব দংশন ॥৬
এ বোল সুনিঞা নাগ ধরে দণ্ড ফণি ।
দুর্গার ৭মাংসপিণ্ড ৭আজি করিব পিবনি ॥
অন্তস্পুরে মধ্যে শিবের দাস দাসীগণ৮ ।
সর্পের গর্জ্জনে ৯সবার চমকিত মন৯ ॥
পদ্মার চরিত্র১০ ঘুষিবেক১১ যুগে যুগে ।
নাগ আভরণ করে জথা জেবা নাগে ।
১২নাগ আভরণ করে শঙ্করনন্দিনী !
তন্ত্রবিভূতে গায় বন্দিঞা ব্রাহ্মণী ॥১২

মল্লার রাগ১৩ ॥

চন্দ্রবদন হরি কবে দেখিব নঞান ভরি ॥ ধু ॥

ই কাল নাগিনী মাথার কেশভার ।
সেতিতে লাগিল দেবীর আগুন্যা চিয়ার১৪ ॥
সেন্দুরিঞা নাগ দেবীর সিন্দুর* উজ্জল ।
পুঞানিঞা নাগ দেবীর নঞানে কজ্জল ॥

*পাঠ—সেন্দুর (সর্বত্র)

CENTRAL LIBRARY

পুঞ্জা নাগে দেবীর যুগল হইল ওষ্ঠ।
পতণ্ডা নাগে দেবীর হইল জিহ্বা গোট ॥
দশনিঞা নাগ দেবীর দশন হৈহল।
দন্তমধ্যে ভ্রমরা জেন গুঞ্জরিতে লাগিল ॥
গোয়ালিয়া কাঠি হৈইল ভেমটিয়া১ হার।
বঙ্করাজ কচিবোলি যুগল হৈইল ভার ॥
ষোল গুটি বোরা নিল কাচুলি করিঞা২।
মণ্ডলিয়া বোরা নিল ই পাগ বান্দিঞা ॥
৩ডারাচ বেত আছার নিল কমরে বান্দিঞা ॥৩
শংখিনী নাগিনী নিল ই শঙ্খ পড়িঞা ॥
আলাদ গহমা নিল হাতেত ধরিঞা৪।
কত কত সর্প নিল ভূষণ করিঞা ॥
খাট পাট জোগায় অহিরাজ শঙ্খচূড়।
দেবীর আগে দণ্ড পুরে গহমা গক্ষুর৫ ॥
মণিরাজ সর্পে দেবীর শির টিকরটি৬।
কেউটিয়া নাগ দেবীর পায়ের উঝটি ॥
আগুনিয়া বোরা দেবীর আগে আগে জায়।
জাহার নিশ্বাসে পথের দূর্ব্বা৭ পোড়য়৮।
এহ বেহ নাম দেবীর আগে আগে ধায়।
৯কালধামা নাগ দেবীর তাম্বুল জোগায় ॥৯
অষ্টকুলা নাগ দেবীর খাট পাট আড়ে।
জেই দিগে জায় দেবী সেই দিকে পোড়ে ॥
স্বর্গে ইন্দ্র চমকে পাতালে নাগগণ।
কার তরে কৈল পদ্মা নাগের সাজন ॥
দুর্গা সতাইকে পদ্মা বোলে ডাক দিঞা।
এখনি সতাই মোকে মারত আসিঞা ॥
দুর্গা সতাইকে বোলে মনসা ব্রাহ্মণী।
কিবা দর্প কর মাতা আমি অনাথিনী।
আমার বাদ নাহি জান আমি বিষহরি।
আমার বাদে প্রাণ হারাবে ছাড়িবে শিবপুরী ॥

CENTRAL LIBRARY

পদ্মার বচনে দুর্গা মারিতে চাহে রোষে।
দুর্গাকে দেখিঞা চতুর্দিকে বিষ বরিষে ॥
চক্ষে১ নাহি দেখে দুর্গা মুখে২ নাহি রাও২।
তাহাকে৩ দেখিঞা হাসে৪ তোতলা মাও৫ ॥
৬আনন্দ হৈইল মাতা দেবী পদ্মাবতী৬।
তন্ত্রবিভূতে গায় মনসাপদে মতি৭।

ভাটিআলি রাগ ॥

৮নঞানে পড়এ লোহ ধারা ।৮
কান্দে দেবী পার্ব্বতী শিব জাহার পতি
না দেখিনু প্রভু জে শঙ্কর ॥ ধু ॥

৯রত্ন কান্তি জার কুন্তল আপার ৯
না সম্বরে গায়ের বসন।
ক্ষণে ক্ষণে হয় মূর্চ্ছা বিষাদিত কান্দে দুর্গা
পদ্মার বাদে হারানু পরাণ ॥
দেখি কার্ত্তিক গণপতি কান্দে দেবী পার্ব্বতী
কান্দে দেবী বড়ই বিষাদে।
আমার১০ বিহনে থাকিবে কাহার স্থানে
মোর১১ প্রাণ গেল পদ্মার বাদে ॥
মুখে লাল বহি জায় গরল ১২খাইয়া তায়১২
অচেতন হইঞা দেবী রয়।
তন্ত্রবিভূতে গায় বন্দিঞা মনসার পায়
দেবী তারে হইলা সহায়১৩ ॥

বরারি রাগ ॥

ধর্ম পূজেন শিব হে ॥ ধু ॥

ধর্ম পূজা করে শিব ভোলা মহেশ্বর।
বাসরে দুর্গা১৪ নইঞা পড়িল ১৫অথান্তর ॥

CENTRAL LIBRARY

মাটি বাছিঞা শিব পূজা আরম্ভিল।
প্রথমেত১ পুষ্প তুলি১ ধর্ম নামে দিল।
মূল মন্ত্র জপে শিব ভকতি করিঞা।
করিতে ধর্মের পূজা পড়িল টলিঞা॥
তাহা দেখিঞা শিব ধ্যানেত বসিল।
ধ্যানেত কৈলাসের বার্তা সকল জানিল।
ধ্যানে দেখিল শিব দেব দিগাম্বর।
বাসরে দুর্গা নঞা পড়িল অথান্তর।
কতেক২ পূজিল শিব কত৩ না পূজিল।
পূজা বিসর্জ্জন করি বসয়া৪ চড়িল॥
বসয়া৫ চড়িঞা মাইল ত্রিশূলের ঘাত৬।
৭বায়ুবেগে চলে শিব নাহি পায় সাত॥৭
চন্দন বৃক্ষেতে শিব বসয়া বান্ধিল৮।
কাজল কোঠা ঘরে৯ ১০ আসি দরশন দিল১০॥
বাসরের মধ্যে শিব চাহে১১ লেহালিঞা।
দুর্গার মুখেতে গরল জাইছে বহিঞা॥
১২কান্দিতে লাগিলা শিব বিষাদিত হৈঞা।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা॥১২

ভাটিআলি রাগ॥

ত্রৈলোক্যের১৩ নাথ কান্দে সিয়রে বসিঞা।
কি কার্য্য করিনু মুঞি পুষ্প১৪ ধারি গিঞা১৪॥
জাইবার কালে গেলা তুমা১৫ নিষেধিঞা।
১৬আজিকার সাজিগুটি না লারিহ গিঞা॥১৬
সুবর্ণ থরুকা১৭ গাছি তাতে তুলা দিঞা।
১৮দুর্গার পরাণ চাহে নাকে ছোয়াইঞা॥১৮
শ্বাস নিশ্বাস দুর্গার একই না পাইল।
১৯মাথে হাত দিয়া শিব কান্দিতে লাগিল॥ ১৯
সপ্ত বার মৈল দুর্গা গলে অস্থি ভার২০।
অষ্ট বার মৈল দুর্গা ২১নারি জিঞাবার২১॥

CENTRAL LIBRARY

১কান্দিতে লাগিলা শিব পদ্মাকে দেখিঞা ।১
২প্রমাদ পড়িল মোর দুর্গাকে নইঞা ॥২
কান্দেন শঙ্কর দেবীর ৩দেখিঞা বদন ।
উঠ উঠ দুর্গা কেনে হৈলা অচেতন ॥
৪কমলের বনে ৪জন্ম নাম বিষহরি ।
দুর্গার মরণে আমি হইলাম ভিখারী ॥
কোন দোষ কৈল দুর্গা না কৈলে সম্বরণ ।
কোন৫ দোষ পাঞা তার বোধিলা জীবন৫ ॥
পদ্মা বোলে পিতা তুমি কর অবধান ।
৬পৃষ্ঠ থান থান মোর চক্ষু কান ॥৬
তুমার ঝিয়ারি আমি সর্ব লোকে জানি ।
দেবলোকে নরলোকে৭ বোলিবেক কানী৭ ॥
শিব ৮বোলে স্থন বাছা জানিলাম৮ বিশেষ ।
কোন বুদ্ধে জিএ দুর্গা বল উপদেশ ॥
পদ্মাবতী বোলে পিতা কেনে চিন্ত আন ।
না মরিবে সতাই ৯জপহ ব্রহ্মজ্ঞান৯ ॥
দুর্গাকে চিঞাইতে১০ কৈল কুশ স্থাপন ।
তন্ত্রবিভূতি পায় পদ্মার১১ চরণ ॥

মন্দার রাগ ॥১২

ধর্ম পুজিবারে১৩ গেলাঙ নিবেদিঞা তোরে ।
আজিকার সাজিগুটি কেহ নাহি লারে১৪ ॥ধু ॥

শিব কুশ স্থাপন কৈল তাতে দুর্গা শোয়াইল
ঝারে শিব হৈঞা নৈরাকার ॥
১৫দুর্গা চেতন কর১৫ আপনার মূর্তি ধর
চিন্তহ আগম ব্রহ্মজ্ঞান ॥
আদি মন্ত্রে১৬ ঝারে শিব নিজ মন্ত্রে আইল জীব
১৭হুহুঙ্কারে করেন গর্জ্জন ।১৭

CENTRAL LIBRARY

১ভ্রান্তি ভাঙ্গিল চেতন পাইল১
দেখিলেন শিবের বদন ॥
২দুর্গাকে দেখিঞা শিব মনে হৈইল সঙ্কুচিত২
রহিল৩ শিব বাসরে বসিঞা ॥
৪শিবেক দেখিঞা ক্রোধিত হইঞা
উঠিল দুর্গা পাতিয়া খাপর ॥৪
গেলাঙ পুষ্প তুলিবার মোহ বাত৫ আমার
তথা ৬তুমা কৈলাম স্মরণ৬ ।
সত্য বোলি তিনবার৭ পদ্মা ঝি হয় আমার
পদ্মবনে ইহার ৮জনম ॥
৯তুমার জদি ঝি হয় কাহাকে না কর ভয় ।৯
আগে কেনে না আনিলা ঘর ।
তেজিব তুমার আশ১০ নিজ আগার১১ কৈলাস
দুই পুত্র লিব আপনার ॥
স্থন দেব শঙ্কর জাব আমি বাপঘর
১২ঝিকে নঞা তুমি কর ঘর ।১২
দুর্গার বচন স্থনি সম্বোধিল শূলপাণি
স্থন দুর্গা বচন আমার ॥
হাতে হাতে পদ্মা ঝি তুমাকেত১৩ সমর্পি
ধর্ম দেখি রাখহ সকালে১৪ ।
তুমার জদি ঝি হৈল তবে মোকে১৫ না বোলিল
তবে কেনে আগে না আনিলে ॥
১৬তেজিব তুমার বাসর ঝিকে নঞা কর ঘর
নহে ঝিকে দেহ বনবাস ।১৬
পাইঞা দুর্গার আশ ১৭শিব গেল পদ্মার পাশ ॥১৭
দক্ষিণ হস্তে ঝিকে পরশিল ।
জত দুর্গা মারিল সকল পদ্মা পাশরিল
বাপ দেখি হরষিত হৈইল ॥
১৮তখনি বোলিনু তোরে না জাইহ মোর ঘরে ১৮
না স্থনিলে আমার বচন ।

CENTRAL LIBRARY

দুর্গার ১বচন প্রকাশ১ তুমা দিতে বনবাস
বনে গিঞা করহ বঞ্চন ॥
বোলে পদ্মা এত স্থনি স্থন পিতা শূলপাণি
ই কথা কহিতে না জুয়ায় ।
২মনসার চরণে চিত২ রচিল লৌতুন গীত
তন্ত্রবিভূতি গায় ॥

৩বিধি দুঃখরে বিধি ললাটে লিখন আরে হয় ॥ ধু ॥৩
কি দোষ করিলাম আমি তুমার ঘরে আসি ।
কি দোষ দেখিঞা মোরে কর বনবাসী ॥
বলেন দেবতী পদ্মা কান্দিঞা কান্দিঞা ।
কোন দোষে বনবাস৪ দেহ পাঠাইঞা৪ ।
৫শিব বোলে স্থন পদ্মা বোলিএ তুমারে ।৫
দুর্গাকে সেবিঞা তুমি থাক মোর ঘরে ॥
তখন দেবতি পদ্মা কোন কর্ম্ম করে ।
মাও মাও বলিঞা দুর্গার পায়ে ধরে ॥
দুর্গার চরণ ধরি বোলে ধীরে ধীরে ।
বনবাস না দেয়৬ সতাই রাখ মোরে ঘরে ॥
দুর্গা বোলে ঠাই নাই ৭আমার মন্দিরে৭ ।
চলি জাহ কানী তুমি বনের ভিতর ॥
পিড়ামধ্যে ঠাই মাতা দেহ নিরমিঞা৮ ।
কার্তিক গণপতি সঙ্গে বেড়াব খেলাঞা ॥
পিড়ামধ্যে তুমাকে৯ নাহি দিব ঠাই ।
জন্মের১০ নাগিঞা হারাই কার্তিক গণাই ॥
তোর নাগ দেখি মুই পড়িনু টলিঞা ।
হারাইব দুই পুত্র জন্মের১১ নাগিঞা ॥
বাড়ি মধ্যে ঠাই খানি দেহ নিরমিঞা ।
নিতি নিতি থাকিব মা তুমারে ভজিঞা১২ ॥
১৩বাড়ি মধ্যে ঠাই জদি দিব নিরমিঞা ।১৩
নিতি থাকিবা বেশ স্থবেশ করিঞা ॥

CENTRAL LIBRARY

তোর রূপে ভাঙ্গরা পড়িবে ঢলিঞা ॥
কেমতে এসব আমি দেখিব থাকিয়া ॥
গ্রাম১ মধ্যে ঠাইখানি দিব নিরমিঞা ।
থাকিব তোমার আমি আরতি কুলাঞা ॥
গ্রামমধ্যে আরে বেটী তোর নাহি স্থল ।
নাজ নাহি নিলজি পদ্মা বনবাসে চল ॥
কিছু ঠাই২ দেহত সতাই না জাইব বন ।
বনে না জাইব আমি স্থনহ বচন ॥
পদ্মার বচনে দুর্গার ক্রোধ কলেবর ।
৩বাপ নঞা ঘর কর মুই জাই বাপার ঘর ॥৩
৪দুর্গার নিষ্ঠুর বাক্য পদ্মাএ স্থনিঞা ।
বীর গাছি২ বাঞ্ছিলেন এতেক চিন্তিঞা ॥
জখন পড়িবে সতাই হবে মহামার ।
আমাকে স্বঙরিহ৩ তখন করিব উদ্ধার ॥
স্থস্থানে বনবাস দেহ ভোলা মহেশ্বর ।
তন্ত্রবিভূতি গায় মনসা দেন্ত বর ॥

স্থই রাগ৫ ॥

বিষাদ ভাবেন হয় হে ॥ ধু ॥
ঝিকে কলে করিআ মুই কোথা থুব গিঞা ॥ ধু ॥

৬শিব বোলে আইস বাছা তোরে কলে করি ।
বনবাসে চল তুমি জয় বিষহরি ॥৬
৭কলেতে করি ঝিকে বিরমিষ হঞা
হেন রূপ ঝিকে মুঞি ৮ কোথা থুব গিয়া ॥
৯ছত্তিস বর্ণেত বৈসে নগরের লোক ।৯
কোন স্থানে থুব গিঞা ব্রাহ্মণী ১০নি তোক১০ ॥
১১মনের সন্তাপে শিব পদ্মা জায় নঞা ।১১
ব্রাহ্মণের বাড়িতে১২ শিব মিলিল আসিঞা ॥

CENTRAL LIBRARY

১ব্রাহ্মণের বাড়িতে জদি গেলা বিষহরি।
সেথানে রহিলা দেবী হঞা গন্ধেশ্বরী ॥১
সে ঘর হইতে শিব অন্য ঘরে জায়।
পথিমধ্যে নাগ পাইল দুর্গা মহামায় ॥
নাজ নাই ভাঙ্গরা তোর২ কিছু নাহি ডর!
ঝিকে নঞা ঘর কর৩ মুই জাব নাইহোর ঘর ॥
দুর্গার বচনে শিব লজ্জা বড় পাইল।
৪পদ্মাকে নইঞা শিব বনমধ্যে গেল ॥৪
সেথানে বসিল শিব পথশ্রম হৈঞা।
নিদ্রাগত হৈলা দেবী উরে শির দিঞা।
৫জখন দেবী পদ্মাবতী নিদ্রাতে পড়িল ॥৫
শিকড়েত৬ মাথা থুঞা৭ উরু কাটি নিল ॥
চন্দ্র সূর্য বায়ু বরুণ অষ্ট লোকপাল ॥৮
দুর্গার বচনে৯ দিহো বনবাস৯ স্থল ॥
বনবাস দিঞা আইল ভোলা মহেশ্বর।
তত্ত্ববিভূতি গায় মনসা দেস্ত বর ॥

পঠমঞ্জরী রাগ১০॥

কোন গোসাঞি স্বজিল স্রোতের শিওলি ॥ ধু ॥

বেলা অবসান হৈইল সূর্যদেব অস্ত গেল
পক্ষনাদ স্থনি ঘনে ঘন।
পক্ষনাদ স্থনি চিঞাইলা পদ্মমুনি
কাচা নিদে হইলা চেতন ॥
চতুর্দিগে পদ্মা চায় শিব না দেখিতে পায়
পড়ে দেবী১১ অচেতন হৈঞা১১।
১২চন্দন বৃক্ষের তলে কান্দে দেবী ব্যাকুলে
কেনে পিতা গেলেন ছাড়িঞা ॥১২
চৌদিকে গহন বন পদ্মা করে নিরীক্ষণ
দশ দিক নাগে শূন্যকার।

CENTRAL LIBRARY

ব্যাঘ্র ভল্লুক* আইসে হরিণ শূকর বৈসে
তা দেখি নাগিলা কান্দিবার ॥
হেন আমার কর্ম্ম কুপেনে আমার[৯] জন্ম
শিশুকালে হইল বনবাস।
বাপের না নাগ পাঞা কান্দে[১] বিমরিষ হঞা[১]
সঘনে ছাড় এ নিশ্বাস ॥
[২]পাশপরশি নাহি[২] পাশ কতদিন বনবাস
কেমনে বঞ্চিব দিবারাতি ।
মনসা ভাবেন মনে বসিঞা গহন বনে
ভাবে পদ্মা করিঞা[৩] জুগতি ॥
কান্দেন বৃক্ষের তলে বসন তিতিল জলে
এত দুঃখ দিল দুর্গা মায়।
মনসাচরণ বর বন্দো শির উপর
তন্ত্রবিভূতি পদে গায় ॥

[৪]কান্দে দেবী মনসা সাঝে ॥ ধু ॥[৪]

আঝর নয়ানে কান্দে দেবী পদ্মাবতী।
দুর্গা সতাই এ কৈলএ পঞ্চ দুর্গতি ॥
বৃক্ষতলে বসিঞা কান্দেন পদ্মা মায়।
মুরারি ঘোষের রাখাল গোরু নঞা জায়।
এক রাখাল[৫] বোলে দেখি দূরেত হৈইতে[৫]।
সাধু ভাত রান্ধি খায় বৃক্ষের তলেতে ॥
এক রাখাল বোলে গোরু নঞা জাহ তুমি।
ভাল মন্দ কি কথা জানিয়া আসি আমি ॥
আর এক রাখাল দেখে ভুলকি মারিঞা।
সাধু নহে এক কন্যা আছেন বোসিঞা ॥
আর এক রাখাল লাগিল বোলিবারে।
আমি বিভা করিব কন্যা হএ অকুমারে ॥

*পাঠ—ভল্লুক

CENTRAL LIBRARY

কেহ বলে অলঙ্কার লেহত কাড়িঞা।
ফুট কালাই কিনিঞা খাব ১বাজারে বেচিঞা ১॥
রাখালের বচনে দেবী বড় ভয় পাইল।
মনে মনে অষ্টকুলা নাগ স্বঙরিল॥
অষ্টকুলা নাগ দেবীর হৈল অলঙ্কার।
জনে জনে রাখালেক নাগিল খেদাবার২॥
পলায় রাখাল সব জিউ প্রাণ নঞা।
পলাইতে নারে কুজা থাকিল পোড়িঞা৩॥
কুজাকে দেখিঞা৪ সর্প উঠিল ফোফাঞা।
হাসেন মনসা দেবী কুজাকে দেখিঞা।
সুন্দর কুজাকে দেবী বোলে ডাক দিঞা।
কিছু দুগ্ধ দেহ মোকে ই৫ গাবি দুহিঞা।
কুবুদ্ধিঞা কুজাকে সুবুদ্ধি নাগিল।
কটিসূত্র ছিড়ি কুজা ই গাবি দুহিল॥
বটের পত্রে কুজা ই গাবি দুহিঞা।
পদ্মার সাক্ষাতে দুগ্ধ দিলেন আনিঞা৬॥
দুগ্ধ খাঞা তৃপ্ত হৈল দেবী পদ্মাবতী।
আপন ইচ্ছায়ে বর লহত সম্প্রতি৭॥
৮শঙ্করনন্দিনী পদ্মা দয়া উপজিল।
বর লেহ বর লেহ বোলিতে নাগিল॥৮
৯কুজা বোলে মাতা জদি মোকে দিবে বর।৯
কুজা পলাউক অঙ্গ হউক ১০সুন্দর॥
দক্ষিণ হস্ত দিঞা কুজাকে পরশিল।
পলাইল১১ কুজ সর্বাঙ্গ১১ সুন্দর হোইল॥
১২ভকতবৎসল দেবী ভক্তে করে দয়া।
জে জন স্মরণ করে পায় পদছায়া॥১২
সেবকের তরে মাতা হবেন প্রসন্ন।
তন্ত্রবিভূতে গায় মনসাচরণ॥

CENTRAL LIBRARY

বরারি রাগ ॥

দয়া করিঞা রাখ মোরে রাখ রাঙ্গা পায় গো মনসা১ মায় ॥ ধু ॥

কুজা ভাল হৈল কুজা জুড়িল নাচন।
দূরে থাকি আর রাখাল করে নিবেদন ॥
কুজাকে দেখিঞা সবে আনন্দিত হঞা২।
আমরা মাঙ্গিব বর৩ পদ্মাস্থানে জাঞা৩ ॥
আমা সভাক বর দেহ ব্রাহ্মণী তোতল।
আমরা সেবক হব মর্ত্যভূমণ্ডলে ॥
নিবেদি চরণে মাতা তুমি দেহ বর।
৪আমরা করিব রাষ্ট্র এ মর্ত্যভিতর ॥৪
হাসেন মনসা মা রাখালের বোলে।
৫রাখালেক রাষ্ট্রর দিলে কেবা ভাল বোলে।
আষাঢ় মাসে অষ্ট দিনে অম্বুবাচী হয়।
হেন দিনে রাখাল সকলে বর পায় ॥
৬খেত পাথারেত শস্য খাইব লুটিয়া।৬
রাজা হৈঞা ৭মাপ করিবে৭ রাখাল দেখিয়া ॥
জেন চায় রাখাল তেন বর পায়।
বর পাঞা রাখাল সব ঘরাঘরি জায় ॥
৮জেন জাহা হৈতে চায় দৈবের গঠন।
সেইস্থানে আইলা ব্রহ্মা তপস্যা কারণ।৮
তন্ত্রবিভূতি গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

ভাটিআলি রাগ ॥

৯চন্দন বৃক্ষের তলে আছে দেবী তোতলে
তথা ব্রহ্মা মিলিল আসিঞা।৯
আসিয়া পদ্মার কাছে ব্রহ্মা তারে বাক্য পুছে
কেনে আছ অরণ্যে বসিঞা ॥

CENTRAL LIBRARY

দেখিঞা ১দেবী তোতলে১ পুন পুছে উত্তরে
কেনে বা অরণ্যে একেশ্বরী।
কাহার তুমি কুমারী কাহার তুমি বহারি
কি কারণে বনবাস করি ॥
২জন্মদাতা কেবা হয় তাহা দেহ পরিচয়
সুন কন্যা বোলিয়ে তুমায় ।২
তন্ত্রবিভূতে গায় বন্দিঞা মনসার পায়
সেবকে হোইবে বড় দায় ॥

৩দেবী বোলে আমি হোই মহেশকুমারী।
পদ্মপত্রে জন্ম মোর নাম বিষহরি৪ ॥
দুর্গা সতাই মোকে ৫ দিল বনবাস।
৬তে কারণে বনে আইলাম ছাড়িঞা কৈলাস ॥৬
৭আমার দুখের কথা কহিলাম তুমারে ।৭
তুমি কোন জনা হয়৮ জাহ কথাকারে ॥
ই৯ সব স্বরূপ কথা কহিবা এখন।
ব্রহ্মা আমার নাম বোলিল বচন ॥
ব্রহ্মা বোলে সুন মাতা এই কথা সার।
তপস্যা করিতে জাব সমুদ্রের পার ॥
ব্রহ্মার বচনে দেবী হরষিত হৈঞা।
আমা নঞা জাহ ১০বাপু সংহতি১০ করিঞা ॥
১১ব্রহ্মার সহিতে চলে মহেশকুমারী।
তন্ত্রবিভূতে গায় বন্দিঞা বিষহরি ॥১১

কুছ রাগ৬ ॥

আগে আগে জায় ব্রহ্মা তপের আগল।
তার পাছে জায় ব্রাহ্মণী তোতল ॥
সাগরের কুলে ব্রহ্মা দিল দরশন।
সাগরসেন করি ব্রহ্মা তাকে ঘনে ঘন ॥

CENTRAL LIBRARY

ব্রহ্মার বচন স্থনি সাগর আসিঞা
ব্রহ্মার সাক্ষাতে রহে জোড় ১হাত হৈঞা ॥
আইল২ সাগরসেন জলজন্তু নঞা।
খাটে পাটে সাগরসেন আইল৩ ধাইঞা ॥
আমার বচন তবে স্থনহ সাগর।
তপস্যা করিতে জাব কেমতে হব পার ॥
ব্রহ্মার বচন সাগর সত্বরে স্থনিঞা।
৪আধ হেটু জল তাতে চর দিল ফেলাঞা ॥৪
আগে জলে নাম্বিলেন৫ ব্রহ্মা তপোধনে৬।
তার পাছে নাম্বিলেন৭ ব্রাহ্মণী আপনে৮ ॥
উরুর বস্ত্র তুলিঞা বাঢ়াইঞা৯ দিল পাও।
আচম্বিতে আকাশে উড়িল চারি বাও ॥
দৈবের নির্বন্ধ কার্য না জায় খণ্ডন।
কালকুট বিয়ের হইল উপসন১০ ॥
দেবীকে দেখিঞা ব্রহ্মার বিপরীত ১১মন।
পাছু দিগে ব্রহ্মা১২ তলে দেখিল তখন১২ ॥
দেবীর উরুত ব্রহ্মার ই১৩ দৃষ্টি পড়িল।
১৪সেইখানে ব্রহ্মার জে বিন্দুপাত হইল ॥১৪
জলের উপরে বিন্দু ১৫ভাসিতে লাগিল১৫।
পদ্মার উরু বাহি বিন্দু ১৬গর্ভে সামাইল১৬ ॥
সহিতে না পারে দেবী ১৭বিষকের ঘাত১৭।
জাঙ্গ চিরিঞা দেবী করিল ১৮বিন্দুপাত ॥
বিষের জন্ম হোইল ব্রহ্মার সাক্ষাতে১৯।
হীন* তৃণ*পোড়ে বিষে ঠেকে গিঞা জাতে।
ধিয়ানেত২০ ব্রহ্মাদেব সকলি জানিল।
আমার তেজেতে কালকূট জন্মিল ॥
যুক্তি করে ব্রহ্মাদেব বিষ থুব কাতে।
হেন্ কালকুট বিষ কে পারে সহিতে ॥

*পাঠ—হির্ণ, *পাঠ—তির্ণ

CENTRAL LIBRARY

কুম্ভারের রূপে মাটি নান্দিয়া গোঢ়িল২ ।
নান্দিয়ার মধ্যে ব্রহ্মা বিষ সম্বরিল ॥
নান্দিয়াতে২ ভরাইল বিষ জে সকল ।
তন্ত্রবিভূতে গায় বন্দিয়া তোতল ॥

পাহারিত রাগ ॥

বিষের নান্দিঞা ব্রহ্মা বিষ ভরাইয়া ।
উপরে ঢাকুন দিঞা থুই ঝাপিঞা ॥
বিষের নান্দিঞা নিল হাথেত৪ করিঞা ।
৫সপ্ত সাগরে বিষ দিলেন ফেলাইঞা ॥৫
জলের উপরে নান্দিঞা ভাসিঞা বেড়ায় ।
আহার বুলিঞা বুয়ালি৬ মৈচ্ছ খায় ॥
সহিতে না পারে মৈচ্ছ বিষের জে জ্বালা ।
সপ্ত সাগরে বিষ করিল আস্ফালা৭ ॥
৮উপরে উঠিয়া মৎস্য ধড়ফড় করে ।৮
সাগর আনিঞা দিল ব্রহ্মার গোচরে ॥
আনিল বুয়ালি মৈচ্ছ ফিরিঞা৯ ধরিঞা ।
পেট চিরি নান্দিঞা নিলেন বাঢ়িঞা ॥
ব্রহ্মা বোলে জারে মৎস্য তরে১০ দিলাম বর ।
তোর জন্য হউক গিঞা ধুবির পাটের তল ॥
ধোবার পাটের তলে থাকহ পড়িঞা১১ ।
গিরস্থের বহু বেটী নঞা জাবেক ধরিঞা ॥
বিষের তরে ব্রহ্মা বোলেন ডাক দিঞা ।
সপ্ত পাতালে বিষ তুমি থাক গিঞা ॥
ডাক দিঞা বোলে বিষ১২ ব্রহ্মার নন্দন১৩ ।
কতকাল থাকিব বাপু পাতাল ভুবন১৪ ॥
ত্রিশ কোটি দেবগণ মথন মথিব ।
সমুদ্রের মথনে তুমার উৎপত্তি হোইব ॥
১৫রহি রঙ্গ দেখ মাতা জয় বিষহরি ।১৫
তপস্যা করেন তথা ব্রহ্মা অধিকারী ।

CENTRAL LIBRARY

১স্নান সন্ধ্যা আদি ব্রহ্মা করিলা আপার।১
ধ্যান সাঙ্গ করি গেলা পুরী আপনার ॥
মনে মনে ভাবে মাতা জয় বিষহরি।
আমা ছাড়ি ঘর গেলা ব্রহ্মা অধিকারী।
এক বুদ্ধি করি আমি জাইব কোথাতে।
পুরী নির্ম্মাইব আমি সিয়লি পর্ব্বতে॥
২তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥২

বরারি রাগ ৩॥

৪নম নম নম মাতা নম নারায়ণী।
শিবকন্যা বট মাতা বিজয়া ব্রাহ্মণী ॥৪
অক্ষেম দেখিঞা দেবী ছাড়এ নিশ্বাস।
সিয়লি ৫ পর্ব্বতে কেমনে করিব নিবাস॥
৬পুরী নির্ম্মাইঞা মোরে দিবে কোন জন।৬
বিষাদিত হঞা দেবী করেন রোদন।
কান্দিতে কান্দিতে পদ্মার মনেতে পড়িল।
বিশ্বকর্ম্মা বোলি মাতা ডাকিতে লাগিল॥
৭জেই মতে বিশ্বকর্ম্মা স্মরণ করিল।
স্মরণেত বিশ্বকর্ম্মা আপনে. আইল॥৭
সমুদ্রের তীরে বিশাই তপ করিছিল।
হাতের৮ তুলসী বাটি৮ খসিঞা পড়িল॥
ধিয়ানে সকল তত্ত্ব বিসাই জানিল।
শঙ্করনন্দিনী পদ্মা স্মরণ করিল॥
ভালুকের পৃষ্ঠে বিশাই আরোহণ কৈল।
পদ্মার আগেত বিশাই দরশন দিল॥
করজোড় করি বিশাই করেন প্রণতি।
কোন আজ্ঞা কর মোকে দেবী পদ্মাবতী॥

ধর লেহ বিশাই তাম্বুল ধর১ খাও !
সিয়লি পর্ব্বতে ঘর নির্ম্মাইঞা দেও২ ॥
পদ্মার আরতি বিশাই মস্তকে বন্দিঞা৩ ।
ভাই ভাতিজা নঞা বিশাই৪ চলেন ধাইঞা৪ ॥
৫কান্ধে কুঢ়ালি করিঞা বিশাই জায় বন ।৫
বাছিঞা বাছিঞা কাটে আগর চন্দন ॥
নানা জাতি কাষ্ঠ বিশাই আনেন কাটিঞা ।
৬ভোঙরে কুন্দিল কাষ্ঠ মাণিক্য বিচিঞা ।।৬
৭সুবর্ণের বান্দিল বিশাই ৭চারিখানি চাল ।
মধ্যে মধ্যে দিল তাতে হেন্দুল হরিতাল ॥
চোতুদিগে৮ শোভা করে স্ফটিকের থুনি ।
শ্বেত চামরে চাল করিল ছায়নি ॥
শয়নের ঘর কৈল ধবল আকার ।
৯সুতার সঞ্চার৯ কৈল এ চারি দুয়ার ॥
সোনার খাট সোনার পাট সোনার সিংহাসন ।
হীরা মণি মুক্তা তাতে করিল খিচন১০ ॥
১১পালঙ্ক বিছাই বিশাই না করে আলিস ।১১
সিতানে পৈথানে দিল কুম্ভরি১২ বালিস ॥
মের ঘর দেখি পদ্মা আনন্দিত মন ।
বিশাইকে দিল১৩ বহু কাঞ্চন ভূষণ ॥
সিয়লি পর্ব্বতে বিশাই পুরী নির্ম্মাইঞা ।
তথাতে থাকিলা দেবী যোগনিদ্রা হৈঞা ॥
বিদাই১৪ হইল বিশাই পুরী নির্ম্মাইঞা ।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা ॥
১৫তোতলাচরণে গীত গাইল বিভূতে ।
ইন্দ্রের মালিনী শাপ হৈল বার্ত্তা সুন গীতে ।।১৫

CENTRAL LIBRARY

বরারি রাগ ১

কালিয়াকপালে রাই কে দিলে চন্দন চাঁদ কে দিলে ॥ ধু ॥
স্বর্গের দ্বারীকে ব্রহ্মা বোলে ডাক দিঞা।
ইন্দ্রের২ মালিকে আনি দেহ জগাইঞা২ ॥
একে চাহে দুয়ারি দুয়জে৩ আজ্ঞা পায়।
মালিনী আনিতে শীঘ্র *ইন্দ্রপুরী জায় ॥
ব্রহ্মার আজ্ঞাতে৪ দ্বারী ইন্দ্রপুরী জাঞা।
ইন্দ্রের দ্বারেত৫ দ্বারী মিলিল আসিঞা ॥
৬মাল্যানী মাল্যানী করি ডাকে ঘনে ঘন।
বাক্যমধ্যে মাল্যানী দিল দরশন ॥৬
কি কর মাল্যানী তুমি নিশ্চিন্তে বসিঞা।
৭ব্রহ্মা ধর্ম পুজিবেন পুষ্প জোগাহ ৭গঞা ॥৭
নানা অলঙ্কার অঙ্গে৮ প্রথম যুবতী।
পথেত চলিল৯ জেন মদোন্মত্ত ১০ হাতী ॥
একে চাহে মাল্যানী আরে আজ্ঞা পায়।
সত্বর গমনে পুষ্প তুলিবারে জায় ॥
ব্যালিশ পুষ্প কন্যা করণ্ডি ভরিঞা।
ব্রহ্মার আগেতে১১ পুষ্প দিলেন আনিঞা ॥
১২পুষ্প নৈঞা ব্রহ্মাদেব পূজাতে বসিলা।
পুষ্পের মধ্যেত এক মাকরসা পাইলা ॥১২
সেইত দেখিঞা১৩ ব্রহ্মাদেব ক্রোধ বড় হৈল।
আজিকার ধর্ম্মের পূজা বাদ করিল ॥
১৪থাথার আনিলে মোর দেবের সভাতে।
গাবিরূপ হৈঞা শীঘ্র নাম গা মর্ত্ত্যেতে ॥১৪
শাপবাক্য স্থনি কন্যা জোড় কৈল কর।
কতকাল থাকিব আমি মর্ত্ত্যের ভিতর ॥

*পাঠ—শিগ্র

CENTRAL LIBRARY

১ব্রহ্মার যে বাক্য কভু না জায় খণ্ডন।
গাবিরূপ মালিনী হৈইল ততক্ষণ ॥১
কপিলারূপে মালিনী নাথে২ মর্ত্যের ভিতর।
তন্ত্রবিভূতে গায় মনসা দেন্ত বর ॥

৩আছিলা কপিলা গাবি পর্ব্বতে শিখরে।৩
বেড়াতে বেড়াতে৪ গেলা৫ সাগরের তীরে ॥
জেখানে তপস্যা ঋষি করিতে সে ছিলা।
ভ্রমিতে ভ্রমিতে গাবি মুনিস্থানে গেলা ॥
অষ্ট বক্র ভরদ্বাজ কপিলা* দেখিঞা।
হাতের তিল৬ কুল ফেলাইল৭ পাক দিঞা ॥
৮ছিরা কুশের দরিতে মুনি গাবিকে বান্ধিঞা।৮
হিজলের গাছে৯ গাবি থুইল বান্ধিঞা ॥
কি কারণে আইলা গাবি আমার আগু১০ দিঞা।
১১তপভঙ্গ করিল মোর সম্মুখে আসিঞা ॥১১
এক ঋষির নন্দন১২ বড়ই প্রখর।
জোড় হাত করি বোলে সভার ভিতর ॥
এক নিবেদন করি জদি আজ্ঞা পাও।
গোবধ না লাগে তবে এ ছাল খসাও ॥
রাম রাম বোলে ঋষি করে হায় হায়।
ঋষি হৈঞা হেন বাক্য১৩ বোলিতে জুয়ায়১৪ ॥
১৫নাজ না করিলে হেন করিতে উত্তর।১৫
কুরল হৈইঞা জন্ম গিঞা মর্ত্যের ভিতর ॥
ঋষিপুত্র শাপান্তকে কুরল হোইল।
১৬ শাপ পাঞা১৬ ততক্ষণে পৃথিবীতে আইল ॥
ভাদ্র মাসে কুরল বর নইল মাঙ্গিঞা।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা ॥

*পাঠ—কোপিলা

CENTRAL LIBRARY

সিন্ধু রাগ১১

সপ্ত ঘটি বেলা হৈল তৃতিয় প্রহর।
খুধাএ আকুল হৈল গাবির কলেবর।।
কুশের দরিগাছি গাবির ফেলিল ছিরিঞা২।
৩অরণ্যের মধ্যে৩ গাবি মিলিল আসিঞা ॥
নল খাগর৪ খায় গাবি আর জে ভাদালি৫।
দিনে তিনবার গাবি নাদে তিন ডালি ॥
জেইখানে হৈইল ব্রহ্মার বিন্দুপাত।
সেখানে খায় গাবি আঢ়াই৬ মুষ্ট ঘাস ॥
সেই ঘাস খাঞা গাবি গর্ভবতী হৈল।
পূর্ণ দশ মাসে গাবি প্রসব হোইল৭ ॥
দেবের দুলালী৮ গাবি পুত্র প্রসবিল৯।
চাটিঞা চুটিঞা১০ গাবি বাছাকে১১ তুলিল ॥
পুত্রকে দেখিঞা গাবি আনন্দিত হৈল।
মনহর১২ বোলিঞা বাছার নাম থুইল ॥
চিতা পাথরা বাছারশঙ্খ১৩ নেঙ্গুর।
উর্দ্ধ দুই নঞান জলেন্ত চারি খুর।
চরিবারে গেলা গাবি বাছুরে রাখিঞা।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা ॥

মন্দার রাগ

স্বর্গেতে আছিলা কন্যা নাম মালাবতী।
পুষ্প১৪ তুলিবারে গেল ইন্দ্রের১৪ আরতি
পুষ্প তুলে মালাবতী১৫ পুষ্পবনে গিঞা।
নানা পুষ্প তুলে কন্যা১৬ করণ্ডি ভরিঞা ॥
জাতি জুতি পুষ্প তুলে ওড় টগর।
দেয়না মরুয়া তুলে পাতলি বিস্তর ॥
কনক ধুতুরা তুলে বান্ধুলি১৭ পুষ্পমালি১৮।
তাহা দিঞা তুলে কন্যা শতদল কমলি১৯ ॥

CENTRAL LIBRARY

১সিওলি পিওলি তুলে আর বকুল।
তাহা দিঞা তোলে কন্যা পুষ্প উতপল ॥১
নানা পুষ্প তুলে কন্যা২ করণ্ডি ভরিঞা।
ইন্দ্রের সাক্ষাতে পুষ্প দিলেন আনিঞা ॥
৩পুষ্প নঞা ইন্দ্ররাজ বসিল পূজাত।৩
পুষ্পমধ্যে পাইল মাকরার পাত ॥
৪পুষ্প দেখিঞা হৈঞা ক্রোধিত অন্তর।৪
৫জা জা পাপিনী তুই মর্ত্ত্যের উপর ॥৫
বড় দোষ *করিলাঙ মালিনী৭ সভাতে আসিঞা।
মর্ত্ত্যপুরে জাহ তুমি ব্যাঘ্ররূপ হৈঞা ॥
৮এই দোষে অভিশাপ ইন্দ্র তারে দিলা।
অভিশাপ স্থনি কন্যা কন্দিতে লাগিলা ॥৮
৯কান্দে কন্যা মালাবতী অবনী লোটাঞা।*
তন্ত্রবিভূতে গায় মনসা ধিয়াঞা ॥৯

কুহু রাগ

মায়া পাতিলে১০ ভাবানী১১ গো মা১১ ॥ ধু ॥
১২কান্দে মালিনী মালাবতী বিপদ ভাবিঞা।১২
কি কারণে তপ মোর আইল টুটিঞা ॥
ইন্দ্র বোলেন মালিনী স্থনহ বচন।
ব্যাঘ্র হৈঞা থাক গিঞা মর্ত্ত্য জে ভুবন ॥
ইন্দ্রের সাক্ষাতে বোলে করজোড় করি।
কত দিন১২ থাকিব তথা১৩ ব্যাঘ্ররূপ ধরি ॥
মোর বোল মালাবতী কর অবধান।
মনহর বাছা তুমি দেখিবে জখন ॥
তার দরশনে১৪ হবে শাপ বিমোচন*১৪।
আমার ই১৫ কথা তুমি করিহ স্মরণ ॥
বিষাদ ভাবিঞা কন্যা১৬ করেন ক্রন্দন।
কত দিনে হবে মোর১৭ শাপ বিমোচন ॥

*পাঠ—দস (সর্বত্র) *পাঠ—বিমচন

CENTRAL LIBRARY

দেবের বর হোইল১ মোকে দেবের অভিশাপ।২
কত দিনে পাবও মনরথের জে৪ নাগ॥
স্বর্গে হৈতে ব্যাঘ্ররূপে মর্ত্ত্যেত নাম্বিল৫।
৬সম্মুখে কপিলাসঙ্গে ই দৃষ্টি পড়িল॥৬
জখনে কপিলা সেই বাঘিনী দেখিল।
সোই সোই বলি তাকে সম্ভাষিল॥
সপ্ত দিন গো মহিষ না পাও চাহিঞা৭।
৮আজি খাব তোকে আমি৮ উদর ভরিঞা৯॥
এতেক১০ স্থনিঞা গাবি বলিল১০ বচন।
আমাকে না খাও ব্যাঘ্র করি নিবেদন॥
তিন দিনের বাছা আইহু ঘরেতে রাখিঞা১১।
১২তাহাকে আসি গা আজু দুগ্ধ খায়াইঞা॥১২
১৩দুগ্ধ খায়াইঞা আমি আসিব শীঘ্র করি।১৩
তবে সে খাইবে মোরে১৪ স্থন ব্যাঘ্র বৈরী॥
কপিলার বচনে ব্যাঘ্র বোলে ডাক দিঞা।
আমার১৫ অগ্রেতে জাহ ই১৫ সত্য করিঞা১৬॥
১৭ব্যাঘ্রের আগেতে কপিলা সত্য জে১৭ করিঞা।
১৮সাগরের কুলে জায় বিষাদ ভাবিঞা॥১৮
১৯খিদাএ আইলা১৯ বাছা অঙ্গ শুখাইঞা।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা॥

সেন্দু রাগ।

সপ্ত ঘটি বেলা হৈইল দুতিয়২০ প্রহর।
২১খিদাএ আকুল হৈইল বাছার কলেবর॥২১
গোবর্দ্ধন পর্ব্বতে বাছা উঠে লাফ দিঞা।
সপ্ত সাগরে দৃষ্টি পড়িল জাইঞা২২॥

CENTRAL LIBRARY

তিষ্টা১ চোটে জল খাইতে বাছুর২ লাগিল ।
৩বাছার খোথনায় সপ্ত সাগর৩ ভেদিল ॥
আঢ়াই৪ ঢোকে সমুদ্রের জল শুখাইল ।
৫মৈচ্ছ কচ্ছপ শুখানে পোরিল ॥৫
শঙ্খ সামুখ মরে স্বস্থ ঘাড়িয়াল ॥
শুখানে পড়িয়া৬ মরে রাঘব বুয়াল৭ ॥
কান্দেন সাগর রাজা৮ লোটাঞা লোটাঞা ।
কোন খেত্রি আসি মোক ফেলিল শুখাঞা৯ ॥
১০মৈচ্ছ কচ্ছপ নিল সঙ্গতি করিঞা ।১০
দেবের সাক্ষাতে১১ সাগর জাইছে চলিঞা ॥
দেবের সভাতে সাগর করিল গমন ।
পথে কপিলার সঙ্গে হৈইল দরশন ॥
সাগর দেখিঞা গাবি চমকিত মন ।
কোথা১২ জাহ সাগরসেন বোলেন বচন ॥
সাগর বোলেন১৩ দেবী কর অবধান১৩ ।
১৪শুখানে মরিছে মোর মৎস্য মগরগণ ॥১৪
কোন খেত্রি৪ আসি মোর শুখাইল সাগর ।
তে কারণে জাই আমি দেবের গোচর ॥
সত্বরে৫ কপিলা সেই সকল জানিল ।
মনেত ভাবিঞা গাবি বলিতে লাগিল ॥
১৫তিন দিনের বালক থুইঞা আইনু ঘর ।১৫
১৬তিষ্টা চোটেত১৬ বাছা শুখাইল সাগর ॥
১৭সাগরেকে বোলে১৭ গাবি মিনতি করিঞা ।
দুগ্ধেত সাগর১৮ আমি দিব ভাসাইঞা১৮ ॥
১৯গাবির বোলে সাগরসেন হরষিত হৈঞা ।১৯
আপনার স্থানে সাগর আইল বাহুরিঞা ॥
২০সেই হৈতে নাম হৈল ক্ষীরোদ*সাগর ।
তন্ত্রবিভূতি গায় মানসা দেন্ত বর ।২০

*পাঠ—খিরদ

CENTRAL LIBRARY

১দূরে থাকি মনহর*মায়েকে দেখিঞা।
দুগ্ধ খাইবার বাছা আইল ধাইঞা২ ।।
গাবি বোলে শুন বাছা তুমি মনহর৩।
সাগরবিবরণ কথা কহত সত্বর৪ ।।
বাছা বোলে শুন মাতা খিদা বড় হৈল ৫।
৬তিষ্টা চোটে আমি তবে সাগর শুখাইল ।।৬
খিদা সম্বরিল তিষ্টা নাহি সম্বরিল।
৭আঢ়াই ঢোকেত সাগর শুখাইঞা গেল ।।৭
৮পুত্রের মুখেত গাবি এতেক শুনিঞা।৮
দুগ্ধেত সাগর আমি দিব ভরাইঞা ।।
এক বাটের দুগ্ধ গাবি দেবের লাগি থুইল৯।
এক বাটের দুগ্ধে গাবি সাগর পুরিল১০ ।।
দুই বাটের দুগ্ধ গাবি বাছার তরে থুইল১১।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিল১২ ।

আইল১৩ বাছা মনহর দুগ্ধেত ভরাও উদর
দুই চক্ষ বহা১৪ পরে ধারা।
১৫আসি দুগ্ধ খায় পুতা১৫ মনে না ভাবিহ ব্যথা*
বিনি অপরাধে প্রাণহারা ।।
গেল অরণ্যের মাঝে কামরূপী এক বাঘে
১৬তথা আইনু এ সত্য করিঞা।১৬
১৭বলে বাছা ১৭উত্তর কাহাকো১৮ না কর ডর
আমা১৯ লেহ সংহতি১৯ করিঞা ।।
আগে আগে গাবি জায় তার পাছে বাছা ধায়
২০বাঘের আগে ই মূর্তি ধরিঞা ।।২০
বাছা২১ দেখি ভয় পায় হাসেন কপিলা মায়
২২পলায় ব্যাঘ্র পরাণ নইঞা।২২
বন্দ পদ্মার চরণ নিবিষ্ট হউক মন
৭তন্ত্রবিভূতি পদে৭ গাঞা ।।

CENTRAL LIBRARY

বরারি রাগ।

১বাছাকে দেখিঞা ব্যাঘ্র পাইল বড় ডর ।১
ব্যাঘ্র২ আগে গর্জিলেক৩ বাছা মনহর ।।
৪ক্রোধ করি মূর্ত্তি ধরে অতি ভয়ঙ্কর ।৪
৫খরসান খুর কৈল বাছা সুমেরু শিখর ।।৫
৬তার নাকসাটে৬ পৃথিবী হয়ত৭ বিদার ।
৮সিংহেতে পড়িল সরিষা পারে ফুটিবার ।।৮
নেঞ পাকাঞা বাছা সিংহে মাটি খোরে৯ ।
ত্রাস পাঞা বাঘিনী পলায় উব লড়ে ।।
আর রাখি১০ দুই সিংহ মারিবারে জায় ।
১১তার মূর্ত্তি দেখিঞা১১ বাঘিনী পলায় ।।
১২বাছা দেখি বাঘিনীর শাপ হয় ক্ষয় ।১২
স্বর্গ মর্ত্ত্য পাতালে পড়িল১৩ জয় জয় ।।
স্বর্গেত১৪ আছিল কন্যা নামে মালাবতী১৪ ।
১৫ইন্দ্রশাপে অবনীতে বাঘের মূরতি ।।১৫
১৬মনহর বাছা সঙ্গে হোইল দরশন ।১৬
মুক্তি পাঞা১৭ জায়১৮ দেবী স্বর্গ জে ভুবন১৯ ।।
তেন মত লাএকের২০ সর্ব্বত্র কল্যাণ২১ ।
২২ধনপুত্রে বাঢ়িবেক কুবের সমান ।।২২
২৩গাবি ব্যাঘ্র দুই জনে মুক্ত২৩ এই মতে ।
সাগর২৪ মন্থনকথা২৪ সুন এক চিত্তে ।।
২৫তন্ত্রবিভূতে গায় মনসার দাস ।।
পদছন্দে পাচালি করিল প্রকাশ।।২৫

পাঠ—বেথা

CENTRAL LIBRARY

ভাটিআলি রাগ।

১তেতলি নইঞা টিয়া জায় অনেক অন্তরে।১
২দেখিঞাত শুয়া পক্ষ২ ধাইল সত্বরে॥
দুই পক্ষে জোরাজোরি৩ হৈইল মহারণ।
ঠোটে হোইতে তেতলি পড়িল ততক্ষণ৪॥
৫টিয়ার ঠোটের তেতলি পড়িল ক্ষীরনদী।
সকল সমুদ্র তখন হৈইঞা গেল দধি॥৫
৬দধি হেন৬ সমুদ্র হৈইবে৭ কেমন।
৮কুশ উপারিতে গেলা নারদ তপবন॥৮
হাতে খন্তি করি গেলা মুনিবর।
দক্ষিণ দিগে দেখ দেব ক্ষীরোদ সাগর॥
নারদ বোলেন আমি খিয়াতি রাখিব।
তুরিত গমনে৯ আমি দেবে জানাইব৯॥
ঢেকিতে চোড়িঞা১০ হৈল নারদের১১ গমন।
দেবের সমাজে জাঞা দিল দরশন॥
ব্রহ্মা বিষ্ণু বসি আছে ভোলা মহেশ্বর।
সেই স্থানে আইলা নারদ মুনিবর॥
নারদ দেখিঞা দেব কৈল অভ্যুত্থান।
কি কার্য্যে আইলা মুনি বোলহ এখন॥
নারদ বোলেন দেব স্থনহ বচন।
১২তোমা সভা নিকটে আইলাম জে কারণ॥১২
এক নিবেদন করি স্থন দেবগণ।
দধিময় সমুদ্র হৈইল কি কারণ॥
এতেক বচন জদি নারদ কহেন।
১৩ক্ষীরোদ সাগর মথি সভে১৩ লেহ ধন॥
নারদের বচনে দেব হৈলা হরষিত।
ব্রহ্মা বিষ্ণু১৩ শিব সাজে হৈঞা আনন্দিত১৪॥

CENTRAL LIBRARY

১নবগ্রহ আদি চলে অষ্ট লোকপাল* ।
আর জত দেব চলে বিবিধ বিশাল ॥১
ত্রিশ কোটি দেবগণ একত্র হোইঞা ।
ইন্দ্র আদি দেব আইলা সকলি সাজিঞা ॥
সাগরের কুলে সভ আসিঞা মিলিল ।
সাগর দেখিঞা সভে আনন্দিত হৈল ॥
২ব্রহ্মা বোলে বিষ্ণু২ স্থন আমার বচন ।
কেমন প্রকারে করি সাগর মথন ॥
৩এতেক স্থনিঞা বিষ্ণু দিলেক উত্তর ॥৩
৪আনিবারে চল সভ স্থমেরু শিখর ॥৪
পৃথিবীর স্থিরহয় পৃথিবীর ভাণ্ড৫ ।
৬বাস্থকী ছান্দ দড়ি স্থমেরু কর দণ্ড ॥৬
তবে সে করিতে পারি সাগর মন্থন ।
৭এক দিগে অস্থর আর দিগে দেবগণ ॥৭
দেবতা অস্থর মিলিঞা একত্র হৈইঞা ।
পর্ব্বত আনিতে গেলা জুগতি করিঞা ॥
আনিল স্থমেরু গিরি করিঞা যতন ।
সমুদ্র উপরে আনি করিল স্থাপন ॥
বাস্থকীরে আনিলা৮ করিঞা অন্বেষণ*৯ ।
৩আসি নাগরাজ গিরি করিল বেষ্টন ॥১০
সকল দেবতাগণ জুগতি করিঞা ।
বাস্থকীর মুড় চাপি ধরিল আসিঞা ॥
তাহা দেখিয়া অস্থরগণ ক্রোধ কৈল মনে ।
তোমরা১১ মুখ ধর১২ আমরা নেজুর কেনে ।
ইহা স্থনি দেবগণ ধরিল নেজুর ।
সকল১৩ অস্থরে টানি১৪ধরিলেক১৫ মুড় ॥

*পাঠ—লকপাল

CENTRAL LIBRARY

১প্রথমে মথিল মথন ধর্ম স্বভরিঞা।১
অমৃত পাইল দেব নিলেন বাটিঞা।।
দুয়জে মথিল মথন হরি স্বভরিঞা
লক্ষ্মী সরস্বতী কন্যা উপজিল গিঞা ।।
ব্রহ্মা২ পাইল হংসে ইন্দ্র ঐরাবতে২ ।
মহেশ পাইল৩ বৃষ ত্রিশূল সহিতে৩ ।।
চন্দ্র৪ উঠিল আর৫ উঠিল কামধেনু৫ ।
ধনন্তরি রোঝা উঠে৬ ভয়ঙ্কর তনু*৬ ।।
একে একে নাম লিতে৭ বিলম্ব বিস্তর ।
দেবতা অসুর মেলি৮ মথেন সাগর ।।
সাগর মথিতে সভে শ্রমযুক্ত হৈল ।
শ্রমযুক্ত হৈঞা সভে কাছি ছাড়ি দিল ।।
দেবের নির্বন্ধ কার্য্য খণ্ডন না জায় ।
৯ই সপ্ত পাতালে জাঞা জাঠি সামায় ।।৯
পুনর্বার সভে মেলি মথিতে লাগিল ।
হেনকালে১০ হাতে হৈতে১০ কাছি১১ ছুটি গেল ।।
কাছি ছুটিল জাঠি১২ পাতাল ভেদিল ।
বিষের নান্দিঞায়১৩ গিঞা ১৪ সে জাঠি১৪ ঠেকিল ।।
জখনেতে১৫ সেই জাঠি১৬ বিষেত ঠেকিল ।
১৭হেনকালে সভ মেলি এক টান দিল ।।১৭
বিষের নান্দিঞায় নাগি জাঠি জে ঘুরিল ।
মহাশব্দে উথলিঞা সে১৮ বিষ উঠিল ।।
ধিয়ান১৯ করিঞা ব্রহ্মা অন্তরে জানিল ।
আমার তেজেতে কালকূট উপজিল২০ ।।
মথন ডাণ্ডি২১ বাহিঞা বিষের অবতার ।
ত্রিভুবন জুরিঞা হৈইল অন্ধকার ।।
বিষের নান্দিঞা সভে দেখিঞা পলায় ।
১২অন্ধকার হৈল সব২২ দেখিতে না পায় ।।

*পাঠ—অঘাযন, *পাঠ—তোহ

১পলায় দেবতা সব হোইঞা ফাফর ।১
বিষভয়ে২ দেবগণ পলায় সত্বর২ ।।
অসুর দেবতা পলায় নাহি কাঢ়ে রাও ।
পঞ্চ ক্রোশ৩ অন্তর ফেলায়৩ এক পাও ।।
প্রাণভয়ে দেবগণ পলাইঞা জায় ।
স্থান নাহি পায় দেব সর্বত্র বেড়ায় ।।
ব্রহ্মার নিকটে গেল৪ জত৫ দেবগণ ।
দারুণ গরলভয় করি নিবেদন ।।
প্রাণ রাখ সুন৬ প্রভু নইনু শরণ৬ ।
তোমা প্রভু হইতে রহক৭ ত্রিভুবন ।।
দেবতা কাতর দেখি বোলে চতুর্মুখ ।
শিবের শরণ লেহ ঘুচিবেক দুঃখ ।।
৮ব্রহ্মা বোলেন তবে বিষ্ণুকে ডাক দিঞা ।৮
না৯ পলাও দেবগণ মহেশ ছাড়িঞা ।।
ব্রহ্মার মুখেত বাক্য বিষ্ণু জে সুনিঞা ।
১০বিষেকেত চক্রবাণ মারিল তুলিঞা ।।১০
১১চারিখান হঞা বিষ ভূমিতে পড়িল ।১১
তখনেত মহাদেব মনেত ভাবিল ।।
পড়িলা১২ বিষম বিষ চারিখান হঞা ।
বিশ্বরূপ১৩ বিষ নিল হাতেত করিঞা ।।
১৪ধিয়ানে বসিলা রোষিলা১৪ ভোলা মহেশ্বর ।
১৫তন্ত্রবিভূতি গায় মনসা দেন্ত বর ।।১৫

ধানসি রাগ

১৬ধিয়ানে বসিলা শিব হে ।। ধু ।।১৬

১৭ধিয়ানে জানিল প্রভু১৭ ভোলা মহেশ্বর ।
অখিল জনার গুরু শিব দিগাম্বর ।।

*পাঠ—স্বরণ

CENTRAL LIBRARY

এক ভাগ বিষ নিল হাতেত করিঞা ।
হীন তৃণ করি বিষ দিলেন বাটিঞা ॥
আর একভাগ নিল হস্তেত করিঞা ।
জত জীবজন্তু তাকে দিলেন বাটিঞা ॥
আর এক ভাগ নিল হস্তেত করিঞা ।
অষ্টকুলা নাগেক বিষ দিলেন বাটিঞা ॥
এক ভাগ বিষ শিবের হাতেত রহিল ।
মনেত ভাবিঞা শিব সে বিষ ভখিল ॥
সে বিষ খাঞা শিব১ পড়িল টলিঞা১ ।
তন্ত্রবিভূতি৪ গায় মনসা বন্দিঞা২ ॥

বরারি রাগ ।

৩বিষ খাঞা সদাশিব পড়িল টলিঞা ।
ত্রিশকোটি দেবতা ভাবে বিষাদিত হঞা ॥৩
কি হৈল কি হৈল বোলে সব দেবগণ ।
বিষ খাঞা টলিঞা পড়িল ত্রিলোচন ॥
মিথ্যা ক্রন্দন৪ পাতিল নারদ তপধন ।
তাহার ক্রন্দনে কান্দে পশুপক্ষগণ ॥
মনেত ভাবিঞা মুনি কান্দিঞা বেড়ায় ।
মিথ্যা৫ কান্দন কান্দে মুনি৭ লোক পাতিয়ায় ।৫
কান্দেন নারদ মুনি উর্দ্ধমুখ হঞা৬ ।
কৈলাস পর্ব্বতে মুনি মিলিল৭ আসিঞা ॥
কি কর কি কর মামী নিশ্চিন্তে বসিঞা ।
বিষ খাঞা সদাশিব পড়িল টলিঞা ॥
গঙ্গা দুর্গাকে মুনি বোলেন৮ বচন ।
সত্য বোলি মামা কৈল গরল ভক্ষণ ॥
৯এতেক বোলিঞা মুনি করিল গমন ।
তন্ত্রবিভূতি গায় মনসাচরণ ॥৯

CENTRAL LIBRARY

কুহু রাগ

১গঙ্গা বোলেন দুর্গা১ চল আমার সংহতি।
সাগর মথনে হারাইল২ প্রাণপতি ॥
নারদমুনি বার্তা৩ মোকে কহিল৩ আসিঞা।
৪নিশ্চয় জানিলা প্রভু পড়িল টলিঞা ॥৪
৫সুবর্ণ দর্পণ দুর্গা হস্তে করি নিল ।৫
আপনার মুখ৬ দেবী দর্পণে দেখিল৬।
সিসের সিন্দুর মোর৭ উজ্জল না হৈল৭।
৮চক্ষের কজ্জল মোর লুপ্ত হঞা গেল ॥৮
রামলক্ষণ শঙখ আইল কোঝর হৈঞা।
বড়ই বিপত্য হৈল প্রভুকে নইঞা৯ ॥
কার্ত্তিক গনাই১০ নিল সংহতি করিঞা।
সাগরের কূলে দুর্গা মিলিল আসিঞা ॥
সম্বরেত জায় দুর্গা শিব বরাবর ॥
ভস্মবিভূতে গায় মনসা দেন্ত বর ॥

ভাটিআলি রাগ ॥

জীবনারে জীবনারে আর প্রভু বিনে ॥ ধু ॥

দূর হৈতে দুর্গা শিবকে দেখিঞা১১।
শিব কলে১২ করি বসিল চাপিঞা ॥
কলেত করিল দুর্গা দেব ত্রিলোচন।
কোন কার্য্যের তরে১৩ কৈলা সমুদ্র মথন১৩ ॥
সকল১৪ দেবতা মিলি সমুদ্র১৪ মথিল।
আমার কপালে কালকুট উপজিল১৫ ॥
কার্ত্তিক গণপতি মোর হইবে১৬ অনাথ।
১৭কেনে বা মথিল সাগর১৭ ত্রিজগতনাথ ॥
গঙ্গা বোলে দুর্গা তুমি সুনহ বচন।
পদ্মা ঝি বোলিঞা১৮ তুমি করহ স্মরণ ॥

CENTRAL LIBRARY

শঙ্করকুমারী দেবী বিষের ঈশ্বরী।
খেদাঞা মারিব বিষ জয় বিষহরি ।।
১কান্দে গঙ্গা দুর্গা শিব কলেত করিঞা।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা ।।১

পাহারিয়া রাগ ।।

কান্দে দেবী শঙ্করী শিব কলেত২ করি
না সম্বরে গায়ের বসন।
উঠ উঠ ত্রিলোচন কেনে হৈলা৩ এমন
সাগর মথিলেঃ কি কারণ ।।
সাগর মথিতে আইলা বিষ খাঞা টলিলা
হরিষে নইঞা দেবগণে।
ত্রিশ কোটি দেবগণে৫ ৬সভে হরষিত মনে৬
৭আমার বিষাদ কি কারণে ।।৭
খটক ডম্বরু৮ ধর কেনে নাহি সম্বর
৯বাসোয়া আছে৯ বিয়ানে।
গঙ্গা দুর্গা কান্দে১০ কেশ১১ নাহি বান্ধে
পরে নীর দুহার নঞানে ।।
কান্দিছেন১২ দিগাম্বরী শিবের চরণ ধরি
আর কান্দে গঙ্গা সুরেশ্বরী।
ইহাতে অধিক আর১৩ ১৪বিপদ নাহিক১৪ তার
এখন স্বভরে১৫ হরি হরি ।।
দেবীর ক্রন্দন শুনি দেবগণ বোলে বাণী
সুন দুর্গা বোলিএ১৬ বচন।
ব্রহ্মা বোলেন বাণী শুন দেবী নারায়ণী
গ্রন্থ দেখি বোলি এখন১৭ ।।
তুমি মোর বচনে তুরিত কর গমনে
সিরলি পর্ব্বতে নাম গিঞা।

CENTRAL LIBRARY

১ বন্দ মনসার চরণ নিযুক্ত হউক মন
আন মনসারে প্রবধিঞা ॥১
মনসাচরণ বর বন্দি শির উপর
তন্ত্রবিভূতে পদে গায় ॥

কুহু রাগ২ ॥

৩কি হেরিঞা আইলাম কালারূপ ॥ ধু ॥৩

কার্ত্তিক গণপতি নিল সঙ্গতি৪ করিঞা।
নারদ মুনিরে দুর্গা নিল ডাক দিঞা ॥
সিংহপৃষ্ঠে চড়ে দেবী ব্যাঘ্রে দিঞা পাও৫।
সিয়লি৬ পর্বতে জায় কার্ত্তিকের মাও৭ ॥
নারদমুনিকে নিল সংহতি করিঞা।
সিয়লি পর্ব্বতে৮ দুর্গা উত্তরিল গিঞা৮ ॥
যোগনিদ্রা আছে জথা৯ শঙ্করঝিঞারি।
হেন কালে গেলা তথা দেবী মহেশ্বরী ॥
নারদমুনিকে আগে দিল পঠাইঞা।
পদ্মা ঝিকে১০ মোর আগে আন প্রবধিঞা১০ ॥
দুর্গার বচনে মুনি গেলা নড়১১ দিঞা।
পদ্মার নিকটে মুনি১২ উত্তরিল গিঞা১২ ॥
কি কর মনসা বহিন নিশ্চিন্তে বসিঞা।
১৩তোমার পিতা মোরিল গরল বিষ খাঞা ॥১৩
ত্রিশ কোটি১৪ দেবতা মেলি১৪ সাগর মথিল।
সাগর মথিতে সেই গরল উঠিল ॥
বিষভয়ে দেবগণ পলাইঞা জাএ।
১৫শরণ লইল দেব শঙ্করের পাএ ॥১৫
সেই বিষ পান তবে করিল শঙ্কর।
গঙ্গা দুর্গা১৬ পঠাইল তোমার বরাবর১৬ ॥

CENTRAL LIBRARY

সত্বরে চলহ বোহিন ভক্ত দণ্ড* নঞা ।
১প্রমাদ পড়িল তথা মামাকে নৈইঞা ।।১
এতেক বচন জদি নারদ বোলিল ।
দশ গোটা নাগে মুনিকে খেদাইল ২ ।।
তাহা দেখি দুর্গা গেলা৩ পদ্মার গোচর ।
জোড় হাত করি৪ দেবী জানাইল সত্বর ।।
মিনতি করিঞা বোলে দেবীত পার্ব্বতী৫ ।
স্বামী৬ মোকে৭ চজিয়াইয়া দেহ পদ্মাবতী৮ ।।
পূর্ব্ব কালের খোটা৯ পুতা না করিহ মনে৯ ।
জত দোষ১০ কৈনু পুতা ক্ষেমহ আপনে১০ ।।
দুর্গার কাকুতি বাক্য পদ্মাএ সুনিল ।
আপনার নিজ কথা কহিতে লাগিল ।।
পূর্ব্ব কালের কথা মা করহ স্মরণ ।
বিনি দোষে আমাকে১১ পঠাইলে কেনে১১ বন ।।
ধীরে ধীরে মনসা মা বোলিছেন কথা ।
জাইতে নারিব১২ আমি শরীরে আছে১২ ব্যথা ।।
এত বাক্য সুনি দুর্গা পদ্মাএ১৩ বলিল ।
আমি রাড়ী হৈলে তোমার হইবেক ভাল ।।
দুর্গার কাকুতি বাক্য পদ্মাএ সুনিঞা ।
সাজিল মনসা মা ভক্ত দণ্ড নৈঞা ।।
আমাকে সতাই জদি জাইবে নইঞা ।
সাধ করিঞাছি জাই১৪ কলেত চড়িঞা১৪ ।।
১৫অখনেত দেবী দুর্গা এতেক সুনিল ।১৫
আইস আইস কোরি১৬ ঝিকে১৬ কলে কৈল১৬ ।।
১৭পুরবের দুঃখ ছিল১৭ শরীরে১৮ তাহার ।
কোলেত চড়িঞা মূর্ত্তি হৈল ১৯ বিশ্বম্ভর১৯ ।।

*পাঠ—ভণ্ড

CENTRAL LIBRARY

বড় ভায় হৈল মাকে১ নাহি জায় রাখা।
পদ্মার ভয়ে দুর্গার কাঁকালি হৈল বেকা২ ॥
বড় দুঃখ পাইল দুর্গা নারে রাখিবারে৩।
মায়ে দুঃখ পাইলেন৪ জানিল অন্তরে ॥
দুর্গা বোলে দুঃখ তোমার আছিল শরীরে।
তে কারণে কাঁকালি বেকা করিলে আমারে ॥
এতেক বচন জদি পার্ব্বতী বোলিল।
কোলে হৈতে নামি পদ্মা হংসেত চড়িল ॥
অষ্টকুলা নাগ নিল সংহতি৫ করিঞা।
সাগরের কূলে দেবী মিলিল আসিঞা ॥
৬জলখাতে পরিঞা আছে ভোলা মহেশ্বর।৬
শঙ্খজল দিঞা দেবী চিঞায় শঙ্কর ॥
৭তন্ত্রবিভূতে গায় মনসার দাস।৭
৮পদছন্দে পাচালি করিল প্রকাশ।৮

গুঞ্জরি রাগ৯ ॥

চিয়া ও চিয়াও মোর শঙ্কর জে পিতা।
জাপ করে মন্ত্র পঢ়ে কর্ণলতা ॥ ধু ॥

১০কুশ স্থাপন কৈল দেবী শঙ্খজল দিঞা।১০
শঙ্করকে শোয়াইল সেই স্থানে নঞা ॥
আদি মন্ত্রে ঝারে দেবী দিঞা শঙ্খজল।
মনভাবে ক্ষয় করে সকল গরল ॥
আদি মন্ত্রে ঝারে দেবী ভকতি করিঞা।
প্রথমে ঝারেন দেবী ধর্ম্ম খণ্ডরিঞা ॥
মূল মন্ত্রে পঢ়ে দেবী ধিয়ান১১ করিঞা।
অষ্ট মন্ত্রে অষ্ট গোরুড় দিল সমর্পিঞা ॥
বাজে শঙ্খধ্বনি আর ফুকরে কাহাল।
দক্ষিণে বিশাল কাঢ়া বামে করতাল ॥

CENTRAL LIBRARY

১শরীরের জত বিষ সমাধি করিঞা ।১
আদি মন্ত্র পাঞা শিব বসিল উঠিঞা ।।
২জিঞাইল পদ্মা দেবী২ আনন্দ দেবগণ ।
আনন্দিত৩ হঞা সভে৪ জুড়িল লাচন ।।
৫সকল দেবতা নাচে আনন্দিত হঞা ।৫
বিষহরি থাকে৬ আরে হেট মুণ্ড হৈঞা ।।
আমি জীব পাইলাঙ কেনে বিষাদ তোমার ।
ভস্মবিভূতে গায় মনসা দেহ বর ।।

কুহু রাগ৮ ।।

মনসার তরে শিব বোলে ডাক দিঞা ।
৯কেনে বা থাকিলে বাছা৯ বিষাদিত হঞা ।।
১০কিবা সেই চাহো পদ্মা দেউত আনিঞা ।
১১তবে কেনে নাহি চাহো হরষিত হঞা ।।১১
১২জে চাহিবা সেই দিব না করিব আন ।১২
সকল আছএ বাছা দেবের ভুবন ।।
এতেক স্থনিঞা পদ্মা১৩ হরষিত মন* ।
আপনার সজ্জ*দেবী নিছেন তখন ।।
ঘটক ডম্বরু চাহে আর১৪ লাউয়া লাঠি১৪ ।
দশ সারা সিন্দুর চাহে আর ঘট দুটি১৫ ।।
১৬এই সব চাহেন জে জয় বিষহরি ।১৬
আনিঞা দিলেন সজ্জ ত্রিদশ অধিকারী ।।
১৭উঠিঞা বসিল১৭ দেবী বন্দিঞা দেবগণ ।
সজ্জ পাঞা দেবী পদ্মা ১৮জুড়িলা লাচন১৮ ।।
১৯ঘটক ডম্বুক বাজে বাজে সুশীতল ।
আনন্দিত হৈঞা নাচে ব্রাহ্মণী তোতল ।।১৯
জয়ঢাক২০ করতাল কাড়া২১ মাকুল ২২বাজে ।
২৩হংসেত চড়িয়া দেবী নাচে সভামাঝে ।।১৪

*পাঠ—মোন,*পাঠ—সর্ব্য

CENTRAL LIBRARY

১নাচিতে নাচিতে দেবী আনন্দিত হৈল ।১
দেবীর গায়ের২ বস্ত্র বাতাসে উড়িল ॥
৩তাহা দেখি নারদ মুনি বোলিতে লাগিল।
হেন ছার কন্যা দেবের সভা হাসাইল ॥৩
৪ এমত নিলজ্জ কন্যা আছে কার ঘরে।
বিবস্ত্র হইঞা নাচে দেবের গোচরে ॥৪
ব্রহ্মা আদি করিঞা আছেন৫ দেবগণ।
বিবস্ত্র হইঞা নাচে দেবের ভুবন৬ ॥
নারদের বচনে দেবী৭ লজ্জা বড় পাইল৭।
৮লজ্জা পাইঞা দেবী৮ নাচন সম্বরিল ॥
৯পদ্মাকে দেখিঞা দুর্গা বোলেন বচন।
তন্ত্রবিভুতি গায় মনসাচরণ ॥৯

পাহারি রাগ।

ক্রোধ হৈল দুর্গা দেবী অতি খরতর।
নিলজ্জ হইঞা নাচে বেটি১০ সভার ভিতর ॥
সিয়লি১১ পর্ব্বত হৈতে১২ আনিলা জাঞা১২।
তোর রূপ দেখি ভাঙ্গরা১৩ বসিল উঠিঞা১৩ ॥
মায়া করি ভাঙ্গরা পড়িঞা জে আছিল।
তোমাকে দেখিঞা শিব উঠিঞা বোসিল ॥
দুর্গাএ বলিল জদি এতেক উত্তর।
ক্রোধিত হইল তবে পদ্মার কলেবর ॥
সকল দেবতাগণ বলিতে লাগিল।
১৪ই কি অসম্ভব কথা দুর্গা কহিল ॥১৪
ক্রোধ করি পদ্মা দেবী১৫ হংসেত চড়িল১৫।
১৬উঘারিঞা দিল বিষ শিব টলি পৈল ॥
সিয়লি পর্ব্বতে দেবী করিলা গমন ।১৬
১৭পাছে ডাক পাড়ে ত্রিশ কোটি দেবগণ ।১৭

CENTRAL LIBRARY

পড়িল শঙ্করদেব হঞা অচেতন।
বাপেকে মারিঞা দেবী জাহ কি কারণ॥
ব্রহ্মা বোলে বাহুড় মা কেনে জাহ ঘর।
ভস্মবিভূতে গায় মনসা দেহ বর॥

ভাটিআলি রাগ।

ব্রহ্মা আর হরহরি করজোড়ে১ স্তুতি করি
সুন মাতা আমার বচন।
বিষ্ণু বোলে পদ্মমুনি২ সুন তুমি৩ ব্রাহ্মণী
ক্ষেম দোষ হয়৪ পরসন্ন।
আইস মনসা মা আরাধো তোমার পা
তোমার চরণ করি৫ সেবা।
হর রাখ বিষ ভখ৬ ৭একে একে দেব দেখ৭
রাখহ শঙ্কর বাপ দেবা॥
৮পাতাল পুরীতে বাসী নাশিলেন বিষ কালি৮
তবে নাম হৈল বিষহরি।
৯মানসরোবরে দেবী নমো তুমি বিষহরি
তুমি বট শঙ্করঝিয়ারি॥১০
অষ্টকুলা নাগের মা বন্দগো১১ তোমার১২ পা
জোড়হস্তে করহ১৩ স্তবন।
১৪গঙ্গা দুর্গা সভাই কার্ত্তিক গণাই ভাই১৪
অনাথ করহ কি কারণ॥
সুনিঞা ব্রহ্মার বাণী ১৫বাহুড়িলা পদ্মমুনি১৫
কাখে ক্ষীরোদ ঘট নঞা।
মনসার চরণ বর বন্দি শির উপর
শঙ্কর দিল চিঞাইঞা॥

নিজ মন্ত্র জপে দেবী শঙ্খজল দিয়া।
১৫আছিল পড়িঞা শিব উঠিল বসিঞা॥১৫

CENTRAL LIBRARY

চিয়াইঞা উঠে শিব ত্রিজগতনাথ ।
দেবগণ লাচেন করিঞা জোড় হাত ॥
ব্রহ্মা বিষ্ণু লাচেন লাচেন ত্রিলোচন ।
লক্ষ্মী সরস্বতী লাচে আনন্দিত মন ১ ॥
গঙ্গা দুর্গা লাচে২ তবে জয় জয় দিঞা ।
জয় বিষহরি লাচে হংসেত চড়িঞা৩ ॥
নাচে দেবী বিষহরি৪ বেগমন্ত হৈঞা৪ ।
৫সভামধ্যে নারদ মুনি আছিল বসিঞা ॥৫
৬নারদ বোলেন দেব সুনহ উত্তর ।৬
হেন অকুমারী কন্যা আছে কার ঘর ॥
হেন অকুমারী কন্যা সভাতে বেড়ায় ।
এমত উচিত নহে দেবের সভায় ॥
নারদবচনে লজ্জা পাইল মহেশ্বর ।
বিষ্ণুর নিকটে গিঞা করিল গোচর৭ ॥
কোথা বিভা দিব কন্যা বোল দেবরায় ।
বিষ্ণু বোলেন তবে হইঞা সদয় ॥
৮দেবগণ সনে৮ তুমি জুগতি করিবে ।
তবে বিষহরি কন্যা তুমি বিভা দিবে ॥
৯বিনয় করিঞা শিব হৈঞা পরসন্ন ।
বিষহরির বিভা হৈল আনন্দিত মন ॥৯
দেবগণ বোলে তবে করিঞা প্রবন্ধ ।
১০বিষহরি বিভা দিলে সভার আনন্দ ॥১০
বিষ্ণু বোলে ব্রহ্মা তুমি সুনাহ বচন ।
বিষহরির বিবাহের করহ জোটন ॥
পুরাণ দেখিঞা১১ ব্রহ্মা বোলে১১ গঙ্গাধর ।
জরৎকার মুনি হবে বিষহরির বর ॥
১২দেবগণ মিলিঞা করিল অনুমান ।
বিষহরি দেবীকে ত দেহো স্বামী দান ॥১২
১৩ব্রহ্মা বোলে সুনহ নারদ মুনিবর ।
জরৎকার কোথা আছে আনহ সত্বর ॥১৩

CENTRAL LIBRARY

মুনি বোলে আছে তেহ১ মানসরোবরে।
তপস্যা করেন তেহ২ দ্বাদশ বৎসরে॥
৩তপস্যা করেন মুনি মানসরোবরে।
বিষহরি নঞা তুমি জাহো তথাকারে॥৩
এতেক আদেশ দেব নারদে কহিঞা।
নিজ নিজ স্থানে সভ গেলেন চলিঞা॥
এথাতে নারদমুনি কোন কর্ম্ম করে।
বিষহরি নঞা জায় মানসরোবরে॥
৪তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ॥৪

ভাটিআলি রাগ

পদ্মাকে নারদমুনি সঙ্গতি৫ করিঞা।
মানসরোবরে মুনি মিলিল আনিঞা॥
জেথানে তপস্যা মুনি করে জরৎকার।
পদ্মাকে নইঞা মুনি কৈল আগুসার॥
রবির কিরণ মুনির৬ চক্ষে পতন৬।
জল৭ পুষ্প৮ দিঞা পুজে কোটি দেবগণ৮॥
নঞাখি ঠারে দেখাইল নারদ মুনিবর।
জরৎকার তপস্যা করে দ্বাদশ বৎসর॥৯
সূর্য্যের কিরণ আর জলিছে আগুন।
যোগাসনে আছে মুনি তপস্যা কারণ॥
মুনিকে দেখিঞা দেবী বড় ভয় পাইল।
বিনয়১০ করিঞা দেবী বোলিতে লাগিল॥
নারদেকে বোলে দেবী মিনতি১১ করিঞা।
নাহি লিব স্বয়ম্বর জাব বাহুরিঞা॥
১২সূর্য্যের কিরণ জেন দুটি চক্ষু জলে।
দেখিঞা আমার গা করে টলমলে॥১২

CENTRAL LIBRARY

নারদ বোলেন তুমি না হও বিমন১ ।
প্রজাপতি জোটন আছে২ ললাটে লিখন২ ।
৩এতেক স্থনিঞা পদ্মা মন স্থির কৈল ।
পুষ্পমালা হাতে লঞা আগে জড়াইল ॥৩
সূর্য্যের উপস্থান করি মুনি ঘরে জায় ।
পুষ্পমালা হাতে দেবী মুনিকে রহায় ॥
দেবীকে দেখিয়া মুনি পুছেন বচন ।
কোথাকারে জাহ কন্যা আইলা কি কারণ ॥
দেবী বোলে মোর বাপ দেব মহেশ্বর ।
স্বয়ম্বর নিতে আইলাঙ৪ তোমার গোচর ॥
মুনি বোলে ত্রিভুবনে শিব অবতার ।
তার কন্যা হঞা বর যাচিঞা ভাতার ॥
৫দেবগণ আছে এত স্বর্গ ভুবনে ।
তারে নাহি স্বয়ম্বর কর কি কারণে ॥৫
নারদ বোলেন মুনি না কর বিমনে৬ ।
তোমারে ৭পঠাইল ত্রিশকোটি দেবগণে ॥
৮আমার বচনে পুষ্প মালা লেহ মুনি ।
মালা গ্রহণ করহ ৭শঙ্করনন্দিনী ॥৮
জরৎকার বোলেন স্থন৯ নারদ মুনিজন ৯।
ঘর না করিব আমি ব্রহ্মণ পালন ॥
এতেক বচন স্থনি বোলে পিতৃগণ ।
বিবাহ করহ তুমি স্থনহ১০ বচন ॥
১১এক গুটি বংশ তুমি আছহ আমার
বিভা না করিলে বংশ হবে কি প্রকার ॥১১
পূর্ব্ব বংশের১২ তবে স্থনিঞা কাহিনী১২ ।
১৩সকরুণ হঞা বোলে১৩ জরৎকার মুনি ॥
১৪জরৎকার মুনি এই বংশ জে তোমার ।১৪
বোলহ কেমতে হয় বংশের উদ্ধার ॥

CENTRAL LIBRARY

ই বোল স্থনিঞা বোলে পূর্ব্ব পিতৃগণ।
বিভা কর জরৎকার স্থনহ বচন ॥
বিভা কৈলে ভাল পুত্র হইবে তোমার।
তবে সে হইবে আমার সভার১ উদ্ধার ॥
নারদের বচন তুমি না কর লঙ্ঘন।
ই বোল বুঝিঞা বিভা কর২ তপধন ॥
এত বলি পিতৃগণ অন্তর্দ্ধান হৈল।
স্থনিঞা ত পিতৃবাক্য বিস্ময় জন্মিল ॥
নারদ বোলেন৩ ভাল বোলিলে বচন।
ললাটে লিখন জত না জায় খণ্ডন ॥
এক বাক্য নারদ আমিও বোলিএ তোমারে।
৫ইচ্ছা ভঙ্গ করিলে ছাড়িব মনসারে ॥৫
জরৎকার মুনি বিভাএ৬ দিল মন।
তন্ত্রবিভূতে গায় মনসাচরণ ॥

পটমঞ্জরি রাগ ৭

জরৎকার মুনি৮ জে বিভাতে কৈল মন৮।
সভা করি বসিলা জতেক৯ দেবগণ ॥
চারি দিগে বসিলেন১০ মুনির সমাজ।
ডাল১১ পুষ্প মাল্য দিঞা সিদ্ধি কৈল কাজ ॥
গলে পুষ্প মাল্য দিঞা রহে দক্ষিণ১২ পাশে।
জয় জয় দিলা সভে মনের হরিষে ॥
১৩তবে কোন কর্ম্ম করে ভোলা মহেশ্বর ।১৩
জরৎকার মুনিকে আনিলা নিজ ঘর ॥
শাস্ত্রের বিধানে তার করি মঙ্গল।
দেবপূজা পিতৃপূজা করিল সকল ॥
মুনি যজ্ঞ জ্বালিল১৪ নারদ ব্রহ্মা আইল।
জরৎকার হস্তে কন্যা উৎসর্গিঞা১৫ দিল ॥
কন্যাদান করে শিব আনন্দিত মন।
যৌতুক করিঞা দিল জত১৬ দেবগণ ॥

CENTRAL LIBRARY

১বিষহরির বিবাহে১ আনন্দ ত্রিভুবন।
২সকল দেবতাগণে হরষিত মন ॥২
৩সকল দেবতাগণ হরষিত হঞা।৩
জয়ৎকার সনে চলে মনসা ভাবিঞা ॥
পাতালের বাসুকী আইলা জত নাগগণ।
৪দেখিঞা আনন্দ হৈলা সভাকার মন ॥৪
নাগকন্যা দেবকন্যা গন্ধর্ব্বঝিয়ারি৫।
আনন্দ হইঞা নাচে জয় জয় করি ॥
ব্রহ্মা বিষ্ণু নাচেন করিঞা শঙ্খধ্বনি।
লক্ষ্মী সরস্বতী নাচে বিষ্ণুর ঘরণী ॥
গঙ্গা দুর্গা নাচেন মহেশের নারী।
চিত্তের হরিষে নাচে ইন্দ্রবিদ্যাধরী ॥
সকল দেবতাগণে করে অনুমান।
বিষহরি দেবীকে কিছু করিএ সম্মান* ॥
ব্রহ্মাএ দিলেন হংস আর রাজমণি*।৬
বিষ্ণু আনিঞা দিল আপন শঙ্খ ধ্বনি ॥
মহেশ দিলেন তবে ই রাজ্যে ছাড়িঞা।
চারি মাস বরিষা বাছা রাজ্য কর গিঞা ॥
৭নেতাইকে পাত্র করি দিলেন শঙ্কর।
কর্ম্মচারী হঞা তুমি থাকিবে তৎপর ॥৭
বাসুকী দিলেন তারে সতেস্বরি হার।
সাগর আনিঞা দিল অষ্টদ অলঙ্কার ॥
ইন্দ্র আদি দেবগণ দিল নানা ধন।
দেবীকে সম্মান করি গেল নিজ স্থান ॥
৯দেবীকে সন্তুষ্ট করি সভে ঘর জায়।
মনসা বন্দিঞা তন্ত্রবিভূতে গায় ॥৯

*পাঠ—সম্মান (সর্বত্র), পাঠ—রাজমুনি

CENTRAL LIBRARY

নটরাগ ॥

১বিভা করি জরৎকার রহিলা সেইস্থান ।
পরিচর্য্যা করেন দেবী বিবিধ বিধানে ॥১
একদিন মুনি আছে২ করিঞা শয়ন২ ।
৩আষাঢ় মাসে মহাবৃষ্টি হইল তখন ॥৩
বৃষ্টি জলেত তখন স্রোত বহি জায় ।
বৃষ্টি জল খাইতে চেঙ্গ বেঙ্গ উজায় ॥
শুঞা ছিল মহামুনি চক্ষু সে নিদ্রায় ।
সেই চেঙ্গ বেঙ্গ দেবী ধরি ধরি খায় ॥
তাহা দেখি জরৎকার লাগিলা ভাবিতে ।
রাক্ষসিনী এই কন্যা দেখিএ সাক্ষাতে ॥
অভক্ষ্য করিল কন্যা বড় দুরাচারি ।
ভ্রষ্টাচারি দেখিঞা ছাড়িব বিষহরি ॥
৪এতেক দেখিঞা৪ মুনি ক্রোধ কলেবর ।
তপস্যা করিতে গেলা মানসরোবর ॥
তপস্যা করিঞা মুনি আইলেন ঘর ।
এই মতে থাকে মুনি কতেক বৎসর ॥
এক দিন মহামুনি শুঞা নিদ্রা জায় ।
বেলা অবসান হৈল সন্ধ্যায় সময় ॥
সন্ধ্যা পাত৫ হয় জানি মনসাকুমারী ।
মুনিকে চেতন কৈল হাতে পাত্র ধরি ॥
চিঞাইঞা৬ জরৎকার মহাক্রোধে বোলে ।
বেঙ্গথাকি পাপিষ্ঠা মোর৭ ইচ্ছা ভঙ্গ কৈলে ॥
জোড়হাতে বোলে তবে শঙ্করনন্দিনী ॥
সন্ধ্যাপাত হয়৮ প্রভু চিঞাইনু জানি৮ ॥
সন্ধ্যা সন্ধ্যা করিঞা ডাক দিল মহামুনি ।
ভয় পাঞা সন্ধ্যা দেবী আইলা তখনি৯ ॥

CENTRAL LIBRARY

সন্ধ্যাকে দেখিঞা তবে১ বোলে মহামুনি১ ।
তুমি কি জাইবে২ সন্ধ্যা না করিলে আমি২ ॥
তবে সন্ধ্যা দেবী বোলে কি মোর পরাণ ।
তুমি সন্ধ্যা না করিলে৩ হয় অন্তর্দ্ধান৩ ॥
তার বাক্য স্থনি মুনি বোলে মনসারে ।
ইচ্ছা ভঙ্গ কৈলে মোর তেজিব তোমারে ॥
৪তুমি কর গৃহবাস আমি জাব ছাড়ি ।
মনে ভয় পাইলেন দেবী বিষহরি ॥৪
এহ বোল বোলিঞা চলে জরৎকার মুনি ।
৬তার পাছে কান্দি জায় শঙ্করনন্দিনী৬ ॥
দেখিল কান্দিছে পাছে শঙ্করকুমারী৭ ।
মুনি বোলে কেনে আইস৮ বুঝিতে না পারি৮ ॥
বিষহরি দেবী তাকে৯ বোলিল বচন ।
বিবাহ করিলা মুনি তুমি অকারণ ।
পুত্র না জন্মিল১০ মোর তেজি জাহ১০ তুমি ।
১১কোন লক্ষ্য করিঞা কোথাতে থাকি আমি ॥১১
ভার্য্যার অনেক দুঃখ স্থনি সকরুণ ।
পিতৃলোকের পূর্ব্ব কথা হইল স্মরণ ॥
১২মনসার বাক্যে মুনির দয়া উপাজিল ।১২
বিষহরির১৩ উদরে মুনি১৩ হস্ত বুলাইল১৪ ॥
১৫আস্তিক আস্তিক১৫ বোলি মুনি১৬ লাভি ধরে১৬ ।
মুনির বচনে১৭ বিষহরি গর্ভ ধরে১৭ ॥
১৮এই গর্ভে জন্মিবে কুমার গুণবান ।১৮
আস্তিক বোলিঞা ইহার রাখিবেক১৯ নাম ॥
২০এত বোলি ছারিঞা চলিল মুনিবর ।২০
ভস্মবিভূতে গায় মনসা দেন্ত বর ॥

CENTRAL LIBRARY

সপ্ত রাগ।

পুত্রবর১ পাঞা আইলে১ মনসাকুমারী।
মনভাবে২ গর্ভ ধরে দেবী বিষহরি॥
তার কত দিনে জন্ম লভিল কুমার।
আস্তিক তাহার নাম বিষ্ণু অবতার॥
এইরূপে আস্তিকের হইল জনম।
বাপের চরণে পদ্মা লইল শরণ॥
আমারে ছাড়িঞা মুনি গেলেন চলিঞা।
পৃথিবীতে রহিলাম আমি অপূজ্য হইঞা॥
আশ্বাস দিলেন তারে৩ দেব ত্রিলোচন।
তোমার পূজা মর্ত্ত্যেতে করিবে জগজন॥
জ্যৈষ্ঠ মাসে দশহরা অম্বুবাচী দিনে॥
মনসা পঞ্চমী লোকে করিবে পূজনে॥
দুঃখ না ভাবিহ ঝি তুমি থাক ঘরে।
পিতার স্থানেতে দেবী পাইলেন বরে॥
বর পাঞা পদ্মা দেবী হরষিত মন।
হংসেত চড়িঞা দেবী জুড়িলা নাচন॥
নাচে জয় বিষহরি হংসের উপরে।
হংসের পাখাতে হানে ই সপ্ত সাগরে॥
মায়া তপ করে তথা আসন বাসন।
৪তার গাএ পড়িল হংসের পাখার জল॥৪
তাহা দেখি আসন বাসন মহাক্রোধ হৈঞা।
হংসকে মারিতে গেলা নর্ত্তন করিঞা॥
তাহাকে দেখিঞা হংস হইলা থকিত।
নৃত্যভঙ্গ হৈঞা পদ্মা হইলা কুপিত॥
কি কারণে নৃত্য ভঙ্গ৫ করিলে আমার।
বার বৎসর থাক আসন৬ গ্রামের বাহির॥

CENTRAL LIBRARY

বাসনেকে কে শাপ দিল অতি বড় রোষে।
কালদুষ্ট হঞা তুমি বেড়াও দেশে দেশে ॥
১এই শাপ দিল তোরে না জায় খণ্ডন।১
বার বৎসরে হৈব দুহার শাপ বিমোচন ॥
২শাপ সুনি মনদুঃখে গেলেন চলিঞা।২
নানা দেশ আসন বাসন বেড়ায়৩ ভ্রমিঞা ॥
৪পুন আসি দেবীর চরণে কৈল স্তুতি।৪
আমরা জাইব মাতা তোমার সংহতি ॥
তোমার শাপেতে মাতা পাইলাঙ৫ বড় দুঃখ।
পদযুগে স্থান দিঞা কর মোর সুখ ॥
বাসনের বোলে তুষ্ট ব্রাহ্মণী তোতল।
প্রথম পাত্র হৈল দেবীর আসন বাসন ॥
পদ্মার আদেশে গীত৬ গাইল সপনে৬।
৭তন্ত্রবিভূতি গায় মনসাচরণে ॥৭

আঝর নঞান কোনে বিষাদিত হঞা মনে
কলিতে*পূজা হইবে কেমনে ॥
জত আছে দেবগণ তারে পূজে সর্ব্ব জন
আমারে না পূজে পৃথিবীতে ॥
আসন বাসন বোলে বাণী সুন মাতা পদ্মমুনি
জেমতে৮ পূজার পরকাশ।
সুন গো শঙ্করসুতা৯ কহিএ ভবিষ্য১০ কথা
তোমার পূজার ইতিহাস ॥
সপ্তদ্বীপ যুগে যুগে তোমার অর্চ্চনা নাগে
আপনে করহ পরচার।
দ্বাপর যুগের শেষ চাম্পাই নগর দেশ
জাইবেন জালু মালুর ঘর ॥

*পাঠ—কোলি

CENTRAL LIBRARY

আপনার নিজ রূপে পূজা১ না নইবে১ ভূপে
জালুমালুক করিবেন দয়া।
জালুর নইঞা পূজা তাহাকে করিবে রাজা
চন্দোর ঘরে পাতিবেন মায়া॥
২চান্দো সঙ্গে করি২ বাদ ধনন্তরি করি বধ
৩মারিবেন চান্দোর ছয় পুত্র।৩
ছয় পুত্র মারিঞা সপ্তা ডিঙ্গা ডুবাইঞা
চান্দোর আবস্থা বিপরীত॥
তালভঙ্গ করি ছলা অনিরুদ্ধ উষা বালা
ছলিঞা আনিবে বসুমতী।
গন্ধবণিকের জাতি ৪নখাই হইবে৪ খ্যাতি
জন্ম হবে পুরী চম্পাবতী॥
নখাইকে বিভা দিবে তাতে বাদ সাধিবে
তোমার নাগে নখাই খাবে।
স্বামী নয়া সুন্দরী ভাসিবেন একেশ্বরী
অস্থি *নঞা দেবপুরী জাবে॥
পাইঞা৫ তোমার বর ভজিবেন শঙ্কর
দিবে তুমি নখাই জিয়াইঞা।
সত্য করাইঞা তারে ৬আনিবেন নিজ পুরে৬
তবে পূজা করিবে বানিঞা॥
পূজা নৈঞা৭ নিজ অংশে দুজনের স্বর্গবাসে
এই মতে পূজার বিধান।
৮বাসনের কথা সুনি আনন্দিত পদ্মমুনি
বাসনে দিল কাঞ্চন ভূষণ॥৮
তন্ত্রবিভূতে গায় বন্দিঞা মনসার পায়
দ্বিজ মুনি অস্তিকের মাতা।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা॥

*পাঠ—অনিরুদ্ধ. *পাঠ—অস্তি

CENTRAL LIBRARY

বণিকখণ্ড

হরি বোলরে গোবিন্দপদ সেব ॥ ধু ॥

জরৎকার মুনির তুমি হও জায়া ।
চরণে শরণ লইলাম না ছাড়িহ দয়া ॥
অপরূপ কথা এখন স্থন সর্ব্ব জন ।
পদ্মার সনে চান্দোর বাদ হইল জেমন ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

পদ্মার চরিত্র১ গীত রসে২ পদ সমুদিত
পিতৃ মাতৃ বন্দো৩ দুই পদে
গৌড় নগরে ঘর মহারাজা ধনেশ্বর
বিক্রমকেশরী নাম ধরে ॥
দেশের সকল লোক নাহি দুঃখ নাহি শোক
সুখে বঞ্চে রাজার নগরে ;
কোটিশ্বর নরপতি তার পত্নী কলাবতী
অপুত্রিক দুঃখিত অন্তরে ॥
একান্ত করিঞা মন পূজা করে ত্রিলোচন
তুষ্ট হঞা৪ শিব দিল বর ।
শিব বোলে পুত্র তোর হঞা ভক্ত হবে মোর
আমা বিনে না পূজিবে আন ॥
বর পাঞা কলাবতী সম্ভাষিল নিজ পতি
ঋতু পাঞা৫ গর্ভ হৈল তার ।
৬দশ মাস দিন জানি জন্মিল* নন্দনখানি৬
দিনে দিনে লোকাচার করে ॥
চন্দ্রপতি রাখে নাম রূপে গুণে অনুপাম
বাঢ়ে সাধু বানিয়ার ঘরে ।
ছয় মাস মহাসুখে অন্ন ছআইল৭ মুখে
পঞ্চ বৎসরে কর্ণবেধ* করে ॥

পাঠ—কর্ণবেদ

CENTRAL LIBRARY

বালক শুভক্ষণ দিনে বাঢ়ে বালা দিনে দিনে
ধর্ম্ম কর্ম্ম জন্ম এ সকল।
১তন্ত্রবিভূতি পদ রচিল সে বিদগদ
পদ্মা দেবীর পাঞা বর ॥১

ধানশি রাগ।

২ওরে গোবিন্দ বিনেরে মরম কে জানে
অবলার মরম কে জানে ওহো ও হোও ॥ ধু ॥২

সপ্ত বৎসরের হৈল সাধু চন্দ্রপতি।
শঙ্করের পূজা করে একান্ত ভকতি ॥
অন্য দেবতাকে জেবা করএ পূজন ॥
তার সনে না করে সাধু সাক্ষাৎ দরশন ॥
যুবক হইল বালা পাঞা উপভোগ।
কোটিশ্বর করে তার বিভার উৎজোগ৩ ॥
সবর্ণ সাধুর কন্যা নাম তার সোনা।
কহিঞা বোলিঞা তার করিল জোটনা ॥
বিভা দিব পুত্রেক আনন্দ মহামনে।
ধন বংশ বাঢ়ে বালা চাম্পালি ভুবনে ॥
কতদিনে কোটিশ্বর৪ তেজিল জীবন।
কর্ম্ম কার্য্য করে সাধু বিবিধ বিধান ॥
বিধি মত বৎস গাবি উৎসর্গ করিল।
চাম্পালি নগরে সাধু আনন্দে রহিল ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥
চাম্পালি নগরে সাধু রহে ভালে ভালে।
শঙ্করসাক্ষাতে পদ্মা গেল হেন৫ কালে ॥
জোড় হাতে মনসা পিতাকে স্তুতি করে।
তুমি মোর জন্মদাতা ত্রিদশঈশ্বরে ॥

CENTRAL LIBRARY

এক নিবেদন করি স্থন১ ত্রিলোচন।
সংসারের লোক জত পুজে দেবগণ ॥
মর্ত্ত্যেতে না হৈল মোর পূজার বিধান।
তোমার নন্দিনী আমি এই অভিমান ॥
শিব বোলে দুঃখ তুমি না ভাব অন্তরে।
এক ভক্ত সেহ জে তোমার পূজা করে ॥
শিবের বচন স্থনি বলে পদ্মাবতী।
চম্পাই নগরে বৈসে চান্দো অধিপতি ॥
তার ঠাই পূজা নিতে আছে মোর আশ।
সেই সে করিবে মোর পূজার প্রকাশ ॥
শিব বোলে চান্দোকে চাহিলি অকারণ২।
আমা বিনে অন্য দেব না পূজে কখন৩ ॥
মনসা বোলেন বাপু ডাকো দেখি তাকে৪।
তুমি আজ্ঞা করিলে পূজা করিবে আমাকে৫ ॥
শিব বোলে পদ্মা চল চাম্পালি নগরে।
ডাক মোর বড় পুত্র চান্দো সদাগরে ॥
শিবের আজ্ঞাএ দেবী গেল শীঘ্র গতি।
সত্বরে ডাকিঞা আনে সাধু চন্দ্রপতি ॥
স্তুতি করে চন্দ্রপতি করি জোড় হাত।
সপ্ত প্রদক্ষিণ সাধু করে প্রণিপাত ॥
শিব বোলে স্থন পুত্র কর অবধান।
তোমাকে মনসা দেবী চাহে আমা৬ স্থান ॥
আজি হৈতে পূজা তুমি কর মনসার৭।
পৃথিবীতে পদ্মার পূজা করহ প্রচার৮ ॥
ক্রোধ হয়া৯ বোলে চান্দো স্থন শূলপাণি।
এক মহাদেব বিনে১০ অন্য নাহি জানি ॥
গঙ্গাজল বিনে অন্য জল১১ কেবা খায়১১।
বট ছাড়ি সহরার তলে নাহি জায়১২ ॥

CENTRAL LIBRARY

নাজ নাই পদ্মাকে এমন বোলে বাণী।
শিবের ভক্তর হাতে চাহে ফুলপানি॥
স্বামীতে ছাড়িল জাকে দেখি অনাচার।
হেন জনা পূজিবারে ইচ্ছা হয়১ কার॥
সুনিঞা লজ্জিত পদ্মা রহে দুঃখ মনে।
তন্ত্রবিভূতে গায় মনসাচরণে।২

এতেক বোলিঞা চান্দো শিবের গোচরে।
চাম্পালি নগরে গেলা চান্দো সদাগরে॥
বিষাদ বদনে পদ্মা রহে সেই স্থানে।
আমার না হইল পূজা মর্ত্ত্য ভুবনে॥
৩পদ্মার বাক্য৩ সুনিঞা৪ দুর্গার ক্রোধ হৈল।৮
বাপভাতারি কেনে মোর ঘরে আইল॥
বেঙ্গখাকি কি কারণে মোর আইল ঘরে।
আমার মন্দির হৈতে জাহ অন্তরে৫॥
এতেক সুনিঞা পদ্মা বোলেন বচন।
তোমাকে খাইমু৬ আজি রাখে কোন জন॥
পিতার সেবক শ্রেষ্ঠ৭ চান্দো অধিকারী।
তাহাকে করিমু নষ্ট জর বিষহরি॥
এতেক বোলিঞা মাতা করিলা গমন।
চাম্পাই নগরে মাতা৭ দিল দরশন৮॥
৯তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ॥৯

চম্পাই নগরে জাব।
চান্দোর বাপের দিবসি শ্রাদ্ধ গেলে কিছু পাব। ধু॥

৯চাম্পাই নগরে মাতা করিল গমন।
মায়া পাতিয়া চলে চান্দোর ভুবন।১০
জালু মালু দুই ভাই বিলে মৎস্য মারে।
বৃদ্ধ ব্রাহ্মণীরূপে মাতা গেলা নদীতীরে॥

CENTRAL LIBRARY

দুই ভাই মৎস্য মারে১ আনন্দ কুতূহল১ ।
২মায়া পাতিল তথা২ ব্রাহ্মণী তোতল ॥
৩দুই ভাই মৎস্য তারা মারে নিরন্তরে ।
বিহান হইতে জালু মালু খেওা পারে ।৩
৪আচম্বিতে দেখে জালু পর্ব্বত পাহাড়ে ॥
বৃদ্ধ ব্রাহ্মণীরূপে তাহে দৃষ্টি পড়ে ।৪
বৃদ্ধ ব্রাহ্মণীরূপ দূরেতে আগিয়া ।
ষোড়স্যা কুমারীরূপ ধরণ ধরিয়া ॥
দেখিবারে পায় জালু পর্ব্বত পাহাড়ে ।
ষোল কলা পরিপূর্ণ*কন্যাতে দৃষ্টি পড়ে ।
কাহার ষোড়স্যা কন্যা দেখি নদীতীরে ।
দুই ভাই জালু মালু বিস্ময় জানিল অন্তরে ॥
জালু বোলে মালু ভাই দেখহ চরিত ।
কোন গৃহস্থের বধূ পলায় আচম্বিত৫ ॥
জালু বোলে অলঙ্কার কাড়িয়া লইব ।
অকুমারী হবে৬ কন্যা বিবাহ করিব ॥
অন্তরে জানিল পদ্মা জালুর কাহিনী ।
তেজিয়া যুবতী৭ রূপ হইলা ব্রাহ্মণী ॥
জালু মালু দুই ভাই সত্বরে লোকা বাহে ।
তুরিত গমনে জায় কোথায়৮ না রহে ॥
দেবীর আগে দুই ভাই মিলিল আসিয়া ।
দেবী পদ্মা উঠিলেন কমর৯ বাড়িয়া ॥
শুনিতে লাগিলা জালু নাকে হাত দিয়া ।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিয়া ॥

বরারি রাগ ।

পার কর জালু মালু১০ মুক্তি জামু চাম্পালি১০ ॥ ধু ॥

দেবী বোলে১১ অহে পুত্র স্বরূপ করি১১ কহ ।
কেমত প্রকারে তোরা বিলে জাল বাহ ॥

* পাঠ—পোরিপূর্ণ

CENTRAL LIBRARY

জালুমালু বোলে মাতা স্থন মোর বাণী।
কতেক কহিব আমি দুঃখের কাহিনী ॥
অন্ন বিহনে মাতা পোড়ে সর্ব্ব গাও।
ভোকে তাপে মোর মরে বৃদ্ধ মাও ॥
মৎস্য না পাইলাঙ মাতা হইলাঙ বিমন* ।
সর্ব্ব পরিবারে আজি হইলাম লঙ্ঘন ॥
১মোর উপবাস১ আজি নিশ্চয় করিঞা।
আজি মোরিবেন মাও উপাস পাড়িয়া ॥
দেবী বোলে জালু মালু মোর বাক্য ধর।
তোমার বাপের পুণ্যে মোরে পার কর ॥
জালু মালু বোলে তবে ই বাক্য স্থনিঞা।
বিহান হইতে মারি মৎস্য জলেত ফিরিঞা ॥
খালি হাতে তোমায় আমি পার না করিব।
তোমার স্থানেতে কড়ি নও২ বুড়ি লব ॥
৩তবেত তোমাকে আমি পার করিব গিয়া।
সোনার নয় বুড়ি কড়ি দেহত গোনিয়া ॥৩
ই বোল স্থনিঞা দেবী মনে মনে হাসে।
তন্ত্রবিভূতে গায় মনসার দাসে ॥

ভাটিআলি রাগ।

গোনিঞাত দেহ মোর নয় বুড়ি কড়ি।
৪তবেত ব্রাহ্মণী তোকে দিব পার করি ॥৪
ব্রাহ্মণের নারী৫ আমি কোড়ি৬ পাতি নাই
৭জথা তথাতে আমরা৭ ভিক্ষা মাঙ্গি৮ খাই ॥
৩ঠ নাঙ্গল ব্রাহ্মণের জিহ্বা গোটা কাল।
৯ভিক্ষাবৃত্তি করি মোরা৯ খাই সর্ব্ব কাল ॥

*পাঠ—বিমোন

CENTRAL LIBRARY

ই পার হইতে থয়১ উ পার করিঞা।
আসিবার কালে জাব দরিদ্র খণ্ডাঞা২ ॥
জালু বোলে মালু ভাই৩ সুনহ বচন৩।
জেন তেন করি পার৪ করহ ব্রাহ্মণ৪ ॥
৫আসিতে নেঙ্গট পূতা জাইতে দেখ শূন্য৫।
আমাকে পার করিলে পূতা হবে বড় পুণ্য ॥
দেবীর বচনে জালুর দয়া উপজিল।
প্রণাম করিঞা জালু লায় পাতি দিল ॥
৬লায়েতে চড়িঞা মাতা জালুকে দিল বর।৬
তোমার লাও সুবর্ণ হৌক আমার উত্তর ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

মল্লার রাগ

জালুর লাএ চড়িল মাতা ব্রাহ্মণী তোতল।
৭লাএ পাও দিতে হৈল সুবর্ণ সকল ॥৭
কান্দে জালু মালু দুহে মাথে হাত দিঞা।
কি করিলাম ব্রাহ্মণীকে লায়েত চড়াঞা ॥
৮সপ্ত পুরুষের লাও হারাঞ্চ আসিঞা।
আমার লাওখান গেল হরিদ্রা বর্ণ হয়া ॥৮
এতেক বলি কান্দে জালু মালু দুই ভাই।
মনে মনে হাসে দেবী বসিঞা তথাই ॥
জালুর রোদন৯ সুনি১০ দেবী১১ পদ্মাবতী।
সুবর্ণ১২ না চিহ্নে তবে১২ কৈবর্তের জাতি ॥
সপ্ত পুরুষে তোরা১৩ সুবর্ণ নাহি দেখ১৪।
তে কারণে সুবর্ণ হলদি প্রায়১৫ দেখ ॥
১৬মনে আছে মনসার১৬ দুঃখ খণ্ডাইব১৭।
আপনার নিজগুণ প্রচার করিব১৮ ॥

CENTRAL LIBRARY

দেবী বোলে জালু মালু তুমি কর মনে।
জাল গাছি১ ফেল তুমি পদ্মা১ স্বঙরণে ॥
দেবীর বচন জালু শিরেতে বন্দিয়া।
ফেলাইল জাল গাছি দক্ষিণ পাক দিয়া ॥
অন্য দিনে মৎস্য মারে চান্দা আর চুচুড়া।
দেবীর বরে পড়ে মৎস্য স্বর্ণ আইখরা২ ॥
জলের জলকোঙর জালে আগোলায়।
স্বর্ণ আইখরা মৎস্য জালেতে ভরায় ॥
সিস মারি জালগাছ তোলে টান দিঞা।
জালগাছ উঠে শুদ্ধ মৎস্য পুরাইঞা ॥
কান্দে জালু মালু মাথাতে হাত দিঞা।
সপ্ত পুরুষের জাল হারাম্ব আসিঞা ॥
মনে মনে হাসে মা ব্রাহ্মণী তোতল।
রোমে রোমে হৌক তোর ডাকরার৩ বল ॥
বল পাঞা জলগাছি টানিয়া তুলিল।
স্বর্ণ আইখরা মৎস্য লাএ ভরাইল ॥
জালু মালুকে পদ্মা বোলে ডাক দিঞা।
আর খেওা ফেল পুতা পদ্মা স্বঙরিয়া ॥
দেবীর বচন জালু শিরেতে বন্দিঞা।
ফেলাইল জালগাছি পুনঃ পাক দিয়া ॥
সিস মারি জাল গাছি৫ টানিঞা তোলয়।
বহু রত্ন বহু ধন জালে আগোলায়৬ ॥
ধন পাঞা জালু মালু হরষিত মন।
আর বার খেওা৭ জালু৮ ফেলায় ততক্ষণ ॥
সিস মারি জালগাছ টানিঞা তোলয়।
স্বর্ণের ঘটবারি জালে আগোলায় ॥
ঘটবারি দেখি জালু জুড়িলা লাচন।
প্রণাম করিঞা বারি থুইল এক স্থান ॥

CENTRAL LIBRARY

আর বার জালু মালু হরষিত মনে।
ফেলাইল জালগাছ পদ্মা স্বঙরণে ।।
পানি হৈতে জালগাছ টানিঞা তোলয়।
স্বর্ণ নান্দিয়া মোড়া জালে আগোলায় ।।
স্বর্ণ পাঞা জালু মালুর হরষিত মন।
প্রণাম করিয়া দেবীর বন্দিল চরণ ।।
আশীর্ব্বাদ দিল দেবী প্রসন্ন বদনে।
আমার বরেতে বাঢ় বাছা ধনে জনে ।।
আমার সেবক হৈলা তোমরা দুই ভাই।
তুমি পূজা১ কৈলে বাছা আমি পূজা পাই১ ।।
২চম্পাই নগরের কথা কহত আমারে।
তন্ত্রবিভূতে গায় মনসার বরে ।।২

ও৩ দেবতী গো মা৩ চম্পাইর স্বনহ কাহিনী
স্বর্ণ ভৃঙ্গারে জল খায় প্রতি ঘরে ঘর
দৈন্য দুঃখ একই না জানি ।। ধু ।।

রত্নপুরী বাসোহর মণিমাণিক্য থরে থর
তার কোলে স্ফটিকের স্তম্ভ।
বিচিত্র ঘরের ঠান দেখি তাতে অনুপাম
প্রতি দ্বারে শোভে শ্বেত কুম্ভ ।।
পাথরে রচিত দ্বার ইন্দ্রজিত কেওাড়
আগিনা রাঙ্গা কাচ ঢালে।
স্ফটিকের ষোল স্তম্ভ স্বর্ণের চারি কুম্ভ
মুকুতার ঝারা তথি দোলে ।।
হেঙ্গুল আরও হরিতাল সিন্দুরে মণ্ডিত ভালও
ঠাই ঠাই কুসুমের বোল।
হীরা মাণিক্য মণি ৫তাহে থরে থরে চুনি৫
প্রতি ঘরে৬ স্বর্ণের খোল ।।

CENTRAL LIBRARY

চান্দো আদি জত জন নৈঞা১ তারা নানা ধন
বৈসে তথা লক্ষের সদাগর।
বারো বুহিত তেরো নাই আর লায়ের লেখা নাই
এই মত চম্পাই নগর ॥
আমরা দুটি ভাই বড় অতি দুঃখ পাই
গ্রামের উত্তরে২ মোর ঘর।
৩সুন গো দেবী মায় এই মোর পরিচয়
অন্নদুঃখে সদা কলেবর ॥৩
৪এত দিনে সুপ্রসন্ন তোমা পাইল দরশন
দ্বিজ মুনি অস্তিকের মাই ॥৪
৫তন্ত্রবিভূতে গায় বন্দিয়া মনসার পায়
আমরা সেবিব পদ্মা মাই ॥৫

ভাটিয়ালি রাগ।

৬রসমই হীরা বসনেকে মরে।
আমি রঙ্গরসে বিরাজে ॥ ধু ॥৬

হীরার চরিত্র তবে সোন সর্ব্ব জন।
লাস বেশ করে হীরা বিবিধ বিধান ॥
আপনার মনে৭ হীরা নানা বেশ করে ॥
৮চুল ফারিঞা কাঁকোই নঞা কেশ আচরে ॥৮
কেশ বিচারিঞা হীরা কৈল গোটা গোটা।
সিন্দুর অভাবে৯ পড়ে ইটার গুড়ার৯ ফোটা ॥
১০ভাত অভাবে হীরার লোটায় অনন্ত।
ভাঙ্গা ঘরের রুয়া জেন হীরার চারি দন্ত ॥১০
বারো তালির কাপড়েতে১১ তেরো তালি দিঞা।
১২হেন কাপড় পড়ি হীরা মৎস্য বেচে গিঞা ॥১২
হেন কাপড় পত্রে হীরা কাঁকালি জুড়িঞা।
ভাঙ্গা খুঞা নিল হীরা বুকে আচ্ছাদিঞা ॥

CENTRAL LIBRARY

পিতলের১ কোটি নিল১ কর্ণেত পত্রিঞা।
পিতলের হার২ নিল গলাতে গাথিঞা২ ॥
বেতের দুই বাহি শঙ্খ হাতেত পত্রিঞা৩।
৪ভাঙ্গা জালগাছি নিল খোপাতে বান্ধিঞা ॥৪
ভাঙ্গা আঢ়ি নিল বেতেতে বান্ধিঞা।
মহারঙ্গে জায় হীরা সাজিঞা কুজিঞা ॥
বারো বৎসরের ছয় বটি৫ কড়ি ছিল।
৬কোছাতে বান্ধিঞা হীরা কড়ি লইল ॥৬
ই জয়হাট৭ বিজয়হাট করঞ্জাহাট৭ দিঞা।
শ্রীকলার হাটে হীরা মিলিল আসিঞা ॥
কতদুর জাইতে দেখে কলার পসার।
তুরিত গমনে গেলা কলা কিনিবার ॥
দুই কড়া কড়ি তার পসারে ফেলাঞা।
বাছা কোছা৮ কলা হীরা লইল তুলিঞা৮ ॥
অর্দ্ধেক৯ খায় হীরা অর্দ্ধেক ফেলায়১০।
১১অর্দ্ধেক কলা ভাতার দেওর নাগি থয় ॥১১
কত দূরে দেখে হীরা পানের পসার।
হরিষ বদনে গেল১২ পান কিনিবার ॥
দুই কড়া কড়ি তার পসারে ফেলাঞা।
পাকা বিড়া১৩ পান হীরা নইল বাছিঞা ॥
আর কত দূরে দেখে গুয়ার পসার।
১৪কোড়ি নঞা গেল হীরা১৪ গুয়া কিনিবার ॥
এক১৫ কড়া কড়ি তার পসারে ফেলিয়া১৫।
কানা পচা১৬ গুয়া হীরা নইল বাছিঞা ॥
অর্দ্ধেক গুয়া খায় হীরা দন্তেত কাটিঞা।
অর্দ্ধেকখানি থুই স্বামী দেওর নাগিঞা ॥
সেও গুয়া খায়১৭ হীরা গাও নাহি ধরে।
ই দিগে উ দিগে হীরা হালি ঢুলি১৮ পড়ে ॥

CENTRAL LIBRARY

১ধীরে ধীরে জায় হীরা মৎস্য আনিবারে।
তন্ত্রবিভূতে গায় মনসার বরে ॥১

সারঙ্গ রাগ ॥

২হীরা ধীরে ধীরে ফেলে পায়।
হীরা মৎস্য আনিতে যায় ॥ধু॥২

মৎস্য আনিতে হীরা করিল গমন।
মৎস্যের বাধালে হীরা৩ দিল দরশন ॥
জেই মাত্র হীরা জাঞা হৈল উপসন্ন।
জালু লায়ে থাকিয়া হীরাতে পৈল মন ॥
দেবী বোলে জালু দেখ কার নারী আইসে।
৩বিপরীত মূর্ত্তি দেখি ভয়ঙ্কর বেশে ॥৪
জালু বোলে মালু ভাই৫ মোর নারী দেখি৫।
জার গায়ের ঘৃণায়৬ পলায়৯ পশু পাখি৭ ॥
আমার দুঃখের কথা কহনে না জায়।
তৈল অভাবে সভার খড়ি উঠে গায় ॥
আমার দুঃখের কথা৮ কতেক কহিব৮।
বারো মাস কহি জদি তবো৯ না ফুরাব৯ ॥
এতেক স্থনিঞা দেবী বোলেন উত্তর।
হীরাকে করিব আমি ধনের ঈশ্বর ॥
দেবী বোলেন হীরা দেখিতে কুবেশ।
হীরাকে করিব আমি বিদ্যাধরী বেশ ॥
হীরার দিগেতে দেবী স্থদৃষ্টে চাহিল।
নানা অলঙ্কার হীরার গায়েতে১০ হইল ॥
মাথাতে হইল হীরার১১ এক লক্ষের১১ জাদ।
স্থবর্ণ খিচনি নাগে নানা বর্ণে তাত ॥
১২স্থবর্ণের বলি হৈল হীরাধর কোটি।
পরিধান হইল লক্ষের পাট শাড়ি ॥১২

CENTRAL LIBRARY

১বাহুতে সুবর্ণ তার গলে সতেশ্বরি।
হীরা দেখিতে হইল ইন্দ্রের বিদ্যাধরী ॥১
হাতে শঙ্খ দুই মুঠি দেখিতে শোভন।
উপরেতে বাজুবন্ধ হেটেতে কঙ্কণ ॥
গলে গজমোতি শোভে পাএ বাকমল।
হৃদয়ে কাচুলি শোভে করে ঝলমল ॥
২কটিতে কিঙ্কিণী শোভে চরণে নপুর।২
গমন করিতে শব্দ করে সুমধুর ॥
নানা অভরণ শোভে হীরার সর্ব্বাঙ্গে।
দেখিঞা হীরার মন৩ আনন্দিত রঙ্গে৩ ॥
হীরা বোলে আরাধিলে কেমন দেবতী।
তাহার প্রসাদে মোর খণ্ডিল দুর্গতি ॥
জালু বোলে হীরা সুন আমার বচন।
দেবীর চরণে৪ গিঞা লেহগা শরণ৪ ॥
দেবীর আগেতে হীরা আসিঞা মিলিল।
হীরাকে৫ দেখিঞা পদ্মা৬ হাসিতে লাগিল ॥
অষ্টাঙ্গে লোটায়া হীরা কৈল নমস্কার।
তন্ত্রবিভূতে গায় মনসা দেন্ত বর ॥

পাহারি৭ রাগ।

জোর হাতে বোলে হীরা করিঞা ভকতি।
চিহ্নিতে না পারি৮ মাগো কেমন৮ দেবতী ॥
জাবৎ৯ বাচিব মাগো৯ পূজিব তোমারে।
স্বরূপে কহিবে মাগো কোন অবতারে ॥
দেবী বোলে আমি হোই মহেশকুমারী।
কমলবনেতে জন্ম নাম বিষহরি ॥
কন্ডিতে১০ আনে পিতা১০ নিজ বাসোহরে১১।
দুষ্ট বাক্য দিঞা সতাই মারিল আমারে ॥

CENTRAL LIBRARY

সতাই মারিল মোকে১ পাইনু২ তরাস।
সতাইর বাক্যে আমাকে দিল বনবাস॥
চারি মাস বরিষা আমি তিতি বৃক্ষমূলে।
ব্রহ্মার সংহতি৩ গেলাও৪ সাগরের কূলে॥
সাগর পার হৈতে ব্রহ্মা দেখিল ভাল মতে।
আমাকে দেখিতে বিষ জন্মিল তাহাতে॥
স্থান৫ করিলাম আমি সিয়লি৬ পর্ব্বতে।
আমার দুঃখের কথা কহিলাম তোমাতে॥
কত দুঃখ কথা আমি৭ কহিবারে পারি।
সত্বরে চলহ হীরা৮ চাম্পালি নগরী॥
৯চাম্পালি জাইয়া দেখি তোর বাড়ি ঘর।৯
চাম্পাই নগরে আমি পাতিব অবতার॥
১০জালু বোলে স্থন মাতা১০ ব্রাহ্মণী তোতল।
মোর ঘরে আছে মাতা স্থকুট১১ সিধল১২॥
তাহার১৩ জে ঘ্রাণ মাতা১৩ সহন না১৪ জায়।
১৫দেবতার কার্য ভূত প্রেত জে পলায়॥১৫
দেবী বোলে স্থষ্টিকর্ত্তা স্থজিল ভুবন ১৬।
ললাটে লিখন দুঃখ না জায় খণ্ডন॥
বিধির নির্বন্ধ আমার সর্প অলঙ্কার।
বিধাতা স্থজিল বেঙ্গ সর্পের আহার॥
বেঙ্গ না খাইলে তবে সর্প নাহি জিএ।
তিলমাত্র১৭ বিষে জার পরাণ হারাএ॥
ই বোল শুনিয়া জালু হৈলা হরষিত১৮।
১৯তন্ত্রবিভূতে গায় মনসাচরিত॥১৯

দেবী বোলে জালু মাপু লেহ ঘটবারি।
তুরিতে চলহ পুত্র চাম্পালি নগরী॥
ই বোলে স্থনিঞা জালু হরষিত হৈঞা।
দেবীর২০ জে বারি২০ নিল২১ মস্তকে করিঞা॥

CENTRAL LIBRARY

দেবী বোলে হীরা তুমি শুনহ বচন।
সুবর্ণ নান্দিয়া কাখে১ করহ এখন ॥
সুবর্ণ নান্দিঞা হীরা কাখেতে করিঞা।
বারি৪ নঞা জায় হীরা২ হরষিত হঞা ॥
আগে আগে জায় হীরা জয় জয় দিঞা।
চাম্পাই নগরে৩ গেলা মহানন্দ৩ হৈঞা ॥
জালুর আওাসে৪ গেলা৫ ব্রাহ্মণী তোতল।
জালুর কুড়িয়াখানি৬ করে ঝলমল ॥
দেবী পদ্মাবতী৭ নিজ মন্ত্র জপ করে।
আচম্বিতে৭ হৈল পাষাণের৭ চারি ঘরে।
দেবীর মণ্ডপ ঘর পাষাণে বান্ধিঞা।
৮পাথরের বেদী ঘরে দিল নিরমাঞা ॥৮
৯হীরা মণি মুক্তা কত বেদীতে খিচনি।
নানা বর্ণে তাহাতে নাগিল কতো চুনি ॥৯
দেখি জালু মালু দোহে১০ হরষিত১১ হৈঞা।
তাহাতে স্থাপিল বারি জয় জয় দিঞা ॥
১২জালুর ঘরে অধিষ্ঠান দেবী পদ্মাবতী।
মনসার বরে গাইল তন্ত্রবিভূতি ॥১২

কুচ্ছ রাগ।

তখন দেবতী পদ্মা কোন কর্ম করে।
আসন বাসন দেবী স্বভরে সম্বরে ॥
দেবী বোলে১৩ আসন বাসন১৩ শুনহে বচন১৪।
জালুর ঘরে বারি তুমি করহ স্থাপন ॥
দেবীর বচন তবে শুনিয়া বাসন১৫।
জালুকে আনিতে দ্রব্য কহিল তখন১৬ ॥
১৭দেবীর বরেতে জালুর নানা দ্রব্য হৈল।১৭
স্নান করিঞা বাসন মন্ত্র জাপ কৈল১৮ ॥

CENTRAL LIBRARY

বারি আরোপণ *করে জালুমালুর ঘরে ॥
শঙ্খজল দিল বিপ্র ভূমির উপরে ॥
১ঘটস্থাপ্য করি বিপ্র কৈল আচমন ।১
অঙ্গন্যাস করিঞা পবিত্র কৈল মন ॥
২চন্দন তিলক দিল২ কুশ নিল হাতে ।
বারি আরোপণ কৈল নানা বিধি মতে ॥
সুগন্ধি৩ চন্দন দিল ৪নানাবিধি ফল ।
নানা জাতি পুষ্প দিল৫ চাম্পাএ কদল৫ ॥
৬গঙ্গাজল দিঞা পবিত্র কৈল মন ।৬
গোমএ৭ নেপিঞা স্থান৭ চন্দন আলিপন ॥
নানা ফুল ফল দিল নৈবিদ্য থরে থরে ।
নেতের চান্দোয়া দিল ই শ্বেত চামরে ॥
৮জালুমালু পবিত্র হৈল গঙ্গাজলে ।
থরে থরে নানা দ্রব্য আনিঞা রাখিলে ॥৮
সুবর্ণের বারি গুটি খিরেতে পুরিঞা ।
৯সেউজ ডাল৯ জাতি ফল দিলেন তুলিঞা*॥
সিন্দুরে চন্দনে বারি১০ লেপন করিঞা১০ ।
নানা দ্রব্য নৈবিদ্য দিলেন উৎসর্গিয়া* ॥
বিবিধ বিধানে দেবীর বারি আরোপিল ।
অঙ্গাষ্ট প্রণাম তবে বারিকে১১ করিল ॥
জালুমালুর পূজাএ দেবী সন্তুষ্ট হইল ।
প্রথমেত ১২ পূজা ১৩ মাতা জালুর ১৩ ঘরে পাইল ॥
জালুমালুকে দেবী হৈল অধিষ্ঠান* ।
পূজা সমাধিঞা১৪ বিপ্র ১৫কৈল জল পান ॥
১৬এই মতে বারি পূজা হইল প্রচার ।
মনসা মানসসিদ্ধি খণ্ডে দুঃখভার ॥১৬

*পাঠ – আরপন, *পাঠ—উচ্ছর্গিঞা, *পাঠ—অধিষ্টান

CENTRAL LIBRARY

জালুমালুর দুঃখ মাতা কৈল বিমোচন।
লাএকের তরে মাতা হইবে প্রসন্ন ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

বরারি রাগ ॥

জালুমালুকে দেবী হইল সুপ্রসন্ন১।
দেবীর২ বরে জালুমালুর২ হৈল নানাধন ॥
দেবীর প্রসাদে জালুর কাহাকে নাহি ভয়৩।
রাত্রি দিবা পূজে দেবীক৪ দিঞা জয় জয় ॥
জয় জয় হুলাহুলি নৈবিদ্য বিস্তর।
৫জাতি জুতি পুষ্প দিল চন্দন আগর ॥৫
ফল ফুল নৈবিদ্য দিলেন বহুতর৬।
প্রণাম৭ করি নাগিলেন৭ বর মাঙ্গিবার ॥
৮জোড় হস্তে জালু দেবীকে করেন স্তবন।
তোমার প্রসাদে দুঃখ দারিদ্র্য মোচন ॥৮
৯তোমার প্রসাদে মোর সাফল জীবন।
দুঃখ দারিদ্র্য খণ্ডিল হৈল বহু ধন ॥৯
দেবীর আগেতে হীরা কৈল জোড় হাত।
১০কঙ্কণ শোভিত করে ঘন প্রণিপাত ॥১০
প্রসন্ন বদনে দেবী বোলেন বচন।
জে বর মাঙ্গিবা তুমি১১ দিব ১২জে এখন১২ ॥
সানন্দ বচনে দেবী বোলে ডাক দিঞা।
আমার বচন সুন সাবধান হঞা ॥
সুবর্ণের লাওখান করিলাম তোমার।
হীরার গাএ দিলাম অষ্ট অলঙ্কার ॥
সুবর্ণের খাট লেও১৩ সুবর্ণের পিড়ি১৪।
সুবর্ণ নান্দিয়া দিলাম সুবর্ণ আইখড়ি১৫ ॥

CENTRAL LIBRARY

১তোমার ভক্তিতে১ আমি হইলাঙ প্রসন্ন।
আর কোন বর চাহ দৃঢ় *করি২ মন।
৩দেবীর বচনে জালু হরষিত মন।
তন্ত্রবিভূতে গায় তোতলাচরণ ॥৩

ভাটিআলি রাগ৪ ॥

আজিকার আনন্দে নাহিক ওর।
রাজরাজেশ্বরী মন্দিরে মোর ॥ ধু ॥

জয় জয় হুলাহুলি স্থনি কালুর ঘরে।
৫চাম্পালির প্রজাগণ আইসে দেখিবারে ॥৫
দেখিল জালুর ঘরে ই ধন সম্পদ।
নাকে হাত দিয়া সভে৬ হইল নিশব্দ ॥
অদ্ভুত দেখিঞা লোক হইল হুতাস।
কোন দেবের বরে হীরার৭ স্থদিন প্রকাশ৭ ॥
হীরা বোলে স্থন লোক কিছু নাহি জানি।
মোরে কৃপা ৮করিলেন শঙ্করনন্দিনী৮ ॥
তাহার কৃপাএ৯ মোর ই ১০ধন সম্পদ১০
তাহার বরেতে মোর১১ খণ্ডিল আপদ১১ ॥
ঘরে ঘরে ঘোষে লোক এই সে কাহিনী।
রসোইসালে স্থনিল সোনকা সাধুয়ানী১২ ॥
অবতার পাতিল মা বোলে ডাক দিঞা।
শ্রীকলার হাটে হীরা মৎস্য বেচ গিঞা ॥
মৎস্য বেচে হীরা কাকো নাহি ডরে।
অবতার পাতি আমি জাব চান্দোর ঘরে ॥
আমাকে চিহ্নিবে চান্দো পুরাব১৩ অভিলাষ।
আমারে না চিহ্নে১৪ জদি১৫ করিব সর্ব্বনাশ ১৬ ॥
দেবীর বচনে হীরা পসার সাজাঞা।
শ্রীকলার হাটে হীরা মিলিল আসিঞা ॥

*পাঠ—দিঢ়

CENTRAL LIBRARY

বামপাশেত১ হীরা ঠাই খানি ছিলিঞা।
পসার মেলেন হীরা দেবী স্বঙরিঞা ॥
সুবর্ণ নান্দিয়া মোড়া ভূমিতে বিছায়া২ ॥
৩সুবর্ণের মৎস্য পাটে থুইল তুলিয়া ॥৩
সুবর্ণ আইখড়া মৎস্য ঘন৪ ফিচা৫ লাড়ে।
সোনার৬ মৎস্য দেখিতে৭ লোক দৌড়াদৌড়ি৭ করে ॥
৮সোনার মৎস্য দেখি সভার আনন্দিত মন ।৮
এথা চান্দো নঞা৯ কিছু সুন বিবরণ ॥
১০মায়া পাতিল দেবী চান্দোর নিজ পুরে ।১০
কাল ভোকে জিনিল১১ চান্দোর কলেবরে ॥
১২পদ্মার আদেশে গীত পাইল সপনে।
তন্ত্রবিভূতে গায় মনসাচরণে ॥১২

পটমঞ্জরি রাগ ১৩ ॥

রাধা নাম বিনে রহিতে নারি ঘরে ॥ ধু ॥

১৪নেঙ্গা নফরেক১৪ চান্দো বোলে ডাক দিয়া।
সম্মুখে ডাঁড়ায়১৫ নেঙ্গা১৬ জোড়হস্ত হয়া ॥
১৭ধর লেহ নেঙ্গা তাম্বুল ধর খাও।
রন্ধনের বার্তা কিছু আমাকে জানাও ॥১৭
তোমার১৮ মায়েকে জাঞা বোলগা বচন।
১৯রন্ধন করুক শীঘ্র করিব ভোজন ।১৯
একে চাহে নেঙ্গা দুয়জে২০ আজ্ঞা পায়।
তুরিত গমনে নেঙ্গা রায়বারে২১ জায় ॥
কি কর কি কর মাতা নিশ্চিন্তে বসিঞা।
ভোজন করিবে সাধু রন্ধন কর গিঞা ॥
সোনকা বোলেন এখন করিব২২ রন্ধন।
মৎস্য আনিবারে তুমি করহ গমন ॥

CENTRAL LIBRARY

নও বুড়ি কড়ি নেঙ্গা কোছাতে করিঞা১ ।
শ্রীকলার হাটে২ নেঙ্গা উত্তরিল গিঞা ২ ॥
নও কড়ি বুড়ি হীরার পসারে ফেলিঞা ।
নও পুঞ্জি ৩ মৎস্য নেঙ্গা নইল তুলিঞা ॥
জ্বলন্ত আনলে জেন দর্শাইল তৈল ৪ ।
নেঙ্গাকে ৫ দেখিঞা হীরা ক্রোধে ৬ জল্যা গেল ॥
ঢেকা মারিঞা তার মৎস্য ৭ কাড়ি নিল ৭ ॥
৮ আসিআনি পানি নেঙ্গার শিরে ঢাল্যা দিল ॥৮
চান্দোর নিকটে এই মত ৯ জানাহ গিয়া ৯ ।
তোর চান্দো কি করিতে পারিবে আসিয়া ১০ ॥
ফেলাইল মৎস্য নেঙ্গা অপমান পায়া ১১ ।
চান্দোর আগেতে নেঙ্গা মিলিল আসিয়া ১২ ॥
হাত জোড় করি নেঙ্গা বোলেন বচন ।
আজিকার অপমান করি নিবেদন ॥
মৎস্য আনিতে গেলাঙ হীরার পসারে ।
আমাকে মারিল হীরা দেখিল নগরে ॥
১৩ঢেকা মারিঞা ফেলায় ভূমের উপরে ।
তোমায় দোহাই দিতে হীরা গালে চড় মারে ॥১৩
১৪তন্ত্রবিভূতে গায় মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥১৪

ধানসি রাগ ১৫ ।

নেঙ্গার ১৬ বচনে সাধু ১৭ মহাক্রোধ হৈল ১৭ ।
মাথা নওইয়া ১৮ সাধু কহিতে নাগিল ॥
দো সাধু বোলেন রাজা কর অবধান ।
১৯জে জে দেখি আইলাঙ কহি ১৯ বিদ্যমান ॥
বেড়াইতে বেড়াইতে গেলাঙ২০ চোসট্টি বাজার ।
মধ্যহাটে আছে হীরা সাজাঞা পসার ॥

CENTRAL LIBRARY

হীরার গায়েতে শোভে নানা অভরণ১ ।
হীরার ২ পসারে দেখ ২ অমূল্য ৩ নানা ধন ৩ ॥
বলে মৎস্য মারে ৪ বেটি ই বুক ডাঙ্গর ৪ ।
রাজস্ব না দেয় বেটী৫ খায় জলকর ॥
সুনিঞা ক্রোধিত হৈলা চান্দো সদাগর ।
ই কথা না কহো৬ বেটা আমার গোচর ॥
দো সাধু বোলেন রাজা ক্রোধ না হয় ৬ মনে ।
হীরার চরিত্র জত সুন আমার স্থানে ॥
তোমার নাম জেই জনা হীরার আগে করে ।
হীরা কৈবর্ত্তিনী তাকে হাতে নাহি ৭ মারে ॥
৮ ই বোল শুনিয়া ক্রোধ হৈল সদাগরে ।৮
সাজিল ৯ সদাগর হীরাকে মারিবারে ॥
সাজ সাজ করি ১০ চান্দো ডাকে ঘনে ঘন ॥
ছয় পুত্র ১১ সাজ হৈল নানা অভরণ ॥১১
পাত্র মিত্র সাজিলেন ১২ চাকর নফর ১২ ।
১৩ আর জত শিষ্য সাজে বিবিধ প্রকার ॥ ১৩
শিশু বৃদ্ধ সাজ হৈল ১৪ অনেক প্রকার ১৪ ।
১৫ হীরারে মারিতে চান্দো হৈলা আগুসার ॥১৫
হস্তীর স্কন্ধেতে * জায় ১৬ চান্দো সদাগর ।
ঘোড়ার পৃষ্ঠে সাজাইল ১৭ ই ছয় কোঙর ১৭ ॥
হীরাকে মারিতে জায় চান্দো অধিকারী ।
হংসেত চড়িঞা ১৮ দেখে ১৯জয় বিষহরি ॥
দেবী বোলে চান্দো জদি হীরাকে মারিব ২০ ।
আজি ধনপুত্র সাধুর ২১ সকলি নাশিব ২১ ॥
২২ এতেক বোলিঞা দেবী অন্তর্দ্ধান হৈল ।
শ্রীকলার হাটে সাধু সত্বরে আইল ॥ ২২
সোনার মোড়াতে হীরা বসি পান খায় ।
চান্দোকে দেখিঞা হীরা গাও না তোলয় ॥

* পাঠ—কন্ধাতে ,

CENTRAL LIBRARY

হীরার দিগেতে চান্দো এক দৃষ্টে চাহে।
নেঙ্গা ১ দোসাধুর কথা এক মিথ্যা নহে ॥
এতেক দেখিঞা ২ সাধু বড় ক্রোধ হৈল ৩।
হস্তীর মাহুত বোলি ডাকিতে লাগিল ॥
হীরাকে ফেলাও তুমি হস্তী ঠেলা ৪ দিঞা।
৫ নেঙ্গা পুত্রেক ৫ চান্দো বোলে ডাক দিঞা ॥
চান্দো বোলে নেঙ্গা বাছা মোর বাক্য ধর ॥
জেন তোর মনে লাগে তেন শাস্তি কর ॥
একে চাহ নেঙ্গাও দুয়জে৭ আজ্ঞা পায়।
হাটুআতে মাথা৮ দিঞা দুহাতে৮ কিলায় ॥
কিল খায়া৯ হীরা তবে হইলা ফাফর।
১০লুটিঞা নইল সাধু হীরার পসার ॥১০
সাতে পাচে ধরিঞা হীরাকে নিল ঘর।
১১আপন পুরীতে গেলা চান্দো সদাগর ॥১১
১২দেবীর মণ্ডপে হীরা বোলেন কান্দিঞা।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা ॥১২

১৩ও পদ বিনে আর গতি নাই ॥ধু॥১৩

কান্দিঞা বোলেন হীরা দেবীর গোচরে।
১৪কি কার্য করিলে মা মোকে দিঞা বরে ॥১৪
শ্রীকলার হাটে গেলাঙ মৎস্য বেচিবারে।
কিলাঞা পাঞ্জর সাধু১৫ ভাঙ্গিল আমারে ॥
সোনার নান্দিয়া মোড়া ফেলায় পাক দিঞা।
সোনার আইখর১৬ মৎস্য নইল১৬ লুটিঞা ॥
দেবী বোলে হীরা তুমি না কর রোদন।
মৎস্য বেচিবারে তুমি করহ গমন ॥
১৭লক্ষের পসার মোর কে ভাঙ্গিতে পারে ।১৭
মহামার১৮ পড়িবে আজি চান্দোর উপরে ॥

*পাঠ—বেথা, *পাঠ—অভ্যান্তর।

CENTRAL LIBRARY

আশ্বাসিয়া দেবী তবে১ হীরারে পরশিল।
২ ব্যথা*দূর গেল হীরা হরষিত হৈল ॥২
আনন্দিত হঞা৩ হীরা পসার সাজাইল।
এথা চান্দো সদাগর দেওানে বসিল ॥
হীরাকে মারিয়া চান্দো বোসিল দেওানে।
৪রাজকাজ করে৪ চান্দো আপনার মনে ॥
৫নেঙ্গা নফর৫ বৈসে ই ছয় কোঙর।
আনন্দ বদনে গেলা নিজ অভ্যন্তর*॥
মা এর চরণে জাঞা৬ প্রণাম করিল।
মাথে হাত দিঞা মায়ে আশীর্ব্বাদ দিল ॥
পুত্র আগে সোনকা পুছিল এক৭ বোল।
নগরে স্থনিল বাপু কিসের গণ্ডগোল ॥
হাসি হাসি ছয় পুত্র বলিতে৮ লাগিল।
বাপুর বচনে নেঙ্গা৯ হীরাকে মারিল ॥
ই বোল স্থনিয়া সোনা গুনে মনে মনে।
মিথ্যা কার্য্যে রাজা দ্বন্দ্ব১০ করে কি কারণে ॥
জালুকে হইল কোন দেবতার বর।
এই সব বাদে জদি কেলে অথান্তর১১ ॥
১২এতেক চিন্তিঞা১২ সোনা দৃঢ় কৈল মন।
হীরাকে দেখিতে আমি করিব গমন ॥
১৩কেমন দেবতী তার ঘরে অবতার।
কেমন হইল হীরা পাঞা দেবের বর ॥১৩
হীরাকে দেখিতে জায় ছয় ঘাটি স্থানে১৪।
তন্ত্রবিভূতে গায় মনসাচরণে ॥

অহি রাগ ১৫ ॥

প্রথম আষাঢ় মাসে সোনকা সিআনে১৬ সাজে১৭
কাঁখে কুম্ভ হাতে তৈল খুরি।

*পাঠ—ব্যথা, *পাঠ—অভ্যন্তর

CENTRAL LIBRARY

ছয় বধূ কোথা গেল সিন্নান করিতে চল
ছয় ঘাটি চল সাজ করি ॥
স্থনিঞা শাশুড়ীর বাণী সাজে বধূ ছয়খানি
ছয় ঘাটি সিন্নান লাগিয়া ।
আগে বধূ ছয়খানি পাছে সোনা১ সাধুয়ানী২
শ্রীকলার হাটে মিলিল আসিয়া ॥
পরিধান পাট শাড়ি৩ তাম্বুল জোগায় চেড়ী
সোনার৪ মোড়াতে সে বসিঞা৪ ।
জে হীরার বেতের শঙ্খ সে হীরার দেখ রঙ্গ
৫মৎস্য বেচে মধ্যেত বসিঞা ॥৫
৬লোকে আস্থা জাওা করে তাকে সোনা যুদি করে৬
৭তোমরা কোন দেবতা পূজিলা ।৭
৮এতেক বচন স্থনি কহে জত রমণী৮
আমরা পুজি ব্রাহ্মণী তোতলা ॥
সোনকা পুছেন তারে কেবা কোন পায় বরে
কিবা বিধি কহত তাহার ।
লোক সব কয় কথা ৯সোনকা বিদিত তথা৯
স্থন তুমি ব্রতের প্রচার ॥
ধন ধান্য বর পায় পুত্র পৌত্রাধিক হয়
অন্ধজনা পায় চক্ষুদান ।
এক চিত্ত মন করি জেবা পূজে বিষহরি
১০এমন জন পায় বর দান ॥১০
লোকমুখে বার্তা স্থনি জায় সোনকা বান্তানী১১
ছয় ঘাটি সিনান১২ লাগিঞা ।
সঙ্গে বধূ ছয়খানি১৩ জায় সোনা সাধুয়ানী
জালুর ঘরে মিলিল আসিঞা ॥
১৪মৎস্য বেচি হীরা আইসে আপনার নিজ বাসে
দেবীর মণ্ডপ ঘরে জায় ।১৪
মনসাচরণ বর বন্দি শির উপর
তন্ত্রবিভূতি পদে গায় ॥

CENTRAL LIBRARY

কুহু রাগ ১।

হীরা বোলে সোনকা তোমার কেনে১ আগমন*।
কহিল সকল কথা জত বিবরণ ॥
সোনকা বলেন হীরা কর অবগতি।
তোমার ঘরে অবতার২ কেমন দেবতী ॥
হীরা বোলে ঠাকুরাণী৩ ভোগে হৈলা ভোলা৩।
আমার ঘরে অধিষ্ঠান ব্রাহ্মণী তোতলা৪ ॥
তাহার প্রসাদে মোর৫ কারো৬ নাই ডর।
কি কারণে আইলে তুমি বোলহ৭ সত্বর ॥
সোনকা বোলেন হীরা বুঝিলাম৮ পরিপাটি।
আমাকেত দেহ হীরা দেবীর বারি গুটি ॥
৯এতেক স্থনিঞা হীরা বোলেন বচন।
দেবীর আগেতে হীরা করে নিবেদন ॥৯
১০তোমাকে লইয়া সোনা জাইতে চাহে ঘরে ।১০
১১ই বোল স্থনিয়া দেবী হরিষ অন্তরে ॥১১
১২আমার মনেতে আছে জাব চান্দোর ঘরে ।১২
চান্দোর ঘরে গেলে হবে১৩ আমার বাদান্তরে ॥
সত্য সত্য জাব হীরা১৪ চান্দোর ভুবনে।
জদিস্যাৎ চান্দো মোকে১৫ করেন পূজনে ॥
তার হাতে পূজা নিতে আছে মোর মনে।
তে কারণে জাব আমি চান্দোর ভুবনে ॥
এতেক বোলিল দেবী হীরার তরে।
সোনার নিকটে হীরা চলিল সত্বরে ॥
সোনকাকে বোলে হীরা স্থনহ১৬ বচন।
নঞা জাহ বারি গুটি আপন ভুবন ॥
দেবীর মণ্ডপে হীরা করিল প্রণাম।
আশীর্ব্বাদ দিল দেবী১৭ দুর্ব্বা আর১৭ ধান ॥

*পাঠ—আগোমন।

CENTRAL LIBRARY

মনসাদেবীর বারি সোনকা নঞা জায়১ ।
পদ্মার২ আদেশে গীত তন্ত্রবিভূতে৩ গায়৪ ॥

ভাটিআলি রাগ ৫

স্নান করি সোনা আইল শিরে দেবীর বারি নিল
বড় বধূ দূর্ব্বা দিল শিরে ।
৬আর জত বধূগণ হুলাহুলি ক্ষণে ক্ষণ
জয় জয়কার সভে করে ।৬
৭মস্তকে নইঞা বারি নাচে সোনকা সুন্দরী
মঙ্গল বাদ্যে ঘরেতে আইল ।৭
৮সুবর্ণের নির্ম্মাণ দেবীর মণ্ডপ স্থান
বেদীর উপরে বারি থুইল ॥৮
আগর চন্দন জত৯ ১০ধূপ জ্বালিল তাত১০
১১পূজা দিল বারির উপরে ।১১
সজ্জ দিল১২ ভারে ভার ১৩আর নেতের কাণ্ডার১৩
শোভা করে ই শ্বেত চামরে ॥
সোবর্ণ কলসে জল পদ্ম লেখে অষ্টদল
১৪আনন্দিত সোনকা সুন্দরী ।১৪
চিত্তে আনন্দ করি পূজে জয় বিষহরি
১৫গন্ধ পুষ্প ধূপ দীপ করি ॥১৫
ক্ষেণে উঠে ক্ষেণে বৈসে অট্ট অট্ট দেবী হাসে
১৬সোনকা ধর্ম্মকাহিনী স্থনে ।১৬
কমল পুষ্প হাতে করি ১৭পূজে পদ্মাদেবীর বারি১৭
স্থন মাতা আমার বচনে ॥
হাসে জয় ব্রাহ্মণী স্থনিঞা সোনকার বাণী
১৮বারি পরে হৈল আরোহণ ।১৮
১৯তন্ত্রবিভূতে কবি বন্দ মনসা দেবী
সেবকে হবে মা প্রসন্ন ॥১৯

CENTRAL LIBRARY

এক রূপে দেবী পদ্মা১ পূজাতে থাকিলা১ ।
আর রূপে২ চান্দোকে মা ভাণ্ডিবারে গেলা২ ॥
বিষাদ ভাবিঞা চান্দো বোলে সভার আগে ।
এমন দারুণ খুধা কভু নাহি লাগে ॥
৩খুধার তাপেতে৩ মোর পোড়এ পরাণি ।
মনেত জানিনু মায়া পাতিলেক কানী ॥
নেঙ্গা৪ নফরেক চান্দো বোলে ডাক দিয়া ।
রন্ধনের বার্ত্তা মোকে৫ দেহত আনিয়া ॥
৬একে চাহে নেঙ্গা দুয়জে আজ্ঞা পায় ।
সত্বর গমনে নেঙ্গা রায়বারে জায় ॥৬
৭নড় পাড়ি নেঙ্গা জায় নাহি বান্ধে কেশ ।
অন্তঃপুরে নেঙ্গা জাঞা করিল প্রবেশ ॥৭
মা সোনকা বোলিঞা নেঙ্গা ডাক পারে ।
দেবী পূজে সোনকা রাও নাহি কাঢ়ে ৮ ॥
৯ক্রোধ হঞা দেখে নেঙ্গা ভুলকি মারিঞা ।৯
দেবী ১০ পূজে সোনকা ১০ ছয় বধূ নঞা ॥
১১ নেঙ্গা বোলে আজি মুই ১১ ই নাম পাড়াঙ ।
১২ চান্দো সোনকা আজি কন্দল ভেজাঙ ॥ ১২
১৩নড় পাড়ি জায় নেঙ্গা কথা নাহি কহে ॥
মাথা নওইঞা কথা চান্দোর আগে কহে ॥১৩
১৪মাথা নওইঞা কথা বোলে আর বার ।
এত দিনে গৃহ নষ্ট হইল তোমার ॥ ১৪
আমারে পঠাইলা ১৫ রন্ধনের বার্তা জানিবারে ১৫ ।
মা সোনকা বলি ১৬ ডাক রাও নাহি কাঢ়ে ॥
আমিত দেখিলাম তবে ভুলকি মারিঞা ।
তোমার নিকটে কহি ই সত্য করিঞা ॥
সোনকা ডাহিনপোনা ১৭ শিখিছে বসিঞা ।
১৮ সম্মুখে বাসক পুষ্প নৈবিদ্য রাখিঞা ॥১৮

CENTRAL LIBRARY

পূজার জতেক দ্রব্য রাখিল আদি খণ্ড।
কেহ ছত্র ধরে শিরে কেহ ১ ধরে দণ্ড ১ ॥
এই মত সোনকা আছে নানা রঙ্গে।
পূজা করিছেন মাতা ছয় বধূ সঙ্গে ॥
এতেক স্থনিঞা সাধু বড় ক্রোধ ২ হৈঞা।
বড় পুত্র গঙ্গাধরে আনে ডাক দিত ॥
স্থন পুত্র গঙ্গাধর ৩ মোর বাক্য লেও ৩।
আমার বদলে তুমি দেওয়ান জোগাও ॥
গঙ্গাধর পুত্রে সাধু ৪ দেওয়ান সমর্পিয়া ৪।
৫ ঘরেতে চলিল সাধু বড় ক্রোধ হৈঞা ॥৫
সোনকা সোনকা বলি সাধু ৬ ডাক পারে :
দেবী পূজে সোনকা রাও নাহি কাঢ়ে ॥
চান্দোকে আছিল ৭ শিব শঙ্করের বর।
কপাট ঘুচাঞা সাধু সামাইল ৮ ঘর ॥
দেবীর বারির পূজা করে সাধুরানী।
৯দেবীর বারির পূজা দেখি কিবা বোলে বাণী ॥ ৯
জলন্ত আনলে জেন ১০ ঘৃত ঢাল্যা দিল ১০।
বারি দেখি সাধুর ১১ সর্ব্বাঙ্গ ১২ জল্যা গেল ১২ ॥
১৩ আমার ঠাই পূজা চাহে এই পদ্মাবতী। ১৩
আমাকে শঙ্কর প্রভু ১৪ করিল আরতি ॥
শিব বিনে অন্য দেব পূজা নাহি করি।
এত বোলি ক্রোধ করে চান্দো অধিকারী ॥
স্থবুদ্ধি আছিল সাধু কুবুদ্ধি নাগিল।
১৫ মনসাদেবীর বারি ১৫ পায়েতে ঠেলিল ॥
১৬ আনিঞা সোনকা বারি করিলেন মাথে।
মাথে করি সোনকা নাগিলা ভর্চ্চিতে ॥ ১৬
১৭ তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥ ১৭

CENTRAL LIBRARY

১ মাথে বারি করি সোনা কান্দেন বিস্তর।
কান্দে সোনা বান্যানি গালে মারে চড় ॥

ও আরে গালে মারে চড় ও আরে হয় ॥ ধু ॥১

২কান্দে সোনকা দেবীর বারি নৈঞা মাথে।
বড়ই অকাজ তুমি কৈলা প্রাণনাথে ॥২
৩ কি কৈলে কি কৈলে সাধু পায়েতে ঠেলিঞা।
কান্দেন সোনকা বারি মস্তকে করিঞা ॥৩
দেবী আরাধিয়া মুই মাঙ্গিয়া লেঙঃ বর।
৫ এমন দুরন্ত কর্ম কৈলে সদাগর ॥ ৫
৬ নিদ্রায় ছিল বাঘিনী চিঞাঞা উঠিল।
সর্পের মুড়িতে তেন আঙ্গুলি রুপিল ॥ ৬
৭ কিনা দেখি ধন জন পুত্র পরিবার।
এখন দেবীর বাদে হবে ছাড়খার ॥ ৭
৮ দেবীর বারিকে তুমি পায়েতে ঠেলিঞা। ৮
সবংশে মজিলা আজি নিশ্চয় করিঞা ॥
দেখ জালুমালু ছিল দুঃখেত কাতর।
দেবীর প্রসাদে হৈল আশ্চর্য সকল ॥
হেন জে দেবীর বারি পায়েতে ঠলিঞা ॥
ধন জন সর্ব্বনাশ এবে হৈল গিঞা ॥
৯ কান্দেন সোনকা মাথে নঞা দেবীর বারি ।৯
শঙ্খনী সর্পরূপ ধরি বোলে বিষহরি ॥
দেবী বোলে সোনকা তোর নাহি অপরাধ।
আজি হৈতে হৈল মোর চান্দো সঙ্গে বাদ ॥
ক্রোধ করি বোলে মাতা ব্রাহ্মণী তোতল।
আজি হৈতে চান্দোর ধন নাশিব সকল ॥
দেবী বোলে নেতাই পাত্র ১০ সুনহ বচন।
আমার বারি চান্দো পাএ ঠেলে কি কারণ ॥

CENTRAL LIBRARY

নেতাই বোলেন মাতা স্থন বিষহরি।
চান্দোকে স্বহায় আছে কুলের গন্ধেশ্বরী ॥
দেবী বোলে গন্ধেশ্বরী আছে চান্দোর ঘরে।
১ আমি মন্দ করিলে সে ১ কি করিতে পারে ॥
নেতাই বোলেন মাতা স্থন পদ্মাবতী ॥
চান্দোকে দুঃখ দিঞা তুমি রাখহ খিয়াতি ॥
নেতাইর বচনে পদ্মা ২ খলখলি ৩ হাসে।
তন্ত্রবিভূতে গায় মনসার দাসে ৪ ॥

৫ বোলে শিবনন্দিনী দুঃখিত মনে ॥ ধু ॥ ৫

বানিয়া দুরাচার করিস ৬ অহঙ্কার
এত দুঃখ পাসরি ৭ কিমতে।
সর্ব্ব জন বিদ্যমানে আমা ৮ কৈল অপমানে
লজ্জিত হইল মনসা ॥
আমি তোকে কহি স্থন বানিয়া দুর্জ্জন
অবশ্য তোকে করিব নৈরাশ ॥
বানিয়া বর্ব্বর ৯ বসিল দুরাক্ষর
কহিস শঙ্করের দাস।
আমি পদ্মাবতী করিব১০ দুর্গতি
সবংশে করিব ১১ বিনাশ ॥
চান্দো বোলে কানি ১২ স্বহায় শূলপানি
ডর নাহি তোর অহঙ্কারে।
প্রতিজ্ঞা স্থনহ মোর সংসারের ভিতর
নাহি দিব পূজা করিবারে ॥
১৩ওহে সাধু অধিপতি* তোমাকে নাগিল বিধি
কোন গুণে গন্ধেশ্বরী পূজে।১৩
বাপার ১৪পাইঞা বর ধনমত্ত সদাগর
আমা সঙ্গে বাদ নাহি সাজে ॥

পাঠ—অধিপোতি (সর্বত্র)

CENTRAL LIBRARY

প্রথম চৈত্র মাসে নবমী বার ১ শেষে
অবতার পাতিব বিষহরি ।
নেতাই বোলেন বাণী কর চান্দোর ধনহানি
কাপিতে লাগিলা অন্তস্পুরী ২ ॥
৩বানিয়ার বচনে পড়িলাঙ অকারণে
বিবাদ সাধিতে পদ্মা জায় । ৩
সঙ্গে করি নাগগণ রথে করি আরোহণ
চান্দোর পুরীতে দেবী জায় ॥
ধরি দেবী বিষজাল রাজ্য হৈল তোলপার
সর্ব্ব লোকে হইল তরাস ।
দেখি চান্দোর ব্যবহার দেবী সাজায় ভাণ্ডার
চান্দোর ধন করিতে ৪ বিনাশ ॥
দেবী ভাণ্ডারে জায় সোনার কুম্ভ গোড়ি জায়
হীরামণি ৫ সকলি পলায় ৫ ।
দৃষ্ট কৈল পদ্মাবতী নিভাইল মাণিক্য বাতি
ধন সকল ভস্ম হয়৬ জায় ॥
কুবের ভাণ্ডারি ছিল লক্ষ্মী কম্পমান হৈল
ভাণ্ডারের ধন শূন্য হয় ।
৭জে ছিল ৭ রক্ষকগণ সভে বিচলিত মন
সত্বরে ৮ জাঞা ৯ চান্দোকে জানায় ॥
স্থনিঞা ধনের কথা চান্দোকে লাগিল ব্যথা
শোকে চান্দো মনে মনে গুনি ।
বোলে চান্দো সদাগর ১০কাহাকে নাহিক ডর১০
ভাণ্ডারে সামাইল ১১ আজি ১২ কানী ॥
১৩ হাতে হেমতাল করি জায় চান্দো অধিকারী
ভাণ্ডারে চান্দো সামাইল গিঞা ।১৩
১৪ বুঝিঞা কার্য্যের গতি পলাইল পদ্মাবতী
জায় চান্দো দেবী খেদাইঞা ॥ ১৪

CENTRAL LIBRARY

তন্ত্রবিভূতি গায় বন্দিঞা পদ্মার পায়
দ্বিজ মুনি অস্তিকের মায় ১।
অষ্ট নাগের অধিকারী জরৎকায় মুনির নারী
সেবকে হইবে বড় দায় ২ ॥

৩কি বুদ্ধি করিবে পদ্মা বুঝা নাহি জায়।
চান্দোকে দেখিঞা পদ্মা পলাইয়া জায় ॥ ধু ॥ ৩

মনসা বোলেন নেতাই বুদ্ধি দেহ মোরে।
কোন বুদ্ধে আমাকে পূজিবে সদাগরে ॥
নেতাই বোলেন চান্দো হয় তোমার ভাই।
চড়ি হেন্দুলিয়া রথে জাহ তার ঠাই ॥
চাম্পাই নগরে গেলা জথা সদাগর।
৪ উপনীত হৈল পদ্মা চান্দো বরাবর ॥ ৪
পদ্মা বোলে দাদা কেনে বাড়াইলে ৫ দ্বন্দ্ব।
সভার ভিতরে কেনে ৬ বোল মন্দ ছন্দ ॥
এখন আমাকে দাদা দেহ ফুল জল।
ঘরে ঘরে দ্বন্দ্ব বাদ ৭ ঘুচিবে সকল ৭ ॥
ক্রোধ হঞা ৮ বোলে চান্দো স্থন ভাতারছাড়ি।
যাচিঞা চাহিস কিবা হেমতালের বাড়ি ॥
পদ্মা বোলে চান্দো তোর দুরন্ত হৃদয়।
অবশ্য নাশিব আমি তোর পুত্র ছয় ॥
আগে তোমার লক্ষের বাগান কাটিব।
তবে পাছে তোমা ছয় পুত্র বিনাশিব ॥
এত স্থনি ক্রোধ করে চান্দো সদাগর।
৯ পলায় মনসা দেবী রথে করি ভর ॥ ৯
হেমতালের বাড়ি ১০ মারে হৈঞা কম্পমান১০।
১১ রথে চড়ি পদ্মা দেবী হৈলা অন্তর্দ্ধান ॥ ১১

CENTRAL LIBRARY

অভিমানে পদ্মা জায় ১ আপনা ঘরে ১ ।
২ তন্ত্রবিভূতে গায় মনসার বরে ॥ ২

ভাটিআলি রাগ ৩ ।

রথে চড়িঞা দেবী গেলা নিজ ঘর ।
বাসনাদি বসিলেন অষ্ট পাত্র বর ॥
৪ বসিয়া জুগতি তারা করে নিরন্তর । ৪
কোন কর্ম করিলে সে চান্দো পায় ডর
৫ সভা মেলি যুক্তি করে বসিয়া সভায় ।৫
৬লক্ষের বাড়ি নষ্ট কৈলে চান্দো দুঃখ পায় ॥ ৬
হরষিত হৈল পদ্মা স্থনিঞা বচন ।
লক্ষের বাড়িতে মাতা করিল গমন ॥
৭ অষ্টকুলা নাগে দেবী সাজন করিঞা ।
জালুর বাড়িতে মাতা উত্তরিল গিঞা ॥৭
স্থন স্থন জালু মালু আমার বচন ।
আমার সহিতে চল লক্ষের বাগোআন ৮ ॥
আগে দেবী পাছে জালু মালু দুই জায় ।
তুরিত গমনে চান্দোর লক্ষের বাড়ি পায় ৯ ॥
চান্দোর লক্ষের বাড়ি মিলিল আসিঞা ।
বড় স্থখী হৈল মাতা ১০ বাগান ১১দেখিঞা ॥
চতুর্দ্দিগে প্রাচীর বাড়ি দেখিতে স্থন্দর ১২ ।
ধীরে ধীরে গেল মাতা ১৩ দ্বারের গোচর ১৩ ॥
লাথের চোটেতে দেবী ১৪ কপাট ভাঙ্গিঞা ।
লক্ষের বাড়িতে সামায় ১৫ জয় জয় দিঞা ॥
লক্ষের বাড়ি আমার বাপের প্রসাদ ।
তে কারণে করে চান্দো আমার সনে বাদ ॥
দেবী বোলে জালু মালু কার মুখে চাও ।
চান্দোর লক্ষের বাড়ি কাটিয়া ১৬ ফেলাও ॥

CENTRAL LIBRARY

দিন দুই প্রহরে হৈল ঘোর অন্ধকার।
১ দণ্ডের মধ্যে বাড়ি তার হৈল ছাড়খার ॥ ১
জয় নামে এক বাড়ি সেখানে আছিল।
২ সেহো বাড়ি পদ্মা তবে কাটিয়া ফেলিল ॥ ২
রক্ষকগণ ছিল সেই বাড়ীর ভিতরে।
তুরিতে ৩ বার্ত্তা দিল গিঞা চান্দোর গোচরে ৩ ॥
কি কর কি কর চান্দো নিশ্চিন্তে বসিঞা।
৪ তোমার লক্ষের বাড়ি ফেলিল কাটিঞা ॥ ৪
সকল লক্ষের বাড়ি হৈল ছাড়খার।
জালু মালু দুই জনে সেনাপতি তার।
অবশেষে জত ছিল দংশন করিল।
এই সব বার্তা সাধু তোমাকে কহিল ॥
এতেক ৫ স্থনিঞা ৬ ক্রোধ করে ৭ সদাগর।
বাঘা বাঘা বলি ৮ ডাক পারেন ৮ সত্বর ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

মল্লার রাগ ।৯

১০ নেঙ্গা নেঙ্গা বোলি ১০ সাধু১১ ঘন কাঢ়ে রাও।
১২ বাঘাকে ডাকিয়া তুমি আনিয়া জোগাও। ১২
একে চাহে নেঙ্গা দুয়জে আজ্ঞা পায়।
বাঘাকে ডাকিয়া তবে আনিয়া জোগায়১৩ ॥
১৪আসিঞাতো বাঘা সে চান্দোকে নমস্করে।
কোন কার্য্য করি সাধু আজ্ঞা কর মোরে ।১৪
চান্দো বোলে লক্ষের বাড়ি ফেলিল কাটিয়া।
কটক সাজাঞা ১৫ কানীক ফেলাহ১৬ মারিয়া১৭ ॥
১৮ঢাকে কাঠি দিঞা সাধু সাজন করিঞা।
আমার রাজ্যের কটক আনহ সাজাঞা ॥১৮
১৯ধর লেহ বাঘা তাম্বুল ধর খাও।
মেলাকাঠি ঢাকে তুমি তুলিয়া বাজাও ॥১৯

CENTRAL LIBRARY

রাজ আজ্ঞা১ পাঞা বাঘা অন্তরীক্ষে জায়।
মার মার করি বাঘা ই ঢাক বাজায় ॥
প্রথম২ মারিল কাঠি ই ঢাকে২ তুলিয়া।
গর্জিয়া* নানা পাইক আইল ধাইয়া ॥
দুইত বাঘা তবে ঢাকে দিল কাঠি।
তোলপার করে সব ৩ চাম্পাইর ৪ মাটি ॥
তিন কাঠি মারে বাঘা ঢাকের উপর।
এক চাপে ৫ আইল কটক ৬ জুঝিবার ৭॥
আর কাঠি মারে বাঘা গায়ে করি বল।
লাফ দিয়া বাহিরাইল ৮ হাজরা তেজবল ॥
পাষণ্ডি হাজরা পাইক যমের দোসর।
কালিকার বরে হাজরার তিন গোটা শর ॥
মেলাকাঠি বজ্রবাটুল আর চন্দ্রকাঠি।
শর ব্যর্থ *গেলে উপবাসী তিন রাতি ॥
ধনুকের গুণ জেন দুতিয়ার চান্দ ৯।
১০ ধনুকেত শোভা করে সোনার সে বান্ধ ॥১০
ঢাল তলয়ার সব করে ঝিকিমিকি।
হেন মতে ১১সাজাইল বাসাট্য১১ ধানুকী ॥
লাফ দিয়া বাহিরাইল ১২ খাণ্ডাতি ১৩ ভাস্কর।
তন্ত্রবিভূতে গায় মনসা দেন্ত বর ॥

সেন্দুরি রাগ।

খাণ্ডাতি ১৪ ভাস্কর আইল যমের দোসর।
চৌষট্য ১৫ হাজার ১৬ সেনা জাহার গোচর ১৬ ॥
তের কোটি ঢাল ১৭ জার হাড়িআ চামর।
সিংহবানা বান্ধে তারা দেখিতে সুন্দর ॥
সুবর্ণ বিন্দুক ঢালে নানা বর্ণে ঘাটি।
খরসান খাণ্ডা হাতে নানা শেল জাঠি ॥

*পাঠ—গোর্জ্জিয়া, পাঠ—বের্থ (সর্বত্র)

CENTRAL LIBRARY

নানা বর্ণে কত মত ১ কাঠি আছে ভাল ১ ।
প্রতি ঘোড়া শোভা করে ঘণ্টা উরুমাল ॥
হস্তীকুম্ভ স্থলে শোভে ২ সিন্দুরের *বোল ।
হস্তীর দশনে নাগে ৩ সুবর্ণের খোল ॥
গলে ঘাটা বাজে আর হাড়িঞা চামর ।
৪ হস্তীর শুণ্ডেতে শোভে ৪ লোহার মুদ্গর ॥
এড়িল বুহিত মৎস্য আহার পাইঞা ॥
ডারুকাদহ১৬ সাধু পাছুতে করিয়া।
কাকড়াদহতে সাধু উত্তরিল গিঞা ॥

CENTRAL LIBRARY

সাত পাচ কাকড়ায় জুগতি করিঞা।
চান্দোর বুহিত সভে ধরিল চাপিঞা ॥
পোড়া মহিষ দিল সাধু১ পানিতে ফেলাঞা।
এড়িল কাকড়া সব আহার পাইঞা ॥
২সেইত কাকড়াদহ সাধু পাছু করিয়া।২
সমুদ্রের মাঝে৩ চান্দো মিলিল আসিয়া৩ ॥
গাবরগণ গীত গায় হঞা হরষিত৪।
সমুদ্রের মাঝে৫ ঠেকি রহিল৫ বুহিত ॥
৬নাকের নিশ্বাস বান্ধিঞা৬ ডুবার ডুব দিল।
এক ডুবে সাত তাল পানি এড়াইল ॥
লায়ের তোলিতে দেখে হাত বাঢ়াইয়া।
বোয়ালি৭ মৎস্যের পিঠে বুহিত আছেন৮ ঠেকিঞা ॥
খাসি পোড়া ঘৃত মাখি৯ ফেলিল পানিত৯।
আহার পাইয়া১০ মৎস্য ছাড়িল বুহিত১০ ॥
খালিজুলি এড়ায় চান্দো সকল সাগর।
ত্রিবেণীর পাটন এড়ায় টেটননগর১১ ॥
১২টেটন এড়াঞা পায়১২ কাহ্নাইর নাটশাল।
সম্মুখে দেখিল চান্দো লঙ্কার ময়াল১৩ ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচলি করিল প্রকাশ ॥

কুহু রাগ ॥১৬

গাবরগণ১৪ ডিঙ্গা বায়১৪ ১৫কোড়িয়াদহ পায়১৫
এই দহর সুন সাধু কথা ॥
বাহিয়া কড়িয়াদহে মনাই কাণ্ডারি কহে
মন দিয়া সুন চন্দ্রপতি।
এই কড়ি মাতা পিতা এই কড়ি জন্মদাতা
এই কড়ি শয়নসংহতি ॥

CENTRAL LIBRARY

এই কড়ি আছে জার সংসারে বান্ধব তার
১কড়িবর হয় সর্ব্ব ধন ।১
সংসার মোহিনী কাম কড়ি বড় অনুপাম
নিকড়িয়া নিষ্ফল জীবন ॥
এই কড়ি দিতে পারি সাজি আইলে পরনারী
জাতি কুল না করে২ বিচার ।
জার নাহি কড়ি ধন প্রিয় নহে পুত্রগণ
নিজ নারী না দেয়৩ শৃঙ্গার ॥
কড়ি জগতের মূল৪ কড়ি রাখে জাতিকুল৫
সঙ্কটে করেন পরিত্রাণ ।
এই কড়ি আছে জার সফল জীবন তার
কড়ি হৈলে হয় মহাজ্ঞান ॥
স্থনি মনাইর বাণী বানিয়ার শিরোমণি*
কড়ি হেতু করিল সন্ধান ।
লোহার জাল৬ দিয়া কড়ি বন্দি করিয়া
ভরিল৭ জে ডিঙ্গা৭ অর্দ্ধখান ॥
বালুচরে খাদ করি জত কড়ি রাখে ভরি
তাতে দেয় গোবর গুলিয়া৮ ।
পোচিয়া৯ কড়ি জাবে উত্তম হইয়া রবে
জাবার কালে১০ লইব তুলিয়া ॥
কড়িয়াদহর নীর বাহিল বানিয়া বীর
উত্তরিল লঙ্কার সম্পাশে১১ ।
তন্ত্রবিভূতে কবি* বন্দ মনসা দেবী
পদছন্দে পাচালি প্রকাশে১২ ॥

*পাঠ—সিরমনি, *পাঠ—কোবি

CENTRAL LIBRARY

১কড়িয়াদহ সাধু পশ্চাতে করিয়া ।১
শঙ্খদহতে ডিঙ্গা উত্তরিল গিয়া ॥
সাধু বোলে মনাই দহের বার্তা কহ ।
মনাই বোলেন সাধু এই শঙ্খদহ ॥
আছিল২ লোহার জাল ডিঙ্গার উপরে ।
জাল দিয়া সদাগর শঙ্খ বন্দি করে ॥
বালুচরে রাখে শঙ্খ জীয়ন্ত বলিয়া৩ ।
আসিবার কালে৪ শঙ্খ লিবত৫ তুলিয়া ॥
৬ওই দেখ সাধু জগন্নাথের দেওাল ।৬
চান্দো বোলে কহ গাবর লঙ্কার ময়াল ॥
গাবর বোলে স্থন লক্ষের সদাগর ।
এই সমুদ্র লঙ্ঘিলে ৭লঙ্কার সহর৮ ॥
গাবরের৯ বচনে চান্দো হৈল হরিষে৯ ।
প্রসাদ কাপড় দিল জত ছিল পাশে ॥
আনন্দ হইলা গাবর প্রসাদ পাইঞা ।
লঙ্কার ময়াল দেখায় দক্ষিণ হস্ত দিঞা*॥
খাট খাট১০ ১১গুয়া গাছ১১ দিঘল দিঘল তাল ।
ওই খান১২ হয়১৩ সাধু লঙ্কার ময়াল ॥
নানা শব্দে বাদ্য বাজে করি কোলাহল ।
সম্মুখে দেখিল চান্দো লঙ্কার ময়াল১৪ ॥
ধীরে ধীরে জায় লৌকা লঙ্কার নিকটে ।
লৌকা চাপাইল সাধু লঙ্কার জে ঘাটে ॥
তন্ত্রবিভূতি গায় মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

সাধু বোলে কর্ণধার স্থনহ উত্তর ।
সকল বাদ্য১৫ বাজাও তোরা নৌকার১৫ উপর ॥
সাধুর আজ্ঞাএ বাদ্য বাজায় গণ্ডগোল ।
দামামা দগড়১৬ বাজে ঢাক১৭ ঢোল ॥

CENTRAL LIBRARY

নানা জাতি বাদ্য বাজে সুনি কোলাহল।
১বাদ্যের শব্দ সুনি নগরে হৈল রোল ॥১
পলায় নগরিয়া২ লোক আইল হারামখোর।
৩সুনি নগরিয়া লোক হৈল চমৎকার ॥৩
৪বার্ত্তা জানাইল গিয়া রাজার গোচর।
কোন জনা আসিয়াছে তোমার নগর ॥৪
রাজা বোলে সেনাগণ সাজহ সত্বর।
হারামজাদা ধরিয়া আন আমার গোচর ॥
সাজে চতুরঙ্গ সেনা গণিতে না পারি।
রাজা বোলে কোটাল ভাই৫ বার্ত্তা জান সারি ॥
কোন রাজ্যের রাজা আইল নগরে আমার।
শীঘ্রগতি জাঞা৬ তুমি বার্ত্তা জান সার ॥
বাছিয়া বাছিয়া সৈন্য *তুমি নঞা জাও।
হারামখোর হৈলে তুমি৭ মারিয়া খেদাও ॥
জদি কেহ আসিয়াছে সাহ সদাগর।
জানিয়া আসিতে দেহ৮ ৯আমার নগর৯ ॥
চলিল কোটাল সেই সঙ্গে সৈন্যগণ।
১০লৌকার নিকটে কোটাল গেল ততক্ষণ ॥১০
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

১১কালা নয়রে কালা নয়রে কালা রসময় রে ॥ ধু ॥১১

১২লৌকা হৈতে নামে তবে চান্দো সদাগর ।১২
বিছানা করিয়া দিল জতেক১৩ গাবর ॥
বিছানা উপরে সাধু বসিলেন ভাল।
হেনকালে আইল রাজার কোত্তয়াল৭ ॥

*এ পাঠ—সেন্য (সর্ব্বত্র)

CENTRAL LIBRARY

নিশাচর বোলেন তোমরা কোন জন।
পঞ্চশব্দী বাদ্য বাজাও১ কিসের কারণ॥
সাধু বোলে আমরা না হই অন্য জন।
২বাণিজ্য করিতে আইলাম২ কুটিশ্বরের নন্দন॥
পাটনে আমার পিতা আসিত বিস্তর।
তাহার তনয় আমি চান্দো সদাগর॥
নিশাচর বোলে সাধু রহ এই ঠাই৩।
নগরেতে জাহ তুমি রাজার দোহাই॥
জাবৎ তোমার আমি না বুঝিএ মন।
তাবৎ৪ ডিঙ্গাএ থাক৪ স্থন মহাজন॥
রাজাকে কহিলে জদি রাজা আজ্ঞা করে।
তবে সে আসিবে তুমি নগর ভিতরে॥
নৃপতিকে জানাইতে নিশাচর জায়।
তন্ত্রবিভূতে৫ কবি৫ বিরচিয়া গায়॥

৬ওহে কোটাল কহ গিয়া রাজা চন্দ্রধরে।
কহ কোটিশ্বরের বেটা আইল নগরে।
তুমি আজ্ঞা করিলে রান্ধি বাঢ়ি খাই।
রাজ আজ্ঞা পাইলে পাছে ভেটিবারে জাই॥
সাধুর বচন স্থনি চলে নিশাচর।
সত্বরে জানায় গিয়া রাজার গোচর॥
কোটাল বোলেন রাজা কর অবগতি*।
কুটিশ্বরের বেটা আইল সাধু চন্দ্রপতি॥
নহে কেহ হারামখোর সাধু মহাজন।
আসিয়াছে করিতে চাহে রাজদরশন॥
রাজা বোলে কোটাল সাধুকে জাঞা আন।
কি কর্মে আসিয়াছে আস্থক মোর স্থান৭॥

*পাঠ—অবগোতি

CENTRAL LIBRARY

রাজার১ আজ্ঞা পাঞা১ চলিল নিশাচর।
রাজবার্ত্তা জানাইল সাধুর গোচর ॥
নিশাচর বোলে স্থনহ সদাগর।
তোমাকে তলপ করে২ রাজা দণ্ডধর ॥
স্থনিয়া আশ্বাস সাধু আনন্দিত মন।
ঘাটে তাম্বু টানাএ৩ কুটিশ্বরের নন্দন ॥
৪নিশানা গাড়িয়া৪ তাম্বু করিলেন থারা।
চারিদিগে কানাত৫ দিয়া করিল চৌবেড়া৬ ॥
চান্দোআ টানাঞা৭ ৮পাড়ে পুষ্পের সিংহাসন৮।
ঝালর করিয়া দেয় লেতের কান৯ ॥
ছুলিয়া পাড়িয়া গির্দা দেয় আশে পাশে।
তাহাতে বসিলা চন্দো মনের হরিষে ॥
বিকি কিনি করিয়া আইল সর্ব্ব জন।
সত্বরে করিল সাধু রন্ধন ভোজন ॥
১০তন্ত্রবিভূতে গায় মনসার দাস ॥
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥১০

নাচাড়ি

শুভক্ষণ করিয়া আদেশএ বানিয়া
ধনাই মনাই স্থন ভাই
ভেট লেহ কিছু সাজ ১১বিলম্বের নাহিক১১ কাজ
চল রাজদরশনে জাই।
লেহ কিছু আচার মিষ্ট ফল উপহার
খির খিরিসা লেহ ভাই ॥
১২মিঠাই প্রচুর স্বস্তিক তিল লাড়ু
লেহ সব বান্ধিয়া ভার।১২
চিনিভরা দধি লেহ অখণ্ড সন্দেশ লেহ
তুলি লেহ মধু এক১৩ ভার ॥

CENTRAL LIBRARY

রাজকলা অনুপাম চাপাকলা মর্ত্তমান
ভার দুই লেহ ভাল ঘৃত।
১কমলা নেমু লিল১ আর আম্র কাঠাল
নারিকেল বেল জাম তাল ॥
আজ্ঞা করে ধনপতি মনাই ধায় শীঘ্রগতি
ফল মূলে বান্ধে শত২ ভার।
দোলায় চঢে ধনেশ্বর ভেটিবাকে৩ চন্দ্রধর
জাঞা পায় রাজার দুয়ার ॥
দ্বারে আছে দ্বারিয়ান রাজা জানাইতে জান
৪তথা থাকে কান্ধে ভার করি।৪
দ্বারে দোলা আইল দ্বারীরে সাধু কহিল
শীঘ্র জানাও৫ রাজা অধিকারী ॥
তন্ত্রবিভূতি৬ কবি বন্দ গো৭ মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা।
অষ্ট নাগের অধিকারী* জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥

৮দুয়ারে রহিল সদাগর রে আরে হয় ॥ ধু ॥৮

৯দুয়ারে সাধুকে৯ থুঞা রাজাকে দিল জান।
পাত্রমিত্র নয়া১০ রাজা বসিল দেওয়ান ॥
দ্বারী বোলে শুন রাজা দণ্ডের মদন।
দ্বারে দাণ্ডাইঞা১১ কুটিশ্বরের নন্দন ॥
রাজা বোলে শীঘ্র আন১২ আমার গোচর১২।
দ্বারে থাকিহ তোরা১৩ হইয়া সত্বর ॥
১৪রাজদরশনে জায় রাজা আছে জথা।১৪
দণ্ডবত হৈঞা১৫ সাধু নঞাইল১৬ মাথা ॥

*পাঠ—ওধিকারী (সর্বত্র)

বসিতে আসন দিল করিয়া আদর ।
রাজা বোলে কি নাম তোমার কোথা ঘর ॥
বানিয়া বোলেন মোর নাম চন্দ্রপতি ।
চাম্পাই১ নগরে রাজা আমার বসতি ॥
কুটিশ্বর পিতা মোর মহিমা অপার ।
লঙ্কাতে আসিয়াছেন কত২ শত বার ॥
রাজা বোলে চন্দ্রপতি আমি চন্দ্রধর ।
তোমাএ আমাএ মিতা হৈল৩ সদাগর ।
সাধু বলে ভেট দ্রব্য আনহ মনাই ।
রাজা বোলেন মিতা ভেটের কার্য্য নাই ॥
ভেট আগে হাত জোড় করিল যুগল ।
রাজা বোলে বড়গোলা কোন ফল ॥
রাজা বোলে মিতা এই ফল নারিকল ।
মহাতৃপ্ত হয় মিতা খাইলে ইহার জল ॥
শাস খাএ৪ ইহার আতব চিড়া দিয়া ।
পিত্ত নষ্ট হয় খায় চিনি দিয়া ॥
রাজা বোলে মিতা তুমি জাহ নিজবাস৫ ।
প্রভাতে করিব জত দ্রব্যের তল্লাস৬ ।
বিদায় হইয়া চলে সাধু চন্দ্রপতি ।
৭মনে মনে যুক্তি দেবী করে পদ্মাবতী ॥৭
সিয়লি পর্ব্বতে দেবী আছেন বসিয়া ।
যুক্তি করে পদ্মাদেবী নেতাই নইয়া ॥
কি বুদ্ধি করিব নেতাই বোলহ আমারে ।
কোন রূপে শাস্তি পায় চান্দো সদাগরে ॥
চৌখণ্ড পিঢ়িতে নেতাই বসিল চাপিয়া ।
গোনিঞা পড়িঞা বোলে পদ্মাকে আসিয়া ॥
লঙ্কার পাটনে আছে চান্দো সদাগরে ।
দৈবজ্ঞরূপে জাহ তুমি রাজার গোচরে ॥

CENTRAL LIBRARY

১নেতাইর বচনে পদ্মা আনন্দিত মন ।১
নেতাইকে সম্মান কৈল বস্ত্র অভরণ ॥
হেঙ্গুলিয়া রথে দেবী করে আরোহণ ।
বিবাদ সাধিতে আইলা লঙ্কার ভুবন ॥
আপনার নিজ রথ শূন্যপথে থুঞা২ ।
মর্ত্তোত নাম্বিলা দেবী দৈবজ্ঞরূপ হঞা৩ ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ।

৪তোমার মায়া পদ্মা কে বুঝিতে পারে গো ভবানী মা ॥ধু ॥৪

মায়াএ৫ নাম্বিলা পদ্মা দেবী বিষহরি ।
হাতে পাঞ্জি পুথি করি দৈবজ্ঞরূপ ধরি ॥
৬হাতে নাঠি কান্ধে ঝুলি ভিক্ষা নাগি চলে ।৬
কপালে অপূর্ব ফোটা যজ্ঞসূত্র গলে ॥
জেখানেতে আছে রাজা দণ্ডের মদন ।
রাজার সাক্ষাতে গেলা দৈবজ্ঞ ব্রাহ্মণ ॥
রাজার সাক্ষাতে৭ জাঞা৮ আশীর্ব্বাদ করে ।
শুভ শুভ আশীর্ব্বাদ কৈল৯ উচ্চ স্বরে ॥
রাজার কুশল হৌক সংসারের সুখ ।
প্রজার কুশল হৌক খণ্ডুক সব১০ দুঃখ ॥
১১সভামধ্যে আশীর্ব্বাদ করিল ব্রাহ্মণ ।
ব্রাহ্মণেকে মহারাজা পুছেন বচন ॥১১
রাজা বোলে দৈবজ্ঞ কহ তোমার কি১২ নাম ।
কোথাতে নিবাস তোমার এথা কিবা কাম ॥
দৈবজ্ঞ বোলে১৩ মোর নাম১৩ শিরোমণি ।
ভূত ভবিষ্যৎ আমি গোনিবাকে১৪ জানি ॥
গোনিয়া কহিতে পারি ই তিন ভুবন ।
তোমার স্থানে আইলাম ভিক্ষার কারণ ॥

CENTRAL LIBRARY

রাজা বোলে দৈবজ্ঞ বুঝিএ তোমার মন।
কি দ্রব্য পায়াছি১ আজি২ বুঝহ কারণ॥
মিছামিছি দৈবজ্ঞ ভূমিতে আক৩ পাড়ে।
মুছে৪ আর লেখে৫ ঘনে ঘনে মাথা লারে॥
গোনিয়া পোড়িয়া দৈবজ্ঞ চুপ হয়া রহে৬।
৭রাজা সঙ্গে রঙ্গে ধীরে ধীরে কথা কহে॥৭
গোনিলাম৮ উত্তম স্থন রাজা দণ্ডধর।
তোমার দেশেতে আসিয়াছে৯ এক সদাগর॥
নানা জাতি মিষ্ট ফল দিঞাছে১০ বানিঞা।
তার মধ্যে বিষফল দিঞাছে আনিঞা॥
বড় বড় ফল গোলা মধ্যে তার পানি।
বিষফল খায়া তুমি তেজিবা পরানি॥
হেলাএ নইবে তোমার লঙ্কা জে ভুবন।
আর নইবে১১ তোর ভাণ্ডারের ধন॥
স্থনিয়া প্রত্যয় গেলা লঙ্কার ঈশ্বর।
কোটালেকে১২ আজ্ঞা করে সাধু বন্দি কর॥
না জানিয়া দৈবজ্ঞ কেমনে কহে কথা।
এই কথা সত্য হয়১৩ কাট সাধুর মাথা॥
সাধুকে বান্ধিতে জায় রাজনিশাচর১৪।
কোটাল দেখিয়া কিছু বোলে সদাগর॥
১৫কোটাল বোলে সদাগর স্থনহ উত্তর।১৫
তোমাকে জাইতে হৈল রাজার গোচর॥
সাধুকে বান্ধিয়া আনে রাজার কোটাল১৬।
সেইকালে পদ্মাবতী হইল ব্যাকুল১৭॥
১৮জদি চান্দ সদাগর চিহ্নিবে আমারে।১৮
ব্যাকুল আছএ সাধু প্রত্যয় না করে॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ॥

CENTRAL LIBRARY

ওহে কোটাল না মার না মার অবিচারে
জদি ফল হয় আন বধিয় আমার প্রাণ
ধর্ম বুঝি বধিয় আমারে ॥ ধু ॥

পদ্মাএ সাধিল বাদ নাহি মোর অপরাধ
নয়া১ জাহ রাজা বিদ্যমান২ ।
হও তুমি পুণ্যবান নৃপতি সভাএ মান
মোর কথা কর অবধান৩ ।
স্থনিয়া সাধুর বাণী কোটাল মনেতে গুনি
চলিলেন নৃপতির ঠাই
৪কর রাজা৪ অবগতি ৫স্থন ওহে৫ নৃপতি
বানিয়ার কিছু দোষ নাই ॥
কোটালের বাক্য স্থনি নরপতি বোলে বাণী
সাধুকে আনহ সত্বর ।
বন্ধনে ছিলা চন্দ্রপতি আনে৬ কোটাল শীঘ্রগতি
নঞা গেলা জথা নৃপবর ॥
জোড় হাত করিয়া প্রণাম করে বানিয়া
নিবেদন স্থন নৃপবর ।
সাধু ৭বোলে নরপতি৮ মোর বাদে পদ্মাবতী
ত্রিভুবনে জানেন সকল ॥
আন দৈবক৯ গোসাই নারিকল ফল খাই
ফল খাঞা জদি থাকে প্রাণ ।
তবে আর ১০দৈবজ্ঞেরে চুণ কালি দিব গালে
কাটহ ১১তাহার নাক কান ॥
জদি ফল খাইলে মরে স্থন লঙ্কার ঈশ্বরে
উচিত শাস্তি করিহ আমার ।
দক্ষিণ মশানে মোরে দিয় ১২বলিদানে
ডিঙ্গার ধন লুটি ১৩লেহ মোর ॥

CENTRAL LIBRARY

১সভামধ্যে বিষহরি দৈবজ্ঞ রূপধারী
পলাইঞা গেলা রথপর ।১
রাজা বোলে দৈবজ্ঞ২ ডাক দৈবজ্ঞ না পায় নাগ
সাধু বোলে দেখ অবিচার ॥
আইলাম বাণিজ্য পথ বিনি দোষে কর বধ
বিচার না কর ভাগ্যদোষে ।
রাজা বোলে সদাগর খাও দেখি এই ফল
৩আর তুমি খাও ইহার শাস ।৩
খাও দেখি ফলের পানি তবে তোমাকে৪ মিত্র জানি
তবে সে প্রত্যয় ৫আমার মন ॥
পাঞা রাজার ইঙ্গিত বানিয়ার স্থির চিত
৬বিভূতি গায় মনসাচরণ ॥৬
৭বিষফল খাওরে বানিয়া আরে হয় ॥ধু॥৭

স্নান করি বানিয়ার গাএ হৈল বল ।
সভার ভিতরে সাধু ভাঙ্গে নারিকল ॥
মাঝা মাঝি ভাঙ্গিয়া করিল দুই খান ।
আগে শাস খায় পাছে করে জল পান ॥
নারিকল খাঞা সাধু পান গুয়া খায় ।
বসিয়া রহিল সাধু রাজার সভায় ॥
দুই প্রহর বেলা গেল ৮ভালে ভাল৮ ।
তৃতীয় প্রহর জাঞা হৈল সন্ধ্যাকাল ॥
তথাপি না মরে সাধু রাজা পায় নাজ ।
ধন্য ধন্য করে সভে রাজার সমাজ* ॥
দৈবজ্ঞ পলাঞা গেল রাজা ভাবে৯ ধন্দ ।
সর্ব্বথাএ পদ্মাএ নাগাঞা গেল দ্বন্দ্ব ॥

*পাঠ—সমাঝ,

CENTRAL LIBRARY

রাজা বোলে মিত্র তুমি ক্ষেম অপরাধ।
পদ্মাএ করিয়া গেল এতেক প্রমাদ ॥
চান্দো বোলে রাজা তোমার নাহি১ দোষ।
সর্ব্বকাল২ পদ্মা আমায় কৈল অসন্তোষ ॥
রাজা বোলে পাত্রমিত্র স্থন মোর ভাই।
ভাঙ্গ নারিকল ফল সভামধ্যে খাই ॥
গোটা দশ বিশ চান্দো ভাঙ্গে নারিকল।
এক ঠাই শাস রাখে আর ঠাই জল ॥
বাটিয়া দিলেন চান্দো আনন্দিত মন।
৩আগে রাজা খায় পাছে পাত্রমিত্রগণ ॥৩
৪নারিকল খাঞা রাজা বড় স্বাদ পায় ।৪
সাধুর প্রশংসা করি করে হায় হায় ॥
নারিকল খাঞা রাজা আনন্দিত মন।
তত্ত্ববিভূতে গায় মনসাচরণ ॥

ভাল ৫বিনোদিঞা হরিহে৬ রসের মরম জানে ॥ধু॥

সাধু বোলে মহারাজ কথা স্থন ৭সার।
সে দিবসের দ্রব্য আছে ভাণ্ডার ভিতর৮।
আজ্ঞা কর সব৯ দ্রব্য আনুক মনাই।
একত্রে বসিয়া মিষ্ট দ্রব্য সভে খাই ॥
ভাণ্ডারে থাকিল দ্রব্য জত কিছু ১০সাজ।
১১অবিচারে আন পাছে রাজা পায় নাজ ॥১১
আজ্ঞা করিল রাজা দ্রব্য আনিবারে।
স্থনিয়া মনাই গেল ভাণ্ডার দুয়ারে ॥
ভাণ্ডারিকে জানাইল রাজার আদেশ।
ভাণ্ডারিকে কহে বার্ত্তা করিয়া বিশেষ ॥
মনাই বোলেন স্থন রাজার ভাণ্ডারি।
সে দিবস ১২ভেট দিয়াছে চান্দো অধিকারী ॥

CENTRAL LIBRARY

সে সকল দ্রব্য আন মোর বরাবর ।
আমি জায়া১ দিব দ্রব্য রাজার গোচর ।
দ্রব্য ২ সব নইয়া২ মনাই ধাঞা জায় ।
তন্ত্রবিভূতে ৩পদ ৪বিরচিয়া গায় ॥

সোনার থাল দিল রাজা ভৃঙ্গার ভরি জল ।
আশে পাশে বসিলেন পাত্রমিত্রদল ॥
আদা খাহ ৫দেহের করে হিত ।
চিনি পান খাও মিতা নষ্ট হবে পিত্ত ॥
ফোক্কয়া ৬উথড়া৭ জত দিলেন সন্দেশ ।
শর্করা মিঠাই দিল খাইতে সুরস ॥
আতব মেহি চিড়া দিল ঘন ৮আউটা দুধ৮ ।
আম্বল কাঠাল খাঞা রাজা হৈল আনন্দ ॥
মর্ত্তমান কলা দিল চাম্পা৯ অনুপাম ।
১০রাজা বোলে কত খাব হইলাম বিশ্রাম ॥১০
খিরি খিরিসা ১১স্বস্তিক কচরি১১ চিনি দধি ।
রাজা বোলে হৈল মিতা ভোজন সমাধি ॥
ডাবরে আচমন করি তাম্বুল দিল মুখে১২ ।
তন্ত্রবিভূতে ১৩গায় ১৪আপনার সুখে১৪ ॥

ওহে মিতা ধন্য ধন্য তোমার জীবন ॥
সাফল নগর গ্রাম জাতে এত অনুপাম
ধন্য ধন্য চাম্পালি ভুবন ॥ধু॥

তোমার দেশের নরে সাফল জীবন ধরে
৫নানা জাতি উপভোগ করে ।১৫
আম জাম এই ফল তাল বেল নারিকল
বারো মাসে বারো ফল ধরে ॥

CENTRAL LIBRARY

আমার১ দেশের হীরামুনি কোন কার্য্য নাহি গোনি২
সেনা রূপা আর রত্ন নিধি।
বোহিয়া৩ মরি৪ কিসের তরে খাইয়ে না ৫পেট ভরে
ই দেশে বঞ্চিত বড় বিধি॥
রাজা বোলে স্থন মিত এই মোর কর হিত
আনিঞা দেহ নারিকল ফল।
যদি এই গাছ৬ পাই আজিয়া৭ ফল খাই
তোমাকে দিব পঞ্চরত্ন মূল্যা॥
সাধু বোলে মহাশয় উত্তম কহিলে ৮হয়
একগাছ নারিকল আছে১০॥
কৈলাসত ১১গিরিবর তাতে মহেশের ঘর
দুটি গাছ আছে তার কাছে॥
তন্ত্রবিভূতে ১২কবি বন্দি ১৩মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা॥

ধন্য ধন্য ওহে মিতা ধন্য সদাগর।
ধন্য কুলে উৎপত্তি ধন্য রাজ্য ঘর॥
খাইতে স্বাদ ১৪লাগে অধিক বাঢ়ে বল।
কত ধন দিলে মিতা পাই এই ফল॥
কহ কহ ওহে মিতা ১৫সত্য করি সাচে১৫।
১৬কেমনে পাটনে আইসে নারিকলের গাছে॥১৬
করজোড় করিয়া সে সদাগর বোলে।
দশ লক্ষ তঙ্কা১৭ দিলে পাই নারিকলে॥
১৮রাজা বোলে প্রাণের মিতা কহ তুমি সাচ।
কোন দেশে আছে এই নারিকল গাছ॥১৯
চান্দো ২০বোলেন মিতা২০ স্থন ভাল মতে।
গোড়া হৈতে জন্ম গাছ ডাল বাঢ়ায় লতে॥

CENTRAL LIBRARY

হাত পঞ্চাশ দিঘল গাছ চিরল চিরল পাত।
ফল ধরে ১ঝোকা ঝোকা১ লোহার জাল তাত॥
২প্রহরী বিস্তর আছে তার চারি ভিতে।
নারিকল গাছের কথা স্থন তুমি মিতে।২
রাজা বোলে স্থন মিতা কহিএ তোমাতে।
তোমার দেশে জাব আমি গাছের নিমিত্তে॥
ছাড়িলাঙ রাজা আমি আর যুবতীর কাছ।
কোথা গেলে পাব আমি নারিকল গাছ॥৩
চান্দো বোলে স্থন মিতা রাজা লঙ্কেশ্বর।
পর্ব্বতের মধ্যে গাছ প্রহরী বিস্তর॥
সাত কোটি নরে রাখে উনকোটি ৪নাগ।
ফল তুলিতে সঙ্কট বড় ঘাড়ে ধরে বাঘ॥
৫রাজা বোলে তেজি রাজ্য৫ তোমার সঙ্গে জাব।
৬তোমার দেশে জাঞা ৬আমি নারিকল খাব॥
৭পর্ব্বত উপরে গাছ তথা৭ ফল ধরে।
ই ফল আনিতে মিতা কার শক্তি পারে॥
বিস্তর সৈন্য সাজিব মিতা আর পওদল৮।
তবে সে আনিবোঁ মিতা ফল নারিকল॥
চান্দো বোলে মিতা তুমি স্থন এক চিত্তে।
সৈন্য সাজিলে গাছ নারিবে আনিতে॥
দেবের উপভোগ ফল দেবমধ্যে লেখা।
৯দেবতা বিনে৯ গাছ অন্যেক না দেয় দেখা॥
আমার বচন মিতা কর অবধান।
দেব বিনা১০ অন্য তথা নাহিক পয়ান॥
আমিও১১ হইএ মিতা শঙ্করের শিষ্য১২।
তো কারণে পাই মিতা ফলের উদ্দেশ।
জে জনাকে আছে মিতা শঙ্করের বর।
সে জনা তুলিতে পারে নারিকল ফল॥১৩

CENTRAL LIBRARY

এতেক স্থনিল রাজা চান্দোর বচন।
চিত্তে ক্ষমা দিল রাজা স্থনি ততক্ষণ ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

মিতা বানিয়া১ সদাগর আরে হয় ॥ধু॥২

রাজা বোলে সদাগর কর অবধান।
দ্রব্য লেনিদেনি ৩কর মোর বিদ্যমান ॥
তারাজু নইয়া তরে বৈসে সদাগর।
দ্রব্য আনিল জত লায়ের ৪গাবর ॥
৫বিছানা করি বোসিলেন৬ চান্দো অধিকারী।
৬রাজার সাক্ষাতে দ্রব্য থুইল সারি সারি ॥৬
রাজা বোলে দ্রব্যের কার ৭কত মূল।
সত্য করি কহ মিতা ৮হাতে ধর্ম তুল৮ ॥
হাসিয়া উত্তর দিল সাধু অধিকারী।
বদল করিব দ্রব্য বিকাইতে নারি ॥
রাজা বোলে কিসের বদলে লিবে৯ কি।
দ্রব্যের বদলে মিতা সেই দ্রব্য দি ॥
সাধু বোলে নারিকলে ১০হইল কলঙ্ক১০।
এক নারিকলে ১১ লিব দশ দশ শঙ্খ১১ ॥
রাজা বোলে নারিকল জত আমি লিব।
১২দশ শঙ্খ কার্য কি পঞ্চাশ শঙ্খ১৩ দিব ॥
১৪তার পাছে১৪ দেখাইল পুরাণ স্থকুতা।
ইহার বদলে লিব প্রবাল মুকুতা ॥
আমার ৫স্থকুতা মিতা বড় করে হিত।
রাখিয়া খাইলে মিতা ১৬নষ্ট করে পিত১৬ ॥
১৭তৌলে তৌলে লিব বদল রাশি রাশি। ৭
১৮ই বার পাইলে ১৮মিতা আর বার আসি ॥

CENTRAL LIBRARY

গুয়ার বদলে লিব সারি যুয়ার ছাও।
স্বর্ণ পিঞ্জরা লিব তার ফাও ॥
১খার জদি লিবে মিতা বদলাব নোন।
এক মোনে লিব মিতা নোন দশ মোন ॥১
আমার দেশেতে লোন ছোট লোকে খায়।
২রাজা বিনে খায় মিতা দেখিতে না পায় ॥২
এক গুণ বদলে মিতা লিব দশ গুণ।
ইহারত না জানি মিতা টুটি ৩হয় মূল ॥
আমড়া বদলে মিতা লিব ৪জায় ফল।
৫দুই গুণে বদলে দিলে ৫করিব বদল ॥
জিরা৬ বদলে হীরা লিব লিক্তি ধরিয়া৭।
৮বদলিতে পারি জদি সমান করিয়া ॥৮
হরিদ্রাএ সোনা লিব সমান বদল।
কস্তুরি বদলে লিব অমৃতের ফল ॥
এক দ্রব্য যত্ন করি আনিঞাছি ৯ ফুল বড়ি৯।
১০ইহার বদলে লিব দশ গুণ কোড়ি ॥১০
শ্বেত চামর লিঞা১১ বদলাব১২ সোন।
ইচ্ছা থাকে লেহ মিতা করিয়া১৩ যতন ॥
১৪আমার দেশের সদাগর বেড়ায় শতে শতে।১৪
সওলা ১৫চান্দোয়া নাগাঞা দেয় তাতে ॥
সনাকী করোয়া লেহ দেহ থাল ঝারি।
দ্বিগুণ করিয়া দেহ বদলাইতে পারি ॥
১৬আমার দেশের বস্ত্র আনিয়াছি সড়ি।১৬
সেই দেশে১৭ নাগিয়াছে মহঙ্গা বড়১৭ কড়ি ॥
আমার দেশের পাট অন্য দেশের পাটি.৯।
এক মণ করি বদলিব মূলে না হয় টুটি২০ ॥

CENTRAL LIBRARY

আমার দেশের সাড়ি অন্যে১ নাহি পায়।
২জেই জন থার পায় সেই সে পত্রয় ॥২
আমার দেশের সব রাজা জ্ঞাতিগণ।
সেই সব লোকে ৩মিত করে পরিধান৩ ॥
তোমার দেশের সাড়ি পানি পাঞা সরে।
বারো বৎসর পড়িলে এক ফাসঃ৪ নাহি লরে ॥
জত দ্রব্য দেয় সাধু কথা কহে ছলে।
৫অবোধ পাটনের লোক করিল বদলে ॥৫
৬জত দ্রব্য বোহিয়া৬ সাধু চৌদ্দ ডিঙ্গা ভরে।
অবোধ রাজার আগে সাধু মায়া করে ॥
সওাই৭ সকল দ্রব্য তুমি পাইলে সাজ।
৮গ্রামের মূল্য পাইল দিল সুন মহারাজ ॥৮
সওাই সকল সাজ দিলাম তোমারে।
সাধুয়ানী কিবা দোষ দেয় পাছে মোরে ॥
জত দ্রব্য দিলাঙ মিতা কিছু আমার নয়।
সাহর৯ মূল্য সুঝিলে তবে ভাল হয় ॥
এক দ্রব্য চাহি মিতা জদি দিতে পার।
দক্ষিণাবর্ত্ত শঙ্খদেহ*গোটা দশ বারো ॥
আমার গ্রামেতে আছে ব্রাহ্মণ সকল।
শালিগ্রামেক ১০দিবে তুলসী গঙ্গাজল ॥
তোমার মিতিন আছে গোটা ১১আট দশ১১।
১২তা সভাকে দেহ জত তোমার পোরস ॥১২
বালক আছেন মিতা গোটা ১৩দশ বার১৩।
১৪তা সভার তরে মিতা জত দিতে পার ॥১৪
বাহুবলে আমার অভাব কিছু নাই।
জত কিছু দেহ মিতা তোমার বড়াই ॥
রাজা বোলে আমার অভাব আছে কি।
জত ইচ্ছা কর তত আমি দি ॥

CENTRAL LIBRARY

ছলে ছলে জাতেক চাহিল সদাগর ।
সমস্ত আনিয়া দিল লঙ্কার ঈশ্বর ॥
তন্ত্রবিভূতে ১গায় মনসার দাস ।
পঞ্চছন্দে পাচালি করিল প্রকাশ ॥

২অবোধ পাটনের গতি নাহি কিছু জ্ঞান ।২
রাজাকে ভাণ্ডিল ভাল বানিয়া৩ সুজান৪ ॥
সড়ি ৫পাইয়া রাজার আনন্দিত মন ।
সর্ব্বাঙ্গে পোঢ়িল রাজা সাঢ়ির বসন ॥
সাঢ়ির জামা৬ আর পাগুরি বান্ধে শিরে ।
সাঢ়িময়৭ হৈল রাজা সর্ব্বাঙ্গ শরীরে ॥
তুলিচা৮ কম্বলগুলি আর পাটের৮ সঢ়ি ।
৯তাহার উপরে বৈসে বিছানা করি সড়ি ॥৯
সুনিয়া পুরীর জত মহাদেবীগণে ।
সড়ির ১০কারণে সভার ব্যাকুলিত মনে ॥
সকল রাণীকে রাজা দিলেন বসন ।
১১সড়ি পঢ়ি ১১রাণীগণের আনন্দিত মন ॥
সড়ি পঢ়ি রানীগণ আগু পাছু জায় ।
এক রাণী বোলে মোর গাও ২ চুলকায় ॥
রাজা বোলে সুন মিতা আমার বচন ।
তোমার মিত্তিনের গাও চুলকায় কি কারণ ॥
সাধু বোলে এই সড়ির নাহি মরে আস ।
বিস্তর না চুলকাবে চুলকাবে ছয় মাস ॥
সড়ি পঢ়িয়া১৩ রাজা বসিল সিংহাসনে ।
চান্দোর ভাণ্ডারি কাণ্ডারি হাসে মনে মনে ॥
চান্দো বোলে ভাণ্ডারি হাস কেনে তোরা ।
সড়ি পঢ়ি বসিল বেটা১৪ সাক্ষাৎ জেন চোরা১৫ ॥
তন্ত্রবিভূতে১৬ গায় মনসার দাস ।
পঞ্চছন্দে পাচালি করিল প্রকাশ ॥

CENTRAL LIBRARY

নাচারী।

পাইয়া জতেক ধন সাধু হৈল রঙ্গ মন
ভোজন করিল মহারঙ্গে।
পঞ্চশব্দে বাদ্য বাজে আনন্দে গাবর নাচে
দেখি চান্দো আনন্দ কুতুহলে১ ॥
২পালঙ্কে পড়িয়া২ শুইল বানিয়া
রজনীতে দেখি সপন।
সোনকার রূপ ধরি শিয়রেতে বিষহরি
সপনেতে দেয় আলিঙ্গন ॥
স্বপ্ন দেখি লঙ্কাপুরে৩ নিদ্রা তেজে সদাগরে৪
উঠে চান্দো ৫ব্যাকুল হইয়া৫ ॥
৬রাজদরশনে জায় হইবারে বিদায়৬
তন্ত্রবিভূতে পদে গায়৭ ॥

বাশি বাজায় নারে বাশি বাজায় না।
গোকুলে রাধার প্রাণ কান্দায় না ॥ধু॥

সুন সুন ওহে ৮প্রাণের তুমি৮ মিত।
৯দেখিয়া সপন মোর থির নহে চিত্ত ॥৯
আজিকার নিশিতে মিতা দেখিলাঙ সপন।
সপনে সোনকা মোরে দেয় আলিঙ্গন।
সপন দেখিয়া মিতা স্থির নহে মন।
সত্য সত্য জাব মিতা চাম্পাই ভুবন ॥
রাজা বোলে মিতা তুমি জাইতে চাহ দেশ।
আমার কারণে মিতা পঠাইবে সন্দেশ ॥
দেহ বা না দেহ মিতা আর কোন ফল।
যত্ন করি ১০পঠাইবে ফল ১০নারিকল ॥

CENTRAL LIBRARY

তোমার মিতিনের তরে পঠাইয় ১সড়ি।
যতনে পঠাবে মিতা আর ফুল বড়ি ॥
২রাজা বোলে পঠাইবে করিয়া যতন।২
জত মূল্য হয় আমি দিব তত ধন ॥
যত্ন করি পঠাইবে এই সব সাজ।
অবশ্য পঠাঞা দিব স্থন মহারাজ ॥
রাজার সাক্ষাতে সাধু হইল বিদায়।
তন্ত্রবিভূতি৩ কবি বিরচিঞা গায় ॥

সাধুপুত্র৪ কুলপাণি কোন কর্ম করে।
৫বিকিকিনি করিতে জায় লঙ্কার সহরে ॥৫
বাসাঘরে থাকি বোলে ৬রাজসমাচার।
শীঘ্রগতি জাহ তোরা সাজাও পসার।
পাত্র মিত্রকে বালা বোলে ডাক দিয়া।
লঙ্কার পাটনে জাব পসার নইঞা ॥
এ বোল স্থনিয়া সভে হৈলা৭ হরষিত।
নানা মত৮ পসার সাজায় তুরিত ॥
আগর চন্দন আর নারিকল।
শঙ্খ সিন্দূর সাজায় ফল জায়ফল ॥
হরিষ বদনে বালা পসার সাজায়।
পদ্মার আদেশে ৯গীত তন্ত্রবিভূতে গায়৯ ॥

মালসি রাগ।১০

লক্ষের পসার কুলপাণি সংহতি করিয়া।
লঙ্কার হাটেতে বালা মিলিল আসিঞা ॥
উত্তম ১১দেখিয়া বালা ঠাইখানি ১১ছিলিঞা।
পসার মেলিল বালা শিব স্বঙরিয়া ॥
পসার মেলিল বালা কুলপাণি কোঙর১২।
দেবী পদ্মা গেলা তথা মায়া পাতিবার ॥

CENTRAL LIBRARY

বৃদ্ধ ব্রাহ্মণী দেবী এরূপ ধরিয়া ।
কুমার সাক্ষাতে পদ্মা মিলিল আসিঞা ।
ব্রাহ্মণী বলেন তুমি স্থনহে কুমার ।
সিন্দূর কিনিতে আইলাম তোমার পসার ॥
পলাইয়া জায় বধূ নাহি আইসে১ ঘর ।
আমাকে দেহ পুতা তিন কড়ি সিন্দূর ॥
রোঝা বোলে তিন কড়ার সিন্দূর আনিঞা ।
অবশ্য বধূ তোমার দিব মানাইঞা ॥
জলন্ত আনলে জেন দর্শাইল তৈল ।
বচন স্থনিয়া বালা ক্রোধে জল্যা গেল ॥
সিন্দূর না দিল কড়ি ফেলে পাক দিঞা ।
আর বার আইল দেবী পঞ্চাশ নাগ নঞা ॥
মণে মণে সিন্দূর বালা ২দিছে তোলাইঞা২ ।
সেন্দুরিয়া নাগ হৈঞা থাকিল বসিঞা ।
দাণ্ডি৩ ধরিয়া সিন্দূর দিছেন লাপিঞা৪ ।
বালার কনেষ্ঠ অঙ্গুল ধরিল চাপিঞা ॥
৫মাও বাপ বোলি৫ বালা ৬পড়িল টলিয়া৬ ।
৭বালার মুখেত লাল জাইছে বহিয়া ॥৭
জাতে মায়া পাতিলেন শঙ্করের ঝিউ ।
নাগের কামড়ে বালা হারাইল জিউ ॥
সাত পাচে নিল বালাক কোলেত করিঞা ।
৮বাসাঘরেত বালাক৮ থুইল শোয়াইয়া ॥
৯রাজাকে ভেটিয়া আইল চান্দো সদাগর ।
তন্ত্রবিভূতে গায় মনসা দেন্ত বর ॥৯

গান্ধার রাগ ।

ওহে১০ পুত্র কুলপাণি উঠ উঠ বোল বাণী
তোমা পুত্র হারালাঙ১১ লঙ্কায় ।
কান্দে চান্দো সদাগর ধুলাএ ১২লোটে কলেবর১২
লোক সভ করে হায় হায় ॥

CENTRAL LIBRARY

চান্দো সাধু বিরোধিয়া১ ২দেবী পদ্মা বিবাদিঞা২
তার সর্পে সাধুর১৩ পুত্র খায় ।
বোলে চান্দো অধিকারী মোর বাদে বিষহরি
জথা আমি তথাকারে ৪জায় ॥
৫চাম্পাইতে পাইঞা ডর আইলাঙ লঙ্কার গড়
এথা পুত্রে দংশিল আসিঞা ।৫
শোকে মোর দহে প্রাণি৬ বিবাদে নাগিল কানী
ছয় পুত্র দংশিল ৭আসিঞা ॥
প্রাণের দুর্ল্লভ পুত্র রূপে গুণে অদ্ভুত
প্রাণাধিক৮ ৯কুলপাণি কোঙর৯ ।
কান্দে চান্দো অধিকারী কুলপাণি কোলে করি
সর্ব্ব গাও১০ ধুলায় ধুসর ॥
পুত্রশোকে চান্দো কান্দে প্রবোধ চিত্তে নাহি বান্ধে
সর্ব্ব লোক শোকাকুল রহে ।
হা পুত্র হা পুত্র করি কান্দে চান্দো অধিকারী
সর্ব্বাঙ্গ তিতিয়া১১ পড়ে লোহে ॥
চান্দো বোলে ডাক দিঞা স্থন সর্ব্ব১২ গাবরিয়া
১৩পসার সভে১৩ লেহত লুটিঞা ।
পসার লুটিঞা লেহ আম্র কদলী দেহ
কুলপাণি দিব১৪ ভাসাঞা ॥
চান্দোর বচন স্থনি আম্র কদলী আনি
১৫সর্ব্ব লোক মঞ্চুস সাজাইল ।১৫
১৬কুলপাণি পুত্র নৈঞা তাতে বালা শোয়াইঞা১৬
১৭সমুদ্রেতে ভাসাইঞা দিল ॥১৭
তন্ত্রবিভূতি গায় বন্দিয়া মনসার পায়
দ্বিজ মুনি অস্তিকের মাতা ।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥

CENTRAL LIBRARY

১বিবাদ সাধিঞা পদ্মা বিশ্বকর্মা হুঙ্কারিল ॥ ধু ॥১

২পুত্র ভাসাইঞা দিল চান্দো সদাগর।
পদ্মাএ থুইল মরা আপন গোচর ॥২
বিশ্বকর্মা বলি পদ্মা কৈল স্বগুরণ।
ভালুকে চড়িঞা বিশাই আইলা ততক্ষণ ॥
করজোড় করি বিশাই জানাইল৩ প্রণতি।
কোন কার্য্য করিব মাতা বোল পদ্মাবতী ॥
ধর লেহ বিশাই তাম্বুল ধর খাও।
জলের ভিতরে মেড় নির্ম্মাইঞা দেয় ॥
পান পাঞা বিশাই চলিল সত্বর।
দেবীর৪ মেড় নির্ম্মাইল জলের ভিতর ॥
৫পাষাণের মেড় নির্ম্মাইঞা কৈল সার।৫
সুতার সঞ্চার রাখে মেড়ের দুয়ার৬ ॥
সুবর্ণের পালঙ্ক৭ বিশাই দিলেন সাজাঞা।
তথাতে থাকিলা দেবী বর্ব্বটি রূপ৮ হঞা ॥
৯মেড় দেখিয়া দেবী সন্তুষ্ট হইল।৯
বস্ত্র আশীর্ব্বাদে বিশাই বিদায় হইল ॥
তারকা রাক্ষসী দেবী ডাকিতে লাগিল।
বাক্যমধ্যে রাক্ষসিনী দরশন দিল ॥
পদ্মা বোলে রাক্ষসিনী সুনহ বচন।
তোমার ঠাই আছে চান্দোর পাচটি নন্দন ॥
আর এক পুত্র লেহ সুনহ বচন।
মেড়ের ভিতরে নঞা থাকহে এখন ॥
পেট চিরি৬ নাড়ি খুলি১০ তাহুত করিল।
চান্দোর ছয় পুত্রখানি শুথাঞা রাখিল ॥
১১ছয় জীব রাখে দেবী আপনার পাশে।
তন্ত্রবিভূতে গায় মনসার দাসে ॥১১

CENTRAL LIBRARY

চান্দো বোলে মৈল মোর পুত্র কুলপাণি।
বড় দুঃখ দিল মোকে বেঙ্গথাকি কানী।
মহেশ দিলেন বড় হইয়া প্রসন্ন।
তার ঝিএ আমার নাশিলে ধন জন॥
কি বুদ্ধি করিব বোল ওহে১ গঙ্গাধর।
কোন কার্য্য করিব কেমনে বাদান্তর॥
ব্রাহ্মণ বোলেন স্থন চান্দো সদাগর।
জেই বুধ্যে২ ভাল হয় সেই বুধ্য৩ কর॥
শঙ্করনন্দিনী দেবী নাম বিষহরি।
৪তাহার বাদেত চান্দো কেহ নাহি তরি।৪
ত্রিশ কোটি দেবগণে৫ মথন মথিল৫।
বিষ খাঞা৬ সদাশিব টলিয়া পোড়িল৬॥
আপনি গেলেন তথা দেবীত পার্ব্বতী।
৭আপনে আনিলা দুর্গা করিয়া ভকতি॥৭
ব্রহ্মা আদি দেবগণে করিলা স্তবন।
প্রাণ সংশয় দেবী রাখেন জীবন॥
৮চান্দো বোলে মোর ঠাক্তি না বোল বচন।৮
কার শক্তি৯ দিতে পারে তার প্রাণদান॥
ডাক দিঞা গন্ধেশ্বরী বোলেন উত্তর১০।
এবার পুত্র হবে তোমার১১ বড় বিদ্যাধর১১॥
চান্দো বোলে ভাল১২ বোল বোলিলে১২ গন্ধেশ্বরী।
সোনকা গোঞ্জিবে শোকে মনে বিস্ময় করি।
বিবিধ বিধানে জত সোনকা বোলে মোকে।
তাহা স্বঙরিয়া কান্দিব পুত্রশোকে॥
দেশের লোকে মোকে বোলিবে অনুত্তর১৩।
কি বোলি১৪ তুষিব১৫ আমি চাম্পালি নগর॥
দেশে বিদেশে হৈল ছয় পুত্রের বিনাশ।
কানী স্থনিলে মোকে করিবে উপহাস॥

CENTRAL LIBRARY

১তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥১

পুত্রশোকে২ কান্দে সাধু মনে মনে গুণে২।
লঙ্কার বাণিজ্যে আমি আইলাম৩ কি কারণে ॥
কানীর বিবাদে আমি পাইল বড় দুঃখ।
৪ছয় পুত্র মরিল না পাইলাম কোন সুখ ॥৪
কানীর বিবাদে মোর৫ শরীরে বাঢ়ে৬ তাপ।
কানীকে মারিলে তবে ঘুচএ৬ সন্তাপ ॥
নানা মত কথা কহে চান্দো অধিকারী।
কোন বুদ্ধি করিয়া মারিব বিষহরি ॥
শঙ্করের বরে৭ মোকে নাহি কার ডর৭।
সকল সৈন্যে বেঢ়িব আমি ত্রিবেণী সাগর ৮ ॥
৯এত বোলি রাজা স্থানে গেল সদাগর।
বিদায় দেয় জাই মিতা চাম্পালি নগর ॥৯
১০করপুটে দুই মিতে হইল বিদায়।
লৌকাতে চঢ়িঞা সাধু নিজ দেশে জায় ॥১০
পাইক গাবরে বোলে চান্দো সদাগর।
ত্রিবেণী সাগরে বুহিত চলাহ সত্বর।
চান্দোর আজ্ঞা পাঞা গাবর আনন্দিত।
একত্র হইয়া সভে চলাহ বুহিত ॥
ত্রিবিণী বেঢ়িতে১১ চলে চান্দো সদাগর।
১২তন্ত্রবিভূতে গায় মনসার১২ পাঞা বর ॥

ভাটিআলি রাগ।

মহামায়া গন্ধেশ্বরী তাহাকে প্রণাম করি
১৩চলিলেন বানিয়ানন্দন ১৩
এখানে থাকিয়া কানী জত দুঃখ দিল জানি
ইহা প্রাণে সহে কোন জন ॥

CENTRAL LIBRARY

ক্রোধে চান্দো অধিকারী ভূমিতে জায় গড়াগোড়ি১
হাতে নঞা২ হেমতালের নড়ি।
গাবরে বেষ্টিত সারি বাদ্য বাজে তরাতরি
লায় বাহে ছুলাই৩ কাণ্ডারি ॥
৪ভেউর বাশি৪ জয়৫ ঢোল গাবর সব করে রোল
চমকিত দেবী বিষহরি৬।
বুদ্ধি বোল নেতাই ৭বেঢ়িল সব লৌকায়৭
হুলুস্থুল৮ ত্রিবেণী জে৮ পুরী ॥
পাইক সাজে তরাতরি ৯লৌকা আইসে৯ সারি সারি
১০তুমি না জান দেবী বিষহরি ॥১০
১১তোমাকে মারিবার তরে বুহিতের পাটোআরে
ক্রোধে আইসে চান্দো অধিকারী ॥১১
বোলে দেবী পদ্মাবতী ১২ স্থন লেতাই আরতি১২
পলাঞা জাই ময়না নগর।
১৩বাপ মোর শঙ্কর চান্দোকে দিয়াছে বর
রাখিতে নারি ত্রিবেণী নগর ॥১৩
অবুঝ শঙ্করঝি পলাঞা করিবি কি
১৪ফেলায় জল বাদল উথলিঞা।১৪
চারি দিগের চারি বাও১৫ ১৬তাহাকেত দিয়া রাও১৬
১৭চান্দোর বুহিত ফেলাহ১৭ ডুবাঞা ॥
লেতাইর মন্ত্রণা স্থনি হাসে জয় ব্রাহ্মণী
চারি বাও আনে হুঙ্কারিয়া।
পদ্মার চরণবর বন্দি শির উপর
বিভূতি গায় মনসা বন্দিয়া ॥

CENTRAL LIBRARY

বরারি রাগ।

১আজি মায়া পাতিলে ভবানী গো।
মায়া পাতিলে ভবানী ॥ ধু ॥

পবন বলিয়া২ মাতা ঘন ছাড়ে রাও।
আচম্বিতে আকাশে আইল চারি বাও ॥
করজোড় করি বাও৩ করেন প্রণতি৪।
কি কর্ম্ম করিব মাতা বোল পদ্মাবতী ॥
দেবী বোলে পবন তাম্বুল ধর খাও।
চান্দোর বুহিত মোরে৫ ডুবাইয়া দেও ॥
৬আমাকে না পূজে চান্দো মোরে দেয় গালি।
হেমতালের বাড়ি দিয়া ভাঙ্গিল কাকালি ॥৬
৭এতক স্থনিয়া পবন অন্তরীক্ষে গেল।৭
চান্দোর বুহিতে গিয়া৮ চারি বাও দিল ॥
চারি৯ কোনের বাও৯ একত্র হইয়া।
১০চান্দোর বুহিতে সভে বহেন আসিয়া ॥১০
পছ্যা১১ বাতাসে গাবর কাপে থরথরি১২।
১৩পুবিয়া বাতাস গাবর সহিতে না পারি ॥১৩
দক্ষিণা বাতাস গাবর কাপিল অন্তর।
ঢেকারা১৪ বাতাসে গাবরের আইল কোহোজ্জর ॥
চারি বাএ গাবর হইল একস্তর১৫।
১৬চারি বাএ গাবরগণের কাপিল অন্তর ॥১৬
বাতাসে চান্দোর ডিঙ্গার কি করিতে পারি।
তন্ত্রবিভূতে গায় বন্দিয়া বিষহরি ॥

কুন্ত রাগ।

পদ্মা বোলে নেতাই মন্ত্রী কি করি উপায়।
চান্দোর চৌদ্দ ডিঙ্গা খান ডুবা নাহি জায় ॥

CENTRAL LIBRARY

নেতাই১ বোলেন স্থন জুগতি২ পদ্মাবতী ।
মেঘগণ নদনদী ডাক শীঘ্র গতি ॥
জত নদনদী আছে উনপঞ্চাশ পবন ।
ডাক দেহত৩ হনুমান জলধরগণ ॥
ত্রিবেণীর জলে চান্দোর৪ ডিঙ্গা জে ডুবাও ।
৫তবে সে বানিয়ার হাতে ফুলপানি পাও ॥৫
আর এক কর্ম্ম কর স্থনহ বচন৬ ।
মেঘ হুঙ্কারিয়া৭ কর ঝড় বরিষণ৭ ॥
মেঘ মেঘ করি৮ দেবী ডাকে ঘনে ঘন ।
অন্তরীক্ষে আসি মেঘ৯ দিল দরশন৯ ॥
জোড় হাত করি মেঘ করেন প্রণতি১০ ।
কি১১ কর্ম্ম করিব১১ আজ্ঞা কর পদ্মাবতী ॥
দেবী বোলে মেঘগণ স্থনহ সত্বর১২ ।
চান্দোর বুহিতে ফেলাও১৩ পানি পাথর ॥
দেবীর বচনে মেঘ অন্তরীক্ষে জায় ।
হুরু হুরু১৪ শব্দে মেঘ ই গাও তোলায় ॥
আবর্ত্ত সাম্বর্ত্ত আর দ্রোণ জে পুষ্কর ।
গর্জ্জন করিয়া উঠে আকাশ উপর ॥
আচম্বিতে হইল১৫ মেঘের গর্জ্জন ১৫ ।
১৬চাপ চাপ করি ঘন ঝড় বরিষণ । ১৬
১৭মুষলধারে পড়ে পানি কুম্ভরাপ্রায় শিলা । ১৭
চান্দোর উপরে ঝড় পড়িতে নাগিলা ॥
পানি পাথর পড়ে১৮ নির্ঘাত বহে১৮ বাও ।
থরথর গাবর কাপে মুখে নাহি রাও ॥
চারি বাও বহে করিয়া১৯ দোল মার১৯ ।
সমুদ্র২০ উথলি পড়ে করে তোলপাড় ॥
দেখিয়া প্রমাদ গুণে চান্দো সদাগরে ।
২১কেমনে পাইব রক্ষা ভাবেন অন্তরে ॥২১

CENTRAL LIBRARY

সাত পাচ লাও১ ঘুরে কুম্ভারের ঢাক১।
২এড়াইতে নারে সাধু ত্রিবিণীর বাক ॥২
উড়াইল নিশান বানা বিচিত্র ছোইখানি৩।
ঝলকে ঝলকে চান্দোর৪ লাএ লেয়৪ পানি ॥
ভাঙ্গিল লায়ের৫ চাল হৈল খণ্ড খণ্ড।
উড়াইল টোআ৬ বানা হৈল লণ্ড ভণ্ড ॥
দেখিয়া প্রমাদ চান্দো হইল ফাফর।
ডুবুডুবু করে বুহিত৭ জলের উপর ॥
চান্দো বোলে গঙ্গা মা এবার রাখ বলেচ।
ঘরে গেলে দিব মা শতেক ছাগলে৯ ॥
সুবর্ণের১০ পঞ্চ পুষ্পে আরাধিব তোমা।
এবার সঙ্কটে মাগো রাখি লেহ আমা ॥
পবনের নামে মানে পুষ্পচন্দন।
বিষাদিত হৈঞা করে শিব স্বঙরণ ॥
সাত তাল হএ ত্রিবেণীর গঙ্গাজল।
চৌদ্দ তাল হএ চান্দোর বুহিত উচল১১ ॥
ডুবাইতে না পারিল চান্দোর বুহিত।
দেখিঞা দেবী পদ্মা হোইলা চিন্তিত ॥
১২পদ্মা বোলে লেতাই দিদি বোলিএ তোমাতে।
মেঘ বাতাসে চান্দোর বুহিত লারিল ডুবাইতে ॥১২
মন্ত্রণা বোলহ মোকে প্রাণের নেতাই।
কেমতে চান্দোর হাতে ফুলপানি পাই ॥
লেতাই বোলেন পদ্মা সুনহ বচন।
নদনদী আন তুমি করি নিমন্ত্রণ ॥
পৃথিবীর নদনদী আনিতে পার জবে;
তবেত চান্দোর ভিঙ্গা ডুবাইতে পারিবে ॥
এতেক সুনিয়া দেবী নিমন্ত্রণ করে।
তন্ত্রবিভূতে গায় মনসার বরে ॥

CENTRAL LIBRARY

আমন্ত্রণ পাইয়া নদী আনন্দিত মন।
নড়িলা নদনদী সব গঙ্গার দেওান ॥ ধু ॥

লোহাজাঙ্গ নড়ে১ ঝাটে২ ৩নব রঙ্গ দিয়া৩ পাটে৪
আত্রাইর৫ খর বহে৫ পানি।
বালুকা সমুদ্র পার ত্রিবেণীর শত ধার
ব্রহ্মপুত্র নড়িলা আপনি ॥
দেবী বোলে বচন স্থন সব নদীগণ
আজি আমি খিয়াতি রাখিব।
সকল তীর্থ মিলিয়া৬ জুগতি করিয়া
আজি চান্দোর বুহিত ডুবাব ॥
নড়ে গঙ্গা ভাগীরথী পুনর্ভবা ইছামতী
৭করতোয়া সাজে শীঘ্রগতি।৭
৮গোমতী গোখুরা নড়ে কলকলি শব্দ করে
ব্রহ্মপুত্র আর সরস্বতী ॥৮
৯ভাগীরথী পুণ্য স্থান সঙ্গেতে জাহ্নবী জান
গণ্ডকি কৌসিক সাজে রোষে।৯
মহানন্দা করে বল সাত তাল জার জল
১০ফল্গু নদী চলে আশে পাশে ॥১০
হাসে জয় ব্রাহ্মণী স্থল কুল নাহি জানি
বীরভদ্রা১১ বহে তার তলে১১।
মহারেখা চন্দ্রভাগা শ্বেত গঙ্গা করি শোভা
১ চন্দ্রাবতী করিয়া হিল্লোলে ॥১২
সব নদী এক১৩ মিলি১৪ দেখি দেবী কুতুহলী
যমুনা নড়িল আপনি।
১৫মউরী ঘুঘুরা নড়ে যুক্তি করি একত্তরে
চান্দোর বুহিত ডুবাব এখনি ॥১৫

CENTRAL LIBRARY

১পদ্মা ঘাঘরা লড়ে কুলিয়ক সুতা চলে
জে জথা আছিল মহীতলে ।১
২সকল জে তীর্থ বরে জুগতি করি সভে নড়ে
চান্দোর বোহিত ডুবাইতে চলে ॥২
আইল সব নদনদী জে বহে৩ পাল ভেদি
কল্লোল উঠিল গঙ্গাজলে ।
তন্ত্রবিভুতে গায় ৪বন্দিঞা মনসার পায়৪
আনন্দিত ব্রাহ্মণী তোতলে ॥

কুহু রাগ ।

মগরবাহিনী গঙ্গা আরে হয় ॥ধু॥

বিষাদিত৫ হৈল সাধু৫ গঙ্গার হিল্লোলে৬ ।
গগনে৭ উঠএ গঙ্গা৭ ঢেউর৮ আস্ফালে ॥
তোলপাড় করে জল গহিন গম্ভীর ।
৫গঙ্গার কল্লোলেত৯ বুহিত১০ নহে স্থির ॥
১১উপরে বরিষে১১ মেঘ ই পানি পাথর ।
১২চারি দিগে চারি১২ বাও বহে খরতর ॥
মেঘের গর্জন আর বিদ্যুৎ১৩ ঘন ঘোনি১৩ ।
১৪কর্ণেত লাগিল তালি ঢেউর শব্দ শুনি ॥১৪
দেখিয়া প্রমাদ চান্দো পড়িল ফাফরে ।
ডুবুডুবু করে বুহিত১৫ জলের উপরে ॥
জলের১৬ উপরে চান্দো ফিরে ঘুরি ঘুরি১৬ ।
দেখিয়া চান্দোর গাবর কাপে থরথরি ॥
১৭শত শত গাবরে উঠিয়া গেল রোল ।
ডরাইল গাবরগণ বোলে হরি বোল ॥১৭
গঙ্গার ঢেউ দেখিয়া সভার নাগিল তরাস ।
অন্তরে ছাড়এ১৮ গাবর১৯ জীবনের২০ আশ ॥

CENTRAL LIBRARY

১শীতে কম্পমান হৈল১ মুখে নাহি বোল।
চান্দোর২ লৌকার উপর ক্রন্দনের রোল২ ॥
চান্দো বোলে কেনে আইলাম লঙ্কার বাণিজ্যে।
ধন প্রাণ হারাইলাম সমুদ্রের মাঝে ॥
পাত্রমিত্র বোলে সাধু স্বঙর বিষহরি।
৩সমুদ্রসঙ্কটে সাধু জাইবেন তরি ॥
৪চান্দো বোলে নিন্দিলাঙ কানী না পুজ কোন কালে।৪
এই মত ডুবি জানি৫ সমুদ্রের জলে৫ ॥
৬এইখানে আমি জদি কানীর নাগ পাই।৬
হেমতালের৭ বাড়ি দিয়া মারিয়া খেদাই৭ ॥
এই মত সদাগর লৌকা৮ বাহি জায়।
ত্রিবেণী গঙ্গা৯ পাছু করি১০ কাকড়াদহ পায় ॥
ভাল মায়া করে দেবী শঙ্করনন্দিনী।
ডুবাব সাধুর ডিঙ্গা কাকড়ার পানি ॥
নেতাই বোলে স্থন জুগতি পদ্মাবতী১১।
কাকড়ার জলে মায়া কর শীঘ্রগতি ॥
গঙ্গাদেবীকে পদ্মা বোলে ডাক দিঞা।
চান্দোর বুহিত মাগো দেহ ডুবাইয়া ॥
পদ্মার বোলে গঙ্গাদেবী নড়িলা আকাশে।
দেখিয়া গঙ্গার জল চান্দোক নাগে ত্রাসে ॥
চান্দো বোলে কানীর মায়া না পারি বুঝিবাক২।
কাণ্ডার ধরিতে নারে ডিঙ্গা১২ থায় পাক১২ ॥
গাবর সভাকে চান্দো বোলে ডাক দিয়া।
ভালমতে রাখ ডিঙ্গা কাণ্ডার ধরিয়া ॥
চান্দোর বচনে গাবর করে কানাকানি।
আজি প্রাণ হারাইব নিশ্চয় মনে জানি ॥
জোড় হাত করি বোলে জত গাবরগণ।
১৩ঘরে গিঞা না দেখিলাম১৩ কন্যা১৪ পুত্রগণ১৪ ॥

CENTRAL LIBRARY

কোন কোন গাবর পলাইল চান্দোকে এড়িঞা।
কোন কোন গাবর[১] পলায় বুহিত বাহিঞা॥
[২]শঙ্করনন্দিনী দেবী বুদ্ধি বড় জানে।
স্মরণ করিল পদ্মা পবননন্দনে॥২
[৩]জেইমাত্র হনুমান করিল স্মরণ।[৩]
বাক্যমধ্যে হনুমান দিল দরশন॥
ধর লেহ হনুমান তাম্বুল ধর খাও।
চান্দোর চৌদ্দ খান ডিঙ্গা ডুবাইয়া দেও॥
হনুমান বীর আইসে করি অন্ধকার।
সকল গাবর মধ্যে দিল হুহুঙ্কার[৪]॥
চান্দোর বুহিতে চড়ে পবননন্দন।
হেনকালে ইন্দ্র করে ঝড় বরিষণ॥
একে একে ডুবায় ডিঙ্গা বীর হনুমান।
তন্ত্রবিভূতে গায় মনসাচরণ॥[৫]

ভাটিআলি রাগ[৬]

প্রথমে ডুবিল ডিঙ্গা চান্দোর চটান[৭]।
জে বুহিতে শোভা করে মাণিক্য রতন॥
আর বুহিত ডুবে কুলপাণির চটান।
কৌতুকে লিখিল[৮] জাতে কৃষ্ণের বৃন্দাবন॥
আর বুহিত ডুবে চান্দোর[৯] আগোলা পাগোলা[১]।
সভার আগে চলে ডিঙ্গা সুবর্ণ গাহলা॥
আর বুহিত ডুবে চান্দোর নামে চাম্পতাল[১০]।
সে বুহিত আছে চান্দোর রতন প্রবাল॥
আর বুহিত ডুবে চান্দোর নামে রত্নমালি।
জাহাতে বসিয়া চান্দো খেলে বাহিচালি॥
মধুর শবদে বাজে ঘন্টি ঘুঘুরা।
[১১]খরবেগে চলে সাঙ্কারে জেন তারা॥[১১]

CENTRAL LIBRARY

আর বুহিত ডুবে চান্দোর নামে গুয়ামুখি১ ।
দুই প্রহরের২ পথ জায় মালুম রাখি ॥
আর বুহিত ডুবে চান্দোর নামে উদয়তারা ।
সকল চাম্পাইর দ্রব্য জাতে আছে ভরা ॥
আরো বুহিত ডুবে চান্দোর নামে হীরামতি ।
কৌতুকে বসায়৩ তাতে চুনি গজমতি ॥
আরো বুহিত ডুবে চান্দোর নামে নামকলা ।
৪জাহাতে সুবর্ণ আছে হরিদ্রা বদলা ॥৪
আর বুহিত ডুবে চান্দোর নামে রুহিফিচা ।
জে বুহিত দেখিতে৫ চান্দোর বড়৫ ইচ্ছা ॥
আর বুহিত ডুবে চান্দোর নামে জলরুহ৬ ।
জার দিকে দেখিতে চক্ষের পড়ে লোহ৭ ॥
আর বুহিত ডুবে চান্দোর নামে মগরমুখ৮ ।
জে বুহিত দেখিতে চান্দোর বড় সুখ৯ ॥
আর বুহিত ডুবে চান্দোর নামে অনুপাম ।
জার উপরে বসিয়া সাধু দেখে সব১০ গ্রাম ॥
১১গঙ্গার জলে বুহিত ডুবে নিশ্চয় না জানি ।
১২শূন্যেত থাকিঞা পদ্মা হাসেন আপনি ॥১২
সকল বুহিত ডুবিল না ডুবে মধুকর ।
তন্ত্রবিভূতে গায় মনসা দেন্ত বর ।

সিন্ধু রাগ

১৩আজি মায়া পাতিলেন দেবী পদ্মাবতী ।
চলে পিতার স্থানে নইতে আরতি ॥ ধু ॥১৩

১৪নেতাই বোলে পদ্মা বাপের স্থানে জাও ।
বাপেকে কহিয়া মধুকর ডুবাও ॥১৪
১৫এতেক শুনিয়া পদ্মা গেল শিবস্থানে ।
করজোড় করি বোলে পিতার চরণে ॥১৫

CENTRAL LIBRARY

১এক নিবেদন পিতা কোরিএ তোমারে ।১
২তুমি আজ্ঞা করিলে তবে ডুবে মধুকরে ॥২
কাকুতি মিনতি পদ্মা কৈল জোড়কর ।
ঝিয়ের বচনে শিব দিলেন উত্তর ॥
মহেশ বোলেন তুমি শুন মধুকর ।
তুমি৩ গাও গড়াইলে৩ হয় ঝিয়ের বাদান্তর ॥
শিবের বচনে গাও লড়ায়৪ মধুকর ।
তাহার উপরে হনুমান দিল ভর ॥
ঝলকে ঝলকে নিল মধুকরে জল ।
চান্দোর সকল ডিঙ্গা গেল রসাতল ॥
৫চৌদ্দ ডিঙ্গা ডুবে সাধুর শতে শতে নাই ।৫
ডিঙ্গা ডেঙ্গি ডুবে সাধুর লেখা জোখা নাই ॥
৬মেধা কর্মচারী৬ ডুবে হরিশ ভাণ্ডারী৭ ।
রসোয়া৮ ব্রাহ্মণ ডুবে পাইক সারি সারি ॥
তার পাছে ডুবে সাধুর বিশ্বাসী গাবর ।
গাবরের অঙ্গ ধরি ভাসে সদাগর ॥
ভয় পাঞা কান্দে চান্দো জলের উপরে ।
৯রাখ্য রাখ্য বোলিয়া১০ গঙ্গাকে স্তুতি করে ॥
শিবের মস্তকে দেবী তোমার নিবাস ।
সঙ্কটে উদ্ধার মুক্তি১১শঙ্করের দাস ।
সোনকা করিল মানা না শুনিল কানে ।
পড়িল পদ্মার হাতে সঙ্কটে প্রাণধনে১২ ॥
জলের উপরে চান্দো টেপা মৎস্য ভাসে ।
রথের উপরে পদ্মা গলগল১৩ হাসে ॥
খেনে ভাসে সদাগর১৪ খেনে তল জায়১৪ ।
ঢোকে ঢোকে পিএ পানি চক্ষু উলটায় ॥
সেবকবৎসলা দেবী শঙ্করঝিয়ারি ।
চান্দোকে দেখিয়া হাসে জয় বিষহরি ॥

CENTRAL LIBRARY

১দয়া নাগিল দেবীক চান্দোক দেখিঞা ।১
কমল পুষ্পের ভেলা দিল পঠাইয়া২ ॥
ক্রোধ করি সদাগর বোলে কিছু বাণী ।
পদ্মবনে জন্ম হৈল বেঙ্গথাকি কানী ॥
ইহা বলি সদাগর ভেলায় নাহি চঢ়ে ।
কুলকুলা করি দিল ভেলার উপরে ॥
৩ভাদ্র মাসের পাকা তাল৩ ভাসিঞা বেড়ায় ।
চুলেত ধরিয়া চান্দোক ডুবায় উঠায় ॥
৪পদ্মা বোলে বানিয়াক ডুবাইয়া মারিব ।
তবে কি বানিয়ার ফুলপানি পাব ॥৪
৫এতেক জানিয়া চান্দোক প্রাণে না মারিব ।
জলের উপরে সাধুকে তরাইয়া নিব ।৫
পদ্মা বোলে সাগর মোর বচন রাখ ।
প্রাণে না মারিহ মোর গন্ধ বানিয়াক ॥
জলের উপরে ভাসে চান্দো৬ সদাগর ।
কাকরূপে৭ বৈসে তার৭ মস্তক উপর ॥
মুখ মেলি ভাসে চান্দো বড় দুষ্টমতি* ।
কাকরূপে চান্দোর মুখে বজ্জিল দেবতী৮ ॥
ভাসিতে ভাসিতে চান্দো কত দূরে জায় ।
আইল সাগরের ঢেউ কূলেতে ফেলায়৯ ॥
উঠিয়া বসিলা চান্দো মাথা করি হেট ।
পানি খাঞা হাড়ির সমান হৈল১০ পেট ॥
সাত দিন উপবাস সাধু চন্দ্রপতি ।
চলিতে না পারে চান্দো বড় অশকতি ॥
১১বৃদ্ধ ব্রাহ্মণীরূপে গেলা১ বানিয়ার ঠাই ।
কোথাকারে জাহ বাপু তোমারে সোধাই ।
চান্দো বোলে সাধু মুঞি সর্ব্ব লোকে জানে ।
বুহিত ডুবিল মোর চৌদ্দ ডিঙ্গাখানে ॥

*পাঠ—দুষ্টমোতি

CENTRAL LIBRARY

সাত দিনে উপবাস মুখে নাহি রাও।
১কোন পথে১ চাম্পালি জাব সুন২ বৃদ্ধ মাও॥
দেবী বোলে প্রাণ হৈতে জাতি নহে বড়।
কুঢ়াঞা৩ আনহ কিছু শাক কর জড়॥
কুঢ়াঞা আনহ হাঁড়ি সমুদ্রের জল।
কাষ্ঠে কাষ্ঠে ঘস তবে উঠিবে অনল॥
রন্ধন করি প্রাণ রাখ সুন সদাগর।
প্রাচিত্ত করিহ গিয়া৪ চাম্পালি নগর॥
বুঢ়ীর বচনে শাক কুঢ়াইয়া আনে।
ঘাটের ছুতা হাঁড়ি নঞা সিঝায় সেইখানে॥
রান্ধিয়া বনের শাক বাঢ়িলেন পাতে।
কাকরূপে মনসা বঞ্জিঞা দিল তাতে॥
শিব শিব বলি চান্দো হৈল এক পাশে।
তন্ত্রবিভূতি৫ গায় মনসার দাসে॥

ধানসি রাগ।

হাতে ছুতা হাঁড়ি করি ফিরে চান্দো অধিকারী
ভিক্ষা৬ মাঙ্গে প্রতি৬ ঘরে ঘরে।
দেখি জেন খেপা হেন নগরের শিশুগণ
ইটা পাথর ফেলাইয়া মারে॥
৭বোলে সদাগর কেনে মোরে মার
নাম মোর চান্দো বান্ধা।৭
৮নাহি পরিচয় জারে ইহা কয়
সর্ব্ব লোকে মরে হাস্যা॥৮
৯বর্ণ দেখি৯ সুরঙ্গ হৃষ্টপুষ্ট দেখি অঙ্গ
ছিড়া কানি কেনে১০ পরিধান।
ভাঙ্গা খোলা করি১১ হাতে ভিক্ষা১২ কিছু দেই১৩ তাতে
আর আছেন ব্রহ্মজ্ঞান১৪॥

ভিক্ষা১ মাঙ্গে বাড়ি বাড়ি পাইল চাউল কড়ি
ধান্য পাইল আঢ়ি২ দুই ।
পায়া৩ এক৪ ভাঙ্গা ঘর সেই ৫চান্দো সদাগর
তাহার কোনেতে ঢ্যালা থুই ॥
৬মনসা দেবীতে৬ ৭পাব্বিল জানিতে৭
গেলা দেবী গণেশের ঠাই ।
দুই দণ্ডের তরে তোমার এন্দুরে৮
এই ভিক্ষা দেহ মোর ভাই ॥
কহে দেব৯ গণপতি শুন গো পদ্মাবতী৯
১০সর্ব্বথা তোমাকে দিব মুসা ।১০
১১নিশ্চয় স্বরূপে কহিবে আমাকে ১১
কারে কর তুমি হিংসা ॥
শুন ভাই গজানন না কহিব এখন
কহিলে না দেও তুমি জানি ।
চান্দো সদাগর মোরে১২ নিরন্তর
বোলে বেঙথাকি কানী ॥
কি আর বলিব তাহারে ছলিব
মুসা দেহ লম্বোদরে ।
এন্দুর লইয়া দেবী দেখাইয়া
চান্দোর ধান্য চুরি করে ।
দেবীর আদেশে ভূমিত প্রবেশে
দন্তে বিদারিয়া মাটি
গণাইর এন্দুর বড়ই চতুর
সত্বরে ঘুলঙ্গ কাটি
মুসা১৩ বড় বুদ্ধি১৩ জানে ধান্য নামাইয়া আনে
গেল মুসা গণেশের স্থানে১৪
মনসার চরণ পরম কারণ
তন্ত্রবিভূতি পদে ভূনে ॥

CENTRAL LIBRARY

সুই রাগ

১বিবাদে লাগিলরে চান্দোর বিবাদে লাগিল রে ॥ ধু ॥১

২ধান্য নামাইল থালে গণাইর ইন্দুর ।২
চান্দো বান্যা দেখি হৈল বড়ই আকুল ॥
চান্দো বান্যা বোলে আমি ভিক্ষা মাঙ্গি আনি ।
এথাতে৩ নাগিল বাদে বেঙথাকি কানী ॥
বিষাদ ভাবিয়া চান্দো বনেতে৪ বেড়ায় ।
মনসার হাতে৫ সাধু বড়৬ দুঃখ পায় ॥
শ্বেত মাছি ৭রূপ ধরি৭ বিষহরি চলে ।
উড়িয়া ৮বসিল৯ আক্ষটির কর্ণমূলে ॥
এক বৎসর তারা ১০না পায়১০ শিকার ।
সেইদিন মৃগয়াতে ১১কৈল আগুসার১১ ॥
আঠা কাঠি ১২সাত লালা নঞা জাল১২ দড়ি ।
শিকার করিতে ব্যাধ বনে জাঞা বেঢ়ি ॥
কানন ১৩বেষ্টিত কৈল১৪ জত ব্যাধগণে ।
আহার ফেলিয়া ১৫ পক্ষ মারএ জঙ্গলে ॥
আহার পাইয়া পক্ষ চরে মনসুখে১৬ ।
হায় বল্যা১৭ চান্দো বান্যা ডাকে মনদুঃখে ॥
সাধুর শব্দ সুনিয়া জতেক পক্ষ উড়ে ।
জতেক আক্ষটিগণ ১৮চান্দো বান্যাক বেঢ়ে ॥
চারি দিগ বেঢ়িলেন জত পক্ষমারা ।
চান্দো বান্যার চুলে ধরি কিলায় ১৯ তারা ॥
না মার না মার বোলে চান্দো অধিকারী ।
কোন দোষে মার ভাই চুরি নাহি করি ॥
ব্যাধ বোলে কেনে মোর ২০পক্ষ উড়াইলা২০ ।
কোথা হৈতে কাল হৈঞা ২১ভাক্কয়া আইলা২১ ॥
২২মাথে থোপি মারিঞা বোলেন ভ্যাড়া ভ্যাড়া ।
গালে চড় মারি তারে সভে দিল ছাড়্যা ॥২২

CENTRAL LIBRARY

তথা হৈতে চান্দো বান্যা কান্দিতে কান্দিতে।
উপস্থিত হৈল গিয়া মিত্রের বাড়ীতে ॥
ধর্ম্মকেতু পিতা তাক চন্দ্রকেতু নাম।
জুড়াবার তরে ২সাধু গেলা তার ধাম ॥
৩মিত্র মিত্র৩ বলি তারে করিল আদেশ ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস ॥

ধানসি রাগ

চান্দো বান্যা বোলে মিতা কি কহিব দুঃখ কথা
বিধি দুঃখ লিখিল কপালে।
চেঙ্গমুড়ি৪ কানী বেটী পুত্র খাইলে ছয় গুটি
চৌদ্দ ডিঙ্গা ডুবাইল জলে ॥
ভাগ্যে বাচিঞাছে প্রাণ রক্ষা কৈলে ত্রিনঞান৫
দুই মিতে৬ হইল জে৬ দেখা।
বাচিনু ভাগ্যের বলে৭ আইনু তোমার স্থলে
তুমি মোর কিছু কর রক্ষা ॥
সদাগর বোলে মিত কিছু মোর কর হিত
ইতিহাস কর অবধান।
ভরতেরে রাজ্য দিয়া জানকী লক্ষ্মণ নঞা
জখন কাননে গেল রাম ॥
জনকনন্দিনী সীতা রাবণে হরিল তথা
৮থুইল কনক লঙ্কার মাঝে ।৮
বিপদে রামের মিত করিল তাহার হিত
মিত্র হৈল সুগ্রীব কপিরাজে ॥
বালিরাজ করি১০ বধ মিতে দিল রাজ্যপদ
এক বাণে বিন্ধে সাত তাল৭।
সুগ্রীব রামের মিত মিতের করিল হিত
সিন্ধুজলে বান্ধিল জাঙ্গাল ॥

CENTRAL LIBRARY

দুইজনে করি মিত ১দোহো দোহার১ করি হিত
করিয়া আপন প্রাণ পণ।
রাম সুগ্রীবের যশে শিলা বৃক্ষ জলে ভাসে
তার কীর্তি ঘোষে সর্ব্ব জন ॥
পাচ ভাই যুধিষ্ঠির রণে ছিলা মহাবীর
পাসায় হারি গেলা বনবাসে।
বিরাট রাজার ঠাই মিতভাবে পঞ্চ ভাই
স্থিতি হঞা২ রহে সেই দেশে ॥
শনিগ্রহ কৈল৩ পীড়া গেল রাজ্যপাট ছাড়্যা
দ্বাদশ বৎসর বনবাসে।
তেন মোর হৈল দশা তোমার মন্দিরে বাসা
আসিতে পাইনু বড় ভীত৪।
নাহি জানে অধিকারী মনসার দুটি৫ বারি
নিত্য পূজা করে তার মিত ॥
ভাল ৬ভাল বলি৬ মিত মোর বাড়ী উপস্থিত
আসিঞাছ অনেক দিবস পরে।
আগে জল পিঢ়ি দিঞা মিতেক৭ বৈসাল্য গিঞা
মনসার বারি জেই ঘরে ॥
সিংহাসনে দুটি বার৮ গলাতে পুষ্পের ঝারা
সুরঙ্গ সিন্দুর তার৮ পাতা৯।
চান্দো বোলে এই দেবী কৈল মোর ভরাডুবি
লুকাঞা রঞাছে আসি এথা ॥
আমার মিতার ঘরে রৈয়াছে আমার ডরে
১০বর্ব্বর ভাণ্ডাইয়া কানী।১০
আমার মিতার ঘরে কিবা গুণে পূজা করে
এত তত্ত্ব আমি নাহি জানি ॥
ভাঙ্গিতে মনসার বারি কোপে চান্দো অধিকারী
লঞা জায় হেমতাল নাঠি।
বুদ্ধি তার বিপরীত দেখিয়া তাহার মিত
১১চান্দোকে ধরিল শীঘ্র উঠি ॥১১

CENTRAL LIBRARY

ভাল মিত হতবুদ্ধি আর তোমার ১নাহি সিদ্ধি২
দেবতা সহিতে বিসম্বাদ।
জদি নাহি দড়বড়ি ৩নইতাও হেমতাল নড়ি৩
নিমিষে হইত পরমাদ ॥
পাগল দেখিয়া তারে ঢেকাঢেকি৪ সভে মারে
কেহ মারে মস্তক উপর৫।
ভাঙ্গিতে মনসার বারি আস্যাছ আমার বাড়ি
৬ঢেকা মারি বাড়ির বাহির কর ॥৬
তথা পাঞা অপমান বিষাদ ভাবিয়া জান
বনে বনে চান্দো অধিকারী।
তন্ত্রবিভূতি কবি বন্দো মনসা দেবী
কৃপামই মনসাকুমারী ॥

ভাটিআলি রাগ।

দয়া করিয়া মোরে রাখ রাঙ্গা পায় গো ভবানী মা ॥ধু॥

হাতে লাঠি সদাগর জায় ধীরে ধীরে।
সেই দিন হয় ৭হাট শ্রীকলার বাজারে ॥
ভার থুঞা৮ কুম্ভকার চাহিয়া৯ ফিরে ভারী।
সেই পথ দিয়া জায় চান্দো অধিকারী ॥
কুম্ভকার বোলেরে বুঢ়া লিতে পার ভার।
চারি পণ কড়ি লেহ মোজুরি১০ ইহার ॥
চান্দো বোলে ভার নিলে কড়ি জদি পাই১১।
প্রাণ রাখোঁ হাটেত কিনিঞা কিছু খাই১২ ॥
চান্দো বোলে মোজুরি কি দিবে দেখি আন।
চারি পণ কড়ি আনি দিল বিদ্যমান ॥
কড়ি পাঞা চান্দো১৩ ধুতিতে গাঠি১৩ বান্ধে।
১৪শিব শিব বোলি ভার তুমি নিল কান্ধে ॥১৪

CENTRAL LIBRARY

তখন মনসা দেবী কোন কর্ম্ম করে।
বিকট মূর্ত্তি হয়া১ দেবী ব্যাঘ্ররূপ ধরে ॥
ব্যাঘ্ররূপ হঞা দেবী বনের ভিতর।
গোর্জ্জিতে লাগিলা দেবী বানিয়া বরাবর২ ॥
ব্যাঘ্র দেখি বানিয়া হইলা চমৎকার।
৩পড়িল হাঁড়ির ভার হৈঞা চুরমার ॥৩
কুম্ভার না দেখে ব্যাঘ্র ভাঙ্গ্যা গেল হাঁড়ি ॥
চান্দোর মস্তকে মারে পজারের বাড়ি ॥
কাঢ়িয়া নইল কড়ি কুম্ভার কুমতি।
হাঁড়ির বদলে নিল পরিধান ধুতি ॥
লেঙ্গট৪ হইয়া সাধু রহে সেইখানে।
ছিড়িঞা গাছের ছাল বন হৈতে আনে ॥
৫সিকলি করিয়া ছাল৫ কৈল পরিধান।
৬ধীরে ধীরে হাটে৬ করিল পয়ান৭ ॥
সেইখানে মায়া কৈল৮ শঙ্করনন্দিনী৮।
তন্ত্রবিভূতি৯ গায় মধু *রসবাণী ॥

কুহু রাগ ॥

দেবী ভাবগো ভবানী মা ॥ ধু ॥

১০মায়া করি নাম্বিলেন১০ দেবী পদ্মাবতী।
১১কোটাল সাক্ষাতে গেলা দৈবজ্ঞমূরতি ॥১১
কোটাল বোলে দৈবজ্ঞ বচন মোর ধর ॥
১২গোনিবাকে পার১২ জদি গণা পঢ়া কর।
দৈবজ্ঞ বোলেন মুঞি নই অন্য জন।
ত্রিভুবনে জানে মোকে দৈবজ্ঞ১৩ রতন ॥
জত কর্ম্ম করে লোক১৪ স্বর্গ মর্ত্ত্য পাতালে।
১৫গোনিয়া কহিতে১৫ পারি গুরুজনার বরে ॥

*পাঠ—মোধু

CENTRAL LIBRARY

ইহা বোলি গণক হাতেতে নিল খড়ি ।
ষোল ঘর১ লিখিয়া পাতিল মিছা খড়ি১ ॥
২গোনিয়া দৈবজ্ঞ২ বোলে স্থনহ কোটাল ।
তোমার নগরে এক আইল জঞ্জাল ॥
এক চোর নগরে৩ করিল পরবেশ৪ ।
৫কাঙ্গাল করিবে এই নৃপতির দেশ ॥৫
দিন হৈলে পন্থিঞা বেড়ায় গাছের ছাল ।
৬মাঙ্গিঞা চাহিঞা ফিরে৬ দরিদ্র কাঙ্গাল ॥
নগরেত আসিয়া প্রবেশ নাহি করে ।
এইক্ষণে ধর তাকে স্থন নিশাচরে ॥
কোটাল বোলেন চোর আছেন কোন ঠাই ।
গোনিয়া৭ কহিতে পার তবে সে বড়াই ॥
ঞাকচ৮ ৯জোক করিয়া দৈবক আর গোণে৯ ।
লেখিয়া মুছেন১০ আর হাসে মনে মনে ॥
দৈবজ্ঞ বোলেরে চোর আসিঞাছে কাছে ।
পূর্ব্ব দিগে হাটের গাছের তলে আছে ॥
স্থনি কোটালের ফৌজ১১ জায় ঝাকে ঝাকে ।
ধরিঞা আনিল গিঞা গন্ধবানিয়াকে ॥
আজ্ঞা দিল কোটাল১২ মুণ্ড কাটহ সত্বরে১২ ।
দৈবক১৩ বোলেরে কোটাল বাক্য ধর মোরে১৩ ॥
ই চোর কাটিলে জদি রক্ত পড়ে ধারে ।
মহাদুঃখ হবে এই নগর ভিতরে ॥
মুণ্ডন করিয়া ঘোল ঢাল ইহার শিরে ।
ডিণ্ডড়া১৪ ফিরাঞা কর নগর বাহিরে ॥
স্থনিয়া কোটাল তবে দৈবজ্ঞের বোল ।
মুণ্ডন করিয়া১৫ চান্দোর মস্তকে ঢালে ঘোল ॥
ডিণ্ডড়া ফিরাঞা কৈল নগর বাহিরে ।
১৬কান্দিতে কান্দিতে জায় চান্দো সদাগরে ॥১৬

CENTRAL LIBRARY

বনের ভিতরে চান্দো এক বৃক্ষ দেখি।
তার তলে বৈসে চান্দো হৈঞা মনদুঃখী ॥
১বিষাদ ভাবিয়া কান্দে চান্দো সদাগর।
তন্ত্রবিভূতে গায় মনসা দেন্ত বর ॥৪

বৃক্ষতলে বসিয়া দুঃখ ভাবে বানিয়া
২কান্দে বান্যা২ চান্দো সদাগর।
ধন৩ বুহিত আনিনু৩ সাগরেতে৪ ডুবাইনু
কিবা নয়া৮ জাব নিজ ঘর ॥
চৌদ্দ বুহিত সাজ করি আছিলা৬৬ আপন পুরী৬
কুবের সমান মোর ঘর।
৭বুহিত ধন সকল বদল করি আনিল৭
জাইতাম চাম্পালি নগর ॥
৮সেই ধন গেল কোথা স্বভরিতে দারুণ ব্যথা
ধন দেখিতে না পাইনু ভালমতে।৮
হোনুমানেক কহিল মোর ডিঙ্গা ডুবাইল
গোচরিব ত্রিদশের নাথে ॥
একে একে দেবগণে জানে সভে ভাল মনে
আর জানে ত্রিদশ ঈশ্বর।
উর্দ্ধপদে৯ সেবা কৈল৯ ১০তবে শিব তুষ্ট হৈল১০
১১মোরে দিল১১ মন্ত্র ষড়াক্ষর ॥
১২সেবিয়া পশুপতি* নগরে পাইল স্থিতি
অমূল্য রতন বাসর ঘর।১২
১৬লৈ লক্ষ প্রজা হৈল অমূল্য রতন হৈল
সুবর্ণ কলস সব চালের উপর ॥১৬
১৭দর্প করে সদাগর সাধিল কানী বাদান্তর
গোড়ুর করিঞা অনুবল।১৭
১৮ষোল শত১৮ পাথরে নির্ম্মাইল মেড় ঘরে
বন্দী১৯ করিব কানীর নাগবল১৯ ॥

*পাঠ—পোষুপতি

CENTRAL LIBRARY

১জতো দুঃখ মোরে দিল তার মুক্তি দেও ফল
তবে ঘুচে মনের বিষাদ ॥১
গালি পাড়ে সদাগর২ হাসে দেবী৩ রথ পর৩
৪নেতাইকে বোলে ডাক দিয়া ।৪
৫বুদ্ধি বোল নেতাই কি করিব উপায়
চান্দো ভাত খাইল রান্ধিঞা ॥৯
তন্ত্রবিভূতি কবি বন্দো মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা ।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥

। দেশারাগ ॥

৬চান্দো বোলে আজি রান্ধিয়া খাব ভাত।৬
৭হারাইনু প্রাণ আমি কানীর জে হাত ॥৭
৮রন্ধন করিয়া আজি করিব ভোজন ।
নগর ভিতরে গেলা ভিক্ষার কারণ ॥৮
৯ভিক্ষা করিঞা চান্দো আইলা তুরিতে ।
উপনীত হৈল চান্দো গঙ্গার কূলেতে ॥৯
গঙ্গার কূলেতে চান্দো চঢ়াল১০ রন্ধন ।
শঙ্খ চিলরূপে১১ দেবী আইসে১১ ঘনে ঘন ॥
তিন ইটার ঝিক কৈল১২ মড়া কাঠির জাল ।
দেবীর প্রসাদে ভাত ধরিল উথাল ॥
ভাঙ্গা খোলা থালে১৩ চান্দো অন্ন জে বাঢ়িল ।
হাত পাও ধুঞা সাধু ভোজনে বসিল ॥
শঙ্খ চিলরূপে দেবী১৪ ছোএ নঞা জায়১৪ ।
অধোমুখ হঞা চান্দো হাত মোচরায় ॥
উচ্চ স্থানে থাকি চান্দো বোলে ডাক দিঞা ।
আমার উচিষ্ট কানী ছোএ১৫ গেল নঞা ॥

CENTRAL LIBRARY

ক্রোধিত হইল দেবী সুনিঞা উত্তর।
খোলা ফেলি মারে চান্দোর মাথার উপর ॥
১মারিলেন খোলা দেবী হাত বড় স্থির।১
চান্দোর২ মাথাতে নাগি২ হইল চৌচির ॥
কান্দে চান্দো সদাগর বিষাদ ভাবিঞা।
ভূমিতে পরিঞা কান্দে লোটাঞা লোটাঞা ॥
কোথাবা৩ থাকিল মোর চাম্পালি নগর।
কোথাবা৪ থাকিল মোর বিনোদ৫বাসর ॥
কোথাবা থাকিল মোর সোনকা সাধুয়ানী।
কোথা নঞা ফিরে মোকে৫ ইতর চেঙ্গমুড়ি৬ কানী ॥
৭এই মত চান্দো সাধু বিস্তর কান্দিল।
চান্দোকে দেখিয়া পদ্মার-দয়া উপজিল ॥৭
সেবকবৎসলা দেবী শঙ্করনন্দিনী।
সেখানে নাখিলা হঞা পঞ্চ জে যোগিনী ॥
যোগিনী দেখিঞা চান্দো মন স্থির কৈল।
আইস৮ আইস বোলি৮ তাহাকে সম্ভাষিল ॥
যোগিনী বোলেন পুত্রা সুনহ উত্তর।
তোমাকে দেখ্যাছি আমি চাম্পাই নগর ॥
সত্য সত্য হোই আমি চান্দো৯ অধিকারী।
বিবাদে লাগিল মোরে দেবী বিষহরি ॥
১০গ্রাম হারাইলাম আমি উদ্দেশ না পাই।
কোন দিগে আছে মোর নগর চাম্পাই ॥১০
সুবর্ণের বালা১১ দিব কর্ণেত কুণ্ডল।
দেখাইতে পার জদি চাম্পাই নগর ॥
দুইজন আগু হৈল পাছু তিন জন।
মাঝে মাঝে চান্দো জায় হরষিত মন ॥

৫পাঠ—বিনদ

CENTRAL LIBRARY

আপনে দেবতী পদ্মা হইল স্বহায় ।
ছয় মাসের পথ চান্দো তিন দিনে জায় ॥
চাম্পাই নিকটে সাধু মিলিল আসিঞা ।
আজি বাসা লেহ চান্দো নগরে উঠিঞা ॥
১শঙ্করনন্দিনী দেবী নাম বিষহরি ।
সোনকা ছলিতে জায় দৈবজ্ঞরূপ ধরি ॥১
তন্ত্রবিভূতে গায় মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

২একরূপে থাকে দেবী সদাগরের কাছে ।
ব্রাহ্মণীরূপে গেলেন সোনকা জথা আছে ॥২
৩দৈবক ব্রাহ্মণীরূপ ধরণ ধরিয়া ।৩
পাঞ্জি পুথি নিল দেবী হাতেত করিঞা ॥
বাসোরে বোসিয়া আছে সোনকা সাধুয়ানী ।
ধীরে ধীরে গেলা তথা বিধবা ব্রাহ্মণী ॥
ব্রাহ্মণী দেখিঞা সোনকা বন্দিল চরণ ।
বসিবারে দিলেন৪ উত্তম সিংহাসন ॥
সোনকা বোলে ঠাকুরাণী কহ উপদেশে ।
কত দিনে স্বামী পুত্র আসিবেন দেশে ॥
পুত্র না দেখিয়া মোর বিকল পরাণ ।
কুলপাণি পুত্র মোর প্রাণের সমান ॥
৫সোনকার বোলে দেবী হাতে খড়ি নিল ।
আক জোক পারি দেবী গোণিতে লাগিল ॥৫
পাঞ্জি পুথি নঞা৬ দেবী খড়ি কৈল সার ।
৭আজি সাঞ্জের বেলে সাধু৭ আসিবেন ঘর৮ ॥
৯আর এক খড়ি আমি দেখি বিপরীত ।
তোমার ঘরে অমঙ্গল দেখি বিপরীত ॥৯
এক খড়ি দেখি আমি পাইলাঙ বড় ডর ।
১০সাঞ্জ হৈলে১০ লাটা চোরা আসিবে তোর ঘর ॥

CENTRAL LIBRARY

সোনকা বোলে লাটা চোরা আসিবে কি নাগিয়া।
১রূপবতী বধূ তোমার নৈঞা জাবেন ধরিয়া ॥১
বুদ্ধি বোল২ ব্রাহ্মণী৩ মা কর৩ উপকার।
কোন বুধ্যে চোরের হাতে পাইব নিস্তার ॥
৪এই কর্ম্ম কর সোনকা৪ করি শুভ বেলা।
ঘরে৫ পুরুষ ৬নাহি তোর সব রাণ্ডীর মেলা৬ ॥
৭বিপরীত দেখি আমি নাহি দেখি ভাল।
এক বাক্য বোলি আমি করহ তৎকাল ॥৭
৮আইঠ হাঁড়ি পাতিল থয় কোন ভরাইয়া ॥৮
৯আঠ্যালের মুঢ়া ঝাটা আন কুঢ়াইঞা ॥৯
মুঢ়া বাঢ়ুন আদি করি রাখিহ আনিয়া ॥
ছয় বধূ সহিতে তুমি থাকিহ বসিয়া ॥
জখন চোর আসিবেন মায়া পাতিঞা।
১০তখন চোরাকে হাঁড়ি মারিহ ফেলাঞা ॥১০
১১সোনকাকে এতেক ব্রাহ্মণী বুঝাইল।
বস্ত্র কড়ি দিয়া সোনকা ব্রাহ্মণী তুষিল ॥১১
১২সোনকা নিকটে দেবী বিদায় হইল ॥১২
সাধুর নিকটে দেবী পুনর্বার আইল ॥
জথাতে বসিয়া আছে চান্দো সদাগর।
বোলিতে লাগিলা দেবী তাহার গোচর ॥
১৩তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥১৩

॥ বরারি রাগ ॥

তোমার মহিমা কেবা বোলিবারে পারে গো
ভবানী গো মা ॥ ধু ॥১৪

১৫যোগিনী বোলেন১৫ স্থন চান্দো সদাগর।
এই১৬ দেখি আইলাও১৭ চাম্পালি নগর১৭ ॥

CENTRAL LIBRARY

গ্রামেতে আসিয়া বাসা কর কি কারণে।
সোনকার সনে কর শুভ দরশনে ॥
কথাবার্তা কহিলাও সোনকা গোচরে।
আমার বচনে১ শীঘ্র জাহ১ নিজ ঘরে ॥
যোগিনী২ বচনে সাধু হরষিত মন।
৩আপন মন্দিরে সাধু করিল গমন ॥৩
৪জেই মাত্র চান্দো সাধু গেল নিজ ঘর।
সেই কালে দেবী পদ্মা রথে করে ভর ॥৪
৫সন্ধ্যাকাল হইলে৫ জখন গোরু আইসে ঘরে।
হেন কালে চান্দো সাধু আইলা মন্দিরে ॥
সত্বরে ঘরেকে চান্দো বাঢ়াইল পাও।
সোনকা সোনকা বোলি ঘন কাঢ়ে রাও ॥
সোনকা সোনকা ঘন ঘন ডাক পাড়ে।
৬ব্রাহ্মণীর বোলে সোনা৬ রাও নাহি কাঢ়ে ॥
কেহ ছুতা হাঁড়ি মারে কেহ৭ মারে ঝাটা৭।
৮মুঢ়া বাঢ়ুন মারে কেহ ফেলি মারে কাটা ॥৮
৯কেহ পাতিল মারে কেহ কুলা বাজায় ।৯
হীরা আদি ছয়'বধূ লুকাঞা বেড়ায় ॥
হীরা বধূ বোলে আমি রূপে বিদ্যাধরী১০।
আমা নঞা পড়িল সকল অথান্তরি১১ ॥
আঠ্যা ১২কুড়ের ছুতা হাঁড়ি মারেন ফেলাঞা১২।
চান্দোর গলাতে কানথা১৩ থাকিল ভাঙ্গিয়া১৪ ॥
১৫না মার না মার আমি চান্দো সদাগর ।১৫
কেনে মোকে মারহ আমার বাড়ি ঘর ॥
এত স্থনি সোনকা বোলেন ছাড়ি নাঞে।
গিয়াছেন সদাগর লঙ্কার বাণিজ্যে ॥
কোথাকার লাটা চোরা আস্যাছ মায়া করি।
চোরা হয়া হৈতে চাহো১৬ চান্দো অধিকারী ॥

CENTRAL LIBRARY

ঘরে না যাইতে দেয় সোনকা সাধুয়ানী।
চান্দোকে ফেলিয়া মারে আসিঞানি১ পানি ॥
চান্দোকে আছেন শিব শঙ্করের বর।
কপাট ঘুচাঞা২ চান্দো সামাইল ঘর ॥
লাটা চোরা করি শব্দ করেন সকলে।
চোর বোলি৩ ছাই মাটি চান্দোর উপর ফেলে ॥
দাড়ি ধরিঞা চান্দোর গালে মারে চড়।
চড় খাঞা চান্দো সাধু হইল ফাফর ॥
চুলে ধরি মাথে মারে বাঢ়নের বাড়ি।
মোচ ধরি তোলে কেহ উপারএ৪ দাড়ি ॥
কেহ ধরে হাতে গলে কেহ ধরে ঠেঙ্গে।
ঘরে হৈতে বাহির করে জেন কোহ্লা বেঙ্গে ॥
৫দুই পাও ধরি চান্দোর গাও ছেচরিঞা।
কাতর হইয়া চান্দো থাকিল পোড়িয়া ॥১
ছয় বধূ নঞা সোনা গেল নিজ ঘরে।
চক্ষু তুলি দেখেন তখন চান্দো সদাগরে ॥
৬গুড়গুড়ি দিয়া চান্দো পলায় সত্বর।৭
পলাইতে নাই৭ পথ পড়িল ফাফর ॥
এইরূপে পলাইল চান্দো সদাগর।
লুকাঞা রহিল৭ ঢেঁকিশালের ভিতর ॥
৯চান্দোর দুঃখের কথা কহা নাহি জায়।
তন্ত্রবিভূতি কবি বিরচিঞা গায় ॥৯

॥ ভাটিআলি রাগ ॥

রজনী প্রভাত হৈল সোনকা চেতন পাইল
ডাকিয়া চিয়াইল ছয় বধূ।
সোনকা বাহির হৈল আগিনাতে দাঁড়াইল
ভুলকি মারি১০ দেখে চান্দো সাধু ॥

CENTRAL LIBRARY

দেখিয়া সাধুর ভাও সোনকার নাহি রাও১
বিষাদিত ২সোনকা সাধুয়ানী২ ।
বচন নাহিক তুণ্ডে আকাশ ভাঙ্গি পরে মুণ্ডে
দেখি চান্দো সাধুর দুর্গতি ॥
পরিধান৩ গাছের ছাল অঙ্গেতে নাহিক তৈল৪
অন্ন বিনু৫ অঙ্গ জেন দড়ি ।
শিরে ভূষিত চুল দেখিতে বনের ভুল৬
বিভূষিত দেখি চাপ দাড়ি ॥
বোলে সোনা সাধুয়ানী কহ প্রভু স্বরূপ বাণী
কেনে তোমার এমন আবস্থা৭ ।
ধনজন গাবর কুলপাণি কুঙর৮
চৌদ্দ৯ বুহিত৯ থুয়া আইলা কোথা ॥
চান্দো বোলে সাধুয়ানী জত দুঃখ দিল কানী
লঙ্কাতে দংশিল কুলপাণি ।
ধন জন গাবর সব ডুবাইল মোর
ভাগ্যে মোর রহিল পরানি ॥
স্থনিয়া চান্দোর কথা কান্দে সোনা হানে মাথা
ভুমে পড়ে অঙ্গ আছাড়িয়া ॥
তন্ত্রবিভূতি কবি বন্দো১০ মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা ।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥

১১ছয় পুত্র খাইল সাপে কান্দে সোনা মনতাপে
ভুমে পড়ে পুত্র পুত্র বলি ।১২
মস্তকে মারএ ঘাও১৩ কাঢ়এ করুণা রাও১৪
হায় পুত্র কুলপাণি বলি ॥

CENTRAL LIBRARY

তুমি পুত্র গুণবান অতিশয় পুণ্যবান
তোমাকে দংশিল পদ্মা নাগে।
বড়ই ভরসা ছিল কুলপাণি পুত্র রহিল
বিধি দুঃখ লিখিল এই ভাগ্যে ॥
ওরে পুত্র কুলপাণি আসি মোরে বোল বাণী
তোমা পুত্র হারান্থ লঙ্কায়।
শোকে মোর দগ্ধে প্রাণ কেনে পুত্র হৈল হান
লোক সব করে হায় হায় ॥
পুত্রশোকে সোনকা কান্দে চিত্তে প্রবোধ নাহি বান্ধে
ছয় বধূ শোকাকুলে রহে।
হায় পুত্র হায় পুত্র বোলি কুলপাণি কুলপাণি করি
১সর্ব্বাঙ্গ তিতিঞা পড়ে লোহে ॥১
তন্ত্রবিভূতি করি বন্দো মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥

ওরে দারুণ বিধি তোর সনে২ আমার কিবা বাদরে ॥ ধু ॥

৩কান্দো সোনকা সাধুয়ানী বিষাদ ভাবিয়া।৩
কি কৈলে কি কৈলে প্রভু বাণিজ্যেত গিয়া ॥
তখনি জানিন৪ তোমাক৫কুবুদ্ধি লাগিল।
দেবী পদ্মার বারি জখন পাএত ঠেলিল ॥
শঙ্করঝিয়ারি পদ্মা৬ কমলে৭ উৎপতি।
৮তার বাদে হৈল৮ তোমার এতেক দুর্গতি ॥
ছয় পুত্র মারিল দেবী করিল৯ বিপরীত।
ধনজন নাশিল দেবী চৌদ্দ ১০বুহিত ॥
কোথা বা থাকিল পুত্র কুলপাণি কোঙর১১।
সংসার দুর্লভ *পুত্র প্রাণের সোসর ॥

*পাঠ—দুহলব

মুর্চ্ছিত হইঞা পড়ে বালি বুকে ঘাও দিঞা।
কান্দিতে লাগিলা সোনা১ হা পুত্র বোলিয়া ২ ॥
হা পুত্র বোলিয়া কান্দে সোনকা সাধুয়ানী।
৩কি দোষে দংশিল মোর পুত্র কুলপাণি ॥৩
চাম্পাই হইতে৪ গেল লঙ্কার ভিতর।
বালী বোলে পদ্মাবতী করি পরিহার৭।
সদয় হইঞা মায়া৮ না করিহ আর৮ ॥
পুন পুন বোলে কন্যা মিনতি করিঞা।
ধনজন বুহিত৯ মোকে দেহ উঠাঞা৯ ॥
ই বোল স্থনিঞা বোলে দেবী বিষহরি।
গঙ্গার ঠাঞি১০ জাহ কন্যা মোর নাম ধরি ॥
দেবীর বোলেতে১১ কন্যা সত্বরে চলিল।
১২গঙ্গার নিকটে জাঞা১২ বোলিতে লাগিল ॥
বোলেন স্থন্দরী কন্যা করজোড় করি১৩।
তোমার প্রসাদে মাগো জাই নিজপুরী ॥
১৪তোমাতে ডুবিল মোর শ্বশুরের বুহিত।১৪
ডিঙ্গা দিঞা গঙ্গাদেবী১৫ কর মোর হিত ॥

CENTRAL LIBRARY

বেহুলার বোলে গঙ্গা বোলিতে১ লাগিল।
ধনজন বুহিত সব জলে জীর্ণ হৈল ॥
গাবরগণ পোচিঞা অস্থি২ হৈল সার।
ধনজন বুহিত হৈল ছারখার ॥
ই বোল স্থনিঞা কন্যা নাগিল কান্দিতে।
৩বিরচিঞা গায় তন্ত্রবিভূতে ॥৩

নটরাগ ॥

৪কান্দিঞা ব্যাকুলী কন্যা গঙ্গা প্রতি বোলে ॥৪
৫উদ্ধার করহ মাতা নিজ কৃপাবলে ॥৫
পদ্মার প্রসাদে জিঞিল সপ্ত জন।
তোমার প্রসাদে পাঙ ডিঙ্গা আর ধন ॥
সংসারে বিদিত মাতা তোমার বাখান।
৬অভাগিনীক দয়া করি দেহ ডিঙ্গাদান ॥৬
৭ত্রিভুবন জিনিঞা৭ মাতা তুমিত ঈশ্বরী।
দেবের দুর্ল্লভ তুমি ধর্মের ঝিয়ারি ॥
তোমার চরণে মাতা করি৮ নমস্কার।
ধনজন বুহিত মাগো দেহত আমার ॥
নিপুরুষ হইঞাছে চাম্পালি নগর।
তোমার প্রসাদে জিঞে সকল গাবর ॥
৯দুলাই কাণ্ডারি জিঞে বটু গঙ্গাধর।৯
তোমার প্রসাদে১০ জিঞে সাই সদাগর১০ ॥
নাটুয়া গাএন জিউক১১ বাজনিয়াভাগে।
১২জোড় হাত করিঞা বোলি তোমার আগে ॥১২
মিনতি করিঞা বোলি তোমার গোচরে১৩।
১৪তোমার কীর্তি রহুক মাতা চাম্পালি নগরে ॥১৪
জদি নাহি দিবে মাতা বুহিত তুলিঞা।
১৫এখনি মোরিব১৫ আমি জলে ঝাপ দিঞা ॥

CENTRAL LIBRARY

১হাতের কাটারি দিঞা গলা যে কাটিব ।১
তোমার উপরে আমি স্ত্রীহত্যা দিব ॥
স্ত্রীবধের নামে গঙ্গার উড়িল২ পরাণি ।
মোরিবে বেহুলা হেন মনে অনুমানি৩ ॥
গঙ্গা৪ বোলে বেহুলা আমার বাক্য ধর ।
খানিক এখানে তুমি৫ শ্রীরাম শ্বশুর৫ ॥
৬এত বোলি বেহুলাকে সান্ত্বনা করিঞা ।
পদ্মার নিকটে গঙ্গা আইলেন চলিঞা ॥৬
পাছে পাছে বেহুলা বালী চলিল সত্বরে ।
আগে গঙ্গা পাছে বালী জায় ধীরে ধীরে ॥
পদ্মার নিকটে গঙ্গা মিলিল আসিঞা ।
কহিতে নাগিল গঙ্গা পদ্মাকে চাহিঞা ॥
মোর ঠাঞি পঠাইলে বেহুলাসুন্দরী ।
বুহিত উঠাইতে বোলে বানিঞাকুমারী ॥
বালী বোলে বুহিত জদি না দিবে উঠাঞা ।
স্ত্রীহত্যা দিতে চায় জলে ঝাপ দিঞা ॥
এতেক স্থনিঞা আমি আইলাঙ তোমার ঠাঞি ।
চান্দোর বুহিত পদ্মা মোর ঠাঞি নাই ॥
সাগরে চান্দোর বুহিত ডুবে ধনজন ।
৭তোমার আজ্ঞায় সাগর রাখ্যাছে তখন ॥৭
সাগর বোলিঞা৮ পদ্মা করিল স্মরণ ।
৯পদ্মার স্মরণে সাগর আইলা ততক্ষণ ॥৯
১০সাগর বোলে কেনে বা ডাকিলে বিষহরি ।
কি আজ্ঞা তোমার এবে কহ শীঘ্র করি ॥১০
পদ্মা বোলে চান্দোর বুহিত ধনজন ।
বিবাদে ডুবাঞা তোমার কৈলাম সমর্পণ ॥
সেই সব বুহিত দেহ আর ধনজন ।
ভাণ্ডারিয়া কাণ্ডারিঞা গাবরিঞাগণ ॥

CENTRAL LIBRARY

এ সব আনিঞা তুমি দেহ মোর ঠাঞি।
তবে সে চান্দোর হাতে ফুলজল পাই॥
হাতজোড় করিঞা সাগর বাক্য বোলে।
মোর সাধ্য নাই মাতা ডিঙ্গা তুলি কূলে॥
তোমার আজ্ঞাতে আইসে হনুমান বীরে।
তবে সেই ডিঙ্গা ভাসে জলের উপরে॥
এতেক স্থনিঞা পদ্মা হনুমানে স্মরে।
কদলির বনে বীর জানিল সত্বরে॥
পদ্মাবতী ডাকে মোকে কিসের নাগিঞা।
পবনবেগেতে বীর চলিল ধাইঞা॥
পদ্মার নিকটে আসি দিল দরশন।
কি কার্যে ডাকিল মাতা কহত এখন॥
পদ্মা বোলে হনুমান মোর বাক্য ধর।
এখনে আমার কিছু উপকার কর॥
সাগরে চান্দোর বুহিত ডুবাইলাম বিবাদে।
এখনে উঠাঞা দেহ তোমার প্রসাদে॥
বুহিত উঠিলে আমি ফুলজল পাই।
তে কারণে ডাকিলাম কহি তোমার ঠাঞি॥
এতেক স্থনিঞা তবে বীর গাও তোলে।
উপনীত হৈল আসি সাগরের কূলে॥
সাগরের মধ্যে বীর ডুবিল তক্ষণ।
বিরচিঞা গায় কবি জগতজীবন॥

প্রথমেত তোলে ডিঙ্গা চান্দোর চঢ়ান২।
নানা বর্ণে শোভা করে মাণিক্য রতন॥
শ্বেত ১লেতে চামরে ছাইল২ চারি৩ কোন।
বীর ঘণ্টা বাজে জাতে ঘাঘরের রোল॥

CENTRAL LIBRARY

বুহিত উপরে শোভে হাড়িয়া১ চামর।
সেই লাএ শোভা করে সাতশো২ গাবর ॥
আর এক বুহিত উঠে চান্দোর চঢ়ান৩।
কৌতুকে লেখিল৪ জাতে কৃষ্ণের বৃন্দাবন ॥
আর বুহিত৫ উঠিল জে নামে চাপরাল৬।

আর বুহিত উঠে তবে৮ নামে মৎস্যরাঙ্গা৮।
জাহাতে বসিঞা দেখে স্বর্ণ পুরী নঙ্কা ॥
আর বুহিত উঠে তবে৯ নামে সাহাসিঞা৯।
জত ভরা দেয় তত বেড়ায় ভাসিঞা ॥
আর বুহিত উঠে চান্দোর নামেত কালিয়া১০।
ঠেকিতে ঠেকিতে জায় জলেত১১ ভাসিঞা ॥
আর বুহিত উঠে চান্দোর আগোলা পাগলা।
আগে চলে শোভা করে স্বর্ণ গাহুলা ॥
আর বুহিত উঠে চান্দোর নামে জলগুহি১২।
জার পানে চাহিলে চক্ষের পড়ে লুহি১৩ ॥
আর বুহিত উঠে তবে নামে অনুপাম।
জাহাতে বসিঞা দেখে মুলুক চাটিগ্রাম১৪ ॥
আর ডিঙ্গা উঠে চান্দোর নামে গুয়ামুখি১৫।
১৬উপরে চড়িঞা দিবসের পথ দেখি ॥১৬
আর বুহিত উঠে চান্দোর নামে মনকলা।
হলদি বদলে জাতে ভরিঞাছে সোলা ॥
ছোট ছোট ডিঙ্গা উঠে নিলয় না জানি।
কোসা পানসোই উঠে নাহি ছয় পানি ॥
আর বুহিত উঠে চান্দোর নামে রুহিফিচ্যা।
সে১৭ বুহিত দেখিতে চান্দোর বড়ই ইচ্ছা ॥
আর বুহিত উঠে চান্দোর নামে মগরমুখ১৮।
সে বুহিত দেখিতে চান্দোর বড় সুখ ॥

CENTRAL LIBRARY

মধুকর ডিঙ্গা উঠে চান্দোর ভাণ্ডার।
১উচ্চ সাত তালগাছ প্রমাণ তাহার ।১
বার শও২ বুহিত উঠে৩ আর তেরশও৪ লাই।
ডিঙ্গা ডিঙ্গি৫ উঠে তার৬ লেখাজোখা নাই॥
৭উঠায় বুহিত সকল৭ জয় জয় দিঞা।
৮চোদ্দ ডিঙ্গা ধনজন দেবীকে দিল গিঞা॥৮
ডিঙ্গা উদ্ধারিঞা হনুমান মহাবীর।
পদ্মার নিকটে জাঞা কহিল তুরিত॥
পদ্মার নিকটে বীর বিদায় হইল।
তুরিত গমনে বীর নিজ বাসে গেল॥
ডিঙ্গা উদ্ধারিঞা পদ্মার হরষিত মন।
বেহুলা দেখিঞা করে আনন্দ নর্তন॥
নৃত্য করে বেহুলাসুন্দরী মনরঙ্গে।
নথাই বাজায় বীণা মনের তরঙ্গে॥
দেখিঞা সকল দেব জয়ধ্বনি করে।
পুষ্পবৃষ্টি* করেন জে বেহুলাউপরে॥
ধন্য ধন্য তুমি সতী বেহুলাসুন্দরী।
তোর যশ কীর্তি রবে ত্রিজগত ভরি॥
এখন ত জাহ তুমি আপন ভুবন।
আমা সভার বাক্য জে না হয় লঙ্ঘন॥
৯বিদায় হইঞা তুমি জাহ নিজপুরে।৯
১০তন্ত্রবিভূতে গায় মনসার বরে॥১০

আজি মুরলি ঘন বাজে।
না জানি বিনোদ নাগর কোন দিগে সাজে॥ ধু॥

পদ্মা বোলে বিলম্ব না কর রূপবতী।
ডিঙ্গাতে চড়িঞা সভে জাহ শীঘ্রগতি॥

*পাঠ—পুষ্পবিষ্টি

CENTRAL LIBRARY

জে চাহিলে সেই দিলাঙ বাকী নাহি আর ।
১স্বঙরিতে চান্দোর কথা দুঃখ জে আমার ॥১
দেবী বোলে বেহুলা সাধিলে২ বাদান্তর ।
৩জিঞাইলে ছয় ভাসুর৩ আর প্রাণেশ্বর৪ ॥
ধনজন৫ গঙ্গাদেবী সকল দিল৫ তোর ।
জাহার প্রসাদে জিঞ৬ বিশা শো৬ গাবর ॥
বানিঞার ভাণ্ডারি উঠে হরিষ কাণ্ডারি ।
আর জত উঠিল তার কত লেখা করি ॥
জয়যুক্ত হইঞা ৭উঠিল সর্ব্বজন ।
আমার প্রসাদে৮ তুমি পাইলে সর্ব্বধন৮ ॥
ধর্ম্মের কিঙ্কর চান্দো শিবের জে৯ দাস ।
জলেত পড়িল১০ ধন না হয় বিনাশ ॥
১১ধনজন ভাসুর জিঞিল আর প্রাণেশ্বর ।
তবে নাগিনীর কেনে না হয় উদ্ধার ॥১১
ত্রিভুবন মধ্যে আমি হইত১২ দুলালী ।
চান্দো কানী বোলিঞা সদাই পাড়ে গালি ॥
ধিংকার বচনে আমি পাইলাঙ বড় নাজ ।
মোর বাদ বিদিত হৈল দেবের সমাজ ॥
বাদেতে খাইলাঙ চান্দোর ই ছয় কোঙর১৩ ।
বড় দুঃখ দিল চান্দো বড় দুরাচার ॥
এত দুঃখ পাঞা১৪ সাধু মনে১৪ নাহি নাজ ।
১৫নথাইকে খাইলে আমার১৫ সিদ্ধ হৈল কাজ ॥
একে একে১৬ নাগগণে সভাক হুঙ্কারিল১৬ ।
১৭চাম্পাইর নামে সভে১৭ মাথা হেট কৈল ॥
আসিঞা কালনাগিনী কৈল অঙ্গীকার ।
দংশিঞা দিলেন মোকে বালা লক্ষীন্দর ॥
পূর্ব্বে নাগিনীর সঙ্গে কৈলাঙ সত্যবাণী ।
১৮প্রসাদ দিব তোমায় সুনহে নাগিনী ॥১৮

CENTRAL LIBRARY

তবে জদি সত্য ভঙ্গ হএত আমার।
তবেত নাশিব আমি সকল সংসার ॥
১সাপুড়াতে নাগিনী জদি ছাড়ে কলেবর।১
জদি মোর না জিএ নাগিনী সুন্দর ॥
২অপযশ হৈল মোর সংসারভিতর।২
পদ্মা বোলিল তবে এতেক উত্তর ॥
ছাড়িঞাত দেহ বাছা আমার নাগিনী।
৩সাপুড়ার মধ্যে আছে কিমত না জানি ॥৩
৪তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥৪

৫কেশ ছিড়িঞা রামা প্রণাম করিঞা।৫
সাপুড়ার মুখ তখন৬ দিল খসাঞা ॥
নাগিনীর নেঞ্জ ধরি বেহুলাসুন্দরী।
আনিঞা দিলেন জথা জয়বিষহরি ॥
কান্দেন মনসা মাও নাগিনী দেখিঞা।
৭প্রাণ ছাড়িলে বাছা আমার নাগিঞা ॥৭
সাপুড়াতে ছয় মাস দগধেঁশরীর৮।
৯উপবাসে খুধাএ সে হৈঞাছে অস্থির ॥৯
খুধাএ টলিঞা পড়ে স্থির নহে কলেবর।
১০পড়িঞা রহিল নাগ দেবীর গোচর ॥১০
এতেক দেখিঞা মাতা নাগের দুর্গতি।
হাহা পুত্র বোলিঞা কান্দেন পদ্মাবতী ॥
১১বিমরিষ পদ্মাবতী১১ দেখিঞা নাগিনী১২।
১৩দেবীর বসন ভিজে চক্ষের পড়ে পানি ॥
জে নাগিনীর প্রসাদে আমার বাদান্তর।
জে করিঞা দিল মোর বাদের উদ্ধার ॥

CENTRAL LIBRARY

এহেন নাগিনী মোর তেজিল পরাণি।
বিষাদ ভাবিঞা কান্দে মনসা ব্রাহ্মণী ॥
প্রবোধ১ বচন বোলে নেতাই ধুবিনি।
কিসের কারণে ভাব২ দেবী পদ্মামুনি ॥
দক্ষিণ হস্তে পরশ৩ দক্ষিণ চরণ।
এখন নাগিনী তোমায় পাইবে চেতন ॥
৪হিত উপদেশ বোলে নেতাই ধুবিনি।৪
পদ্মহস্ত বুলাইল শঙ্করনন্দিনী ॥
দক্ষিণ হস্তেত দেবী নাগ পরশিল।
রোগশোক৫ জরাব্যাধি৫ সব দূরে গেল ॥
উঠিঞাত বৈসে নাগ ই দণ্ড পুরিঞা৬।
৭দেবীর আগে ডাড়াইল প্রণাম করিঞা ॥৭
তবে দেবী বিষহরি আনন্দিত হৈল।
হৃদয়ের কাচুলি নাগিনীকে প্রসাদ কৈল৮ ॥
প্রসাদ দিলেন৯ আর সতেস্বরি হার।
নাগিনীকে দিল আর অষ্ট অলঙ্কার ॥
১০পদ্মা বোলে নাগিনী তোমাকে দিলাঙ বর।১০
অধিকারী কর সব নাগের উপর ॥
কোথাতে না জাবে তুমি গৃহে বসি রবে।
আর সব নাগে তোমার আহার জোগাবে ॥
১১এইরূপে বর দিঞা বিদায় করিল।১১
১২প্রণাম করিঞা নাগিনী ঘরে চলি গেল ॥১২
১৩বেহুলার তরে বোলে তবে১৪ শঙ্করনন্দিনী।
আপনার গৃহে তুমি জাহ বানিঞানী ॥
জে চাহিলে সেই দিলাম বাকি নাই আর।
আমার১৫ পূজা করাঞা১৬ সত্যে হবে পার ॥
স্থনিঞা কন্যার মহা আনন্দিত মন।
সগোষ্ঠী সহিতে বন্দে পদ্মার চরণ ॥

CENTRAL LIBRARY

১শিবের সাক্ষাতে জাঞা নমস্কার করে ।১
আজ্ঞা কর ঈশ্বর জাইতে চাহি২ ঘরে ॥
৩শিব বোলে বেহুলা তুমি জাহ নিজপুর ।৩
৪পদ্মার পূজা করে জেন তোমার শ্বশুর ॥৪
দেবতাসকলে বালী নমস্কার করে ।
আজ্ঞা দেহ৫ দেবগণ জাই নিজঘরে ॥
দেবগণ বোলে বালী জাহ নিজপুর ।
পদ্মার পূজা করে জেন তোমার শ্বশুর ॥
পদ্মা বোলে লাএ চঢ় বেহুলাসুন্দরী ।
হইব তোমার লৌকার কাণ্ডারি ॥
লৌকাতে আসন করে শঙ্করনন্দিনী ।
মস্তকে ধরিল ছত্র অহিরাজ ফণী ।
একে একে বন্দে বালী সর্ব্ব৬ দেবগণ ।
লৌকাতে চঢ়িল বালী আনন্দিত মন ॥
ছয় লাএ চঢ়ে ছয় বানিঞার বালা ।
মধুকরে৭ চঢ়ে দুই৮ নথাই বেহুলা ॥
তন্ত্রবিভূতে৯ কবি মনসার দাস ।
১০পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥১০

ও ডিঙ্গা বাহোরে ওরে কাণ্ডার ভাই ।
হরি হরি বৈল্যা১১ ডিঙ্গা বাহোরে ॥ ধু ॥

১২গাবরিঞাগণ বৈঠা বাহে সারি সারি ।১২
১৩ধরিল কাণ্ডার১৩ চৌদ্দ ডিঙ্গার কাণ্ডারি ॥
আনন্দে কাণ্ডারি সব ডিঙ্গা বাহে সুখে ।
১৪উজান চলেন লৌকা হঞা১৪ ভাটিমুখে ॥
১৫সেখান হইতে বালা লৌকা বাহি জায় ।১৫
১৬ধুবিনি নেতাইর ঘাট কত দূরে পায় ॥১৬

CENTRAL LIBRARY

দেখহ১ প্রাণনাথ নেতাই মাসীর ঘাট।
রূপার খুটা দেখ আর সুবর্ণের পাট ॥
নেতাই মাসীর স্থানে পাইল উদ্দেশ।
নেতাই স্বহাএ গেলাঙ শঙ্করের পাশ ॥
ওই দেখ প্রাণেশ্বর কদলির ভূর।
এই ভেলা নির্ম্মাইল চম্পাবতীপুর ॥
ছয় মাস রাত্রিদিবা ভেলার উপরে।
আহার শয়ন নিদ্রা নাহিক আমারে ॥
তোমা কোলে নইঞা ভাসি একেশ্বরী।
বিপদসঙ্কটে ত্রাণ করে বিষহরি ॥
বাঁকে বাঁকে জায় লৌকা ভাসিঞা ভাসিঞা।
তপস্বীর২ ঘাটে লৌকা মিলিল আসিঞা ॥
হাত জোড় করি বালী করেন গোচর।
জত দুঃখ পাইলাঙ৩ পথে সুন প্রাণেশ্বর ॥
সুন প্রাণনাথ মোর দুঃখের কাহিনী।
৪এত দুঃখ পাই প্রভু অবলা দুখিনী ॥৪
এই ঘাট দেখহ প্রভু তপশালার।
৫উচ্চ স্থল ডিহি দেখ চিহ্ন জে তোমার ॥৫
৬তোমাক জখন দেবী না দিল জিঞাঞা ॥৬
৭এইখানে মরিতে ছিলাঙ আনল ভখিঞা ॥৭
৮সে সকল ঘাট কন্যা পশ্চাতে করিঞা ॥৮
ত্রিবিনির ঘাটে লৌকা মিলিল আসিঞা।
এই দেখ প্রাণনাথ ত্রিবিনির পানি।
তোমার অস্থি৯ নঞা জাইলাম আমি৯ ॥
তৃণ কাষ্ঠ কুচাইঞা১০ জালিলাঙ আগুনি।
মায়া পাতি আইল এথা শঙ্করনন্দিনী ॥
মায়া করি বোলিলেন১১ দেবী বিষহরি।
১২স্বামী জিঞাইবে তুমি জাহ দেবপুরী ॥

১সেহ ঘাট নৈল বালা পশ্চাতে১ করিঞা
দানীর ঘাটেতে ডিঙ্গা মিলিল আসিঞা ॥
২কোলাহল শব্দ করে স্থনিতে বিপরীত
নির্ঘাত শবদে লোক হৈল চমকিত ॥২
দুকুল উথ্যলে৩ গঙ্গাসাগরের পানি।
দেখি মহাচমকিত মধুস্থদন দানী ॥
দানী বোলে কেবা তোরা জাহ কোন ঠাঞি।
কোন দেশে ঘর তোর পরিচয় চাই ॥
বালা বোলে তোকে আমি দেঙ পরিচয়
দুর্ল্লভ নথাই চন্দ্রপতিতনয় ॥
দানি বোলে সর্ব্বকাল৪ এথা আমি দানী৪।
কোন পথে গেলা তোরা৫ আমিত না জানি৫ ॥
দান দিঞা জাহ নহে রহ এই ঠাঞি।
ঘাট এড়ি জাহ তবে৬ রাজার দোহাই ॥
পদ্মার আদেশে গীত৭ সপনেত পায়৭।
২তন্ত্রবিভূতি কবি বিরচিঞা গায় ॥৮

ক্রোধ হঞা মহাদানী ডাকিঞা বোলেন বাণী
বন্দী কর সাধুর নন্দন।
সাধু নহে৯ দুষ্ট খাট প্রতিদিন মারে ঘাট
রাত্রে জায় দক্ষিণ১০ পাটন ॥
সাধু নহে অনাচারী হরিঞা পরের নারী
নঞা জায় আপনার পুরী।
জে জন সজ্জন হয় ১১সঙ্গে নাকি নারী নয়১১
সর্ব্বথায় পরের সুন্দরী।
৬ডাকিঞা শতেক জন সভাই করিল মন
ঢাল খাড়া হও সাবধান।
যতনে রাখিহ ভাই রহ সভে ঠাঞি ঠাঞি
জাবত রাজাকে দেঙ জান ॥১২

CENTRAL LIBRARY

চলে দানী শীঘ্রগতি যথা আছে নরপতি
জোড়হাতে রাজাকে জানায়।
১তন্ত্রবিভূতি কবি বন্দো মা মনসাদেবী
মনসার বরে কবি বিরচিঞা গায় ॥১

দানী বোলে মহারাজ কর অবধান২।
ঘাটে আসিঞাছে এক সাধু ধনবান৩ ॥
এক বিদ্যাধরী আছে বানিঞার ঠাঞি।
এমন৪ সুন্দরী কন্যা কভু দেখি নাই ॥
ধনেগুণে ভুলাঞা পরের সুন্দরী।
চুরি৫ করি নঞা জায় আপনার পুরী ॥
চুরি করি নঞা জায় পরের যুবতী।
কাটিঞাত লেহ৬ রাজা সেই রূপবতী ॥
শুনিঞা রাজা মহা আনন্দিত মন।
সাজ সাজ বোলি রাজা৭ ডাকে ঘনেঘন৭ ॥
রাজার আজ্ঞাএ৮ সাজে সৈন্য আসোয়ারে৮।
সত্বর গমনে চলে সাধু ধরিবারে ॥
দেখিঞা ত্রাসিত বালী বেহুলা যুবতী।
সঙ্কটসময়ে রক্ষা কর পদ্মাবতী ॥
তোমা বিনে আমাকে রাখিবে কোন জন।
রাজার হাতেত মোকে৯ কর পরিত্রাণ১০ ॥
কালসর্পরূপ ধরি নামিলা ব্রাহ্মণী।
শতেক১১ পাইক দংশে আর মহাদানী ॥
ঘোড়াশালে ঘোড়া দংশে হাথিশালে হাথি।
স্থানে স্থানে১২ দংশিলেন জতো১২ সেনাপতি ॥
কেসর কুমার দংশে আর পাটেশ্বরী।
আপনে সাধিল বাদ জয়বিষহরি ॥
বিবাদ ভাবিঞা রাজা জুড়িল১৩ ক্রন্দন।
বিরচিঞা গায় কবি জগতজীবন ॥

CENTRAL LIBRARY

কান্দে রাজা বিষাদিত মন।
আসিঞা বোলেন১ বাণী হারাইলাঙ পুত্রখানি
দহোতে ফেলাব২ সব ধন৩ ॥ধু॥৩

৪সৈন্য সেনাপতি জত মরিল রাজার সুত
দেখি রাজা করে হাহাকার ।৪
৫আসিঞা ডিঙ্গার পাশে কান্দে রাজা উর্দ্ধশ্বাসে
অপরাধ ক্ষেমহ আমার। ৫
সাধু আর বানিঞানী পদ্মার মায়া নাহি জানি
চর্ম্মচক্ষে চিহ্নিতে না পারি।
কপট করিঞা ভাও অস্তিকজননী মাও
মায়া করে শঙ্করঝিয়ারি ॥
জোড়হাতে নরপতি বেহুলাকে করে স্তুতি
৬মহাসুখে করে পরিহার ।৬
আমি অতি মূঢ়মতি চিহ্নিতে না পারি৭ সতী
৮অপরাধ ক্ষেম একবার ॥৮
আমার পাপের তরে সৈন্য সেনা পুত্র মরে
আর মরে মধুসূদন দানী।
৯জত কৈল পাপচার সকলি ফলিল তার
আজি ক্ষেমা করহ আপনি ॥৯
রাজার মিনতি১০ শুনি বোলে বাণী বানিঞানী
জাহ রাজা আপনার ঘরে।
পাইবে সকল ধন পুত্র আর সেনাগণ
১১বাহুড়িবে ব্রাহ্মণীর বরে ॥১১
তন্ত্রবিভূতি৪ কবি বন্দ মা মনসাদেবী
সুখ মোক্ষ বরের কারণ।
দুষ্ট দুঃখ সর্পভয় এসব করিতে ক্ষয়
বন্দ দেবী পদ্মার চরণ ॥

CENTRAL LIBRARY

ও ব্রাহ্মণী৫ গো মা তোমার মহিমা কেবা জানে ॥ধু॥৬

বালী বোলে৭ জননী কেমতে জাব ঘর৭ ।
দোষ ক্ষেমা কর৮ মা রাজাকে এবার৮ ॥
পদ্মার চরণে বালী মিনতি জানায় ।
৯বর দিঞা জাহ মাতা রাজার সভায় ॥৯
বালীর বচন স্থনি মনসা হরিষ ।
অন্তরীক্ষে মহামন্ত্রে ঝাড়িলেক১০ বিষ ॥
পদ্মার হুঙ্কাকে জদি বিষ গেল ক্ষয় ।
উঠিঞা বসিল রাজার কেসর তনয় ॥
ঘোড়াশালে ঘোড়া উঠে হাথিশালে হাথি ।
১১দানীস্থানে দানী উঠে১১ সৈন্য সেনাপতি ।
দেখিঞা রাজার মহা আনন্দিত মন ।
জোড় হাতে বন্দে রাজা কন্যার১২ চরণ ॥
১৩কন্যা বোলে তুমি রাজা জাহ নিজঘরে ।
করিহ পদ্মার পূজা আপন নগরে ॥১৩
১৪বিদায় হইঞা রাজা নিজদেশে জায় ।১৪
তন্ত্রবিভূতি১৫ কবি বিরচিঞা গায় ॥

১রাঙ্গা চরণে স্মরণ নইতে বড় সাধ গো ভবানী মাঁ॥ধু॥১

বালীর বচনে ঘরে চলে নরপতি ।
ডিঙ্গা বাহ বাহ বোলে মহাসতী ॥
সেখান হইতে ডিঙ্গা জায়ত বাহিঞা ।
আর এক দানীর ঘাটে মিলিল আসিঞা ॥
২এই দানীর কথা প্রভু করি নিবেদন ।
মোর ভেলা দেখি ঘাটে আইল তখন ।২
আমাকে নইঞা জাইতে অনেক যত্ন কৈল ।
দেবী পদ্মার বরে তার চক্ষু অন্ধ হৈল ॥

CENTRAL LIBRARY

সেঘাট১ নইল তবে পশ্চাৎ২ করিঞা
জুয়াক্কর ঘাটে বালী মিলিল আসিঞা।
এই ঘাটে৩ আইল জুয়াক্ক জুয়াতে হারিঞা
সুবর্ণ কঙ্কণ আমি দিল৪ ফেলাইঞা ॥
কঙ্কণ নইঞা জুয়াক্ক খেলে আর বার।
জুয়াতে জিনিল৫ ধনজন৬ আপনার ॥
তে কারণে আইসে জুয়াক্ক আমা ধরিবারে।
তার হাত এড়াইলাম দেবী পদ্মার বরে ॥
জুয়াক্কর বাঁক নইল পাছুত৭ করিঞা।
নারায়ণ সাহুর বাঁকে মিলিল আসিঞা ॥
এইখানে মামাশ্বশুর আমার নাগ পাইল।
বোলাবোলি৮ বচনেতে পরিচয় হইল৯ ॥
মামাশ্বশুরের ঘাট পাছুত১০ করিঞা।
শঙ্খাইর বাঁকে বালী মিলিল আসিঞা ॥
এইখানে শঙ্খাই দাদা১০ মোর নাগি পাইল১০।
১১মুদিত ভাণ্ডারের ধন অনেক যত্ন কৈল ॥১১
ভাইবোহিন দুহে১২ বাক্যবাণেশ্বর।
আমাকে দেখিঞা দাদা মদনে কাতর ॥
বোলাবোলি কথাতে পাইল১৩ পরিচয়।
পরিচয় পাঞা দাদা বড় লজ্জা পায় ॥
এ কথা১৪ সুনিঞা বোলে১৭ বালা লক্ষীন্দর।
আমার কুলেতে বালী রাখালি থাকার ॥
চক্ষ১৫ রাঙ্গা করি বালা বোলে নিষ্ঠুর বাণী।
ভাইভাতারি বালী হলি দুচারিণী ॥
১৬অবশ্য শঙ্খাই তোরে বলৎকার কৈল।
তে কারণে তোর মহাপাপ হৈল ॥১৬
তন্ত্রবিভূতে গায় বন্দি বিষহরি।
মুদিত ভাণ্ডারের ধন অবশ্য হৈল চুরি ॥

CENTRAL LIBRARY

বেহুলা করে জোড়কর স্থন প্রভু প্রাণেশ্বর
তোমার শোকে দগধে অন্তর১ ।
স্থন স্থন প্রাণনাথ না বোলিহ অযথার্থ২
স্থন তুমি প্রাণের ঈশ্বর ॥
অনেক দুঃখ পাইনু৩ তবে তোমাক৪ জিঞ্জাসু
কেনে প্রভু বোল অনুত্তর৫ ।
উজানি নগরে ঘর বাপ সাহ সদাগর
তার পুত্র ই ছয় কোঙর ॥
বড় পুত্র শঙ্খধর ৬গিঞ্জাছিল সফর৬
৭বহু দিন করিতে বাণিজ্যে ।৭
৮বারোশ বুহিত সঙ্গে তেরোশ গাবর রঙ্গে৮
৯ডিঙ্গা ডিঙ্গি তার পাছে সাজে ॥৯
১০তথা জাইঞা বিষহরি সপন দেখায় তারি
ডিঙ্গা বাহি নিজদেশে গেল ।১০
ডিঙ্গাতে ভরিঞা ধন সঙ্গে কত লোকজন
মোর সঙ্গে দেখা এথা হৈল ॥
অজ্ঞানেতে জে বোলিলে পাছে পরিচয় হৈলে
মিছা মোরে দেহ অপবাদ ।
আমি জেমন সতী জানে তাহা সুরপতি
১১সাক্ষাতে দেখিলে তুমি সব ।১১
১২তোমার কারণে জত দুঃখ পাইলাঙ কত মত
এবে বাক্য বোলে অসম্ভব ।।১২
সীতা হেন পরম সতী রামচন্দ্র জার পতি
ইতিহাসে জাহার খিআতি ।
১৩অহল্যা গৌতম*নারী আর তারা মন্দোদরী
তারা কেনে হৈল মহাসতী ॥১৩

*পাঠ—গোতম

CENTRAL LIBRARY

১দ্রোপদী নামেত সতী তার হৈল পঞ্চপতি
হেন জনাক সতী কেনে কয় ।২
৩পদ্মার চরণবর বন্দি শির উপর
তন্ত্রবিভূতে পদ গায় ।৩

৪নথাইর বচন স্থনি হাসে দেবী পদ্মমুনি
হংসে চড়িঞা দেবী জায় ।।ধু।।৪

৫নথাই বোলেন স্থন বেহুলাস্থন্দরী ।৫
মুদিত ভাণ্ডার মোর৬ কেনে হৈল চুরি ॥
বেহুলা বোলেন প্রভু চক্ষে নাহি নাঞ্জ ।
৭আমার সতীত্ব দেখ দেবের সমাজ ॥৭
বোলি প্রভু তোমাকে করিঞা৮ জোড়হাত ।
ই প্রাণ ছাড়িব আমি তোমার সাক্ষাত ॥
এতেক বোলিঞা কন্যা হাতে নিলা কাতি ।
৯হস্তে ধরি রাখে৯ নথাই করিঞা মিনতি ॥
হাসিঞা বোলেন দুর্ল্লভ লক্ষীন্দর ।
মোর প্রাণেশ্বরী তুমি১০ বেহুলা স্থন্দর১০ ॥
দেবীর সহিতে বাপা বিবাদ করিলে১১ ।
১২ধনজন চৌদ্দ ডিঙ্গা তুমি উদ্ধারিলে ॥১২
কৌতুক করিলাঙ প্রিয়া স্থনহে বচন ।
প্রাণ ছাড় প্রাণেশ্বরী কিসের কারণ ॥
দেবগণ প্রীত তোমার সতীত্ব দেখিঞা ।
মারিলেন প্রাণ দেবী দিলে জিঞাইঞা ॥
ক্ষেম১৩ অপরাধ প্রিয়া করি জোড়হাত ।
বাহুড়িল প্রাণ মোর তোমার প্রসাদাৎ১৪ ॥
বেহুলা বোলেন প্রভু না কর প্রতীত ।
পরীক্ষাত দিব আমি দেবতা১৫ বিদিত ॥
১৬পরীক্ষাত লেহ প্রভু বেহুলাস্থন্দরী ।
তোমা স্থানে অপরাধী থাকিতে না পারি ।।১৬

CENTRAL LIBRARY

১এত বোলি বেহুলা পরীক্ষা দিতে জায়।
সুনিঞা সর্ব্বলোক করে হায় হায় ॥১
প্রথমেত বিষহরি ত্রিদশ দেবতা২ ।
জোড়হাত করিঞা সভাকে৩ নআই মাথা৩ ।
৪কাচা সারা গুটি নৈল সিন্দুরে পুরিঞা ।৪
তারপর চঢ়ে বালী জলে ভাসাইঞা ॥
৫জলে নাহি ডুবে সারা উজান ধারে চলে ।
দেখিঞাত সর্ব্বজন ধন্য ধন্য বোলে ।৫
সুবর্ণ পলয় গুটি জলেত পূরিঞা ।
নথাইর অগ্রেত কন্যা দিলেন আনিঞা ॥
সুবর্ণ পলইতে৬ চুঞাএ নাহি৬ পানি ।
৭পরীক্ষা দিঞা সতী হৈল বেহুলা বান্তানী ॥৭
পরীক্ষা দেখিঞা সভে হৈল চমৎকার ।
ধন্য ধন্য সর্ব্বজন বোলে অনিবার ॥
পরীক্ষাএ বেহুলা বালী জবে হৈলা সতী
হস্তে ধরি লক্ষীন্দর করিছেন স্তুতি ॥
তোর যোগ্য নহে প্রিয়ে নহে কিছু ধন ।
কিবা ধন দিব তোরে লেহ আলিঙ্গন ॥
তোমার প্রসাদে আমি পাইলাঙ প্রাণদান ।
সাক্ষাতে লেহ তুমি আমার পরাণ ॥
স্বামীর৯ সুনিঞা কথা বোলে৯ রামা বিনয় বচন ।
১০জোড়হাত করি কন্যা১০ করিছে স্তবন ॥
১১আমিত সেবকী প্রভু তুমিত বিধাতা ।
দাসীর নাগিঞা কেনে এতেক দৈন্যতা ॥১১
১২সর্পেত দংশিল তোমা আমার জীবন আঘাত ।১২
তুমি জীব পাইলা আমার রজনী প্রভাত ॥
১৩কর্পূর তাম্বুল দিল বালার হস্তেত করিঞা ।
হাসিঞা বোলান দিল চন্দ্রমুখ চাঞা ।১৩

CENTRAL LIBRARY

১এইরূপে দুই জনে হইল বচনে ।
তন্ত্রবিভূতে গায় মনসাচরণে ।।১

২ডিঙ্গা বাহো ডিঙ্গা বাহো বোলে রূপবতী ।২
শঙ্খাইর বাঁক পাছু৩ করিলা যুবতী ।
শঙ্খাইর বাঁক নইলা পাছুত করিঞা ।
অস্থিমালার৪ ঘাটে বালী মিলিল আসিঞা ॥
এইখানে৫ তোমার অস্থি ধুইমু৬ সকল ।
খানে খানে খসে৭ অস্থি পোরলে পোরল৭ ॥
সকল থুইঞা অস্থি৮ করিনু বুকনি৮ ।
জলেত ভাসিঞা জাই আমি৯ অনাথিনী ।
সেই ঘাট১০ নৈল বালী পাছুত১০ করিঞা ।
গোদার বাঁকেতে কন্যা মিলিল আসিঞা ॥
মড়ার খাটেতে১১ গোদা১২ বোসিঞাত রয়১২ ।
বেহুলার তরে গোদা এক দৃষ্টে চায় ।
ছয় মাস হৈতে গোদা আছেন পোরিঞা১৩ ।
হরষিত হৈলা গোদা বেহুলা দেখিঞা ।।
জোড়হাত করি গোদা জানায়১৪ উত্তর ।
ছয় মাস আছি মাও১৫ জলের উপর ॥
১৬মোরে রক্ষা কর মাতা তুমি মহসতী ।১৬
তোমার কৃপায় মোর ঘুচুক দুর্গতি ।।
মোরে জদি উদ্ধারিঞা নাহি জাবে তুমি ।
তোমার উপরে হত্যা তবে দিব আমি ।।
গোদার মিনতি দেখি১৮ দয়া উপজিল ।
গোদার তরেত বালী কহিতে নাগিল ।।
ঘর জাহ গোদা তুমি মোর বাক্য ধর ।
শীঘ্র জাহ গোদা তুমি বিলম্ব না কর ।।

CENTRAL LIBRARY

১গোদা বোলে মাতা মোর নাহি ঘরদ্বার ।১
তোমার আজ্ঞায়ে পূর্ব্বে কৈলাঙ ছারখার ॥
স্ত্রীপুত্র জননীকেত মারি খেদাইল ।
ঘরে অগ্নি দিঞা আমি সব পোড়াইল ॥
তুমি পূর্ব্বে আজ্ঞা কৈলে এবে কোথা জাই ।
তোমার প্রত্যাশা করি আছি এই ঠাঞি ॥
এতেক স্থনিঞা তবে বেহুলাস্থন্দরী ।
২পঞ্চমাণিক দিল গোদার হাতে করি ॥২
এই লেহ গোদা পঞ্চমাণিক রতন ।
নগর বসাহ গিঞা করিঞা যতন ॥
নানা জাতি বৈসাইবে পশারি দোকানি ।
নানা রতন দিঞা কর আপন পুরীখানি ॥
৩আপন নামেতে তুমি নগর বৈসাইবে ।৩
হালিস নগরে গোদা তুমি রাজা হৈবে৪ ॥
৫বেহুলা নামেত পুরী বৈসাহ নগরী ।
আমার সদৃশ বিভা কর চারি নারী ॥৫
দক্ষিণ হস্তেত কন্যা গোদাকে পরশিল ।
৬গোদ দূরে গেল সর্বাঙ্গ স্থন্দর হৈল ॥৬
৭গোদার বাঁক নৈল কন্যা পাছু করিঞা ।
বাঘিনীর বাঁকে বালী মিলিল আসিঞা ॥৭
৮বেহুলা বোলেন কথা নথাই বুঝাঞা ।৮
এই ঘাটেরে ছিল পদ্মা মায়া পাতিঞা ॥
৯বাঘিনীরূপেতে আইল ভয়ঙ্কর হৈঞা ।৯
১০তোমাকে নইলাম আমি কলেত করিঞা ॥১০
১১তখনে দেবী পদ্মা আমি সঙরিল ।১১
আমার সাহসে দেবী মায়া সম্বরিল ॥
এত দুঃখ পাঞাছি হেন স্থন প্রাণেশ্বর ।
তোমার কারণে ভাসি ভেলার উপর ॥

CENTRAL LIBRARY

দুঃখের কথা কহে বালী স্বামীকে বুঝায়।
বাঘিনীর বাঁক ছাড়ি ডিঙ্গা ভাসি জায়॥
বাঘিনীর বাঁক নইল১ পাছু জে করিঞা।
বাহো বাহো করি ডিঙ্গা জাইছে২ বাহিঞা৩॥
স্থন প্রভু প্রাণনাথ আমার বচনে৪।
মায়া করিঞা দেবী আইল এইখানে॥
মাও মেনকারূপে৫ ডাক পাড়েন উপরে৬।
দেখা নাহি দিঞা বাছা জাহ কোথাকারে॥
৬অনেক ক্রন্দন করি ডাকিল আমারে।
দেবীর মায়া জানিঞা উত্তর দিলাঙ তারে॥৬
৭সেই ঘাট নইল কন্যা পাছু জে করিঞা।
পাটনীর ঘাটে কন্যা মিলল আসিঞা॥৭
৮তখন কহেন বালী স্বামীকে বুঝাঞা॥৮
এই ঘাটে আইলা পদ্মা মায়া পাতিঞা॥
৯স্থন স্থন প্রাণনাথ বলি তোমার আগে।
পাটনীর রূপে পদ্মা মড়ার দান মাঙ্গে॥৯
মোকে ডাক পাড়ে১০ মাও উপরে থাকিঞা১০।
১১মরা নঞা জাহ কোথা জলেতে ভাসিঞা॥১১
ঘাটের কড়ি ২ আমাকে দিঞা জাহ গোনিঞা১২।
১৩তবেত জাইতে পাবে ই মড়া নইঞা॥১৩
স্থনিঞা পাটনীর কথা মনে পাইলাম সংজ্ঞা।
বুঝিলাঙ পদ্মার মায়া তার এই কাজ॥
সে ঘাট হইতে ডিঙ্গা ভাসিঞা চলিল।
গোয়ালিনীর বাঁকে ডিঙ্গা জাইঞা মিলিল।
স্থন প্রভু এইখানে গোয়ালিনীরূপে।
মাথাতে দধির পসার আসিঞা সমীপে॥
মোরে কহে দধি লেহ নাহি লিব কোড়ি।
তোরে দেখি দয়া হৈল স্থন্দর সুন্দরী॥

CENTRAL LIBRARY

পদ্মার মায়া জানি মুঞি দধি না খাইল।
তখনেত পদ্মাবতী ফিরিঞাত গেল ॥
গোয়ালিনীর ঘাট কন্যা পাছেতে করিঞা।
চলিল সাধুর ডিঙ্গা ভাসিঞা ভাসিঞা ॥
কন্যা বোলে স্থন প্রভু করি নিবেদনে।
আসন বাসন দাদা আইল এইখানে ॥
কাগমুখে স্থনিঞা তোমার সমাচার।
জননী পাঠাঞা দিল মোরে ফিরাবার ॥
অনেক কহিল দাদা কাকুতি বচন।
তথাপি না গেলাঙ মুঞি তোমার কারণ ॥
প্রবধিঞা দাদারে ঘর পাঠাইঞা দিল।
হাতের অঙ্গুরি আমি তারে সমর্পিল ॥
ছয় মাস থাকিহ দাদা আমার প্রত্যাশ।
সাত মাস হৈলে ছাড়িহ অভাগিনীর আশ ॥
কান্দিতে কান্দিতে দাদা গেলা নিজপুর।
সে বাঁক হইতে ডিঙ্গা আইল কথোক দূর ॥
১শ্বেত কাগার ঘাটে কন্যা মিলিল আসিঞা।১
২নথাইকে বোলে বালী বিনাঞা বিনাঞা ॥২
এইখানে আইল দেবী শ্বেত কাগারূপেত।
৪মিনতি করিঞা কহিলাম তার আগে ॥৪
মাণিক্য অঙ্গুরি দিলাম হাতের নিশান।
আমার সম্বাদ জানাও গিঞা মায়ের স্থানে ॥
অনেক মিনতি করি পাঠাইলাম তারে।
এতেক বলিল বালী স্বামীর গোচরে ॥
৫সেই ঘাট নইল কন্যা পাছেত করিঞা।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা ॥৫

CENTRAL LIBRARY

ডিঙ্গা বাহোরে ওরে কাণ্ডার ভাই।
১হরি বোলিঞা১ ডিঙ্গা বাহোরে ॥ ধু ॥

উজান২ করিঞা ডিঙ্গা বাহোরে ভাই।
সত্বর করিঞা পুরী চাম্পাবতী জাই ॥
বালা বোলে মনাই কাণ্ডারি ওরে৩ ভাই।
আর কতদূর চাম্পাবতী পুরী পাই ॥
কাণ্ডারি বোলেন৪ বালা কর অবধান।
মেঘবর্ণে ধুজা উড়ে৫ দেশের নিশান ॥
তাল নারিকেল গুয়া ঝলমল করে।
ওই৬ জে সহর দেখ৬ চাম্পালি নগরে ॥
কান দিঞা স্থন ভাই হৈঞা এক মন।
সাহের পুরীর মাঝে বাজিছে বাজন।
৭বালা বোলে বাপুর দারুণ বড় চিত।৭
সাত পুত্র মরিল তথাপি আনন্দিত ॥
নিকটে চাম্পালি দেখি আনন্দিত মন।
বাহো বাহো করি বোলে বানিঞানন্দন ॥
বাদাবাদি করিঞা৮ বাহিঞা দিল লাও৮।
সম্মুখে পাইল চাম্পাবতীর নিলয় ॥
মধুকরে বসিঞা নথাই বোলে ঝাটে।
কূলেতে চাপাও লৌকা বান্ধো এই ঘাটে ॥
লায়ের কাণ্ডারি ডিঙ্গা কূলেত চাপায়।
তন্ত্রবিভূতে৬ কবি বিরচিঞা গায় ॥

৭আজ্ঞা করে নথাই ডিঙ্গা বান্ধো এই ঠাঞি
ডাকি বোলে গাবরিঞাগণে।৯
৮জতেক কাণ্ডারিগণ লৌকা চাপায় জনে জন
লক্ষীন্দরের স্থনিঞা বচনে ॥১০

CENTRAL LIBRARY

ঘুঘুটিয়ার ঘাট বেড়ি লৌকা বান্ধে সারি সারি
মহাকোলাহল শব্দ করে।
লক্ষীন্দর বোলে তবে কিনাবেচা কর সভে
আজি রাত্রি থাকো এথাকারে ॥
বেলা হৈল অসকাল গৃহ জাইতে১ নহে ভাল
রান্ধা বাড়া কর এই ঠাঞি।
২কালি জাব সুপ্রভাতে চাম্পালিয়া পুরীতে
সভাই মিলিব বাপার ঠাঞি ॥২
৩বিছানা করিঞা সুখে চাম্পালি নগরমুখে৩
একত্রে বসিলা সাত ভাই।
৪সুনি বালার বচন জত গাবরিঞাগণ
হাটে ঘাটে মাঠে কেহ জাই ॥৪
৫কেহ বা করয়ে স্থল কোন জন আনে জল৫
কেহ হাটে নঞা জায় কোড়ি।
জার ইচ্ছা জেবা৬ কাম শাক মৎস্য গুয়া পান
৭কেহ লেয় হাঁড়ি চাউল খড়ি ॥৭
৮হাট বাজার করি আইল সভে লৌকাপরি
রন্ধন ভোজন সভে করে ॥৮
মহা আনন্দিত মনে জত গাবরিঞাগণে
নৃত গীত মহাধ্বনি করে ॥
তবে বালা লক্ষীন্দর আনন্দিত অন্তর
রন্ধন করিতে তবে বোলে।
বেহুলা জে সুন্দরী মনসা স্মরণ করি
রন্ধন করিতে বালী চলে ॥
৯তন্ত্রবিভূতে গায় বন্দিঞা মনসার পায়
অসময়ে ধরিবে কাণ্ডার ॥৯

১০ও সোইলো দেখ সিয়া কার ঘরের কালিঞা
নাগর জায় দুয়ার দিঞা ॥ ধু ॥ ১০

CENTRAL LIBRARY

১বেহুলা জে মহাসুখে করিলা রন্ধন ।১
এক অন্ন রান্ধে আর পঞ্চাশ ব্যঞ্জন ॥
নানা দ্রব্য রান্ধিঞা রাখিল সারি সারি ।
পিষ্টক পরমান্ন* দুগ্ধ তণ্ডুলের খিরি ॥
ঘৃত আটা শর্করা জতেক গোরস ।
চিনি ফেলি চাম্পাকলা মধুর সন্দেশ ॥
অনেক প্রকারে বালী রান্ধিলে জত ।
লিখিতে অনেক হয় বিস্তারিব কত ॥
২রন্ধন করিঞা তবে বেহুলাসুন্দরী ।২
সুবর্ণ থালেতে অন্ন বাঢ়ে সারি সারি ॥
সুবর্ণ কটোরা পুরি নানা দ্রব্য রাখে ।
ছয় ভাই৩ সঙ্গে বালা ভোজন করে সুখে৩ ॥
আচমন৪ করি বালা৪ মুখশুদ্ধি করে ।
বিচিত্র শয্যাতে শয় সাত সদাগরে ॥
কাণ্ডারি ভাণ্ডারি জত গাবরিঞাগণ ।
রন্ধন ভোজন করি করিলা শয়ন ॥
মহাসুখে বঞ্চে বালা ঘুঙ্গুরির৫ তীরে ।
সোনকা সপন দেখ শয়নমন্দিরে ॥
তন্ত্রবিভূতে৬ কবি মনসার দাস ।
পদচন্দে পাচালি করিল প্রকাশ ॥

বেহুলার রূপ ধরি আইলা জে বিষহরি
স্বপ্ন কহে সোনকার ঠাঞি ।
সুনহ শাশুড়ী মাও কিবা সুখে নিদ্রা জাও
জিঞাইঞা আনিনু৬ নথাই ॥

*পাঠ—প্রমান্ন

CENTRAL LIBRARY

১ছয় মাস ভাসি জলে দুঃখ পাইলাঙ নানা স্থলে
কত দুঃখ কহিব তোমারে ।১
তবে দেবপুরী জাঞা মহাদেবে সন্তোষিঞা
সত্য কৈলাঙ দেবের গোচরে ॥
তবে আসি পদ্মাবতী জিঞাইঞা দিল পতি
আর জিঞায় ছয় ভাসুরে ।
জিঞাইঞা সর্ব্বজন আর উঠে ডিঙ্গাধন
সর্ব্বারম্ভে আইলাঙ তোমার পুরে ॥
সোনকা২ সপন দেখিল নিদ্রা তার৩ ভঙ্গ হৈল
৪উঠিঞা বসিলা শয়নঘরে ।৪
কপালে আঘাত মারে কান্দে সোনা উচ্চস্বরে
আর কি বালী দেখিব তোরে ॥
বালা সঙ্গে ভাসিল ছয় মাস পূর্ণ হৈল
তবো না আইল বাছা ঘরে ।
৫হায়রে গুণের নিধি আর কি মিলাবে বিধি
চক্ষে কি দেখিতে পাব তোরে ॥৫
একা বালী অবলা তাহে কদলীর ভেলা
ভাসি জাবে সাগরের জলে ।
সুসু মৎস্য ঘড়িআল জলমধ্যে পালে পাল
বুঝি তারে ধরিঞা খাইলে ॥
কিবা বাটোওার জন আছে কতো স্থানে স্থান
কিবা জাতি কুল মজাইলে ।
কি করিলাম হায় হায় পুন কি পাইব তায়
দিঞা বিধি করিল নৈরাশ ।
ছয় পুত্র মরিল তাতে দুঃখ না হইল
নথাই বিনে হৈলাঙ সর্ব্বনাশ ।

CENTRAL LIBRARY

উচ্চস্বর করি কান্দে কেশপাশ নাহি বান্ধে
দুই হাতে ধাকুড়ে কপাল।
উঠিঞাত ছয় জায় সোনকা নিকটে জায়
গলাগলি কান্দয়ে সকল ॥
উঠি সদাগর বোলে কিবা সুনি গণ্ডগোলে
গৃহে থাকা মোর হৈল দায়।
শুইতে খাইতে নিন্দে অবিরত সদা কান্দে
ঘরে না থাকিব সর্ব্বদায় ॥
চান্দে বোলেন বাণী ১সুন ওহে১ বনিঞানী
কি হেতু কান্দ নিরন্তর।
নিরন্তর শোক করি মরি জাবে সুন্দরী
আমি হইব একেশ্বর ॥
সোনকা বোলেন সুন বানিঞা দুর্জ্জন
প্রভাতে দেখিনু সুসপন।
বেহুলা জে রূপবতী ২আইলেন পুনরপি২
৩সাত পুত্র আর ধনজন ॥৩
৪বানিঞা বোলে আর মরিলে কি পুনর্ব্বার
বাহুড়ে কহেন কোন জন ।৪
দিবসে মনেতে করি থাক তুমি সুন্দরী
সেই ভয়ে দেখিলে স্বপন ॥
৫সুনি তোমার ক্রন্দন উৎকণ্ঠিত করে মন
ইচ্ছা হয় না থাকিয়ে ঘরে ।৫
এমত নিরবধি সোনকা কান্দ জদি
আর না থাকিব ঘরে ॥
৬জদিবা আমারে চাহ তবে আর না কান্দিহ
প্রবধিঞা থাকহ অন্তরে । ৬
৭তন্ত্রবিভূতে কবি বন্দিঞা মনসা দেবী
রচিল মনসার বরে ॥৭

CENTRAL LIBRARY

সোনকা বোলেন আজি১ নাচে বাম আঁখি
২বাম অঙ্গ স্পন্দন করয়ে কিবা দেখি ॥২
৩বাহির বাড়িতে স্থনি লৌতন জে গীত।
তাহা স্থনি চিত্ত মোর হয় আনন্দিত ॥৩
প্রভাতে উঠিঞা আজি দেখিলাঙ মঙ্গল।
৪কলসী ভরিঞা আজি নারী নঞা জায় জল ॥৪
না জানি কপালে কিবা লিখিঞাছে বিধি।
আজিকার দিনে কিবা মিলাইবে নিধি ॥
৫স্থনিঞাত চান্দো বোলে জে আছে কপালে।
দৈবের নির্বন্ধ নাহি খণ্ডে কোন কালে ॥৫
ঘুঙ্গুরিয়ার ঘাটে এথা নথাইবেহলা।
প্রভাত হইল নিশি সকলে উঠিলা ॥
প্রাতঃক্রিয়া করি তবে ঘুঙ্গুরিয়ার তীরে।
৬হাসিঞা কহেন তবে দুর্ল্লভ লক্ষ্মীন্দরে ॥৬
চল চল স্থন্দরী হে নিজঘরে জাই।
৭ঘরে গিঞা মাতাপিতার দরশন পাই ॥৭
৮বালী বোলে প্রাণনাথ বোলিয়ে তোমারে।
নিবেদন করি কিছু তোমার গোচরে ॥৮
অমূল্য বিঅনি মোকে দেহ একখানি।
ডুমনীরূপেতে জাঙ৯ চাম্পাবতী পুরী১০ ॥
দেখি কোন রূপে আছে আমার শ্বশুর।
১১স্থবুদ্ধি হৈঞাছে কিবা কুবুদ্ধি প্রচুর ॥১১
কেমতে শাশুড়ী আছে রাড়ী ছয় জাও।
চাম্পাবতী নগর দেখি করে কোন ভাও ॥
নাকে হাত দিঞা বোলে দুর্ল্লভ নথাই।
হেন বুদ্ধি স্থন্দরী পাইলি কোন ঠাঞি ॥
বেহুলার বাক্য বালা না করিল আন।
বাশ৪ কাটিবারে বালা করিল সন্ধান ॥

CENTRAL LIBRARY

কাটিঞা তরলা বাশ নিল মধ্যখান।
চিরিঞা চিরিঞা করে বিওনি নির্ম্মাণ॥
কর্ম্ম করে বানিঞা১ করিঞা পরিপাটি।
২জেন তেন মতে দিব্য তুলিলেন পাতি॥২
তুলি ধরি চিত্র করে বালা লক্ষীন্দর।
প্রথমে লেখিল বালা দেবতা অমর॥
লেখিল অমরাবতী জত দেবগণ।
অষ্টকুলা নাগ লেখে পাতাল ভুবন॥
অসুর রাক্ষস লেখে গন্ধর্ব্ব কিন্নর।
নদনদী সরোবর লেখিলেন তরুবর॥
অষ্ট লোকপাল লেখে বাসুকী আদি করি।
তার পরে লেখিলেন দেবী বিষহরি॥
তার পাছে লেখিলেক৩ চাম্পাবতী পুরী।
৪সকল লিখিঞা৪ লেখে চান্দো অধিকারী॥
বিওনি গোটিল বালা অতি বিচক্ষণ।
দেখিঞা সুন্দরীর মহা আনন্দিত মন॥
বিওনি গোটিঞা দিল সুন্দরীর হাতে।
প্রণমিঞা সুন্দরী বন্দিঞা নিল মাথে॥
বালী বোলে বালা৫ তুমি বড় বিচক্ষণ৫।
এমন বিওনি৬ না দেখিএ৬ কোন স্থান॥
বিওনি পাইঞা বালী মহারঙ্গ মন।
রচিল পদ্মার বরে জগতজীবন॥

সঙ্কোচ করিঞা মনে বাক্য বোলে সন্ধানে
সুন মোর প্রাণের ঈশ্বর।
ডুমনীর বেশ ধরি হাতেত্ত বিওনি করি
দেখি গিঞা চাম্পালি নগর॥

CENTRAL LIBRARY

বালা বোলে রূপবতী চল১ তুমি শীঘ্রগতি
বিলম্ব না হয় আসিহ সত্বর।
স্থনহ আমার কথা ব্যাজ না করিহ তথা
আমরা জাইতে চাহি ঘর ॥
বেহুলা করএ বেশ খসাঞা মাথার কেশ
ডাহিনে টানিঞা বান্ধে খোপা।
তাতে নাগেশ্বরের ফুল গন্ধে পড়ে অলিকুল
কর্ণে পঢ়ে পিতলের ঝাপা ॥
অধর করিল ফিকা কপালে সিন্দূরটীকা
গলাতে পঢ়িল২ ফুলমালা।
বুকবান্ধা পরিধান পিতলের অভরণ
৩কাখে নিল৩ বিওনি দোন ডালা ॥
বেহুলাস্থন্দরী লড়ে আকাশে বিজুলি পড়ে
মূর্চ্ছিত হইল৪ ত্রিভুবন।
মনসার পাঞা বর পদ অতি মনোহর
বিরচিল জগতজীবন ॥

৫আইল ডোমের মায়ারে ॥ ধু ॥৫

হাতেত বিওনি করি কাখে দোন ডালি।
থমকে থমকে চলে সাহের দুলালী ॥
প্রবেশ করিল গিঞা চাম্পাবতী পুর।
দেখিঞা আইল জত দেশের গাভুর ॥
কত কত জন মনে মনকলা খায়।
দেখিঞা স্থন্দরীর রূপ৬ আকুল পারায়৬ ॥
কত কত জনা নাগিঞা জায় পাছে।
৭জ্ঞানহত হৈঞা কেহ ডাড়াইঞা আছে ॥৭

CENTRAL LIBRARY

কেহ বোলে বিদ্যাধরী এই ঠাঞি রহ।
কোন ঘরে জন্ম তোমার নিষ্ঠা করি কহ ॥
কি কারণে তোমার কাখেত ডোম১ ডালি।
কোন কুলেতে জন্ম তোমার কাহার দুলালী২ ॥
কন্যা বোলে ডোমকুলে আমার উৎপত্তি।
চাম্পালি নগরে বাপু আমার বসতি ॥
কেহ বোলে এমত কোথাতে৩ নাহি স্থনি।
নীচ কুলে জন্ম হয় এমত পদ্মিনী ॥
৪এতদিন আমরা থাকিএ এই ঠাঞি।৪
চাম্পালি নগরে তোকে৫ কভু দেখি নাই ॥
দিন তিন চারি হৈতে ডোমনা প্রবাস।
তিন দিন অন্ন নাহি আছি উপবাস ॥
বিওনি আনিনু মুঞি চাম্পাবতী পুর।
বিওনি লইবে হেন না দেখি গাভুর ॥
কেহ বোলে বিদ্যাধরী লেহ গুয়া পান।
এক রাত্রি বঞ্চো৬ কন্যা দিব জাতি দান ॥
কন্যা বোলে ছি ছি হেন৭ না বোলিহ আর।
সর্ব্বাঙ্গসুন্দর মোর ডোমনা ভাতার ॥
নফরের যোগ্য নও পরশিতে চাও।
তোমাকে কাটিঞা পূজ ডোমনার পাও ॥
কেহ বোলে বিদ্যাধরী মোর পানে চাও।
ঘরের যুবতী ছাড়ো৮ আর বাপমাও ॥
আলিঙ্গন দিঞা কন্যা রাখহ জীবন।
জাতিকুল দিব কন্যা তোমার কারণ ॥
বেহুলা বোলেন তোরা অধম বর্ব্বর।
জাতিকুল করিঞা তোমাক নাহি ডর ॥
৯কোন ধর্ম্মশাস্ত্রে আছে করিতে পৌরস।
জারুআ জাতক তোরা নীচের ওরস ॥৯

CENTRAL LIBRARY

একে পরনারী আমি আর নীচ জাতি।
জাতি মজাইতে চাহ কেমন শকতি১ ॥
মদনে আবেশ হঞা জাতি দিতে চাও।
এমন২ রসিঞা নাই বিওনি মুলাও ॥
কেহ বোলে বিদ্যাধরী নিষ্ঠা করি কহ।
বিওনি মুলাব আমরা এইখানে রহ।
কত কোড়ি৩ লিবা বিওনির মূল্য কর।
বালী বোলে তোমরা স্থনিলে পাবে ডর ॥
বিওনির মূল্য মোর শত স্থবর্ণ৪ হয়।
স্থবর্ণের নাম স্থনি একদৃষ্টে চায় ॥
কেহ বোলে স্থন্দরী ইহার নাহি কাম।
৫স্থবর্ণ কখন মোরা নাহি স্থনি নাম ॥৫
নখাই রহিত জদি চান্দোর নন্দন।
সেই সে নইত মোর অমূল্য বিওন ॥
বালী বোলে মরদ আছিল লক্ষীন্দর।
তোমরা সকলে৬ হয় তাহার নফর৬॥
হাতে নাঠি করিঞা৭ চরাও ছেলি ভেড়া৭।
মরগা গাভুরগণ গলায় দিঞা দড়া ॥
এই বোলি বিদ্যাধরী কত দূরে জায়।
৮চান্দো সদাগরের পুরীর নাগি পায় ॥৮
চান্দোর দুয়ারে জাঞা হৈল উপনীত৯।
তন্ত্রবিভূতে১০ কবি১১ বিরচিল গীত১১ ॥

দুয়ার ঘুচাহ বাপু সাহের দুয়ারি।
বিওনি নইঞা জাব সাহের অন্তপুরী ॥
দ্বারী বোলে তবে আমি ঘুচাই দুয়ার।
স্থরতি শৃঙার মোকে কর অঙ্গীকার ॥
কন্যা বোলে হও তুমি মূর্খ অভাজন১২।
নীচ জন১৩ দেখিঞা তোমার হেন মন ॥

নিরন্তর জোগায় সাধুর পানপানি।*
বিচার না কর কেনে১ হাড়ি চণ্ডালিনী ॥
দুয়ার ছাড়িঞা দিল সাহের দুয়ারি।
বিওনি নইঞা কন্যা গেলা অন্তপুরী ॥
হাতেত২ বিওনি নঞা চলিলা সুন্দরী।
প্রবেশিলা ডুমনী৩ জথা সোনকার পুরী ॥
পুত্রশোকে সোনকা আছেন৪ মনদুঃখে।
সুন্দরী ডোমের মেয়া৫ দেখিল সম্মুখে ॥
ডোমনী দেখিঞা সোনা হৈলা চমৎকার৬।
সম্মুখে দেখিল জেন বেহুলাআকার৭ ॥
সোনা বোলে দেখি জেন বাছোর দুলালী।
ডোমনীমূরতি দেখি কাথে দোন ডালি ॥
সোনা বোলে ডুমনী কোথাতে তোর ঘর।
কি কারণে আসিঞাছ চাম্পালি নগর ॥
কন্যা বোলে আমরা ডুমনী নীচ জন।
বিকাঞা বেড়াই মোরা অমূল্য বিওন ॥
সোনা বোলে ডুমনী বিওনি লিবে কে।
আমার বচনে৮ জলে ভাসাইঞা দে ॥
নাহি পুত্র লক্ষীন্দর রঙ্গে নাহি মন।
কেবা লিবে সুন্দরী তোর অমূল্য বিওন ॥
বিবাদে মরিল পুত্র বিভার বাসরে।
বধূ* সঙ্গে৯ ভাসাইলাম সাগরের জলে ॥
১০আজি কালি করিঞা হইল ছয় মাস।১০
ভালমন্দ কিছু১১ না পাইলাম১১ তল্লাস ॥
১২তোমার বয়েস রূপ বধূ জে আমার।১২
পুত্রশোকে১৩ চক্ষ্যে নাহি১৩ পারি চিহ্নীবার ॥

*পাঠ—বোধু (সর্বত্র)

CENTRAL LIBRARY

ভাসিল সুন্দরী বধূ নিদারুণ হিয়া।
কেমনে সাগরে বাছা জাইবে ভাসিঞা।
ডুমনী বোলেন আমি থাকি এইখানে।
চাম্পালি নগরে মোকে কেবা নাহি জানে॥
ভাসাইলে পুত্র বধূ সাগরের পানি।
ফিরিঞা না পাবে আর সুন ঠাকুরাণী॥
পদ্মার আদেশে গীত পাইল সপনে।
বিরচিঞা গায় কবি জগতজীবনে॥

১কান্দে সোনা বিনাইঞা ডুমনীকে দেখিঞা
দুই হস্তে ধাকুড়য়ে হিয়া।১
পুত্র না আসিবে ফিরি২ কহিল নিশ্চয় করি৩
৪কেমনে বাঁচিব না দেখিয়া॥৪
বিষম সাগরের পানি ভাসাইনু বধূখানি
মরা পুত্র আর নাহি আইসে।
সুসুমৎস্য ঘড়িআল জলমধ্যে পালে পাল
দেখি কন্যা মরিবে তরাসে॥
পুত্র মোর অনুপাম জেন মদনের কাম
খাইবেক মৎস্য মগরে।
দুর্জ্জন পাইঞা জলে বধূকে ধরিবে বলে
পুত্র মোর না আসিবে ঘরে॥
কি কারণে ধনজন প্রাণ ধরে৫ অকারণ
বৃদ্ধকালে৬ এমত পাও৬ দুঃখ।
যম৭ বড় নিদারুণ পুত্রকে করিলে খুন
কেনে বা ছাড়িঞা গেল মোক॥
ডুমনী৮ বোলেন মাও কেনে কান্দ দুঃখ পাও
মিছা শোক কর কি কারণে।
তন্ত্রবিভূতে৯ গায় বন্দিঞা মনসাপায়
আগে পাছে সবার মরণে॥

CENTRAL LIBRARY

১সোনা বোলে ছয় বধূ কর অবধান ।১
ডুমনী বিদায় কর দিঞা গুয়াপান ॥
ডুমনী বোলেন আমি পান নাহি খাই ।
খিদাএ অন্তর পোড়ে অন্ন কিছু নাই ॥
২সোনকা বোলেন বালী শুন রূপবতী ।২
৩কে খাবেও আমার অন্ন অন্ন পাব কতি ॥
মরিল যেদিন হৈতে সাহের নন্দন ।
৫দশে পাচে৫ এক দিন করিএ রন্ধন ॥
৬বালার শোকেতে দিবারাত্রি ঝুরে হিয়া ।
খিদা তৃষ্ণা নাহি মোর বাছা হারাইঞা ॥৬
ডুমনী বোলেন তবে৭ হাত জোড় করি৭ ।
মেড়ের ভিতরে৮ আছে অন্নতরকারী৮ ॥
৯শুনিঞাত সোনকা হইল চমৎকার মন ।
মেড়ে আছে অন্ন কন্যা জানিল কেমন ॥
১০জলেতে ভাসিঞা গেল বেহুলাসুন্দরী ।
ডোমঘরে জাতি বুঝি দিল বিদ্যাধরী ॥ ১০
দেখিয়া তাহার সমস্ত রূপ বয়েস ।
নিশ্চয় বুঝিল কুল মজাইল শেষ ॥
তাহ নৈলে অন্ন আছে জানিল কেমনে ।
মায়ার কারণে আইল আমার ভুবনে ॥
কন্যাকে দেখিঞা সোনা গড়াগড়ি জায় ।
আঝর নঞানে কান্দে করে হায় হায় ॥
সোনা বোলে জাতিকুল সকলি মজিল ।
বিবাদিয়ার তরে মোর সর্ব্বনাশ হৈল ॥
ডুমনী বোলে আমি বধূ তোমার নই ।
মেড়ে আছে অন্ন মাও তার কথা কই ॥
১১বালার বিভার দিনে১১ মোরা আইলাও১২ দেখিতে ।
ডোমডালি নঞা আইলাও ডোমনা সহিতে ॥

CENTRAL LIBRARY

১কৌতুক দেখিতে রাত্রি হৈঞা গেল পাছে।
শুইয়া থাকিলাম মোরা মেড় ঘর কাছে ॥১
তে কারণে সকল জানিয়ে ঠাকুরাণী।
তাহার বৃত্তান্ত মাও কহি সত্যবাণী ॥
বালার কারণে বালী করি রন্ধন।
নিদ্রাতে পড়িল পাছে সাহের নন্দন ॥
অন্নব্যঞ্জন তবে রাখিঞাছে২ বান্যানী।
৩এই মতে আমরা অন্নের কথা জানি ।৩
স্থনিঞা সোনকা তবে এতেক উত্তর।
শীঘ্রগতি গেলা তবে৪ মেড়ের ভিতর ॥
মেড়ের দুয়ারে৫ জাঞা কপাট ঘুচায়।
দুয়ার না ঘুচে সোনা করে হায় হায় ॥
ডুমনী বোলেন মাও৬ দূরেত ডাড়াও৬।
তুমি চাহি৭ থাক আমি দুয়ার ঘুচাও৮ ॥
স্থনিঞা৯ সোনকা তবে৯ হৈল একপাশে।
দুয়ার ঘুচায় বালী মনের হরিষে ॥
সতীর পরশে তবে ঘুচিল দুয়ার।
প্রবেশ করিল সোনা মেড়ের মাঝার ॥
স্থবর্ণ পালঙ্ক বালার না হয় মলিন।
রত্নের প্রদীপ সে জ্বলিছে রাত্রিদিন ॥
বাটাতে তাম্বুল আছে ভৃঙ্গারেত পানি।
একমাত্র না দেখিএ স্থন্দর পুত্রখানি ॥
১০এ সব দেখিঞা সোনা শিরে মারে ঘাত।
হাহাকার করি কান্দে শিরে দিঞা হাত ॥১০
১১জেই মাত্র সোনকা১১ হাঁড়িতে দিল হাত।
হাঁড়ির ভিতরে পাইল তপ্ত ব্যঞ্জনভাত ॥
স্থবর্ণের থালে অন্ন বাঢ়ে বানিঞানী।
সেই অন্ন সোনকা ডুমনীক দিল আনি ॥

ডুমনী বোলেন মাগো আমরা নীচ জনে।
তোমার সাক্ষাতে অন্ন খাইব কেমনে॥
অন্ন নঞা চলে গন্ধবানিঞার বালী।
কুকুর দেখিঞা অন্ন দিল১ জাঞা২ ঢালি॥
ফিরিঞা প্রবেশে কন্যা পুরীর ভিতরে।
তন্ত্রবিভূতে গায় মনসার বরে॥

৩সোনকা সুন্দরী কান্দে মেড়েত বসিঞা।৩
হাহা পুত্র নথাই মেড় আছে পুত্র নাই
গেল পুত্র জলেতে ভাসিঞা। ধু॥

হরগৌরী সেবিনু৪ তোমা পুত্র পাইনু৫
তোমা বিনে আর কেহ নাই।
জত কিছু ধনজন সব দেখি অকারণ
৬কোথা গেলা দুর্ল্লভ নথাই॥৬
কাহার সহিতে দ্বন্দ্ব কে তোমা বোলিল মন্দ
বাপমাএ নাহি দিয়ে৭ গালি।
নাহিত আমার দোষ কি কারণে কর রোষ
পুষ্পশয্যা হঞা৮ আছে খালি॥
তোমার জতেক সখি তোমা বিনে নাহি দেখি
কেহত না আইসে মোর বাড়ি।
তোমার জে মরণে তেজিলেক৯ শিশুগণে
স্বামী১০ বিনে জেন সব১০ রাড়ী॥
ডুমনীর সহিতে সোনা কান্দে ভূমিতে
১১মেড়ের ভিতরে বসিঞা।১১
সভামধ্যে বসিঞা ক্রন্দনের রাও পাঞা
অগ্নি হেন জ্বলিল উঠিঞা॥

CENTRAL LIBRARY

১বোলে চান্দ সদাগর স্থনরে ছুয়ারি মোর
কেনে বা কান্দিছে বানিঞানী ।১
কে আইল কিবা হৈল বুঝি আসি বার্ত্তা বোল
সত্বরে আইস বার্ত্তা জানি ॥
২স্থনিঞাত দ্বারী জায় পুরীমধ্যে সান্তায়
ডুমনীকে দেখিবারে পায় ।২
ডুমনীকে দেখিঞা সোনা কান্দে বিনাইঞা
সত্বরেতে সাধুকে জানায় ॥
হাতেত করিঞা নড়ি ৩গোপ ফরফর করি৩
ক্রোধিত হইঞা সাধু জায় ।
৪জায় সাধু ক্রোধ ভরে ডুমনী কাপয়ে ডরে
চান্দোক দেখি ডুমনী পলায় ॥৪
৫খিড়কি ছুয়ার৫ দিয়া ডুমনী গেল পলাইঞা
জথা আছে বালা লক্ষীন্দর ।
জগতজীবন কবিত্ব বিচক্ষণ
মনসাদেবীর পাঞা বর ॥

৬ও স্থন্দরী বেহুলা না চড়িহ আমার মধুকরে হে ॥ধু॥৬

তথা হৈতে বেহুলা ঘুঘুরির ঘাটে গেলা
জথা আছে বালা লক্ষীন্দর ।
বেহুলাকে দেখিঞা বালা বোলে ক্রোধ হৈঞা
মধুকরে না আইস সত্বর ॥
থাকহ উপরে বসি না আসিহ রূপসী
আর নাহি পরশিব তোরে ।
কেমন সাহস করি হইঞা কুলের নারী
৭বেড়াইলে চাম্পালি নগরে ॥৭

CENTRAL LIBRARY

১দেখিঞা চাম্পালির লোকে কিছু নর্য্যা নাহি তোকে
তোমাকে দেখিএ মতি ভিন্ন ।১
২এ সব স্থনিঞা লোক২ কি বোল বলিবে মোক
আমি হৈলাঙ স্ত্রীর অধীন ॥
বালী করে জোড় হাত স্থন প্রভু প্রাণনাথ
জলমধ্যে ভাসিনু জখন ।
পদ্মার বিষম নাটে জলমধ্যে দুষ্টবাটে
তখনে রাখিলে কোন জন ॥
স্থনিঞা কন্যার বাণী বানিঞার শিরোমণি
নজ্জাতে রহিল হেটমুখে ।
বোলে বালা লক্ষীন্দরে চঢ় কন্যা মধুকরে
চাম্পালীর কথা কহ স্থখে ॥
৩এত বাক্য স্থনিঞা মধুকরে চঢ়ে জাঞা
বোলে রামা স্বামীর গোচর ।৩
কি কহিব প্রাণেশ্বর তোমা বিনে জরজর
জত আছে চাম্পাই নগর ॥
গেলাঙ চাম্পাই দেশে দেখি আইলাঙ সবিশেষে
কাহাকো না দেখিলাঙ৪ ভাল ।
তুমি বিনে৫ পুরীখান জেন যমালয় স্থান
চন্দ্র বিনু রাত্রি জেন কাল ॥
দেখিলাঙ৬ শাশুড়ী মাও আর রাড়ী ছয় জাও
৭অস্থিচর্ম্ম হৈঞা আছে৭ সার ।
তোমার আমার শোকে নাহি তার তৃষ্ণা ভোকে
ভাগ্যে সে পাইনু দেখিবার ॥
শ্বশুর মোর বিবাদিয়া বড়ই দারুণ হিয়া
নাহি ছাড়ে৮ আপন দুর্ম্মতি৮ ।
দেখিঞা আমার ভাও কান্দেন শাশুড়ী মাও
মারিতে আইলা শীঘ্রগতি ॥

স্থনিঞা কন্যার বাণী বানিঞার শিরমণি
মহাদুঃখে হেট মুণ্ড করে।
তন্ত্রবিভূতে১ পদ রচিলেন২ বিদগদ
মনসাদেবীর পাঞা বরে ॥

২বাশি বাজাইওনারে বাশি বাজাইও না।
গোকুলে রাধার প্রাণ আর কান্দাইও না ॥ধু॥২

মন্দ মন্দ বহে বাও মলয়া৩ পবন।
ঘাটে উঠে বৈসে তবে বানিঞানন্দন।
চান্দোর ঘরের দাসী৪ ঘাটে ভরে পানি।
দেখিঞা বালার রূপ করে কানাকানি ॥
এক দাসী বোলে স্থন আমার বচন।
সাক্ষাতে দেখিএ জেন সাহের নন্দন ॥
আর দাসী বোলে সখী এমন কি৫ হয়।
মড়া৬ নাকি ফিরা৬ আইসে কোন জনে কয় ॥
আর দাসী বোলেন বেহুলা হয় সতী৭।
না জানি৮ জিঞাঞা আনিলে৮ নিজপতি।
সত্বরে জানায় গিঞা সোনাকার ঠাঞি।
ঘাটেত৯ দেখিনু জেন৯ দুর্ল্লভ নথাই ॥
সোনা বোলে দেখ্যাছ১০ কি স্থনিঞাছ১১ কানে।
দাসী বোলে১২ দেখিনু মুঞি১২ আপন নঞানে ॥
সোনা বোলে আজি দেখিঞাছি১৩ স্থমঙ্গল।
১৪কি জানি আসিঞা মিলে সপনের ফল ॥১৪
দাসীর বচনে সোনা শীঘ্রগতি চলে।
ঘুঙ্গুরীর ঘাটে জায় সিঞানের১৫ ছলে ॥
বেহুলা বোলেন স্থন প্রভু গুণমণি।
উঠিঞা প্রণাম কর আপন জননী ॥

CENTRAL LIBRARY

উঠিঞা প্রণাম নথাই মায়ের পায়ে করে।
কান্দেন সোনকা রানী চক্ষের পানি১ পড়ে২ ।।
মাতাকে প্রণাম করে ভাই সাত জন।
বেহুলা প্রণাম করে৩ শাশুড়ীর চরণ৩ ।।
৪গারবিঞাগণ কত প্রণাম করিল।
একে একে সর্ব্বজন নমস্কার হৈল ।।৪
সোনকা বোলেন বাপু তোরা সভ কে।
চিহ্নিতে না পারি মোকে পরিচয় দে ।।
৫নথাইর কারণে প্রাণ ঝুরে দিবারাতি ।৫
শ্রাবণের ধারা জেন চক্ষে বহে নিতি ।।
চক্ষে অন্ধো দেখি বাছা তথির কারণে।
চিহ্নিতে না পারিএ তোমরা কোন জনে ।।
মনাই কহেন৬ এই দুর্ল্লভ নথাই।
আর দেখ এই তোমার পুত্র ছয় ভাই ।।
চৌদ্দ ডিঙ্গা ধনজন৭ গাবর কাণ্ডার৭।
পতিব্রতা বেহুলা আনিল আর বার৮ ।।
বেহুলাসুন্দরী তবে দেবপুরে জাঞা।
মনসার কৃপাতে আনিল জিঞাইঞা ।।
স্থনিঞা৯ সোনকা মহাআনন্দিত মন।
রচিল পদ্মার বরে জগতজীবন ।।

১০মহারঙ্গে নাচে সোনা আনন্দিত মন।১০
ধরিঞা বধূর মুখে করিল চুম্বন ।।
পুত্রবধূ নইল সোনা কোলেত করিঞা।
১১ঘুরিঞা ঘুরিঞা নাচে১১ আনন্দিত হঞা ।।
১২শত শত চুম্বন দেয় বদনকমলে।
দুকূল বাহিঞা পড়ে নঞানের জলে ।১২

CENTRAL LIBRARY

সোনকা বোলেন বালী১ স্থন মহাসতী ।
তোমার প্রসাদে আমি হৈলাঙ পুত্রবতী ॥
২অন্ধজনে চক্ষু পায় দারিদ্র্যে মিলে কোড়ি ।
ততোধিক আনি দিলে আন্ধলের নড়ি ॥২
ধন্য তুমি পতিব্রতা ধন্য তোমার মাতা ।
মোর কূল উদ্ধারিলে ধন্য তোমার পিতা ।
চল চল পুত্রবধূ চল জাই বাড়ি ।
দেখুক তোমার৩ মুখ বধূ ছয় রাড়ী ॥
বেহুলা বোলেন৪ মাও তবে জাই ঘর৪ ।
৫সত্য করুক আসিঞা শ্বশুর সদাগর ॥৫
মনসাদেবীক জদি দেয় ফুলপানি ।
তবেত গৃহেতে জাই৬ কহি নিষ্ঠা বাণী৭ ।
৭জদি বা না পূজা করে শ্বশুর বানিঞা ৭
পূজা না করিলে মোরা৮ জাইব ফিরিঞা ।৯
এতেক স্থনিল জদি১০ বেহুলার মুখে ।
ঘরে চলি জায় সোনা আনন্দ কৌতুকে ॥
১১শীঘ্রগতি সোনকা সাধুকে দিল জান ।
হাতে হাতে বানিঞা পাইল স্বর্গস্থান ॥১১
স্থনিঞা চলিল সাধু মহারঙ্গ মনে ।
রচিল পদ্মার বরে জগতজীবনে ॥

১২সাজিঞা চলিল সাধু মহারঙ্গ মনে ।১২
ভাঙ্গিঞা চলিল জত চাম্পালি ভুবনে ॥
১৩বানিঞার সঙ্গে১৩ চলে লক্ষ লক্ষ ঠাট
উত্তরিল জাঞা১৪ সাধু ঘুঙ্গুরিয়ার ঘাট ॥
সাত ভাই উঠিঞা পিতার পাএ বন্দে ।
আলিঙ্গন দিল সাধু পরম আনন্দে ।

CENTRAL LIBRARY

বেহুলা প্রণাম করে শ্বশুরের পায় ।
১গাবারিঞা কাণ্ডারিয়া প্রণাম জানায় ॥১
সাধু বোলে বেহুলা সাফল তোর প্রাণ ।
ত্রিভুবনে সতী নাই তোমার সমান ॥
চল চল পুত্রবধূ চল জাই বাড়ি ।
দেখুক স্বামীর মুখ ছয় বধূ রাড়ী ॥
বেহুলা বোলেন স্থন শ্বশুর সদাগর ।
এত সত্য কর তুমি২ আমার গোচর ।
জদি পূজা কর তুমি দেবী বিষহরী ।
তবে সে জাইব আমি চাম্পাবতী পুরী ॥
ই বোল স্থনিঞা বোলে বালা লক্ষীন্দর ।
এক বাক্য বোলি পিতা তোমার গোচর ।
বালা বোলে৩ বিষহরি জদি পূজ তুমি৩ ।
তবে সে আপন পুরী জাইব জে আমি৪ ॥
জদি পূজা না করিবে শঙ্করনন্দিনী ।
ফিরিঞা জাইব মোরা বাহিঞা তরণী ॥
চান্দো বোলেন বাছা৫ চল ঘরে৫ জাই ।
মিছা মায়া না করিহ৬ দুর্লভ নথাই ॥
নথাই চান্দোতে বাক্য হয় নদীতীরে ।
এথা সোনকা বান্ধানী কোন কর্ম্ম করে ॥
বেহুলা আইল দেশে আনন্দ সর্ব্বপুরী ।
সর্ব্বলোক আনন্দিত চাম্পালি নগরী ॥
৭বুহিত চুমায়৭ বোলি ঘোষণা পড়িল ।
চাম্পালির জত রাইহো একত্র করিল ॥
তৈল সিন্দুর গুয়া পান আগর চন্দন ।
ফলফুল নৈবিদ্য নইল জনেজন ॥
গন্ধ ধূপ দীপ আদি নইল আপার ।
আনন্দে সোনকা সাজে৮ ডিঙ্গা চুমাবার ।

CENTRAL LIBRARY

নথাই চুমাইতে সাজে নথাইর জননী।
স্বামীকে চুমাইতে সাজে১ বধূ ছয় জনি১ ॥
২কোন বধূ নইল সুবর্ণ২ ঘটবারি।
কেহ বা নইল পুষ্প ডালি ডালি ভরি ॥
কেহ বা নইল দুর্ব্বা ধান্য জলের ভৃঙ্গার।
৩কেহ বা৩ যৌতুক নইল জে আপার ॥
নারায়ণ বিষ্ণু তৈল লিল খুরি ভরি।
এইরূপে রাইহো সব চলে সারি সারি।
উত্তরিল জাঞা সভে ঘুঙ্গুরির তীরে।
তন্ত্রবিভূতে গায় মনসার বরে ॥

স্নান করিঞা তবে৪ সোনা সাধুয়ানী।
আগেতে পূজিল দেবী৫ শঙ্করনন্দিনী।
৬দেবীর পূজা করি৬ পূজে অষ্ট পাত্রবর।
তারপরে পূজিল৭ বেহুলালক্ষীন্দর ॥
৮রাইহোগণ সঙ্গে৮ সোনা জলেতে নাম্বিঞা।
একে একে ৯ডিঙ্গা সব৯ জায় চুমাইঞা ॥
একে একে চুমাইল সপ্ত মধুকর।
আনন্দহৃদয় সোনার হরিষ অন্তর ॥
১০টাকা কোড়ি নিছিঞা ফেলায় চোতুপাশে।১০
মহাকুতুহল সোনা মনের হরিষে।
১১বেহুলা বধূ কৈল মোর কুলের উজ্জল।১১
১২এত বোলি জয় জয় করিল মঙ্গল ॥১২
দেবীর প্রসাদে মোর১৩ জিয়ে সপ্ত কোঙর১৩।
একে একে চুমাইল সাত সহোদর ॥
সোনা বোলে এহে পুত্র চল জাই ঘরে।
ই বোল স্থনিঞা বোলে বালা লক্ষীন্দরে ॥

CENTRAL LIBRARY

স্থন স্থন আগো মা বলি এক বাণী ।
জদি পূজা করে পিতা শঙ্করনন্দিনী ॥
সত্য করিঞা পিতা বোলুক বচন ।
তবে জাইব মোরা আপন ভুবন ॥
চান্দো বোলে বাছা আগে ঘর চলো জাই ।
১মিছা মায়া না করিহ দুল্ল ভ নথাই ॥১
নথাই বোলেন ঘরে না জাব সত্বর ।
আমার সাক্ষাতে বাপা অঙ্গীকার কর ॥
নতুবা আমরা ফিরা জাব এথা হৈতে ।
চাম্পালি নগরে তুমি থাকহ নিশ্চিন্তে ॥
স্থনিঞাত সদাগর মনে মনে ভাবে ।
বিষম দায়েতে শিব ফেলাইল এবে ॥
চান্দো বোলে স্থন বাছা দুর্লভ নথাই ।
আগে পাছে বুঝা জাবে চল ঘরে জাই ॥
বাপের বচনে বালা চলে মহারঙ্গে ।
একত্র হইঞা চলে সাত ভাই সঙ্গে ॥
২নাটুয়া নাচায়২ গায়নে গীত গায় ।
উৎসব*করিঞা লোক চাম্পাইতে জায় ॥
ধনপুত্র নঞা সাধু করিল গমন ।
রচিল পদ্মার বরে জগতজীবন ॥

৩আনন্দে স্থন্দরী মঙ্গল উচ্চারণ করে ।

ধনের ভিতরে ধন তুলি মণিরতন
বাহুড়ি আইল মোর ঘরে ॥ধু ।৩

*পাঠ—উৎসব

CENTRAL LIBRARY

সোনকাসুন্দরী মহাআনন্দিত করি
মঙ্গল করএ উচ্চ রায়।
জত সব রাহোগণ আনন্দিত সর্ব্বজন
বেহুলাকে সঙ্গে নঞা জায়॥
কেহ দেয় জয়কার কেহ নৃত্য করে আর
আনন্দে মগন সভার মন।
জাইঞা চাম্পালি পুরী আনন্দ মঙ্গল করি
প্রবেশিল আপন ভুবন॥
চান্দোর ভুবনে চাম্পাইর লোকজনে
একত্রে মিলিল সভে আসি
বেহুলাকে দেখিবারে সভে হুড়াহুড়ি করে
কোলাহল হইল প্রকাশি॥
তবে সোনা সভাকারে মিনতি করিঞা বোলে
গণ্ডগোল না করিহ এথা।
খুধায়ে বিকল এবে সুস্থির হোউক সভে
তবে তোরা আসিহ সর্ব্বথা॥
এত বোলি সভাকারে বিদায় দিলেন তারে
বেহুলা নঞা গৃহে প্রবেশিল।
তবে আসি ছয় জায়ে বেহুলাকে কোলে নয়ে
শত শত চুম্বন তাকে দিল।
কেহ মুখ মোছায় কেহ ধূলা ঝাড়ে গায়
কেহ করে বিওনি বাতাস।
বেহুলার মুখ হেরি কান্দে ছয় জন নারী
কমনে বঞ্চিলে ছয় মাস॥
তুমি সে পরম সতী ত্রিভুবনে রইল খ্যাতি
জগত ভরিয়া যশ গায়।
কুলের উদ্ধার কৈলে মড়া স্বামী জিঞাইলে
আমা সভার খণ্ডাইলে সংশয়।

CENTRAL LIBRARY

ধন্য তুমি পতিব্রতা ধন্য তোমার মাতাপিতা
মো সভার ঘুচাইলে দুর্গতি।
কহ বেহুলাসুন্দরী কেমতে গেলে দেবপুরী
কেমনে দেখিলে পদ্মাবতী।
কি করিঞা সন্ধান মড়া সব পাইল প্রাণ
সুনিঞা জুড়াক মোর হিয়া।
বালী বোলে সুন সভে ভেলাতে ভাসিনু জবে
পদ্মাবতী স্মরণ করিঞা॥
ভাসিনু সাগরের মাঝে কেহ নাই আগে পাছে
জত দুঃখ কহন না জায়।
স্থানে স্থানে বিষহরী আইলেন মায়া করি
আমাকে ছলিঞা নইতে চায়॥
পথে দুঃখ হৈল জত তাহা বা বলিব কত
পদ্মাবতী রাখিল আমায়।
শ্বেত কাগার মূর্তি ধরি আইলেন বিষহরি
মিনতি করিলাম তার পায়॥
হাতের অঙ্গুরি দিল উজানিতে পঠাইল
মেনকা মাঞ সম্বাদ জানায়।
সুনিঞা মেনকা মায়ে পঠাইল দুই ভায়ে
মোরে ফিরা নঞা জাইতে চায়॥
তাহা আমি না জানিল দুই ভাই ফিরা গেল
মুঞি জাঙ জলেতে ভাসিঞা।
মেনকারূপ ধরি আইলেন বিষহরি
ডাক পাড়ে আমার নাগিঞা॥
না.সুনিল তার বাণী চলি জায় ভেলাখানি
পরে আইল গোয়ালিনী হৈঞা।
সে ঘাট এড়ালাঙ দায় পাটুনিরূপেতে মায়
দান চাহে মড়ার নাগিঞা॥

CENTRAL LIBRARY

তাহাকে সান্ত্বনা করি চলি জাঙ দেবপুরী
ব্যাঘ্ররূপে হৈল উপনীত।
দেখিঞা সে বাঘিনী উড়ে মোর পরাণি
এড়াইলাম হৈঞা সশঙ্কিত॥
দুর্জ্জন গোদার হাতে পদ্মা রক্ষা কৈল তাতে
মামাশ্বশুর আসিঞা মিলয়।
তাতে পরিচয়*হৈল সেহো ঘরে চলি গেল
অস্থিমালার ঘাটে ভেলা জায়॥
সড়া মাংস খসিল তাহা সব জলে ধুইল
অস্থি নইলাঙ গলায় বান্ধিঞা।
কি কবো দুঃখের কথা শঙ্খাই দাদা আইল তথা
মোহ গেল আমাকে দেখিঞা॥
পাছে হৈল পরিচয় কান্দিঞা ব্যাকুল তায়
ফিরা ঘরে নঞা জাইতে চায়।
তার বাক্য না স্থনিনু ভেলা পরে ভাসি গেনু
কান্দি দাদা নিজ ঘরে জায়॥
এ সব সঙ্কট এড়ি সঙরিঞা বিষহরি
ত্রিবেণীতে জাইঞা মিলিল।
না দেখিঞা উপায় আকুল হইলাঙ তায়
কাষ্ঠ আনি আগুনি জ্বালিল॥
অগ্নিতে পুড়িব মরি এই চিত্তে স্থির করি
ইতিমধ্যে ব্রাহ্মণী আইল।
ব্রাহ্মণীর মূর্ত্তি ধরি আইলেন বিষহরি
মোরে আসি উদ্দেশ কহিল॥
সন্ধান পাইঞা তাই গেলাঙ নেতাইর ঠাঞি
সঙ্গে নঞা গেল দেবপুরী।
শঙ্করের স্থানে গিঞা নিজ পরিচয় দিঞা
নিবেদিনু জোড়হাত করি॥

*পাঠ—পোরিচয়

CENTRAL LIBRARY

সুনিঞাত শূলপাণি পদ্মাকে ডাকিঞা আনি
জিঞাইল প্রভু প্রাণেশ্বর ।
ছয় ভাসুর জিঞাইল চৌদ্দ ডিঙ্গা উদ্ধারিল
মোরে করাইল অঙ্গীকার ॥
সত্য কৈলাঙ দেবের ঠাঞি জাইঞা সে চাম্পাই
শ্বশুরের হাতে পূজা করাইব ।
মনসার পূজা করি তবে জাব নিজপুরী
এই সত্য অবশ্য পালিব ॥
তোমরাত ছয় জাও শ্বশুরকে বুঝাও
জাতে আমি সত্যভ্রষ্ট নহি ।
দেবীকে দেয় ফুলজল তবে হবে মঙ্গল
কুশলে থাকিবে সর্ব্বঠাঞি ॥
নহে পরমাদ হবে ধনজন ডিঙ্গা জাবে
মোর পরিশ্রম অকারণ ।
মনসাচরণ পদ বন্দিঞা সে বিদগদ
গায় অতি জগতজীবন ॥

সুনিঞাত ছয় জাও হায় হায় করে ।
বড় দুঃখে বালী জিঞাইল সভাকারে ॥
ধনজন চৌদ্দ ডিঙ্গা সাগরে ডুবিল ।
মনসাপ্রসাদে বালী সব উদ্ধারিল ॥
জদ্যপি দেবীর পূজা শ্বশুর না করে ।
সভে মিলি প্রাণ তেয়াগিব তাহার গোচরে ॥
এত বোলি প্রবোধিল বেহুলার তরে ।
সোনকা বান্যানী এথা কোন কর্ম্ম করে ॥
শীঘ্রগতি সোনকা জে রন্ধন করিল ।
নানা উপহার দ্রব্য আনিঞা রাখিল ॥

CENTRAL LIBRARY

পায়স পিষ্টক আর শর্করা আদি করি।
চিনিফেলা খোয়া দুগ্ধ আর রাম্ভে খিরি ॥
মনের আনন্দে সোনা রন্ধন করিল।
এক অন্ন পঞ্চাশ ব্যঞ্জন সারি সারি থুইল ॥
ডাকিঞা বোলেন সোনা ভোজন আসি কর।
সাত পুত্র সঙ্গে সাধু আইল সত্বর ॥
ভোজনে বসিল সাধু সাত পুত্র সঙ্গে
সোনকা পরিবেষণ* করে মহারঙ্গে ॥
সুবর্ণের থালে অন্ন করিঞা বান্যানী।
নানা উপহার দিঞা আগে দিল আনি ॥
ভোজন করয়ে সাধু মহাকুতুহলে।
সোনা বোলে আজি মোর জীবন সাফলে ॥
ধন্য মোর বেহুলাসুন্দরী গুণবতী
জাহার প্রসাদে পাইলাঙ মহারত্ন নিধি ॥
সুন সাধু পূজা তুমি কর মনসার।
বেহুলাকে সত্য হৈতে করহ উদ্ধার ॥
চান্দ সদাগর তবে কিছু না বলিল।
সাত পুত্র নঞা সাধু ভোজন করিল ॥
আচমন করি সভে মুখশুদ্ধি করে।
তাম্বুল কর্পূর আদি নানান প্রকারে ॥
তন্ত্রবিভূতে কবি মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

১গুণের নিধি বুদ্ধ গোসাঞি।
কলিযুগ তরাইতে আর কেহ নাই ॥ ধু ॥১

সাত পুত্র নয়া সাধু বসিল দেওানে।
সেইখানে বোলে বালী সভা বিদ্যমানে ॥

*পাঠ—পোরিবেসন

CENTRAL LIBRARY

বেহুলা বোলেন সুন শ্বশুর সদাগর।
১আমার বচনে পদ্মাক পূজহ সত্বর ॥১
তোমার পূজার নাগি সাক্ষী দেবগণ।
তবে জিঞাইল পদ্মা তোমার নন্দন ॥
এখন পদ্মাকে তুমি না দেও২ ফুলজল।
ফিরিঞা তোমার বাপু নহিবে কুশল ।
৩সাধু বোলে কি বোলিলা বেহুলাসুন্দরী ৩
শঙ্করের পূজা আমি এই মাত্র করি ॥
কেমনে পূজিব আমি দেবী বিষহরি
জাকে নিন্দা করি তারে পূজিবারে নারি ॥
৪সোনা বোলে দেবীর পূজা কর প্রাণেশ্বর ।৪
জাহার প্রসাদে জিঞে ই সপ্ত কোঙর ॥
দেবীর প্রসাদে প্রভু দুকুল বাহুড়িল।
জার কৃপাএ আটকুড় নাম ঘুকাইল ॥
৫এ হেন দেবীকে প্রভু নিন্দ কি কারণে ।৫
অবধিঞা সাধু তোমার৬ নাহিক জ্ঞানে৭ ॥
চান্দো বোলে ধনজন আনিলচ বাহুড়িঞা৯।
সেই পথে১০ পুনর্বার জাউক ফিরিঞা১০ ॥
সোনা বোলে ধনজন আইলে ডুবাইঞা।
হেন সব ধন জন আনিল ফিরাঞা১১ ॥
ঘরে আইল ধনজন কেনে পরিহর।
গন্ধ পুষ্প দিঞা প্রভু দেবী পূজা কর ॥
১২সুন প্রভু সদাগর১২ করিএ কাকুতি।
পূজহ দেবীরে প্রভু ছাড়হ কুমতি১৩ ॥
১৪চান্দো বোলে জ্যেষ্ঠ আমি কনেষ্ঠ বহিনী ।১৪
১৫আগে মোকে পূজ১৫ পাছে দিব ফুলপানি ॥
জেই কথা বোলে প্রভু১৬ কেবা পতিয়ায়১৬।
দেব হঞা মনিস্কে১৭ পূজিতে না জুআয় ॥

CENTRAL LIBRARY

১চান্দো বোলে দৃঢ় বাক্য১ স্থন সাধুঞানী।
আগে মোক পূজুক পাছে দিব ফুলপানি ॥
এ বোল স্থনিঞা কান্দে শঙ্করনন্দিনী।
না পূজিল চান্দো মোকে সদাই বোলে কানী।
নেতাই বোলে মাও কান্দ কি কারণে।
অবশ্য পূজিবে২ চান্দো না ভাবিহ মনে২ ॥
চান্দোআ পঠাও তুমি চান্দোর ভুবনে।
তবে সে পূজিবে তোমাক সাধুর নন্দনে ॥
ই বোল স্থনিঞা দেবীর আনন্দিত মন।
বিশ্বকর্ম্মা বোলিঞা৩ মাতা করিলা স্মরণ ॥
ভালুকে চঢ়িঞা বিশাই করিলা গমন।
দেবীর নিকটে আসি দিল দরশন ॥
ধর লেহ বিশাই তাম্বুল ধর খাও।
নেতের চান্দোআ মোকে৪ নির্ম্মাইঞা দেও ॥
বসিলেন বিশ্বকর্ম্মা আসন পাঝিঞা৫।
৬নানা বর্ণের বস্ত্র পদ্মা দিলেন আনিঞা ॥৬
সেই বস্ত্র নঞা বিশাই করিল গঠন।
চিত্র বিচিত্র অতি করে মনোরম ॥
চারিদিগে লেখিলেন দেবতা সকল।
৭মধ্যে তার নির্ম্মাইল৭ ই চন্দ্রমণ্ডল।
নেতের৮ চান্দোআখান দেখিঞ অনুপাম।
বিশ্বকর্ম্মার নির্ম্মাণ নানা রত্নে৯ কাম ॥
মর্ত্ত্যেত আইলা বিশাই ভালুকে চঢ়িঞা।
চান্দোর আগেত১০ বস্ত্র দিল ফেলাইঞা ॥
১১দেখিলেন বস্ত্রখান চান্দো লেহালিয়া ॥১১
১২মধ্যখানে আমাকেত থুঞাছে লেখিঞা ॥১২
চান্দোআ দেখিন্দা চান্দো আনন্দিত হৈল।
সকল দেবতার মধ্যে আমাকে রাখিল ॥

CENTRAL LIBRARY

১মনে মনে ভাবে চান্দো হৈঞা অধমুখে।
কি করিব কি হইব ভাবে মনদুখে। ১
২হেটমুণ্ডে রহে চান্দো অন্তরে অসুখী৩।
পাতালে থাকিঞা বোলে অনন্ত বাসুকী॥
ক্রোধমনে বানিঞা আকাশপানে চায়।
আকাশের চন্দ্র৪ সূর্য চান্দোকে বুঝায়॥
অষ্টদিগে বোলে অষ্টলোকপালগণ৫।
৬চতুর্দ্দিগে বোলে দেব না জায় লঙ্ঘন॥৬
চান্দো বোলে মোর বাদ জানিল দেবগণ।
এখনে পূজিব আমি পদ্মার চরণ।
৭চান্দো বোলে জেবা জন গঙ্গাজল খায়।
অন্য জল খাইল কি তার পুণ্য জায়॥৭
জেইমাত্র বোলে চান্দো পূজিব ব্রাহ্মণী।
হংসবাহনে নাচে শঙ্করনন্দিনী॥
দেবী বোলে সুন চান্দো আমার উত্তর৮।
৯সুবর্ণের বারি আছে জালুমালুর ঘর॥
সেই বারি আনি তুমি পূজহ আমারে।
তবেত সদয় আমি হইব তোমারে ৯॥
পদ্মার আদেশে গীত পাইল সপনে।
১১বিরচিঞা গায় কবি জগতজীবনে॥১১

জয় জয় জগতজীবন বিষহরি।
তোমার মহিমা মাগো১২ বুঝিতে না পারি॥ধু॥

চান্দো বোলে নেঙ্গা মন্ত্রী কর অবধান।
পূজিব মনসা মণ্ডপ করহ নির্ম্মাণ॥
বেতলার বচনেতে১৩ পূজিব ব্রাহ্মণী।
১৪লঙ্ঘিতে না পারি আমি১৫ দেবতার বাণী॥

CENTRAL LIBRARY

চান্দোর বচনে নেঙ্গা[১] চলিল সত্বর।
মধ্যখানে রচিল[২] পদ্মার পূজার ঘর॥
পাষাণে নির্ম্মাণ ঘর করে কাচ ঢাল।
চামরে চাওনি দিব্য হেঙ্গুল হরিতাল॥
স্ফটিকের স্তম্ভ করে বিচিত্র স্থাপনা[৩]।
তাহাতে করিল দিব্য[৪] পূজার অর্চনা॥
বিচিত্র চান্দো আ তোলে ঘরের ভিতর।
মণ্ডপ নির্ম্মাণ কৈল অতি মনোহর॥
নগরে জানায় নেঙ্গা প্রতি ঘরেঘরে।
প্রভাতে পূজিবে পদ্মা চান্দো সদাগরে॥
প্রভাত হৈল নিশি শুভক্ষণ বেলি।
নানা উপহার আনে শত শত ছেলি॥
নানা পুষ্প নিল[৫] সাধু সুগন্ধি চন্দন।
নৈবিদ্য করিল তবে বিবিধ বিধান॥
বাদ্যভাণ্ড নঞা গেল জালুমালুর ঘরে।
আনিল সুবর্ণ বারি মণ্ডপভিতরে॥
ব্রাহ্মণী[৬] পদ্মার বারি করিল স্থাপন।
স্নান করি পূজে চান্দো দেব ত্রিলোচন॥
আসনে বসিঞা চান্দো করে আচমন।
পূজি কি না পূজি পদ্মা করে দুই মন॥
পূজা কর দেবগণ[৭] চারি দিগে বোলে[৭]।
দেবের[৮] বচনে সাধু[৯] হাতে পুষ্প তোলে[৯]॥
চান্দো বোলে দক্ষিণ হস্তে পূজি শূলপাণি।
বাম হস্ত দিঞা আমি পূজিব ব্রাহ্মণী॥
মূর্ত্তিমান পদ্মাদেবী ঘটের উপরে।
মর্ত্ত্যে পূজা হয় তবে পূজে সদাগরে॥
সভে বোলে পূজ পূজ[১০] বানিঞা আকুল[১০]।
বাম হস্ত বোলিঞা দক্ষিণ হস্তে তোলে ফুল॥

CENTRAL LIBRARY

নমো নমো বোলিঞা পুষ্প দিলা তিলাঞ্জলি।
উঠিঞা সভার১ লোক জয় জয় বোলি ॥
এইত সমএ২ পূজার করিল নিদান২।
৩শত শত ছাগল আনে মহিষ অপ্রমাণ।৩
বলিদান করি সাধু পূজা বিসর্জ্জিল।
৪পূজা পাঞা পদ্মাদেবী নাচিতে নাগিল ॥৪
এত দিনে বিবাদ হইল সমাধান।
তন্ত্রবিভূতে গায় মনসার গান ॥

মনসা আগো মা আমি নর কোন গুণে তরিব ॥ ধু ॥৫

পূজা করে৬ বিবাদিঞা৭ হাত জোড় করি৭।
৮প্রণাম ভকতি স্তুতি করে অধিকারী ॥৮
চান্দো বোলে স্থন মাতা শঙ্করনন্দিবী ॥
ক্ষেমহ৯ সকল দোষ এই বোলি বাণী ॥
তোমাকেত জত১০ আমি বলি১০ দর্প করি।
সকল দোষ মোকে১১ ক্ষেমা কর১১ বিষহরি ॥
১২অবনী লোটাঞা সাধু করে জোড় হাত।
ক্ষেম অপরাধ মাতা করহ প্রসাদ ॥১২
১৩চান্দোর ভকতি দেখি হাসে বিষহরি।
সেইখানে আসে মাতা শঙ্করকুমারী ॥১৩
পদ্মা বোলে দাদা মোকে না কর অসন্তোষ।
বিবাদে করিনু মন্দ ক্ষেম সব দোষ ॥
পূজা পাঞা আনন্দে দিলাঙ বর।
ধনেবংশে বাঢ় দাদা চন্দ্র দিবাকর ॥
বানিঞার কুলেতে সর্পের নাহি ডর।
১৪ইহা বোলি পদ্মাবতী রথে কৈলা ভর ॥১৪
মহাআনন্দিত হৈঞা বোলে বিষহরি।
বর মাঙ্গি লেহ তুমি চান্দো অধিকারী ॥

CENTRAL LIBRARY

চান্দো বোলে বর দিবে ব্রাহ্মণী তোতল।
দৃঢ় ভক্তি থাকে জেন হরপদতল ॥
জে বর চাহিল চান্দো সেই দিল বর।
সুখে রাজ্য কর বাছা শিবের কিঙ্কর ॥
১সাধু সাধু ১বোলেন জতেক দেবগণ।
